

व्य विदेशंकम् नर्थेशंकुत्र ग्रीयमी ७ निकां स्वर्धः श्रेष्ट्रा श्रीष्ट १०० यस्त्र प्राप्ता श्रीयम् वर्षाः श्रीपेष यानुष्ठारक कृष्य-वर्षिः निष्ण् प्राप्त कृष्यः श्रीपेष्टर प्रयोगि यमा विदेशकरः यहाशक् वर्षाः राज्य प्रचय प्रश्रिकाः स्वर्कः व्यक्तिः । राज्यम् विवरणं स्थितः कृषि संवर्षाण्य व्यक्तिःसम्। वर्षाः व्यक्तिः।

वास रवारामे विविद्य विविद्यम् उतिहास्य या मना भूपितिस्य माध्य स्वस्त-राज्यात् है कु स्वति केर जीव सहस्य श्राम्य मृत्यून मंद्रीकृति स्वित्यात् पानी क्ष्यूनातः वर्षे स्ववृति केर प्रांधमभूत Carllameita-तत्र वाल्य प्रमुख नित्र कारका पानार, स्वस्त्य क्ष्य वित्य प्रमुख स्वत्य क्ष्यात् जीव वित्यक्षा स्वातं कु मृत्य पाछालीला



ত্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বিরচিত

# প্রীচৈতন্য চরিতায়ত

<u>चार्खानील</u>



神神神神 衛門者

ত্রীল অভয়চরপারবিদ্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ

শ্রীওক্ত-সৌরাদৌ জয়তঃ

মালিক হরেকুক সমাচার

খ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী কৃত

শ্রীচৈতন্য-চরিতামৃত

জন্ম জন্ম শ্রীকৈতন্য জন্ম নিত্যানন্দ । জন্মানৈতচন্দ্র জন গৌরভক্তবৃন্দ ॥

## জগদ্ওরু শ্রীল ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ রচিত গ্রন্থাবলী ঃ

শ্ৰীমন্তগ্ৰদ্গীতা যথায়থ গীতার গান শ্রীমন্তাগবড (বারো খণ্ড) শ্রীচৈতন্য-চরিতামৃত (চার খণ্ড) গীতার রহস্য দ্রীচৈতন্য মহাপ্রভুর শিকা ভক্তিরসামৃতসিদ্ প্রীউপদেশামৃত কণিল শিক্ষামৃত কন্টাদেবীর শিক্ষা গ্রীঈশোপনিষদ লীলা পুরুবোত্তম শ্রীকৃঞ আদর্শ প্রশ্ন আদর্শ উন্তর আয়ুজান লাভের পদ্ম জীবন আনে জীবন থেকে বৈদিক সামাবাদ কৃষ্ণছক্তি সর্বোত্তম বিজ্ঞান অমৃতের সন্ধানে ভগবানের কথা জ্ঞান কথা ভক্তি কথা ভক্তি রপ্নাবলী ভক্তিবেদান্ত রত্মাবলী বৃদ্ধিযোগ বৈষ্ণৰ জোকাবলী ভগবং-দর্শন (মাসিক পত্রিকা) হবেকৃষ্ণ সংকীর্ডন সমাচার (মাসিক পত্রিকা)

## বিশেষ অনুসদ্ধানের জন্য নিম ঠিকানায় যোগাযোগ করুন ঃ

ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট বৃহৎ মূদগ ভবন পোঃ শ্রীমায়াপুর (৭৪১ ৩১৩) নদীয়া, পশ্চিমবঙ্গ অন্ধন্তা জ্যাপার্টমেন্ট, ফ্লাট ১ঈ, দোতলা, ১০ তরুসদয় রোড, কলকাতা ৭০০ ০১৯

## শ্রীচৈতন্য-চরিতামৃত

অন্ত্যলীলা (১ম-২০তম পরিচ্ছেদ)

কৃষ্ণকৃপাশ্রীমৃতি শ্রীল অভয়চরপারবিন্দ ভক্তিবেদাস্ত স্বামী প্রভূপাদ আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের প্রতিষ্ঠাতা ও আচার্য কর্তৃক

মূল বাংলা ঝোকের প্লোকার্থ, সংস্কৃত শ্লোকের শব্দার্থ ও অনুবাদ এবং বিশদ ভাৎপর্য সহ ইংরেজী Sri Caitanya-Caritamrita বাংলা অনুবাদ

অনুবাদক : শ্রীমৎ ভক্তিচারু স্বামী মহারাজ



ভক্তিবেদাস্ত বুক ট্রাস্ট

শানাগাপুর, কলকাজা, মুম্বাই, নিউইয়র্ক, লম্ এছেলেস, দখন, সিডনি, প্যারিস, রোম, হংকং

## Sri Caitanya Caritamrita

Antya Lila (Bengali)

প্রকাশক ঃ ভক্তিবেদান্ত বুক ট্রাস্টের পক্ষে শ্যামরূপ দাস ব্রুকারী

প্রথম সংস্করণ	:	१३४४७,००० किन
ছিতীয় সংকরণ	*	५३४३२,००० क्लि
তৃতীয় সংকরণ	2	2992—6'000 4년
চতুর্থ সংকরণ	2	১৯৯৩—৩,৫০০ কপি
लक्षम <b>मरक</b> त्र	k	১৯৯৪—৪,০০০ কশি
হুষ্ঠ সংগ্ৰহণ	8	>>>= 0,000 平何
সংশোধিত সপ্তম সংস্করণ	2	২০০৩-২,০০০ কণি

গ্রান্থক : ২০০৩ ডক্তিবেনাস্ত বুক ট্রাস্ট কর্তৃক সর্বস্থক সংগ্রেক্ত

মূরণ ঃ শ্রীমানাপুর চন্ত গ্রেস বৃহৎ মূদক জকা শ্রীমানাপুর ৭৪১ ৩১৩ নদীয়া, পশ্চিমবন্দ

E-mail: shyamrup@pamho.net Web: www. krishna.com

## সূচীপত্ৰ

পরিচেছদ	বিষয়	পৃষ্ঠা
	ভূমিকা	TG
প্রথম	শ্রীটেতন্য মহাপ্রভুর সঙ্গে শ্রীল রূপ গোস্বামীর মিলন	5
বিতীয়	ছোট হরিদাসের দণ্ড	90
ভূতীয়	শ্রীল হরিদাস ঠাকুরের মহিমা	339
চতুৰ্থ	জগরাখপুরীতে শ্রীচেতন্য মহাপ্রভুর সঙ্গে	
	শ্রীল সনাতন গোস্বামীর মিলন	284
প্রাম	রামানন্দ রায়ের কাছে প্রদ্যুদ্র মিশ্রের কৃষ্ণতত্ত্ব শিক্ষালাভ	209
गर्छ	প্রীচৈতন্য মহাপ্রভুর সঙ্গে রখুনাথ বাস গোস্বামীর মিলন	200
সপ্তম	বল্লভ-ভট্টের সঙ্গে শ্রীচৈতন্য মহাপ্রভুর মিলন	593
অন্তম	শ্রীরামচন্দ্রপুরীর নিন্দার ভরে শ্রীচৈতন্য মহাপ্রভুর	
	আহারের মাত্রা হ্রাস	840
नवभ	গোপীনাথ-পট্টনায়ক উদ্ধার এবং শ্রীচৈতন্য মহাপ্রভূর	
	ভক্ত-বাৎসন্য	88%
原料型	প্রীটৈতন্য মহাপ্রভুর ভক্তদের নিবেদিত প্রসাদ গ্রহণ	B৮৯
একাদশ	শ্রীল হরিদাস ঠাকুরের নির্মাণ	444
चामन	প্রীচৈতন্য মহাপ্রভুর সঙ্গে স্বাগদানন্দ পণ্ডিতের	
	গ্রেমপূর্ণ আচরণ	203
অন্তেদিশ	জগদানন্দ পশুতের বৃন্দাবন গমন, মহাপ্রভুর দেব-দাসীর	
	গান ত্রবণ এবং রহুনাথ ভট্ট গোস্বামীর কৃষ্ণপ্রেম লাভ	240
চতুৰ্দশ	শ্রীচৈতনা মহাপ্রভুর দিব্যোশ্বাদ-ভাব এবং চটক পর্বতকে	
	গিরিগোবর্ধন বলে হুম হওয়ার গীলা	664
পথ্যদৰ্শ	সমূদ্রতীরে উদ্যানে শ্রীচৈতন্য মহাপ্রভুর লীলা	200
যোড়শ	শ্রীকৃঞ্জের অধরামৃত	400
সপ্তদশ	শ্রীক্রতনা মহাপ্রভুর কূর্মাকৃতি অনুভাব-উন্মাদ প্রলাপ	920
অস্তাদশ	শ্রীচৈতন্য মহাপ্রভুর সমূপ্র-পতন লীলা	989
উনবিংশ	শ্রীচৈতন্য মহাপ্রভুর মাতৃভক্তি, কৃষ্ণ-বিরহ-জনিত প্রলাপ,	
	দেওয়ালে মুখ ঘর্ষৰ এবং জগনাথ-বল্লভ উদ্যানে নৃত্য	999
विरम	শিক্ষাউকের অর্থ বর্ণন এবং স্বয়ং শ্রীমন্মহাপ্রভু কর্তৃক	
	তাঁর আস্বাদন লীলা	770
	অনুক্রমণিকা	409
	শ্রীল প্রভূপাদের সংক্ষিপ্ত জীবনী	006

## ভূমিকা

শ্রীশ কৃষণাস কবিরাজ গোস্বামীর শ্রীচৈতন্য-চরিতামৃত শ্রীকৃষটেতনা মহাপ্রভুর জীবনী ও শিখা সম্বন্ধীয় মুখ্য গ্রন্থ। আজ থেকে প্রায় পাঁচল কছর আগে যে মহান সামাজিক ও ধর্মীয় আন্দোলন ভারতবর্ষের তথা সারা পৃথিবীর ধর্মীয় ও দার্শনিক চিন্তাধারাকে প্রভাক্ত ও পরোক্ষভাবে প্রভাবিত করেছিল, শ্রীটেতনা মহাপ্রভু সেই আন্দোলনের সূচনা করেন। এই মহৎ গ্রন্থের অনুবাদক ও ভাষাকার এবং আন্তর্জাতিক কৃষণভাবনামৃত সংখ্যের প্রতিষ্ঠাতা-আচার্য শ্রীল অভ্যাচরণরেবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভুগাদের অক্রান্ত প্রচেট্টার ফলে শ্রীচৈতনা মহাপ্রভুর প্রভাব সারা পৃথিবীব্যাপী কিন্তার লাভ করেছে।

ন্ত্ৰীটৈওনা মহাপ্ৰভূকে একজন মহান ঐতিহ্য সমন্ত্ৰিত থাজি বলে বিবেচনা করা হয়।
কিন্ত, আধুনিক ঐতিহাসিক তাৎপৰ্যের পরিপ্রেক্তিকে মানুষকে তার কালের পউভূমিকায়
দর্শন করা হয়—তা এখানে বার্থ হয়েছে, কেন না শ্রীটেতনা মহাপ্রভূ এফাই একজন
পূক্র থিনি ইতিহাসের সংকীর্ণ গতির আনেক অনেক উধ্বের্ণ।

পাশ্চাত্যের দেশওলিতে মানুষ যথন নতুনের সদ্ধানে অন্ধানার উদ্দেশ্যে পাড়ি দিয়ে নতুন মহাদেশ ও মহাসমূহ আবিষ্কার করার উদ্দেশ্যে পৃথিবী প্রদক্ষিণ করছিল এবং লড় বন্দাণ্ডের আকৃতি সম্বন্ধে অধ্যয়ন করছিল, তগন ভারতবর্ষে প্রীকৃষক্রতভার মহাপ্রভূ মানুবকে অন্তর্মুখী করে বিঞ্জানসভাত পছায় তার চিন্দায় করপের উপলব্ধির জন্য এক পারমার্থিক আন্দোলনের সূচনা করেছিলেন।

বীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর জীবনীর সব চাইতে প্রামাণিক তথা হচ্ছে মুরারি ওপ্ত ও বরূপ পামোদর গোষামীর কড়চা। বৈদ্য মুরারি ওপ্ত ছিলেন প্রীচেতন্য মহাপ্রভুর একজন অন্তরন্ধ পার্যদ। তিনি থ্রীচেতন্য মহাপ্রভুর সম্মাস প্রহণ পর্যন্ত তার জীবনের প্রথম চবিশ বছরের কার্যকলাপ বিশ্বারিতভাবে লিপিবছ করে গেছেন। প্রীচেতন্য মহাপ্রভুর ভৌমলীলার বাকি চবিশ বছরের কার্যকলাপ প্রীচেতন্য মহাপ্রভুর আর একজন অন্তর্ম পার্যদ রীল বরূপ দামোদর গোস্বামী তার কড়চায় লিপিবছ করে গেছেন।

শ্রীচৈতন্য-চরিতাসূত আদিলীলা, মধালীলা ও অধ্যালীলা—এই তিনটি ভাগে বিভক্ত। আদিলীলা রচিত হয়েছে শ্রীমুরারি গুপ্তের কড়চার ভিত্তিতে এবং মধালীলা ও অধ্যালীলা রচিত হয়েছে শ্রীল করাপ দামোদরের কড়চার ভিত্তিতে।

আদিলীলার প্রথম ঘাদশাঁট পরিজেদে হচ্ছে সমগ্র প্রস্থানির ভূমিকা। বৈদিক শারোর প্রমাণ উল্লেখ করে ক্ষমাস কবিরাজ গোসামী প্রতিষ্ঠা করেছেন যে, কলিবৃদ্ধে প্রীচেতনা মহাপ্রতু হচ্ছেন ভগনানের অবভার। এই কলিবৃদ্ধ শুরু হয়েছে লাঁচ হাজান বছর পূর্বে এবং জড়বাদ, ভগামি, কলহ—এগুলি হচ্ছে এই মূগের বৈশিষ্ট্র। গ্রন্থকার আরও প্রমাণ করেছেন যে, প্রীচেতনা মহাপ্রভু প্রীকৃষ্ণ থেকে অভিন্ন এবং তিনি বিরোধণ করেছেন যে, অবংপতিত কলিমূণে অধংপতিত জীনদের সংকীর্তন প্রচারের মাধ্যমে অকাভরে কৃষ্ণপ্রমান প্রদানের আনা তিনি অবভরণ করেছিলেন। তা ছাড়া, দ্বাদশ পরিছেদে সমন্বিত ভূমিকার কৃষ্ণদাস কবিরাজ এই জগতে প্রীচৈতন্য মহাপ্রভুব অবভরণের পূত্ করেণ প্রকাশ করেছেন এবং সেই সঙ্গে তার অংশ-অবভার, মুখ্য পার্যদ ও তার শিক্ষার সংক্ষিপ্রসারও বর্ণনা করেছেন। আদিলীলার অবশিষ্ট অংশ প্রয়োদশ পরিচেদে থেকে সপ্তদশ পরিচেদে প্রস্থকার প্রিচিতনা মহাপ্রভুর দিব্য জন্মনীলা এবং তার সন্তাদের পূর্ববর্তী গ্রাহ্মনীলা উল্লেখ

করেছে। এর মধ্যে রয়েছে বালালীলার চপলতা, বিদ্যাভ্যাস, বিবাহলীলা, দার্শনিক তর্কমুদ্ধ, ব্যাপকভাবে সংকীর্তন আন্দোলন প্রচার এবং মুসলমান শাসকের উৎপীড়ানের অতিনাদে আইন অমানা আন্দোলন। মধালীলার বিষয়বদ্ধ সব চাইতে দীর্ঘ। এই অংশটিতে একজন সম্মাসীলপে, শিক্ষকরপে, দার্শনিকরপে, তরুজালে ও অধ্যাত্মবাদীরূপে সারা ভারত জড়ে প্রীচৈতন্য মহাপ্রভুর ঘটনাবছল প্রমণ-বৃত্তান্ত সবিত্তারে বর্ণিত হয়েছে। এই ছয় বছরে প্রীচিতন্য মহাপ্রভুর ঘটনাবছল প্রমণ-বৃত্তান্ত সবিত্তারে বর্ণিত হয়েছে। এই ছয় বছরে প্রীচিতন্য মহাপ্রভু তার প্রধান প্রধান শিষ্যদের কাছে তার শিক্ষা প্রদান করেছেন। তথানকার দিনে অবৈত্বানী, বৌদ্ধ এবং মুসলমান আদি বছ বিখ্যাত দার্শনিক ও ধর্মীয় নেতাদের তিনি তর্কে পরান্ত করে ডাদের হাজার হাজার অনুগামী ও শিখাসহ তাদের আত্মসাৎ করেছেন। পুরীতে প্রীক্ষরাথদেবের রথবান্তার সময় প্রীচিতন্য মহাপ্রভুর অনৌতিক নাটকীয় বিবরণণ গ্রন্থকার এই অধ্যান্তে অন্তর্ভুক্ত করেছেন।

অন্তর্গীলায় নীলাচলে প্রসিদ্ধ জগদাথ মন্দিরের নিকটে শ্রীচৈতন্য মহাপ্রভূব শেষ আঠারো বছরের নির্মানদীলা বর্ণিত হয়েছে। তাঁর অন্তর্গীলায় শ্রীচৈতন্য মহাপ্রভূ ভগবং-শ্রেমের সমাধিতে গভীর থেকে গভীরতর অবস্থায় প্রবেশ করেছেন, যা প্রাচ্য এবং পাশ্চাত্যের বর্ম ও সাহিত্যের ইতিহাসে এর আগে কখনও দেখা যায়নি। শ্রীচৈতন্য মহাপ্রভূব নিতা বর্ধমান দিবা উন্মাননার কথা তার সেই সময়কার নিত্য সহচর স্বরূপ গামোদর গোস্বামীর সাবলীল বর্ণনার চিত্রিত হরেছে, যা আধুনিক মনতত্ববিদ এবং প্রপঞ্চবাদীদের অনুসন্ধান ও অভিজ্ঞাতার অতীত।

এই মহাকাবাটির রচয়িতা শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর জন্ম হয় ১৫০৭ বিস্টাবে। তিনি ছিলেন শ্রীটোতনা মহাপ্রকৃর অন্তর্গ অনুগামী শ্রীল রবুনাও দাস গোস্বামীর দিবা। সর্বভাগী মহাপুরুব রবুনাও দাস গোস্বামী স্বরূপ দামদার গোস্বামীর মুখে শ্রীটোতনা মহাপ্রভুর সমগ্র কার্যকালের কর্যনা শুনে তার স্মৃতিপটে গোঁওে রেগেছিলেন। শ্রীটোতনা মহাপ্রভু ও শ্রীল স্বরূপ দামোদরের অপ্রকটের পর, তাঁদের বিরহ বেগনা সহা করের না পেরে রবুনাথ দাস গোস্বামী গোবর্ধন পর্বত থেকে বাঁপ দিয়ে আত্মহত্যা করের গাসনা নিয়ে বৃন্ধাবনে যান। কিন্ত বৃন্ধাবনে শ্রীটোতনা মহাপ্রভুর সহ চাইতে অন্তর্গ দূই শিবা হাল গোস্বামী ও সনাতন গোস্বামীর সঙ্গে তাঁর সাক্ষাৎ হয়। তাঁরা তাঁকে তাঁর গাস্বহত্যার পরিক্ষানা থেকে নিরস্ত করেন এবং শ্রীটোতনা মহাপ্রভুর অন্ত্যালীলা তাঁপের নাছে প্রকাশ করতে অনুপ্রাণিত করেন। সেই সময় কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীও কৃন্ধাবন ছিলেন এবং শ্রীল রঘুনাথ গাস গোস্বামীর কুপায় তিনি শ্রীটোতনা মহাপ্রভুর দিবা জীবন-চরিত পূর্ণরূপে হাদরঙ্গম করতে সক্ষম হয়েছিলেন।

ইতিমধ্যে কমেক জন ভন্ত ও পণ্ডিত ঐতিতন্য মহাপ্রভুর জীবনী সম্বাদ্ধে কয়েকটি গ্রন্থ প্রকাশ করেছিলেন। সেণ্ডলির মধ্যে রয়েছে শ্রীম্বারিণ্ডপ্তের ঐতিতন্য চরিত, শ্রীপ লোচন দাস ঠাকুরের তৈতন্য-মঙ্গল এবং শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের তৈতন্য-জাগকত। পরম শ্রম্মে শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের তৈতন্য-জাগকত। পরম শ্রম্মে শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরেকে সেই সময় শ্রীচেতন্য মহাপ্রভুর জীবনী সম্বাদ্ধে সব চাইতে অভিন্য ব্যক্তি বলে বিবেচিত হত। তিনি যখন সেই গুরুত্বপূর্ণ গ্রন্থটি রচনা করাছিলেন, তখন গ্রন্থটি আয়ন্তনে অভান্ত বড় হয়ে যাবার ভয়ে তিনি চৈতন্য মহাপ্রভুর জীবনের কর ঘটনা সবিস্তানে ঝর্লান করেননি, বিশেষ করে ওার শেষ জীবনের লীলাণ্ডলি।

সেই সমন্ত লীলা শুনতে আগ্রহী বৃন্দাবনের ভন্তরা মহান্মা শ্রীল কৃষ্ণদাস গোস্বামীকে অনুরোধ করেন সেই সমন্ত লীলাগুলি সবিস্তারে বর্ণনা করে একটি গ্রন্থ রচনা করতে। তাদের অনুরোধ এবং কৃদাবনের মদনমোহন বিগ্রহের অনুমতি ও আদীর্বাদ নিয়ে তিনি শ্রীচৈতনা-চরিতামৃত রচনা করতে শুক্ত করেন। জীবন-চরিত রহেপ এবং শ্রীচৈতনা মহাগ্রন্থর দর্শন ও শিক্ষা সমন্বিত এই গ্রন্থটি যেহেত্ উৎকর্ষতায় অনুকর্মীয়, ভাই এই গ্রন্থটিকে শ্রীচৈতনা মহাগ্রন্থর জীবনী সন্বামে সর্বশ্রেষ্ঠ গ্রাম্ব বলে বিকোনা করা হয়।

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী হখন এই গ্রন্থটি রচনা করতে শুরু করেন, তখন তাঁর বয়স প্রায় একশর কাছাকাছি এক তাঁর শরীর অত্যন্ত জরাগ্রন্ত ও দুর্বজ। সেই সম্বন্ধে তিনি লিখেছেন—

"আমি বৃদ্ধ জরাতুর, সিধিতে বাঁপেরে কর,
মনে কিছু ক্ষরণ না হয় ।
না দেখিলে নয়নে, না তনিয়ে প্রকলে,
তবু লিখি'—এ বড় বিশ্বর ॥"

(क्टा कर मधा २/३०)

কিন্তু তা সংখ্যে তিনি এই রচনা সম্পূর্ণ করেছেন। এই মহান গ্রন্থটি মধ্য যুগের ভারতীয় সাহিত্যের একটি অমূল্য রত্ন এবং সাহিত্য ক্ষরতের একটি বিশ্বর।

শ্রীচৈতন্য-চরিতামৃতের এই সংস্করণটি ভারতীর ধর্ম ও দার্শনিক চিন্তাধারাকে সারা পৃথিবী জুড়ে প্রচারকারী এই যুগের সর্বপ্রেষ্ঠ পরমাধবিং ও শিক্ষাওক কৃষ্ণনৃপাশ্রীমৃতি শ্রীল অভ্যাচরণারবিদ্দ ভতিবেদাও স্থামী প্রভুপাদের ইংরেজী অনুবাদ ও ভাষোর বাংলা সংস্করণ। তার ভাষা তার ওঞ্চদের শ্রীল ভতিবিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুলাদের অনুভাষা এবং শ্রীল ভতিবিদ্যাদ ঠাকুরের অমৃতপ্রবাহ ভাষোর ভিত্তিতে রচিত। শ্রীচেতনা মহাপ্রভুর বাণীর মহান প্রচারক শ্রীল ভতিবিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ভবিষাধাণী করেছিলেন, একদিন আসবে ক্যান সারা পৃথিবীর মানুহ শ্রীচেতনা-চরিতামৃত পাঠ করার জন্য বাংলা ভাষা শিখবে।

কৃষ্ণকৃপান্তীমূর্তি শ্রীল অভয়চনগারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভূপান বাঁচিতনা মহাপ্রভূর গরম্পরার অন্তর্ভুক্ত এবং শ্রীচেতনা মহাপ্রভূর অনুগামীদের প্রধান প্রধান প্রস্থানী তিনি প্রধান স্পাবেজভাবে ইংরেজী ভাষায় অনুবাদ করেন। বাংলা ও সংস্কৃত ভাষায় তার পাতিতা এবং শ্রীচৈতন্য মহাপ্রভূর শিক্ষা সম্বন্ধে অত্যন্ত গতীরভাবে অবদত হওরার ফলে ইংরেজী ভাষায় এই সমত্ত গ্রন্থভানি অনুবাদ করার যোগতো তার অত্যুক্তীয়। যে সকল এবং সাবলীল ভঙ্গিতে তিনি এই অতি কঠিন দার্শনিক তন্ধ অনুবাদ করেছেল তা ভারতীয় ধর্ম ও দর্শন সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ পাঠকও অনায়াসে এই স্বৃগতীয় তন্ধ হন্দয়ঙ্গম করতে পারে।

ভজিবেদান্ত বুক ট্রাস্ট কর্তৃক প্রকাশিত চতুর্থ বন্তে সম্পূর্ণ বহ বন্ধিন চিত্রে শ্রীচৈতন্য মহাপ্রত্নর বিবিধ লীশা বর্ণিত হয়েছে এবং তা নিঃসন্দেহে সুমেধা, সংস্কৃতি-সম্পন্ন ও পারমার্থিক জীবনে আগ্রহী মানুষদের কাছে এক অমৃল্য সম্পদরূপে আদরণীয় হবে।

- 강취계속

## শ্রীচৈতন্য মহাপ্রভুর সঙ্গে শ্রীল রূপ গোস্বামীর মিলন

শ্রীল ভক্তিনিনোদ ঠাকুর তাঁর অয়ত-প্রবাহ ভাষো প্রথম পরিচ্ছেদের কথাসার বর্ণনা করেছেন। খ্রীটেডনা মহাশ্রভু খ্রীবৃন্দাবন থেকে জগ্নাথপুরীতে ফিরে এসেছেন, এই ওড সংবাদ পেয়ে, গৌড়ীয় ভক্তবৃন্দ জগগ্লাথপুরী যাত্রা করলেন। পিবানন্দ সেন একটি কুকুরকে পারের বরচা দিয়ে নিয়ে যাচ্ছিলেন। রাত্রে কুকুরকে ভাড না দেওয়ায়, সেই কুরটি খ্রীচৈতন। মহাপ্রভুর কাছে চলে যায়। পরের দিন, শিবানন্দ সেন যখন অন্য সমস্ত ভক্তসহ জগলাধপুরীতে পৌছলেন, তখন দেখলেন যে, সেই কুকুগটি খ্রীচৈতনা মহাপ্রভু প্রদন্ত নারকেলের শাস-প্রসাদ ভক্ষণ করছে; পরে সেই কুকুরটি উদ্ধার পেরে বৈকৃষ্টে কিবে বার। এদিকে শ্রীরূপ গোস্বামী বৃন্দাবন থেকে যাত্রা করে গৌড়ীয় ভদ্ধদের সঙ্গে একত্রে আসতে না পেরে, কিছুদিন পরেই নীলাচলে এসে হরিদাস ঠাকুরের সঙ্গে েইলেন। মহাপ্রভূ শ্রীরূপ গোস্বামী বিরচিত *প্রিয়ঃ সোহয়ম্* লোকটি পড়ে বড়ই আনন্দিত হর্পেন। একদিন ব্রীট্রেডনা মহাপ্রস্কু রামানন্দ রায়, সার্বভৌম ভট্টাচার্য ইত্যাদি ভক্তবৃদ্দের সঙ্গে ইনিদাস ঠাকুরের বাসস্থানে এসে শ্রীরূপ গোম্বামী লালিত-মাধব ও বিদল্প-মাধব লামক পৃটি নাটকের প্রবন্ধ আদি রোক শ্রবণ করলেন। রাখানন্দ রায় সেই নাটক দৃটির অনেক অসপ্রতাদ বিচার করে দুটি নাটকই যে সর্বোৎকৃষ্ট হয়েছে, তা ছির করলেন। চাতুর্মান্যের পর গৌডীয় ভতুগদ শ্রীচৈতনা মহাগ্রভর আধার গৌডদেশে যাত্রা করণেন। কিন্তু শ্রীল রূপ গোস্বামী, কিছুদিন জগরাথপুরীতে রইলেন।

## র্য়োক ১ পঙ্গুং লক্ষমতে শৈলং মৃকমাবর্তমেচ্ছুতিম্ । যৎকূপা তমহং বন্দে কৃষ্ণাটেতনামীধ্যম ॥ ১ ॥

শসুম্—পদ্ধে, লব্ধয়তে—লব্দন করার; শৈলম্—পর্বত; মৃকম্—মৃককে; আবর্তমেৎ— আবৃত্তি করাতে পারে; অর্নতিম্—বৈদিক শাস্ত্র, যধ্কপা—খার কৃপা; তম্—তাঁকে, অহম্— আমি; বন্দে—কদনা করি; কৃষাতৈতন্যম্—ত্রীকৃষাতৈতন্য মহাপ্রভূকে, ঈশ্বরম্—ঈশ্বর।

#### অনুবাদ

খাঁর কুপা পশ্লুকে মিরি লম্মন করতে শক্তি দের এবং মৃককে প্রান্তি শাস্ত্র আবৃত্তি করার খোগতা প্রদান করে, সেই ঈশ্বর শ্রীকৃষ্ণতৈতন্য মহাপ্রভুকে আমি বন্দনা করি।

> শ্লোক ২ দুর্গমে পথি মেহন্ধসা স্থালংপাদগতের্মৃতঃ । স্বকৃপা-ষষ্টিদানেন সম্ভঃ সম্ভবলম্বনম্ ॥ ২ ॥

দুর্গমে—এতান্ত দুর্গম; পথি—গথে; মে—আমার; অন্ধ্রমা—এমের; স্থাকংপাদ—স্থানিত পদ, গতেঃ—গতি; মুদ্বঃ—নারংবার; স্থাকুপা—ওাদের কৃপা; যষ্টি—খন্তি; দানেন—দান করে; সন্তঃ—সেই মহাগ্রারা; সন্তঃ—হউক; অবলন্ধনম্—আমার অবলন্ধন।

অনুবাদ

সাধুগণ তাঁদের কুপা-गষ্টি দান করে দুর্গম পথে মৃত্যুঁত্ স্থালিত পাদ এবং অস্কল্যকল আমার অবলম্বন হউন।

(制本 0-8

শ্রীরূপ, সনাতন, ছট্ট-রঘুনাথ। শ্রীজীব, গোপালভট্ট, দাস-রঘুনাথ॥ ৩॥ এই ছয় ওরুর করোঁ চরণ বন্দন। যাহা হৈতে বিমুনাশ, অভীষ্ট-পূরণ ॥ ৪॥

হোকার্থ

আমি জ্ঞীক্ষপ গোস্থামী, শ্রীসনাতন গোস্থামী, শ্রীরত্নাথ ভট্ট খোস্থামী, শ্রীজীব গোস্থামী, গোপাল ভট্ট গোস্থামী এবং রত্নাথ দাস গোস্থামী, এই ছন গোস্থামীর চরণ বন্দন করি, বাতে এই গ্রন্থ রচনায় সমস্ত নিম্ন বিমন্ত হন এবং আমার প্রকৃত অভিলাব পূর্ণ হয়।

#### ভাৎপর্য

কেউ যদি সারা জগতের গ্রকৃত মঞ্চল সাধন করতে চান, তাহলে অবশাই কুকুর ও শৃক্ষ সদৃশ বধ মানুষ তার কাজে নানারকম বাধা-বিদ্ধ মৃষ্টি করার চেষ্টা করবে। সেটি পাজাবিক। কিন্তু ভক্ত যদি ষড়-গোস্বামীর শ্রীপাদপশ্মে আশ্রয় গ্রহণ করেন, তাহলে কুপাময় গোস্বামীগণ অবশাই ভগবানের সেই মেবককে সর্বতোভাবে রক্ষা করকেন। যারা সারা পৃথিবী জুড়ে কৃষ্যভাবনামৃত আন্দোলন গ্রচার করার চেন্টা করছেন, তাদের যে নানারকম বাধা-বিদ্ধের সন্ধৃশীন হতে হচ্ছে, তাতে আশ্রত্ব হ্বার কিছু নেই। কিন্তু আমরা ফদি বড়-গোস্বামীর শ্রীপাদশ্যে আশ্রম গ্রহণ করি এবং তাদের কৃপা ভিন্স করি, তাহলে সমস্ত বাধা-বিদ্ধ বিনষ্ট হবে, এবং পর্যামন্ত ভগবানকে মেবা করার অগ্রাকৃত অভিলাশ পূর্ব হবে।

#### শ্ৰোক ৫

জনতাং সূরতৌ পজোর্মম মন্দমতের্গতী ৷ মৎসর্বস্থপদান্তোজৌ রাধা-মদনমোহনৌ ॥ ৫ ॥

জন্মতাম্—জন্মধৃক হোন; স্রতৌ—পরম কৃপান্; পঙ্গোঃ—পঙ্গু; মম—আমার; মন্দমতেঃ—দন্দমতি সম্পান; ধতী—সহায়; মং—আমার; সর্বস্থ—সবকিছু; পদ্দ অন্তোজৌ—খান পাদপদ্ধ, রাধা-সদন্দোহনৌ—শ্রীমতি রাধারাণী এবং শ্রীফনন্দোহন। অনুবাদ

থানি পদ্ এবং মন্দমতি; ধারা আযার একমাত্র গতি, ঘাঁদের পাদপদ্ম আমার সর্বস্থান, মেট পরম কৃপালু রাধামদনমোহন জয়যুক্ত হোন।

শ্লোক ৬

দীব্যদ্বৃন্দারপাকস্কাক্তমাধঃ-শ্রীমন্ত্রপানরসিংহাসনস্থা । শ্রীমদ্রাধা-শ্রীলগোবিন্দদেবৌ শ্রেষ্ঠালীডিঃ দেব্যমানৌ শ্মরামি ॥ ৬ ॥

দীবাৎ—জ্যোতির্ময়-শোভাবিশিষ্ট, বৃঙ্গা-অরণ্য—কৃদাবনের অরণ্যে, কর্ম্রজন—কছনৃক; অধঃ—তলে; প্রীনহ—শোভাবিশিষ্ট, রত্ব-আগার—রত্ব মন্দিরে; সিংহাসনস্থী—সিংহাসনে উপবিষ্ট, প্রীনহ—শোভাবিশিষ্ট, রাধা—শ্রীমতী রাধারাণী; প্রীন্স গোবিন্দদেবৌ—এবং প্রাণোবিন্দদেব, প্রেষ্ঠ-আলীজিঃ—অন্তরত্ব পার্যদেব্দের ধারা, দেব্যমানৌ—সেবিত হচ্ছেন; প্রায়ি—আনি স্বরণ করি।

কানুবাদ

ভারতির্ময়-শোভাবিশিষ্ট কৃদাবনের কল্পকৃষ্ণ ছাল রম্ম-মদ্দিরস্থ সিহোসনের উপরে উপরিষ্ট নীরীরাখাগোকিক তাঁদের অন্তরক পার্যদক্ত (স্থীনগ) কর্তৃক সেবিত হচ্ছেন। আমি পরম শ্রদ্ধার সাক্ষে তাঁদের অরম করি।

গ্রোক ৭

শ্রীমান্রাসরসারপ্তী বংশীবটতটস্থিতঃ। কর্ষন্ বেণুস্থানৈর্গোপীর্গোপীনাথঃ শ্রিয়েহস্ত নঃ॥ ৭॥

শ্রীমান্—পরম সুন্দর, বাস—রাসন্তোর; রস—রসের, আরম্ভী—প্রবর্তক, বশৌবট—
নাপীবট নামক, ছট—ভটে, স্থিতঃ—স্থিত; কর্মন্—আকর্মণ করেন, বেণু—বেণুর;
দ্বিতঃ—ধ্যনির হারা; গোপীঃ—গোপ-বালিকারা; গোপীনাথঃ—শ্রীগোপীনাথ; আিয়ে—
সক্ষণ, অস্ত্র—বিধান করুল; নঃ—আমাদের।

ভানবাদ

রাসন্তোর প্রবর্তক বংশীকটিছিত পরম সুন্দর শ্রীগোপীনাথ বেণুধ্বনি দ্বারা গোপীগণকে আকর্ষণ করেন। তিনি জামাদের মঙ্গল বিধান করুন।

শ্লোক ৮

জন্ম জন শ্রীচৈতন্য জন্ম নিত্যানন্দ ৷ জনাবৈতচন্দ্র জন্ম গৌরভক্তবৃন্দ ॥ ৮ ॥ 8

শ্লোকার্থ

প্রীচৈতনা মহাপ্রেড় ও শ্রীনিক্যানন্দ প্রভুর জয় হোক! শ্রীতাবৈত চন্দ্রের জয় হোক! জয় হোক সমস্ত গৌরভাক্তবৃদ্ধের।

ঞোক ৯

মধ্যলীলা সংক্ষেপেতে করিলু বর্ণন। অন্ত্যলীলা-বর্ণন কিছু শুন, ভক্তগণ ॥ ৯ ॥

য়োকার্থ

শ্রীটেডন্য-চরিতাম্তের মধ্যদীলায় আমি সংক্ষেপে শ্রীটেডন্য মহাপ্রভূর লীলা বর্ণনা করছি। এখন আমি শ্রীটেডন্য মহাপ্রভূর অন্তলীলা বর্ণনা করছি, ডক্তরা কৃপা করে মনযোগ সহকারে ডা শ্রবণ করন।

গ্রোক ১০

মধ্যলীলা-মধ্যে অন্তঃলীলা-সূত্রগণ ৷ পূর্বগ্রন্থে সংক্ষেপেতে করিয়াছি বর্ণন ॥ ১০ ॥

য়োকার্থ

পূর্বে, মধ্যলীলায়, আমি সূত্রের আকারে সংক্ষেপে অন্তর্গীলা কর্থনা করেছিঃ

(制业 22

আমি জনাগ্রস্ত, নিকটে জানিয়া মরণ ৷ অস্তা কোনো কোনো লীলা করিয়াছি বর্ণন ॥ ১১ ॥

লোকার্থ

আমি এখন বাৰ্ধকা-ৰশত জরাগ্রন্ত, এবং আমি জানি যে, নেকোন মৃহুর্ভে আমার মৃত্যু ইতে পারে। তাই আমি অস্ত্যালীলার কোন কোন কীলা মধ্যলীলার বর্ণনা করেছি।

তাৎপৰ্য

শ্রীল কৃষ্ণদাস কবিয়াজ গোস্বামীর পদান্ত অনুসরণ করে, আমি যত ৪৮৫ সপ্তব শ্রীসন্তাগনতের অনুবাদ করার চেন্টা করছি। কিন্তু, বার্ধকাহেতু জরায়ন্ত হয়ে পড়ার যথে, আমি সমস্ত শান্তগ্রের সারাতিসার—শ্রীমন্তাগনতের দশম ক্ষত্রের সারমর্ম ইংরেজী ভাষার অনুবাদ করেছি। আমি মন্তর বছর বয়সে এই কৃষ্ণভাবনামৃত আন্দোলন শুরু করেছিলাম। এখন আমার বয়স অটিভের, এবং যে কোন সময় আমার মৃত্যু হতে পারে। আমি যত শীঘ্র সন্তব শ্রীমন্তাগনতের অনুবাদ সম্পূর্ণ করার চেন্টা করছি, কিন্তু ভা শেষ করার আগে, আমি পাঠকদের লীলা পুরুষোন্তম শ্রীকৃষ্ণ গ্রন্থতি দিয়েছি, যাতে শ্রীমন্তাগরতের অনুবাদের কাজ সম্পূর্ণ করার আগে যদি আমার মৃত্যু হয়, তাহলে শ্রীমন্তাগরতের সারমর্ম ভারা আস্থানন করতে পারেন।

(関本 25

পূर्वनिषिত গ্রন্থসূত্র-অনুসারে । यেই নাহি লিখি, তাহা লিখিয়ে বিস্তারে ! ১২ ॥

হোকার্থ

পূর্ব লিখিত সূত্র অনুসারে, আমি যা উল্লেখ করিনি, তা বিস্তারিতভাবে বর্ণসা করব।

(学)本 20

কুদাবন হৈতে প্রভূ নীলাচলে আইলা । স্করপ-গোসাঞি গৌড়ে বার্তা পাঠাইলা ॥ ১৩ ॥

লোকার্থ

প্রতিতনা মহাপ্রভু মধন বৃদ্ধারন থেকে জগলাথপুরীতে ফিরে এলেন, তখন স্থরূপ দামোদর সোমানী শৌড়ীর ভক্তদের কাছে মহাপ্রভুর আগমন বার্তা পাঠালেন।

(創本 )8

শুনি' শটা আনন্দিত, সৰ ভক্তগণ। সৰে মিলি' নীলাচলে করিলা গমন ॥ ১৪ ॥

গ্ৰোকাৰ্থ

সেই সংবাদ পোৱে শটীয়াবা এবং অন্য সমস্ত ভক্তরা অত্যন্ত আনন্দিত হলেন, এবং তারা সকলে মিলে নীপাচলে যাত্রা করলেন।

**अंकि ३**६

কুলীনগ্রামী ডক্ত আর যত খণ্ডবাসী । আচার্য শিবানন্দ সনে মিলিলা সবে আসি' ॥ ১৫ ॥

ক্লোকার্থ

কুলীনগ্রাম ও শ্রীখন্ডের সমন্ত ভক্তরা, এবং শ্রীঅধ্যৈত আচার্য প্রভূ, সকলে এসে শিবানন্দ সেনের সঙ্গে মিনিত চলেন।

শ্লোক ১৬

শিবানন্দ করে সবার ঘাটি সমাধান ৷ সবারে পালন করে, দেয় বাসা-স্থান ॥ ১৬ ॥

শ্লোকাৰ

শিবানন্দ সেন তাঁদের সকলের যাত্রার আয়োজন করলেন। তিনি সকলের দেখাশোনা এবং বাসস্থানের আয়োজন করলেন। जिला ५

শ্ৰোক ১৭

এক কুরুর চলে শিবনিদ্ধ-সনে । ভক্ষ্য দিয়া লএগ চলে করিয়া পালনে ॥ ১৭ ॥

#### শ্ৰোকাৰ্থ

জগলাখপুরীতে যাবার সময়, একটি কুকুর শিবানন্দ সেনের মঙ্গে চলতে লাগল। শিবানন্দ সেন সেই কুকুরটিকে খাবার দিয়ে এবং পালন করে মঙ্গে করে নিয়ে বেডে লাগলেন।

#### (制本 29-29

একদিন একস্থানে নদী পার হৈতে।
উড়িয়া নাবিক কুকুর না চড়ায় নৌকাতে ॥ ১৮ ॥
কুকুর রহিলা,—শিবানন্দ দুঃখী হৈলা।
দশ পণ কড়ি দিয়া কুকুরে পার কৈলা ॥ ১৯ ॥

#### গ্রোকার্থ

একদিন, এক জায়গান একটি নদী পার হবার সময়, উড়িয়া মাঝি কিছুতেই সেই কুকুরটিকে নৌকায় চড়তে দিতে রাজী হল না। এইডাবে কুকুরটিকে হেড়ে থেতে শিবাসন্দ সেমের অত্যন্ত দৃংখ হল; তাই তিনি মাঝিকে দশ পণ কড়ি সিয়া কুকুরটিকে নদী পার করালেন।

#### कार भर्ग

এক পণ হচ্ছে আশি কড়ি। পূর্নে, এমনকি পক্ষাশ-মাট বছর আগেও ভারতবর্থে কাগজের টাকার এচলন ছিল না। সভা ধাতু দিয়েও মুদ্রা তৈরি হত না, তা তৈরি হত সোলা এবং রূপা দিয়ে। অর্থাৎ, নিমিয়ের মাধ্যম ছিল প্রকৃত মূল্যবান। চার কড়িতে এক গণ্ডা, এবং কুড়ি গণ্ডায় এক পণ। এই কড়িও ছিল নিমিয়ের মাধ্যম; তাই শিবানক সেন কুকুরটিকে নদী পার কর্মাবার জন্য মাঝিকে দশ পণ, না আটশ কড়ি দিয়েছিলেন। তথাকারে দিনে একটি পয়সাকেও পুনরান কড়িতে বিভক্ত করা হত, কিন্তু এখন জিনিহ-পত্রের লাম এত বেড়ে গেছে যে, এক পরসার শিনিময়ে কিছুই পাওয়া যায় না। কিন্তু তথানকার দিনে এক পয়সা দিয়ে এত শাক-সক্ষী কেনা যেত যে একটি নড় পরিবারের জন্য তা যথেন্ট হত। এমনকি ত্রিশ বছর আগেও, শাক-সক্ষীর দাম এত কম ছিল যে, এবং পয়সার সক্ষীতে একটি পরিবারের ভাল মতো চলে যেত।

#### শ্লোক ২০

একদিন শিবানন্দে ঘাটিয়ালে রাখিলা । কুকুরকে ভাত দিতে সেবক শাসরিলা ॥ ২০ ॥ শ্লোকার্থ

একনিন শিবানম সেন যখন শুস্ক আদায়কারীর কাছে আটকে গেলেন, তাঁর সেবক তখন কুকুরটিকে খাবার দিয়ে ভূলে গিরেছিল।

লোক ২১

রাত্রে আসি' শিবানন্দ ভোজনের কালে । 'কুরুর পাঞাছে ভাত?'—সেবকে পৃছিলে ॥ ২১ ॥

শ্লোকার্থ

রাত্রিবেলা শিবাক্ত সেন ফিরে এসে ভোজন করার সময় সেবককে জিল্পাসা করলেন, "কুকুরটিকে খেডে দেওয়া হয়েছে ভো?"

প্লোক ২২

কুকুর নাহি পায় ভাত শুনি' দুঃখী হৈলা। কুকুর চাহিতে দশ-মনুষ্য পাঠাইলা॥ ২২ ॥

য়োকার্থ

তিনি যখন জানতে পারলেন যে কুকুরটি খেতে দেওয়া হয়নি, তখন তিনি খাতান্ত দুঃখিত হলেন; এবং কুকুটিকে নিয়ে আসার জন্য তংক্ষণাৎ দশজন মানুহ পাঠালেন।

শ্লোক ২৩

চাহিয়া না পাইল কুরুর, লোক সব আইলা। দুঃখী হুএর শিবানন্দ উপবাস কৈলা ॥ ২৩ ॥

<u>লোকার্থ</u>

ভারা কোথাও কুকুরটিকে খুঁজে না পেয়ে কিরে এলেন; এবং দুঃখিত হরে শিবানন্দ সেন সেই রাবে উপবাস করলেন।

> লোক ২৪ প্রভাতে কুরুর চাহি' কাঁহা না পাইল । সকল বৈষ্ণবের মনে চমৎকার হৈল ॥ ২৪ ॥

> > শ্লোকার্য

সকালে তারা সর্বত্র কুকুরটিকে খুঁজনেন, কিন্তু কোখাও ভাকে খুঁজে পেলেন না: এবং ভাতে সমস্ত বৈক্ষবেরা অত্যন্ত বিশ্বিত হলেন।

তাৎপর্য

সেই কুকুবটির প্রতি শিবানন্দ সেনের আসন্তি সেই পশুটিকে পরম সৌভাগা করেছিল। সেই কুকুবটি ছিল রাপ্তার একটি নেড়ী কুকুর। শিবানন্দ সেন বখন সদল-বলে জগন্নাথপুরী [**यक्ष** 5

যাচিছলেন, তখন সাভাবিক ভাবে সেই কুকুরটিকে তাদের অনুসরণ করতে দেখে শিবানক সেন তাকেও দলে নেন, এবং অন্যানা ভক্তদের তিনি বেভাবে পালন করছিলেন, সেই কুকুরটিকেও সেই ভাবে পালন করতে থাকেন। একসমন্ত্র, নদী পার হবার সম্ভ্রা ধবন মাঝি কুকুরটিকে নৌকান্ত ভূলতে রাজি না হয়, তখন শিবানক সেন সেই কুকুরটিকে ফেলে চলে না গিয়ে মাঝিকে দখ পল কড়ি দিয়ে সেই কুকুরটিকে নদী পার করিমেছিলেন। তারপর একসমন্ত্র যখন ভার ভূতা কুকুরটিকে খেতে দিভে ভূলে যায়; ভখন শিবানক সেন অত্যন্ত পুর্থিক হয়ে দশজন মানুমকে পাঠিয়ে ছিলেন তাকে বুঁজে আনতে। তারা যখন ভাকে বুঁজে গোনতে। তারা যখন ভাকে বুঁজে গোনতে। তারা যখন ভাকে বুঁজে গোন সেন শিবানক সেন ভাকে বুঁজে গোনতে। তারা যখন ভাকে বুঁজে সেন মানুমক পাঠিয়ে ছিলেন ভাকে বুঁজে সানতে। তারা যখন ভাকে বুঁজে সেন মানুমক পাঠিয়ে ছিলেন ভাকে বুঁজে সানতে। তারা যখন ভাকে বুঁজে সানতে। সেন শিবানক সেন ভাকে বুঁজে গোনতে। তারা যথন ভাকে বুঁজে সান সেন সেই কুকুরটির প্রতি আসক্ত হয়ে পড়েছিলেন।

পরবর্তী ছোকগুলিতে দেখা যাবে যে কুকুরটি ব্রীচেতন্য মহাগ্রন্থর কুপা লাভ করে বৈকুণ্ঠলোকে তার সিদ্ধ-সররপ প্রাপ্ত হয়েছিল। শ্রীল ভিডিবিনোদ সৈকুর তাই গেয়েছেন—
"তুমি তো সাকুর, তোমার কুলুর, বলিয়া জানহ মোরে" (শরণাগতি—১৯)। এইভাবে তিনি বৈহাবের কুবুর হতে চেনোছেন। বৈহাবের পোষা শকর বৈকুণ্ঠলোকে ফিরে যাবার বহু দৃষ্টান্ত রামেছে। কোন না কোন ক্রমে বৈক্রবের কুলাপাত্র হওরার এমনই সুখল। ওজিবিনোদ সাকুর আরও গোয়েছেল—"কীট জন্ম হউ হথা তুরা দাস" (শরণাগতি—১১)। বারবার জন্ম প্রহাণ করার কোন ক্রতি নেই, যদি বৈহাবের দাসত করা যায়। সৌভাগ্যক্রমে বৈহাব লিতার পুত্ররূপে জন্মগুহণ করার সৌভাগ্য আমাদের হয়েছিল এবং তিনি অতাধ্য সুন্দরভাবে পালন-পোষণ করেছিলেন। তিনি প্রীমতী রাধারাণীর কাছে প্রার্থনা করতেন যাতে আমরা ভবিষাতে তার সেবক হতে গারি। তাই কোন না কেনে ক্রমে আমরা এখন তার সেবায় মৃত্র হয়েছি।

এই দৃষ্টান্ত থেকে বোঝা যায় যে, একটি কুকুররকে পর্যন্ত আমাদের বৈন্দরের শরণাগত হতে হবে। তার ফলে বৈক্ষরের অনুগত উত্তম ভক্ত যে ফল লাভ করে সেই ফলই লাভ হবে।

### শ্লোক ২৫ উৎকণ্ঠায় চলি' সবে আইলা নীলাচলে। পূৰ্ববৎ মহাপ্ৰভূ মিলিলা সকলে ॥ ২৫ ॥

<u>হোকার্থ</u>

গভীর উৎকণ্ঠায় ভারা সকলে জগন্নাখপুরীতে এলেন এবং পূর্ববং শ্রীচৈতন্য সহাপ্রসূর সঙ্গে মিলিভ হলেন।

শ্লোক ২৬

সবা লঞা কৈলা জগনাথ দরশন । সবা লঞা মহাপ্রভু করেন ভোজন ॥ ২৬ ॥ লোকার্থ

ওাদের সকলকে নিয়ে মহাপ্রভু জগরাথদেবকে দর্শন করতে গেলেন, এবং সেদিন শ্রীচৈতন্য মহাপ্রভু সমস্ত ভক্তদের নিয়ে ভোজন করলেন।

> শ্লোক ২৭ পূৰ্ববং সবারে প্রভূ পাঠাইলা বাসা-ছানে। প্রভূ-ঠাঞি প্রাতঃকালে আইলা আর দিনে ॥ ২৭ ॥

> > যোকার্থ

পূর্ববং, প্রীচৈতন্য মহাপ্রভু তাঁদের জন্য নির্ধানিত বাসস্থানে তাঁদের পাঠালেন, এবং পানের দিন সকালবেলা সকলে প্রীচৈতন্য মহাপ্রভুকে দর্শন করতে এলেম।

> শ্লোক ২৮ আসিয়া দেখিল সবে সেই ত কুকুরে। প্রভূ-পাশে বসিয়াছে কিছু অল্পনে । ২৮ ॥

> > শ্লোকার্থ

সেখানে এসে জারা দেখকেন যে সেই কুকুরটি মহাপ্রভুর পাশে, অল্প দূরে বসে আছে।

শ্লোক ২৯

প্রসাদ নারিকেল-শস্য দেন ফেলাঞা । 'রাম' 'কৃষ্ণ' 'হরি' কহ'---বলেন হাসিয়া ॥ ২৯॥

হোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূ সেঁই কুকুরটিকে নারিকেলের শাঁস প্রসাদ দিছেনে, এবং হেসে বলছেন, 'রাম' 'কৃষ্ণ' 'হরি' বল।"

শ্লোক ৩০

শস্য খাম কুরুর, 'কৃষ্ণ' কহে বার বার । দেখিয়া লোকের মনে হৈল চমংকার ॥ ৩০ ॥

য়োকার্থ

কুকুরটিকে এইভাবে নারিকেলের শাঁস খেতে দেখে, এবং বারবার 'কৃঞ্চ'-নাম উচ্চারণ করতে দেখে, সেখানে উপস্থিত সমস্ত ভক্তরা অত্যন্ত চমৎকৃত হলেন।

> শ্লোক ৩১ শিবানন্দ কুরুর দেখি' দণ্ডবং কৈলা । দৈন্য করি' নিজ অপ্রাধ ক্ষমাইলা ॥ ৩১ ॥

*र*हाकार्थ

কুক্নটিকে দেখে শিবানক সেন তাকে দণ্ডবং করলেন, এবং জতান্ত দৈনা সহকারে তার অপরাধের কমা ভিকা করতে দাসলেন।

গ্ৰোক ৩২

আর দিন কেহ তার দেখা না পাইলা। সিদ্ধ-দেহ পাঞা কুরুর বৈকুর্ভেতে খেলা ॥ ৩২ ॥

লোকার্থ

ভার শরের দিন কেউ আর সেই কুকুরটিকে দেখতে পেল না, কেননা সেই কুকুরটি ভার সিদ্ধ-দেহ প্রাপ্ত হয়ে কৈকুষ্ঠে কিরে কিনেছিল।

ভাৰপৰ্য

সাধুসার, তথা জীতিতনা মহাপ্রভুৱ সার প্রভাবে জীব তার প্রকৃত আলয় ভাবজানে দিবে থাবে পারে বৈধ্বের কৃপার প্রভাবে একটি কুবুর কর্মা এই ফল লাভ বরতে পারে। তাই, প্রভিত্তি মানুগেরই কর্তবা ভাগনগ্রান্তর সার করা। একটু সেবা করার ফলে, এমনকি প্রসাদ প্রহা করার ফলে, মকলেই বৈকৃতলাকে উর্নীত ২০০ পারেন, সূত্রাং ভগরানের নাম কীতন করা এবং ভগরাহ-প্রেম মাঃ হরে কৃতা করার মধ্যে যে কি লাভ হয়, তা আমারা কল্পন সামন্ত করাতে পারি না। তাই ইসকারের সামন্ত ভালের অনুরোধ করা হয় তারা যেন বৈক্ষারে পরিবাত হয়, যাতে ভালের কৃপার প্রভাবে সারা পৃথিবীর সামন্ত মানুয বৈকৃত্যাকারে ভরীত হতে পারে, এমনকি ভালের অল্পানারের স্বানার স্কলাকেই কৃষ্ণে প্রসাদ এহব করার স্থোগ দিতে হবে, যাতে ভারে ভারনালের 'হবেকৃষ্ণ মহামান্ত' কীর্ত্রন করে আনক্ষে যায় হয়ে কৃত করতে অনুপ্রাণিত হতে পারে। এই পার, অল্পান্তভাবেও অনুসরণ করলে, একটি গ্রহ পর্যার ভারতা, একটি গ্রহ পরার ভারতা, এই পর

শোক ৩৩

ঐতে দিব্যদীলা করে শচীর নন্দন । কুরুরকে কৃষ্ণ কহাঞা করিলা মোচন ॥ ৩৩ ॥

শ্বেক।র্থ

এফাই অন্তত শচীনদ্দদের দিবা-শীলা, কুকুরকে পর্যন্ত কৃষ্ণ উচ্চারণ করিয়ে, তিনি ভবনমান মোচন করিয়েছিলেন

৪৩ কাহ্ম

वर्था श्रङ्-व्याखान क्रथ व्यक्तिना क्यावन । क्यानीना-मानेक कतिएक देशन प्रमा ॥ ७८ ॥ শ্ৰোকাৰ্থ

ইতিমধ্যে প্রীচৈতনা মহাপ্রভুর নির্দেশ অনুসারে শ্রীল রূপ গোস্থামী কুদাবনে ফিরে গেলেন। তিনি কৃষ্ণ-লীলার নটিক রচনা করতে মনস্থ করলেন।

শ্লোক ৩৫

বৃন্ধাবনে নাটকের আরম্ভ করিলা । মঙ্গলাচরপ 'নান্দী-শ্লোক' ডথাই লিখিলা ॥ ৩৫ ॥

হোকাৰ্য

বৃদ্ধাবনে তিনি নটকটি রঙ্গা শুক্ল করলেন। সেখানে তিনি মঙ্গোচরণ সূচক 'নান্দী-প্লোক' লিখলেন।

তাৎপর্ম

শাল ছাজিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর জীল রূপ গোস্বামী রচিত্র *নাটকচান্তিকার* উদ্বৃতি দিয়াছেন—

> अञ्चवनामञ्ज भूरथ नाषी कार्या उक्रांवरा । याणीर्नभक्तिमानजन्मित्रांषानाज्याधिका ॥ यक्षांकर्मभक्तिमुका किरवा द्यामणेकः भरिमः । इञ्जानामाद्यिका श्रारमा मननार्थनरमाञ्चला । मननार इक्राकरणाद्यसम्मामितम् ॥

্তেমনই, সাহিত্য-গর্পণের যাও অধ্যান্মের ২৮২ ক্লোকে ডিনি বলেন্দ্রে— আশীর্বচন সংযুক্তা স্কৃতির্যস্থাৎ প্রযুক্ষাতে । যেববিজ্ঞ নুগানীনাং তত্মায়ালীতি সংক্রিতা ।।

নাটকের আরছে যে মঙ্গলাচরণ রোক পঠিত হয়, তাকে 'নাদী য়োক' বলে

শ্ৰোক ৩৬

পথে চলি' আইসে নাটকের ঘটনা ভাবিতে। কড়চা করিয়া কিছু লাগিলা লিখিতে ॥ ৩৬ ॥

শ্লোকার্থ

গৌড়দেশে মাওয়ার পথে শ্রীল রূপ গোস্বামী ভাবছিলেন কিভাবে তিনি নাটকটি রচনা করবেন: এবং সংক্ষেপে তিনি ভাঁর পাণ্ডলিপি লিখে রাখছিলেন।

> শ্লোক ৩৭ এইমতে দুই ভাই গৌড়দেশে আইলা। গৌড়ে আসি' অনুপমের গঙ্গাপ্তাপ্তি হৈলা। ৩৭ ॥

্বিজ্ঞ ১

(NIA BR) - ব্রীটেডনা বহাপ্রভূর সঙ্গে ব্রীল রূপ গোরামীর মিলন

50

শ্ৰোকাৰ্থ

এইভাবে দুইভাই, রূপ এবং অনুগম, সৌড়দেশে গৌছলেন, কিন্তু গ্রেড়দেশে গৌছনোর পর অনুগম পরশোক গমন করলেন।

ভাৎপর্য

পূর্বে, গঙ্গর তীরে মৃত্যু না ইলেও, বলা হত যে তান গঙ্গান্তারি হয়েছে। মৃত্যুর পর গঙ্গর তীরে দেহটি দাহ করা হিন্দুদের প্রচলিও রীতি, কেননা গঙ্গর তীরে মৃত্যু হজে আন্ধা পরমেশন ভগনান শ্রীবিষ্ণুর শ্রীপাদশক্ষে দিবে বায়, নেগান থেকে গঙ্গা উদ্ভূত হয়েছে

ক্লোক ৩৮

রূপ-গোসাঞি প্রভূপাশে করিলা গমন। প্রভূবে দেখিতে তাঁর উৎকণ্ঠিত মন ॥ ৩৮ ॥

প্রোকার্থ

শ্রীল রূপ গোস্থামী তথন শ্রীট্রৈডন্য মহাত্রকুর কাছে যাত্রা করবেন, কেননা মহাপ্রভূকে দর্শন করার জন্য তার মন অভ্যন্ত উৎকণ্ডিত হয়ে উঠেছিল।

গ্ৰোক ৩৯

অনুপ্রের লাগি' তাঁর কিছু বিসম্ব ইইল । ডক্তগণ-পাশ আইলা, লাগ্ না পাইল ॥ ৩৯ ॥

শ্ৰোকাৰ্থ

অনুপ্রের মৃত্যু হবার ফলে রূপ গোস্বামীর কিছু বিশন্ন হয়েছিল, এবং তাই তিনি যখন নববীপে ভক্তদের সঙ্গে সাক্ষাৎ করতে গেলেন, তখন দেখলেন যে তারা সকলে জন্মাখপ্রী তলে গেছেন।

CONTROL BO

উড়িয়া-দেশে 'সত্যভাসাপুর'-নামে প্রাম । এক রাত্রি সেই প্রামে করিলা বিশ্রাম ॥ ৪০ ॥

লোকার্থ

উড়িষ্যা দেশে সভ্যভামাপুর নামক একটি গ্রাম আছে, শ্রীল রূপ গোসামী সেই প্রামে এক রাত্রি বিশ্রাম করনেন।

তাৎপর্য

উভিযার কটক জেলায় সভাভামাপুর নামক একটি স্থান আছে। এই প্রামটি জান্কাদেইপুরের নিকটে অবস্থিত **রোক ৪১ ৪২** 

রাত্রে স্বপ্নে দেখে, এক দিব্যরূপা নারী ৷
সম্মুখে আসিরা আজ্ঞা দিলা বহু কৃপা করি' ॥ ৪১ ॥
"আমার নাটক পৃথক্ করহ স্কুচন ৷
আমার কৃপাতে নাটক হৈবে বিলক্ষণ ॥" ৪২ ॥

শ্ৰোকাৰ

নাত্রে রূপ গোসামী বথে দেবলেন থে এক দিব্যক্রপা নারী তার সমূখে এসে বহু কৃপা করে তাঁকে নির্দেশ দিন্দেন—"আমার নাটক তুমি পৃথকভাবে রচনা কর। আমার কৃপান সেই নাটকটি বিশেষ মাধুর্ঘমণ্ডিত হবে।"

শ্লোক ৪৩

স্বপ্ন দেখি' রূপ-গোসাঞি করিলা বিচার । সজ্জামার আজ্ঞা—পৃথক্ নউক করিবার ॥ ৪৩ ॥

ক্লোকার্থ

নেই স্থা মেশে শ্রীল রূপ গোস্থামী বিচার করকেন, সত্যক্তামানেরী তাকে পৃথক নাটক রচনা কররে আন্দেশ দিলেন।

য়োক ৪৪

ব্রজ্ব-পূর-সীলা একর করিয়াছি ঘটনা। দুই ভাগ করি' এবে করিয়ু রচনা 🛚 ৪৪ ॥

গ্লোকার্থ

নীল রূপ প্রোপ্তামী ভারণেন—"আমি শ্রীকৃকের বৃদ্ধাবন-লীলা এবং দ্বারকা-লীলা একত্রে রচনা করেছি। এখন আমি জ পৃথকভাবে দৃটি নাটকের জাকারে রচনা করব "

श्चीक 84

ভাবিতে ভাবিতে শীঘ্ৰ আইলা নীলাচলে ৷ আসি' উত্তরিলা হরিদাস-বাসাস্থলে ॥ ৪৫ ॥

লোকার্থ

এই চিন্তায় মগ্ন হয়ে ভিলি অচিরেই নীলাচলে এফে উপস্থিত হলেন, এবং সেখানে শ্রীল হরিদাস ঠাকুরের বাসস্থানে গেলেন। শ্লোক ৪৬

হরিদাস-ঠাকুর তাঁরে বহুকুপা কৈলা। 'তুমি আসিবে,—মোরে প্রভূ যে কহিলা'॥ ৪৬ ॥

শ্লোকার্থ

শ্রীল হরিদাস ঠাকুন তাঁকে শ্লেহ ও গ্রীতি সহকারে বহু কৃপা কনলেন, এবং বলগেন, "তুমি আসংব, মহাপ্রভূ ভা আমাকে বলেছেন।"

द्यांक 89

'উপঙ্গ-ভোগ' দেখি' হরিদাসেরে দেখিতে। প্রতিদিন আইসেন, প্রভূ আইলা আচন্দিতে॥ ৪৭ ॥

য়োকার্থ

গ্রীজগন্নাথদেনের 'উপল-ভোগ' দর্শন করার পম, প্রকিদিন প্রীতৈতনা মহাপ্রকু ইনিদাস টাকুননো দর্শন করতে আসতেন। সেদিন আচন্দ্রিতে গ্রীতৈতনা মহাপ্রকু হরিদাস ঠাকুরের ফুটিরে এজেন

শ্লোক ৪৮

'রূপ দশুবং করে',—হরিদাস কহিলা। হরিদাসে মিলি' প্রভু রূপে আনিরিকা ॥ ৪৮ ॥

<del>য়োকা</del>র্থ

শ্রীটৈতন্য মহাপ্রস্কু যখন সেখানে একেন, তখন রূপ গোস্থামী তাঁকে দওক প্রণতি নিবেদন করকেন। হরিদাস টাকুর মহাপ্রস্কুকে বলকেন, "রূপ আপনাকে দওক করছে।" শ্রীটৈতন্য মহাপ্রস্কু তখন রূপ গোস্থামীকে আলিস্কন করকেন।

য়োক ৪৯

হরিদাস-রূপে লঞা প্রভূ বসিলা একস্থানে। কুশল-প্রবা, ইস্টগোষ্ঠী কৈলা কডক্ষণে ॥ ৪৯ ॥

শ্লোকাৰ্থ

শ্রীটেতন্য মহাপ্রভু তখন হরিদাস ঠাকুর এবং রূপ খোস্বামীর সঙ্গে একত্তে বসলেন; ডাঁদের কুশল ফ্রিজ্ঞাসা করে, ডিলি বহুক্ষণ ভাঁদের সঙ্গে ইউগোষ্টী করলেন।

**শ্লেক ৫০-৫২** 

সনাতনের বার্তা ধবে গোসাঞি পৃছিল । রূপ কহে, –'তার সঙ্গে দেখা না ইইল ॥ ৫০ ॥ আমি গঙ্গাপথে আইলাঙ, তিঁহো রাজপথে ৷ অতএব আমার দেখা নহিল তার সাথে ৷৷ ৫১ ৷৷ প্ররাগে শুনিলুঁ,—তেঁহো গেলা বৃন্ধাবনে ৷' অনুপ্রের গঙ্গা-প্রাপ্তি' কৈল নিবেদ্যে ৷৷ ৫২ ৷৷

প্লোকার্থ

শ্রীচৈতনা মহাপ্রস্থ ধর্মন সনাতন গোরামীর কথা জিগুনান করলেন, তথ্য রূপ গোরামী গাঁকে জানালেন, "তার সঙ্গে আমার দেখা হয়নি। আমি গলার পথ ধরে এসেছি, আর তিনি রাজপথ নিমে গেছেল; তাই তার সঙ্গে আমার দেখা হয়নি প্রয়াগে গৌতে আমি জননাম তিনি বৃন্ধাবনে গেছেন।" তারপর শ্রীল রূপ গোরামী, মহাপ্রভূকে অনুস্থের গরাপ্রাপ্তর কথা জানালেন।

প্ৰোক ৫৩

রূপে ভাইা বাসা দিয়া সোসাত্রি চলিলা। গোসাত্রির সঙ্গী ভক্ত রূপেরে মিলিলা ॥ ৫৩॥

শ্লোকার্

জীল রূপ গোষামীর থাকবার স্থান নির্ধারণ করে গ্রীটেডন্য মহাপ্রকু সেধান পেকে চলে। গেলেন। তখন সহাপ্রকুর সমস্ত সঙ্গী-ডক্তরা এনে রূপ গোষামীর সঙ্গে মিলিড হলেন।

শ্লোক ৫৪

আর দিন মহাপ্রস্থ সব ভক্ত লএগ । রূপে মিলাইলা সবায় কৃপা ড' করিয়া ॥ ৫৪ ॥

**মো**কার্থ

তার পরের দিন, প্রীতৈজন্য মহাপ্রভূ কৃপা করে জার সমস্ত জক্তদের সঙ্গে রূপে গোসামীর পরিচয় করিছে দিলেন।

শ্লোক ৫৫

সবার চরণ রূপ করিলা বন্দন ৷ কুপা করি' রূপে সবে কৈলা আলিজন ॥ ৫৫ ॥

শ্লোকার্থ

শ্রীল রূপ গোসামী ভাঁদের সকলের শ্রীচরগ বন্দনা করলেন, এবং তাঁরা সকলে কৃপা করে ভাঁকে আলিক্ষন করলেন। শ্লেক ৫৬-৫৭

'অবৈত নিত্যানন্দ, ভোমরা দুইজনে'। প্রভু কহে—'রূপে ৰূপা কর কার্মনে ॥ ৫৬ ॥ তোমা দুহার কৃপাতে ইহার হউ তৈছে শক্তি। যাতে বিবরিতে পারেন কৃষ্ণরসভক্তি ॥' ৫৭ ॥

লোক্য

শ্রীটেডন। মহাপ্রাড় অবৈত আচার্য ও নিতয়নক প্রভূকে বজালেন, "ভোমরা দৃইকনে সর্বাত্তঃকরণে রূপকে কু পা কর। ভোমাদের দুজনের কুপায় ভার এমন শক্তি হোক যে, সে যেন কৃষ্ণভক্তিরস কর্ণনা করতে পারে।"

গোৰু ৫৮-

গৌড়িমা, উড়িমা, যত প্রক্রুর ভক্তপুর । সবার ইইল রূপ রেহের ভাজন ॥ ৫৮ ॥

হোকার্থ

শ্রীটেতন্য মহাপ্রমূর যত গৌড়ীয় একং উড়িয়া ছক্ত ছিক্সেন, রূপ গোদামী ঠানের সকলের সেহের পাত্র হলেন

গ্লোক ৫৯

প্রতিদিন আসি' রূপে করেন মিদনে। মন্দিরে যে প্রমাদ পান, দেন দৃই জ্ঞানে ॥ ৫৯ ॥

য়োকার্থ

প্রতিদিন শ্রীতৈতন্য মহাপ্রভু রূপ গোস্বামীর সঙ্গে স্থাক্ষাৎ করকে আসতেন; এবং মনিরে যে প্রসাদ তিনি পেতেন, তা তিনি রূপ গোস্থামী ও হরিদাস ঠাকুরকে নিয়ে যেকেন।

শ্ৰোক ৬০

ইউগোষ্টী দুঁহা সনে করি। কডকে। মধ্যাক্ত করিতে প্রস্কু করিলা গমন ॥ ৬০ ॥

হোকার্থ

টানের দুজনের সঙ্গে কিছুকণ ইউগোটী করার প্র শ্রীটেডনা। মহাশ্রত মধ্যাহ করতে যেখেন

লোক ৬১

এইমত প্রতিদিন প্রতুর ব্যবহার । প্রতুক্পা পাঞা রূপের আহনক অপার ॥ ৬১ ॥ যোকার্থ

এই ধানে প্রতিদিন শ্রীটেডনা মহাপ্রভূ ভাঁদের মঙ্গে সাক্ষাৎ করতে আসতেন। এইভাবে শ্রীটেডনা মহাপ্রভূত কূপা লাভ করে রূপ গোসামী অগার আনন্দ অনুদ্রব করেছিলেন

শ্লোক ৬২

ভক্তপণ লঞা কৈলা ওণ্ডিচা মার্জন । আইটোটা আসি' কৈলা বন্য-ভোজন ॥ ৬২ ॥

প্ৰোকাৰ্থ

ডফেদের নিবে ওণ্ডিচা মন্দির মার্ক্সকরার পর জীচৈতন্য মহাপ্রভূ আইটোটা নামক উদ্যালে ক্রডেয়েল করেছিলেন।

শ্লোক ৬৩

প্রসাদ খায়, 'হরি' বলে সর্বভক্তজন । দেখি' হরিদাস-রূপের হরন্তিত মন ॥ ৬৩ ॥

শ্লোকার্থ

সনত ভক্তদের প্রসাদ ভ্যেক্সর করে ছরিনাম কীর্তন করতে দেখে ছরিদাস ঠাকুর এবং রূপ গোমামী উভয়ই অভ্যন্ত জানন্দিত হয়েছিলেন

শ্লোক ৬৪

গোবিন্দহারা প্রভূর শেষ-প্রসাদ পাইলা । প্রেমে মন্ত দুইজন নাচিতে লাগিলা ॥ ৬৪ ॥

প্লোকার্থ

গোলিন্দকে দিয়ে জ্রীতৈতন্য মহাপ্রকু জীদের কাছে তাঁর প্রসাদ পাঠিয়ে দিয়েছিলেন। সেই প্রসাদ পোয়ে স্তথ্যক্ষ ক্রিয়ে উল্লেড ক্রেয়ে তাঁরা দুজনে নাচতে লাগালেন।

গ্রোক ৬৫-৬৬

আর দিন প্রভু রূপে মিলিয়া বসিলা।
সর্বজ্ঞ শিরোমণি প্রভু কহিতে লানিলা ॥ ৬৫ ॥
"কৃষ্ণেরে বাহির নাহি করিহ ব্রজ হৈতে।
ব্রজ ছাড়ি' কৃষ্ণ কড়ু না যান কাহাঁতে ॥ ৬৬ ॥

হোকার্থ

তার পরের দিন, প্রীচৈডন্য মহাপ্রভূ ধর্মন রূপ পোস্থামীর সঙ্গে মিলিভ হলেন, তথন সর্বজ্ঞ শিরোসণি মহাপ্রভূ তাঁকে বললেন "কৃঞ্চকে এজের বাহিরে নিয়ে যেও না, ব্রজ ছেড়ে কৃষ্ণ করনও ধান না।"

#### শ্লোক ৬৭

## কৃষ্ণোহন্যো মদুসন্ত্তো যা পূর্ণঃ সোহস্তাতঃ পর:। বৃন্ধাবনং পরিস্তাক্তা স কৃচিনৈব পক্ষতি ॥ ৬৭ ॥

কৃষ্ণঃ -শ্রীকৃষ্ণ, অন্যঃ —এজেন্ত্রনন্দন থেকে ভিন্ন, বাস্কুদেব, বাদুসন্ততঃ— যাদু-কুলোছত: যাঃ যিনি, পূর্বঃ পূর্ব প্রুমোন্তম ভগবান কৃষ্ণ, স— তিনি, অস্তি—হন, অতঃ— (বাসুদেব) থেকে; পরঃ—ভিন্ন, বৃদ্ধারন্দ্র—বৃদ্ধাবন, পরিজ্ঞা—পরিত্যাগ করে, স— ভিনি, কচিৎ—কথনো; নৈৰ সক্ততি—যাদ না।

#### অনুবাদ

"গদুকুমার কৃত্য-বাসুদের কৃত্য, অতএব তিনি--- বজেন্দ্রেশমন থেকে পৃথকু, তিনি মধুরা ও দারকায় লীলা করেন। নিনি রজেন্ত্রশদন, তিনি বৃদ্ধাবন পরিত্যাপ করে কোথাও যান না "

#### তাংপর্য

এই শ্লোকটি শ্রীল রূপ গোস্বামী রচিত *লযুভাগবতামৃত* প্রমুপ্ত (১/৫/৪৬১) থেকে উল্লেখ কর্না হয়েছে।

#### শ্লোক ৬৮

এত কহি' মহাপ্রভূ মধ্যাকে চলিলা। রূপ-গোসাঞি মনে কিছু কিমন ইইলা । ৬৮ ॥

#### লোকাৰ্থ

এই বলে প্রতিত্তন্য মহাপ্রভু মধ্যাক করতে গেকেন, এবং তা শুনে রূপ গোস্বামী অন্তরে বিশিত ব্লেন।

#### গোক ৬৯

"পৃথক্ নাটক করিতে সত্যভাষা আজা দিল। জানিশু, পৃথক্ নাটক করিতে প্রস্কু-আজা হৈল ॥ ৬৯ ॥

#### হোকার্থ

শ্রীল কল গোসামী মনে মনে বিচার করলেন—"সভাভামাদেনী আমাকে দুটি ভিন্ন নাটক রচনা করতে আদেশ করেছিলেন। এখন জানতে পারলাম বে, শ্রীচৈতনা মহাপ্রভুব আমাকে পৃথক নাটক বচনা করতে আদেশ দিলেন।

#### (製庫 40

পূর্বে দুই নাটক ছিল একেন্ত রচনা। দুইজাগ করি এবে করিমু ঘটনা ॥ ৭০ ॥

#### হোকার্থ

"পূর্বে দৃটি নাটক একত্রে রচনা করা হয়েছিল; এখন জাদের আমি দৃ'ডাগে ভাগ করব।

#### **औक १५**

দূই 'নানী' 'প্রস্তাবনা', দূই 'সংঘটনা' ৷ পৃথক্ করিয়া লিখি করিয়া ভাবনা ॥ ৭১ ৷৷

#### শ্লোকার্থ

" 'নাৰ্কী', 'প্ৰস্তাবনা' এবং 'সংঘটনা', আমি ডেৰে চিয়ে পৃথকভাবে সিখব "

#### ভাৎপর্য

েও দৃটি নাটক বিদশ্ধ-মাধৰ এবং *লালিত-মাধৰ। বিদশ্ধ-মাধৰ* নাটকে কৃথাকা লীপা বৰ্ণিত ২০০%, এবং *লালিত-মাধৰ* নাটকে স্বাপ্তকা ও মনুৱা লীপা বৰ্ণিত হয়েছে

#### শ্লোক ৭২

রথযাত্রার জগরাথ মর্লন করিলা । রথ-অধ্যে গ্রভুর নৃত্য-কীর্তন দেখিলা ॥ ৭২ ॥

#### য়োকার্থ

নগণাক্রার সময় রূপ গোহামী শ্রীজগরাধদেবকে দর্শন করলেন, এবং রধারো শ্রীচৈতন্য মহাপ্রবৃদ্ধ নৃত্য-কীর্ত্তন দেখলেন।

#### গ্ৰোক ৭৩

প্রভূর নৃত্য-শ্লোক শুনি' শ্রীরূপ-গোসাঞি ৷ সেই শ্লোকার্থ লঞা শ্লোক করিলা তথাই ৷৷ ৭৬ ৷৷

#### লোকার্থ

শ্রীরাপয়াথদেবের রথাপ্রে নৃত্য করার সময় শ্রীচৈতন্য মহাপ্রভূ যে শ্লোকটি আবৃত্তি কর্মান্তলেন তা ওলে রূপ গোরামী সেই প্লোকটির ঝর্থ বিশ্লোষণ করে সেখানেই একটি যোক রচনা করবেন।

#### হোক ৭৪

পূর্বে সেই সৰ কথা করিয়াছি বর্ণন ৷ তথাপি কহিয়ে কিছু সংক্ষেপে কথন ॥ ৭৪ ॥

#### হোকার্থ

পূর্বে আমি এই ঘটনার কথা বর্ণনা করেছি, তবুও আমি সংক্ষেপে কিছু বলব

ব্ল

খিড়া ১

শ্ৰোক ৭৫

সামান্য এক শ্লোক প্রভু পড়েন কীর্তনে । কেনে প্লোক পড়ে--ইহা কেহ নাহি জানে ॥ ৭৫ ॥

য়োকাৰ্ম

খ্রীটেডনা মহাপ্রভু কীর্ডন করার সময় একটি সাধারণ হোক আবৃত্তি করেছিলেন, এবং কেউই বৃশতে পারছিল না কেন ডিনি সেই শ্লোকটি আবৃত্তি করছেন।

শ্ৰোক ৭৬

সবে একা সরূপ গোসাঞি প্রোকের অর্থ জানে 1 **শ্লোকানুরূপ পদ প্রভুকে করান আশ্বাদনে 1** ৭৬ I

বোকার্থ

দোবল সক্ষপ মানোদর গোস্থামী সেই শ্লোকটির তাংপর্য ক্ষমসম করতে পেরেছিলেন: এবং তিনি সেই শ্লোকটির অনুরূপ পদ কীর্তন করে গ্রীটেডন্য মহাপ্রভূবে আস্বাদন করিয়েছিরলন।

শ্ৰেক ৭৭

রূপ-গোসাঞি প্রভূর জানিয়া অভিপ্রায় ৷ সেই অর্থে প্লোক কৈলা প্রভুৱে যে ভার ৷ ৭৭ ৪

শ্ৰোকাৰ্থ

কিন্তু, খ্রীল রূপ গোপ্তামী শ্রীটোতন্য মহাপ্রকা অভিপ্রায় ক্ষমালম করতে পেরেছিলেন: এবং তিনি একটি প্লোক রচনা করেছিলেন যা শ্রীকৈছনা মহাপ্রকৃকে আনন্দ দান করেছিল।

শ্ৰোক ৭৮

যঃ কৌমানহরঃ স এব হি বরস্তা এব তৈক্রকণা-স্তে চোশীলিতমালতীস্বভন্ন: শ্রৌডাঃ কদন্যানিলাঃ 1 সা চৈবাস্মি তথাপি তত্ৰ সূরতব্যাপারলীলাবিধৌ বেবারোধসি বেতসীতরুতলে চেতঃ সমংকণ্ঠতে ॥ ৭৮ ॥

म<sup>2</sup>—एम शक्ति क्रिया**त रुद**्ध -क्रियाद काला (स व्ययप रुक्य रुद्ध कर्ताहरूक), সঃ তিনি, এব ছি-- গ্রাবশাই, বরঃ--পতি, ডাঃ--এই সমস্ত এব-- নিশ্চিতভাবে চৈক্র-ক্ষপাঃ চৈত্রসামে ভ্রোৎমালেকিড বাঙি, তে ভ্রমে: চ—এবং, উন্মীলিক পশ্চটিত, মালতী—মালতী পৃত্য, সূরভয়ঃ— মৌরভ, শ্রৌচাঃ—পূর্ব, কমস্থ, কমস্ব পুত্রের সৌরভ, অনিলাঃ সমীরণ: সা—্দেই: ৮—৫, এব—নিশ্চিতভাবে: অন্ধি—আমি, ভমাপি ভবেও: তত্র সেখানে, সূরত-ব্যাপার অন্তরস-ভাবের বিনিময়ে, লীলা লীলাধিলাস, বিষৌ -

আচবলে, রেবা—রেবা নামে নদী, **রোধসি—তটে, বেতসী** বেতসী গাছের তলাঘ, হন্নভাবে পাছের নীচে, **চেডঃ**—আমার চিত্ত, **সমুংকন্ঠতে**—উৎকন্মিত হয়ে উঠেছে

"মিনি কৌমার-কালে রেবা মদীর তীরে আমার চিত্ত হরণ করেছিলেন তিনি এখন আমার পতি হয়েছেন। এখন সেই চৈত্র মাসের জ্যোৎসালোকিত রজনীতে, সেই প্রস্ফটিত মালবী পুদেশর স্মৈরভও রয়েছে; আর সেই মধুর সমীরণ কদম কান্স থেকে প্রবাহিত হচ্ছে। সুরত-ব্যাপার-নীলাকার্যে আমি সেই নাছিকাও উপস্থিত; তথাপি আমার চিত্র এ অবস্থায় সম্ভষ্ট না হল্পে রেবা নদীর তীরে বেডসী ভরুতদের জন্য নিতান্ত উৎকটিত হচ্ছে "

এই ক্লোকটি ঐক্তিভনা মহাপ্রভ আবৃত্তি করছিলেন।

ছোক ৭৯

প্রিয়ঃ সোহয়ং কৃষ্ণা সহচরি কুরুক্তেত্রমিলিড-ত্তথাহং সা রাখা তদিদম্ভয়োঃ সলমসুধম । **ख्यानाखारचनचाध्**तयत्नीनधामद्वर মনো যে কালিকীপুলিনবিপিনায় স্পৃহয়তি ॥ ৭৯ ॥

প্রিয়ঃ—অভি প্রিয়া, সঃ—েশ, অয়ম্—এই, কৃষ্ণঃ—ত্তীকৃষ্ণা, সহ-চরি—হে প্রিয় স্থী কৃষ্ণ-ক্ষেত্র-মিলিড:—কুরুং৯ত্রে যার সঙ্গে মিলন হয়েছে, তথা—ও, অহম্—আমি, সা— (अटे, ताथा—प्राधायायी, छट्—अटे, देमम्—धरे, डिस्ट्रायाः—आधारमत मुकारम, जनम-স্বায়—মিলায়ের আনন্দ, ভ্রমাপি—তবুও, অন্তঃ—এওরে, খেলন্—ট্রীড়ারত, মধুন— -१४. श्रुते-दीनि, श्रुश्च-श्रुश पृत, जुरु-डिश्मून, मनः-४८ व्य-धामत. কালিকী—যন্ত্রর, পুলিন-তটে, বিশিনায়—বৃদ্ধরাঞ্জি, স্পৃহয়তি—আঞ্চাঞ্চা করছে।

্রেটি প্রীনতী রাখারাগার উক্তি) "বে সহচরি, আমার সেঁই অতি প্রিয় খ্রীকৃষ্ণের সঙ্গে এট কুকুকেরে আমার মিলন হয়েছে, আমিও সেই রাখা, আর এখন আমাদের মিলন হয়েছে। তা অভান্ত সুখকর, কিন্তু তবুও জীকৃঞ্চের যুরলীর পঞ্চয় সূরে আনন্দ প্লাবিত भयना कीटतन बत्नत काना जायात किछ जाकृत करत करते एते एते।"

ভাৎপর্য

প্রান বন্ধ গোস্থামী এই শ্লোকটি রচনা করেছিলেন। এর পদ্যাবলীতে (এ৮৬) এই শ্লোকটি नःशाकन कहा इस्राप्त् ।

> গ্ৰোক ৮০ ভালপত্তে শ্লোক লিখি' চালেছে রাখিলা : সমুদ্রসান কবিবারে রূপ-গোসাঞি গেলা 1 ৮০ 1

শ্লোকার্থ

একটি তাল পাতায় এ শ্লোকটি লিখে শ্রীল রূপ গোবাসী সেটি ভার সরের চালে ওঁছে রেখে সমূদ্রে রাম করতে খিয়েছিলেম।

ক্লোক ৮১

হেনকালে প্রভূ অহিলা তাঁহারে মিলিতে । চালে প্লোক দেখি প্রভূ লাগিলা পড়িতে ॥ ৮১ ॥

শ্লোকার্থ

সেই সমা, শ্রীচৈতনা মহাপ্রভূ তার সজে সাক্ষাৎ করার জন্য সেধানে এলেন, এনং ঘরের চালে ওঁজা একটি তালপাতার সেই ল্লোকটি দেখে তিনি তা পড়তে লাগলেন।

টোক ৮২

শ্লোক পড়ি' প্রভূ সূথে প্রেমাবিষ্ট হৈলা । হেনকালে রূপ-গোসাঞি স্থান করি' আইলা ॥ ৮২ ৪

য়োকার্থ

রোকটি পড়ে গ্রীহৈতনা মহাপ্রভূ কৃষ্ণপ্রেমানকে আবিষ্ট হলেন, এবং সেই সময় রূপ গোসামী স্থান করে সেখানে কিন্তে এলেন।

শ্লোক ৮৩-৮৪

প্রভূ দেখি' দশুবং প্রাঙ্গণে পড়িলা ৷ প্রভূ জাঁরে চাপড় মারি' কহিতে লাগিলা ॥ ৮৩ ॥ 'গ্ঢ় মোর হামঃ ভূঞি জানিলা কেমনে?' এত কহি' রূপে কৈলা দৃঢ় জানিজনে ॥ ৮৪ ॥

য়োকার্থ

থ্যীটেডনা মহাপ্রভূকে দেখে রূপ গোরামী প্রাঙ্গণে উর্জে দণ্ডবং প্রণতি নিক্ষেন করলেন; এবং জীটিচতনা মহাপ্রকু শ্লেহে তাকে চাপড় মেরে বলভে লাগলেন—"আমার হল্য অত্যন্ত গৃঢ়। কিভাবে তুমি আমার অন্তরের কথা জানলে?" এই বলে তিনি রূপ গোস্বামীকে নিবিভূতাকে আলিকন কর্মেন।

(割年 かかり

সেই হোক সাএল প্রাকু স্বরূপে দেখাইলা।
স্বলপের পরীক্ষা লামি' ভাঁহারে পুছিলা ॥ ৮৫ ॥
'মোর অন্তর-বার্তা রূপ জানিল কেমনে?'
স্বরূপ করে—"জানি, কৃপা করিয়াছ জাপনে ॥ ৮৬ ॥

অন্যথা এ অর্থ কার নাহি হয় জ্ঞান । তুমি পূর্বে কৃপা কৈলা, করি অনুমান ॥" ৮৭ ॥

ক্লোকাৰ্থ

পেই যোকটি পরীক্ষা করে দেখার জন্য শ্রীচৈতন্য মহাপ্রভূ স্বরূপ দামোদরকে দেখালেন, এনং ওঁকে জিল্লাস্থা করলেন, "আমার ফদমের কথা রূপ কিডাবে জানলং" স্বরূপ দামোদর গোলামী তবন ওঁকে বললেন,—"বুঝতে পারছি যে তুমি রূপকে কৃপা করেছ। তা না হলে এই প্লোকের অর্থ হাদয়ক্ষম করা কারোর পক্ষে সম্ভব নয়। তাই আমি অনুমান করছি বে তুমি নিশ্চরাই প্রেই তাকে কৃপা করেছ।"

হৌক ৮৮

প্রভূ করে'—'ইছো আমার প্রয়াঙ্গে মিলিল। যোগ্যপাত্র জানি ইহার মোর কুপা ড' ইইল ॥ ৮৮॥

লোকার্থ

ঐতিতলা মহাপ্রকৃ উত্তর নিলেন, "তার সঙ্গে প্রয়াগে আমার সাকাৎ হয়েছিল। তাকে যোগা পার জেনে আমি ভাকে কৃপা করেছিলাম

য়োক ৮৯

তবে শক্তি সঞ্চারি' জামি কৈনুঁ উপদেশ। তুমিহ কহিও ইঁহায় রসের বিশেষ ॥" ৮৯ ॥

য়োকার্থ

"তথন তার মধ্যে শক্তি সংগ্রার করে আমি ভাকে উপদেশ দিয়েছিলাম। ভূমিও ভাকে কুপা করে, বিশেষভাবে রসভত্ত দীক্ষা স্থিত।"

শ্লোক ৯০

শ্বরূপ করে—"যাতে এই দ্বোক দেখিলুঁ।
তুমি করিয়াছ কৃপা, তবঁহি জানিলুঁ ॥ ৯০ ॥

হোকার্থ

স্থরাপ দাবেশির পোশামী বললেন, " এই অপূর্ব শ্লোকটি দেশেই আমি বৃথতে পেরেছিলাম শে ভূমি ভাকে বিশেষভাবে কুপা করেছ।

**শ্লোক ১১** 

'**শ্বেন ফলকারণমনুমীয়তে ॥**" ৯১ ॥

ফলেন ২ংলের দ্বারা, ধ্বল-কারপন্—ংসলের কারণ, **অনুমীয়ড়ে—**অনুমান করা দায়

্বস্তা ১

# শ্লোক ৯২ "স্বৰ্গাপথা-হেম্মুণালিনীনাং নানা-মুণালাগ্ৰভূজো ভজামঃ। অমানুরূপাং তনুরূপঝ্জিং কার্যং নিদানাদ্ধি ত্রণানধীতে হ" ৯২ ॥

শ্বৰ্গ-অপগা-—থগালোকে প্ৰবাহিত গলা ধানান, হেম—বৰ্গ, মৃণাক্তিনীনাম—পদ্যু-লেন, মামা—বিবিধ, মৃণাল-অগ্ৰ জুজ্বং—পদা বৃদ্ধ ভোজী, স্বজামঃ—আমনা প্ৰাপ্ত হয়েছি আম-অদুক্তপাম্—আধাৰ্য অনুক্তপ, তনু-ক্তপ-ঋদ্ধিম্—দেহ পাৰণা সমৃদ্ধি, কাৰ্যম্—ফল, মিদানাং—আদি কাৰণ থেকে, হি—অনশাই, গুণন্—গুণাকলী, অধীতে—প্ৰাপ্ত হয়।

#### অনুবাদ

' 'দর্গলোকে প্রবাহিত গলায় যে স্থান্দ্রল প্রশৃষ্টিত হয়, আমরা ভার অগ্রহাগ জাহার করি, তাই আমরা তদ্দুরূপ দেহ সৌন্দর্য প্রাপ্ত হয়েছি, কেন্দ্রা, নিদান অনুসারে ওপ সমূহের উদয় হয়।' "

#### ভাৎপৰ্য

মেহের প্রাথণে ও সৌদর্যা কার্যকলাল এবং ওগাবদী নির্ভর করে কর্ম মানেন উপল।
প্রান্ত জগাতে তিনটি ওগ রানেছে, এবং ওগাবদীতার (২০/২২) উল্লেখ করা হয়েছে—
মারণা ওগাম্পাহসা সদসন্যোতিজ্পাসু। অর্থাৎ, সং অথনা অসং পনিবারে ভগাএহণ
হয় জড়া প্রকৃতির ওগের সঙ্গ প্রভাগে তাই ধারা ঐক্যন্তিকভাবে কৃষাতি বা সাম্পার্থান
পূর্ণতা লাভ করতে আগ্রহী তানের অবশাই কৃষ্ণ-প্রসাদ গ্রহণ করতে হরে। এই মরনের
মানাদ্রা সান্ত্রিক, বা জড় জনতের সম্বত্তণ সম্পার্গা, কিন্ত তা মধ্য প্রীকৃষ্যকে নির্বেশন
মারা হয় ওখন তা চিন্মের লাভ করে আ্যানের কৃষ্ণভালনাম্যত আন্দোলনে কৃষ্ণ-প্রসাদ
বিতরণ করে, এবং ঘারা এই অপ্রাক্ত প্রসাদ গ্রহণ করে তারা নিরস্পর্যাহ কৃষ্ণভালে
স্বিলত হরে, এটি একটি অতি বিজ্ঞান সম্পান্ত পন্তা, যা নল নৈয়ন (১/১৭) পেরে
উদ্বিভ হরে, এটি একটি অতি বিজ্ঞান সম্পান্ত পন্তা, যা নল নৈয়ন (১/১৭) পেরে
উদ্বিভ এই মোল্টিতে বর্ণিত হ্যোছে— কার্যাং নিদ্যানির ওখান্ অধীতে কেউ যদি সম্বত্তরে
সমান্ত কার্যকলাপ সম্পাদন ব্যবন, তাহলে অবশাই তার সৃস্ত কৃষ্ণভাতি বিকশিত হরে
এবং অবশেরে তিনি ওছ কৃষ্ণভাতে গরিণ্ড হরেন।

দুর্ভাগ্যবশত বর্তমান সময়ে সমাজের নেতাদের, বিশেশ করে রাজনৈতিক নেতাদের দেহ অত্যন্ত কলুনিত। এ সধ্বয়ে শ্রীমন্ত্রাগনতের (১২/১/৪০) কর্ণনা করা হয়েছে—

व्यमसङ्ख्याः कियारीना त्रव्यमा व्यमानुवाः । अवारक च्यमियाचि दशका त्रावनार्काणनः ॥

এই ধ্বনের নেতাদের আহারের কোন গুচিতা থাক্সবে না। রাজনৈতিক নেতার। একতিত হয়ে মদাপান করে পরস্পারের ওভ কামনা করে, যা এড কলুম্বিড এবং পাপময় যে, মনাপ এবং মাংসাদীদের মনোবৃদ্ধি তমেশুব ধারা আছের হয় বিভিন্ন ওপের আহারের কথা ভগবদৃগীতায় বিশ্লেষণ করা হয়েছে। মেখানে বলা হরেছে যে, যারা আয় শাক সন্ধী, দুক্ষজাত বাদা এবং ফল-মূল আহার করে তারা সত্বওণে অধিষ্ঠিত। তাই আমনা বিদ শান্তি ও সমৃদ্ধ সম্পন্ন বাজনৈতিক পরিস্থিতি কামনা করি, তাহনে আমাদের অবশ্যই তেমন মানুষদের নেতৃত্বের পদে বরদ করতে হবে যারা কৃষ্ণ-প্রসাদ আহার করেন্তা না হলে নেতরো মান্ত, মাংস খাবে ও সূরা পান করবে, এবং তার থলে তারা ধ্যসংস্থানে বা অসংগোষিত, এবং ক্রিয়াহীনা বা পারমার্থিক আচার বহিত হবে অর্থাৎ, তাদের আচাব-ব্যবহার অত্যন্ত অত্যতি হবে। এই ধরনের নেতারা জনসাধানণের উপন অত্যধিক কর আরোপ করে তাদের শোষণ করবে, এবং এইভাবে তারা প্রস্কাদের ভ্রমণ্ডাণ করার পরিবর্তে তাদের সর্বয় প্রাস করবে। এই ধরনের অন্তটি ও প্লেচ্ছ এবং যারা নেতাগের ওর্তৃথ্যধীনে যে সরকার, তার কাছ থেকে আমরা কোন রক্ষা যোগ্যতা প্রত্যাশা করি না।

শ্লোক ৯৩ চাতুর্মাস্য রহি' গৌড়ে বৈশুৰ চলিলা । রূপ-গোসাঞি মহাপ্রভুর চরণে রহিলা ॥ ৯৩ ॥

হোলার্থ

টাতুর্মানেরর পর গৌড়ের বৈষ্ণবের। গৌড়ে ফিরে গেলেন, কিন্তু রূপ-গোড়ামী। ফালাথপুরীতে জীতৈতন্য মহাপ্রাপুর চরশে রইকেন।

> কোক ৯৪ একদিন রূপ করেন নাটক লিখন। আচন্দিতে মহাপ্রভুর হৈল আগমন ॥ ৯৪ ॥

> > শ্ৰোকাৰ্থ

একদিন শ্রীল রূপ গোপামী দখন জার নাটক লিখছিলেন, তখন হঠাৎ ত্রীটৈতনা মহাপ্রস্থ সেখ্যনে এনে উপস্থিত হলেন।

> শ্লোক ৯৫ সম্ভ্ৰমে দূঁহে উঠি' দণ্ডবৎ হৈলা । দূঁহে আলিঙ্গিয়া প্ৰভূ আসনে ৰসিলা য় ৯৫ ॥

> > রোকার্থ

শ্রীন হরিদাস ঠাকুর এবং রূপ গোস্বামী, উভয়েই শ্রীচৈতন্য মহাপ্রভূকে সেখে সম্ভ্রম সহকারে উঠে দণ্ডবং প্রথতি নিবেদন করলেন, এবং তাদের দুজনকে আলিঙ্গন করে শ্রীচিতন্য মহাপ্রকু আসনে বসলেন। শ্রোক ৯৬ ক্যা পুঁথি লিখ?' বলি' একপত্র নিলা। অক্ষর দেখিয়া প্রভূ মদে স্থী হৈলা ॥ ৯৬ ॥

**টোকার্য** 

মহাপ্রাড়ু তথন রূপ গোস্বামীকে জিন্তাসা করকেন, "ভূনি কি পৃঁথি লিখছ ?" এই বলে তিনি পাথুলিপির একটি পাড়া ভূলে নিলেন, এবং তার অপূর্ব সুন্দর হস্তাক্ষর দেবে তিনি অত্যন্ত আনন্দিত হলেন

শ্লৌক ৯৭

গ্রীরূপের অকর—বেদ মুকুতার পাঁতি । প্রীত হুএগ করেন প্রতু অকরের স্তুতি ॥ ১৭ ॥

য়োকার্থ

শ্রীরূপ গোস্বামীর হস্তাক্ষর ঠিক যেন মুক্তার পাঁডির মডো। প্রীত হয়ে শ্রীচৈতন্য মহাপ্রভূ তার হস্তাক্ষরের স্তৃতি করকেন।

বের্রাক ৯৮

সেই পত্রে প্রভু এক শ্লোক যে দেখিলা। পড়িতেই শ্লোক, প্রেমে আবিস্ত হুইলা 1 ৯৮ 1

য়োকার্থ

সেই পরে বে শ্লোকটি লেখা ছিল, তা পড়া মাত্রই শ্রীটেডন্য মহাপ্রভু প্রেমাবিষ্ট ছলেন)

শ্ৰোক ১৯

তুতে তাণ্ডবিনী রতিং বিতন্তে তৃণাবলীলব্ধরে কর্ণব্যোড়কড়ম্বিনী ঘটয়তে কর্ণার্দেভাঃ স্পৃথাম্ । চেডঃপ্রাদণসমিনী বিজয়তে সর্বেজিয়াপাং কৃতিং নো জালে জনিতা কিয়ন্তিরমূতৈঃ কৃষ্ণেতি বর্ণদ্বী ॥ ১৯ ॥

ভূপো—মুখে, ভাণ্ডবিনী—ভাণ্ডৰ নৃতা, রকিম্ শ্রুহা, বিকান্তে—প্রকাশ করে, ভূণ্ডআবলী-লব্ধায়ে—বহু মুখ প্রাপ্ত হওয়ার, কর্দক্রোক্ত—কর্দকুহরে, কর্ড়ায়িনী—অভুরিত হওয়ার,
ঘটনতে প্রকাশ করে, কর্ণ-অর্বুদেডাঃ-ম্পুহায়—লক্ষ্য কর্ম কর্ম বাচনা, চেকঃ
প্রাপ্তৰ —হদেয় প্রাপ্তনে, সমিনী সমিনী, বিজয়তে—প্রাপ্তিত করে; সর্বাইনিয়াগায়—
সমপ্ত ইন্দিয়ের, কৃতিয় কার্যকলাপ, নো স্থানে—আমি জানি না, জনিতা—উৎপাদিতা,
কিয়ন্তিঃ—কি পরিমানে, অমৃতিঃ —অমৃতের ছাতা, কৃষ্য—কৃষ্য নায়, ইতি—এইভাবে,
বর্ণদ্বী নর্গধ্য

অনুবাদ

" 'कृक' এই বর্ণ দুটি বে কত অমৃতের দারা উৎপর হয়েছে, তা আমি জানি না। যখন এই নাম উচ্চারণ করা হয়, তর্গন মনে হয় তা ঘেন মূখে নৃত্য করছে তথন বহু মুখ পাওয়ার ইচ্ছা হয়। সেই নাম ঘখন কর্ণকৃহরে প্রবেশ করে, তথন লক্ষ লক্ষ কর্ণ লাভ করার স্পৃহা জন্মায়, এবং যখন এই দিবালাম চিত্ত প্রাস্থাণে (সম্পিনী ক্রাপে) উদিত হয়, তখন সমস্ভ ইন্দ্রিয়ের ক্রিয়াকে পরাজিত করে, এবং তাই তখন ইন্দ্রিয়ের সমস্ত ক্রিয়া করে হয়।"

ভাৎপর্য

এই জোনটে জ্রীকৃষ্ণের কুলাবনলীলা ধর্ণনাকারী, শ্রীল রূপ গোস্বামীর রচিত *বিদক্ষ-মাধ্য* নামক সাতটি আৰু সমন্ত্রিত নাটকে (১/১৫) **অতর্ভুক্ত হ**য়েছে:

(湖本 200

প্লোক শুনি' হরিদাস ইইলা উল্লাসী । নাচিতে লাগিলা প্লোকের অর্থ প্রশাসি' ম ১০০ ॥

নোকার্থ

সেই স্থোকটি ওনে হরিদাস ঠাকুর, রোকটির অর্থের প্রশংসা করে আনন্দে আদাহার। হয়ে নৃত্য শ্বন্তে লাগলেন।

শ্লোক ১০১

কৃষ্ণনামের মহিলা শাস্ত্র-সাধু-মূখে জানি । নামের মাধুরী ঐছে কাহাঁ নাহি গুনি ॥ ১০১ ॥

প্ৰোকাৰ্থ

কৃষ্ণনামের মহিমা ভবেদর মুখে শাস্ত্রবাদী প্রবণ করার মাধ্যমে জালা যায়, কিন্তু নামের এই প্রকরে মাধুরী জামি কোপাও এর আলে শুলিনি।

ভাহপর্য

পদ্ধ পূরাশে কলা ২৫৪ছে অতঃ জীকৃষা নামাদি ন এবেদ প্রাহাম ইন্সিয়ে। জড় ইন্সিয়ের দ্বাহা ভগবানের নিনানাম প্রবণ বা কীঠন করা যায় না ভগবানের নাম সম্পূর্ণকাপে চিমায়। তাই তা সদ্গুরুর কাছ থেকে প্রান্ত করতে হয় এবং ঠার নির্দেশ অনুসারে তা 'কীর্তন করতে হয় । "হরেকৃষ্ণ মহামান্ত অবশাই সদ্গুরুর কাছ থেকে প্রাপ্ত হতে হয় প্রান্ত নিষেধ করেছেন। অর্থাৎ, পেশারার অভিনেতা এবং গায়কদেব মুখে কৃষ্ণনাম শুনতে নিষেধ করেছেন। অর্থাৎ, পেশারার অভিনেতা এবং গায়কদেব মুখে কৃষ্ণনাম শুনতে নিষেধ করেছেন কেননা তাতে কোন সুক্রণ লাভ হয় না। তা সর্পের উচ্ছিট দুস্কের মতো। সে সম্বন্ধে পদ্ধ পূর্বাণে করা হয়েছে—

বিজা ১

লোক ১০৮] প্রীকৈতন্য মহাপ্রসূত্র সঙ্গে জীল রূপে গোস্বামীর ফিলন

ዺ፟፟፟፟

ंदियम्ब भूरयाम्त्रीर्वाः मृत्यः इतिकथायृत्यः । यवनः देनव कर्तनाः महर्गाहित्यः यथा नाः ॥

এই ক্সাভাজেরা মন্তদ্র সপ্তর সমবেওভাবে জনসাধারদের সামনে হরিনাম সংকীর্তন করে, যাতে অবদ্বারী এবং কীর্তনকারী উভয়েরই লাভ হয়।

(計章 205

ডবে মহাপ্রভু দুঁহে করি' আলিখন । মধ্যাহ্ন করিতে সমূদ্রে করিলা গহন ॥ ১০২ ॥

য়োকার্থ

তারপর জীতৈওনা মহাপ্রস্তু ভাদের দুজনকে আনিখন করে, মধ্যাক করতে সমুদ্রে গরন করতেন।

গ্লোক ১০৩-১০৪

আর দিন মহাপ্রভু দেখি' জগদাব ৷
সার্বভৌম-রামানদ্দ-স্করপাদি-সাথ ॥ ১০৩ ॥
সবে মিলি' চলি আইলা জীরূপে মিলিভে ৷
পথে তাঁর ওণ সবারে লাগিলা কহিতে ॥ ১০৪ ॥

গ্লোকার্থ

ভারপরের দিন, জীজগরাথদেবকে দর্শন করে শ্রীতেতন্য মহাপ্রস্থ সার্বভৌষ ভট্টাচার্য, ন্যানকে রায়, স্থান-সাম্যোদন আদি ভক্তদের সঙ্গে সাক্ষাৎ করলেন, এবং ভাদের সকলকে নিমে রূপ গোস্বামীন সঙ্গে মিলিক হতে চললেন, এবং পথে তিনি সকলকে ভার ওদের রূপা বলতে লাগ্যদেশ।

গ্ৰোক ১০৫

দূঁই শ্লোক কহি' প্রভুর হৈল সহাসুধ । নিজ-উত্তের ওপ কহে হঞা পথ্যমুখ ॥ ১০৫ ॥

য়োকার্থ

শ্রীটেতন্য মহাপ্রভু দৃটি ল্লোক বলে মহাসুখ অনুভব করলেন, এবং পঞ্চমুখ হয়ে জাঁর ভড়েন্দ্র গুণ বর্ণনা করতে জাগলেন।

তাৎপর্য

এখানে দুটি প্লোকেন উল্লেখ কৰা হরেছে তা—*প্রিয় সোহয়ম্* (৭৯) এবং ভূতে তাওনিনী (৯৯) শ্লোক ১০৬ সার্বস্টোম-রামানন্দে পরীক্ষা করিতে ।

সাবস্থেম-রামানকে পরাকা কারতে। শ্রীরূপের ওপ দুঁহারে লাগিলা কহিতে । ১০৬ ॥

শ্লেকাৰ্থ

সার্বক্রেম কট্রাচার্য এবং রামানক রায়কে পরীকা করার জন্য, ত্রীচৈচন্য মহাপ্রজু শ্রীরূপ গোস্থামীর ওপের কথা বর্ণনা করতে সাগলেন।

(制本 209

রীল রামান দ রায় এই বিগরে অভান্ত গভীবভাবে শ্রীল রূপ গোধামীর সঙ্গে আলোচন করেছিলেন শ্রীল রূপ গোস্বামী ঘোধায় করেছিল যে, শ্রীল রামানদ বাম ইটেল নাটাশারে ভাতার পরেদদী মহাপতিও। খ্রীলে রামানদ রায়ের প্ররেষ উবর দেওয়ার ঘোষায় যোগাতা যদিও শ্রীল রূপ গোস্বামীর ছিল, তবুও বৈধ্যবাচিত বিন্যা সহকরে তিনি সক্লেছিলেন যে তার এই উত্তর দেওয়ার প্রচেটা একপ্রকার দৃইতা। প্রকৃতপক্ষে প্রদান রূপ গোস্বামী এবং শ্রীল রূপ গোস্বামী এবং শ্রীল রামানদ রামা সাহিত্য সর্পাণ এবং অন্যান্য বৈদিক শাস্ত্র অনুসারে কাল্য এবং নাটক রচনার অভান্ত প্রকাশী ছিলোন।

শ্রোক ১৮৬ "পদানি ত্বগতার্থানি তদর্থগতকে নবাঃ । যোজয়ন্তি পদৈবন্যৈঃ স উদ্যাত্যক উচাতে ॥" ১৮৬ ॥

প্রামি—পদসমূহ, ভূ—ির ধ্র, আগত অর্থামি—আপ্সম্ভ অর্থ সমন্থিত, তৎ—তা জর্থ-গতহাে—আর্থ বৃরুত্তে, মরাঃ—সংকৃষেরা, মোজমন্তি—শোক্তা করে, প্রথঃ—শব্দের সঙ্গে, আন্যাঃ—আন্যা; সঃ—তাঃ উদ্যাতাক—উদ্যাত্যক; উচাতে—খলা হয়।

অনুবাদ

" 'অস্পষ্ট পদসমূহ অর্থ বোঝারার জন্য অন্য পদের সঙ্গে যা যোজনা করা হয়, ভাকে উদ্যাতাক বলা হয়।"

তাৎপর্য

এই ধ্রোকটি *সাহিতা-দর্শণ* (৬/২৮৯) থেকে উদ্বন্ত।

হোক ১৮৭ রায় কহে,—"কহ আগে অঞ্চের বিশেষ"। শ্রীরূপ কহেন কিছু সংক্ষেপ-উদ্দেশ য় ১৮৭ ॥

#### প্রোকার্থ

রামানন্দ রার বখন শ্রীল রূপ পোস্থামীকে নাটকের বিভিন্ন ভাঙ্গ সম্বন্ধে বলতে বললেন, ভখন শ্রীল রূপ গোস্থামী সংক্ষেপে 'ললিভ-মাধব' নাটকের উদ্দেশ্য বর্ণনা করজেন

#### (割)市 274

হরিসুদ্দিশতে রজোভরঃ প্রতঃ সঙ্গমরতামুং তমঃ । বজবামদৃশাং ন পদ্ধতিঃ প্রকটা সর্বদৃশঃ শুরুতরপি ॥ ১৮৮ ॥

হরিম্—ইন্পিক, উদ্দিশতে—সৃচিত করে, রজঃ-করঃ—গাভীর খুর থেকে উদিত ধুলি, পুরতঃ—এএডারে, সঙ্গমাতি—সংযোজন করে, অমুম্—কৃষ্ণ, তমঃ—অন্ধকার, ব্রভামান্—এজাননাদের, ম—না, পদ্ধতিঃ—গীতি, প্রকটা—প্রকাশ করে, সর্ব দৃশঃ—গিনি সব কিছু জানেন, ক্রভেঃ—বেশের, অপি—ও।

#### व्यमुदाप

"গরুর বৃর গেকে উথিত ধৃষ্ঠি, পোচারণ থেকে শ্রীকৃষ্ণের প্রত্যাবর্তন সূচনা করে পথে একপ্রকার অন্ধকারও ব্রক্তাদনাদের শ্রীকৃষ্ণের সঙ্গে মিলিত হতে উদ্দীপ্ত করে। এইভাবে ব্রজ্ঞাদনাদের সঙ্গে শ্রীকৃষ্ণের দীলা-বিলাস একপ্রকার অপ্রাকৃত অন্ধকারের হারা আছেয়, এবং তাই ভা সর্বতা শ্রুতির অগুগারের।'

## ভাংপর্য

এই শ্লোকটি লাগিত-মাধ্য নাটকে (১/২৬) গাগাঁর প্রতি পৌর্ণমাসীন উক্তি

শ্রীকৃষ্ণ ভগবদগীতাত (২/৪৫) বলোন্ধন ত্রৈণণা বিষয়া বেদা নিশ্রিণ্ডণো ভগানুনি এইভাবে ভিনি অর্জনকৈ জড়া প্রকৃতির জণার অতীত হতে উপলেশ দিয়েছে, কোনা সমস্ত বৈদিক শাল্ল সভ্যুক্তর, বজোন্ডন এবং তথােজানের বর্ণমায় পূর্ব মানুষ সাধারণত বলােজানের ছাবা আছার এবং ভাই ভারা কুদাননে প্রজালিকাদের সম্প্রে শ্রীকৃষ্ণের জানা অধিকান্ধ ওমেন্ডন তালের উপলালিকা বালা করে। কিন্তু, কুলাবারে শ্রীকৃষ্ণ গোষ্পানির ছাবা আছােদিত হলেও, প্রভাগােশিকারা বৃহতে পালের যে, সেই খুলির অভ্যে ভিতরে শ্রীকৃষ্ণ বলােছেন যেহেড় ভারা শ্রীকৃষ্ণের সর্বেড্র্য ভিতরে শ্রীকৃষ্ণে রাজানির দালি করেও পারেন। এইভাবে, খুলির অভ্যে করেও শ্রীকৃষ্ণের প্রভাগা দালির করেও পারেন। এইভাবে, খুলির অভ্যে অধনা অন্ধনাবেও, ভভারা বৃরতে পারেন শ্রীকৃষ্ণ কি করছেন ব্রজানােলিকাদের মতো অভি উত্তর ভক্তদের কাছে, শ্রীকৃষ্ণ কোন অবস্থাতেই হারিয়ে যান না। এই শ্রোকটিতে ভা কর্ননা করা হয়েছে।

## শ্রোক ১৮৯

ব্রিয়মবগৃহা পৃহেভ্যঃ কর্যতি রাধাং বনায় বা নিপুণা। সা জয়তি নিস্টার্থা বরবংশজকাকলী দূতী য় ১৮৯ ॥ হ্রিয়স লম্জা, অবগৃহ্যা ব্যাহত হয়ে, গৃহেজ্যালেগৃহ থেকে, কর্যন্তি—আকর্মণ করে রাধাম্—প্রীমতী রাধারাণীকে, কর্যায়—বন্ধে মা—বা, নিপুণা—নিপুণা সা তা, জয়তি—জ্যাযুক্ত হউক, নিসৃষ্ট-অর্থা—ক্ষমতা প্রাপ্তা, বর-বশেজ—বংশীর ধ্বনিরূপ, ক্যাকলী স্বাপুর সূর্য দুর্তী—সূতী,

#### অনুবাদ

া নিপুণা, তাৎপর্যনান্দিনী, শ্রেষ্ঠ বলেজ—বংশীর কাকুলীরূপা যে দৃতি লড্জ্য দূর করিছে। গৃহ থেকে শ্রীনাধাকে বলে আকর্ষণ করেন, তিনি জন্মগুক্তা হউন।

#### ভাৎপর্য

এই ছোকটি লালিত-মাধৰ নাটকে (১/২৪) গর্মসুনির কন্যা গার্গীণ উক্তি।

গ্লোক ১৯০

সহচরি নিরাতদঃ কোহমং যুবা মুদিরদ্যতি-র্বজড়ুবি কুতঃ প্রাপ্তো মাদ্যসতদক্ষবিভ্রমঃ। ভাহহ চটুলৈরুৎসপজির্দৃগঞ্চলতস্করৈ-র্মম গৃতিধনং চেতঃ কোবাছিল্গুয়তীহ যঃ॥ ১৯০ ॥

সহ-চরি—যে সহচরি নিরাজন্মঃ—নির্তিক, কঃ—কে, অরম্—এই, গ্লা—যুকা, বৃদিবদৃষ্টিঃ—মেখের বিদ্বাতর মতো দৃতি, রক্তা-কৃশবনের ভূমিতে, কৃতঃ—কেখা
থেকে, প্রাপ্তঃ—লাভ করেছে, মাদান্—মত, মতদজ—হাতীর মতো, বিভ্নমঃ—লালাবিলাস, অহহ—হায়, চটুলৈঃ— মত চলল, উৎসপন্তিঃ—সর্বত্ত প্রকাশীল দৃক্-অঞ্চলতন্ধরৈঃ—দৃষ্টি কটাজনাল তন্তরেশ হারা, মম—আমার, মৃতি-সনম্—গুড়ানাল ধন; চেতঃ
—হাদাবে, কোষাৎ—ভাশুর থেকে, বিশ্বস্থাতি—লুগুন করছে, ইহ—এই শৃশাবনে, মঃ
—যেই বাজি

## व्यमुनाम

' হে সহচরি, নবখনদাতি, মদমত হন্তীর মতো বীলাকারী, নিজীক এই ব্বকটি কে? ইনি কোপা থোকে ব্রজভূমিতে এসেছেন? আহা, ইনি চক্ষন গতির দারা এবং দৃষ্টি কটাক রূপ তন্তরের দারা আমার হুদয় ভাণ্ডার থেকে ধৈর্য রূপ ধন লুগুন করছেন।'

## তাৎপর্ব

এই শ্লোকটি *ললিত মাশব* নাটকে (২,১১) সন্ধিতাকেশীৰ খতি শ্ৰীমতী ব্যৱবাদীৰ উক্তি।

(शंक ३७३

বিহারসুরদীর্ঘিকা মম মনঃকবীক্রস্য যা বিলোচন চকোরস্কোঃ শরদমনচন্দ্রপ্রভা ।

# ক্লোক ১৯৪] ব্রীটেভন্য মহাপ্রভুর সঙ্গে ব্রীল রূপ গোস্থায়ীর মিলন

# উরোহস্থরতটস্য চাডরণচারুতারাবলী সমোলতমনোরথৈরিয়মলন্তি সা রাধিকা ॥" ১৯১ ॥

90

বিশ্বর-সূর-দীর্ষিক। বর্গলোকে প্রবাহিত গলা; মম—আমার, মন্যকরি-ইন্ত্রেস্য, মাতল সদৃশ মনের, যা যে, বিলোচন চকোরমঃ—চকোর সদৃশ চক্ষুদ্রের, শরৎ-অমন্দ-চন্দ্র-প্রভা—শরৎকালের পূর্ণচন্দ্র কিরণের মতো, উর:—আমার বক্ষের, অম্বর্ক, আকাশের মতো, উর্বঃ—আমার বক্ষের, অম্বর্ক, আকাশের মতো, উর্ব্যয়, বাংগুভাগে, চ—ও, অক্তরণ—অগদার, চাল—সুন্দর, তারা আকলী—তাবকারাজীর মতো, মরা আমার মারা, উন্নত—উন্নত, মনোরবৈশ্বং মনের রুপের ধারা, ইমম্—এই, অনুষ্ঠি—তাগু ছয়েছে, সা—সেই, রাধিকা—ত্যীসতী রুধারাণী

#### অনুবা

" 'বে রাধিক:—আমার মাতক সদৃশ মধের কাছে সর্গের গলার মতো, আমার চল্চু চকোরের কাছে শরণচন্দ্রের অভি উজ্জ্বল কিরপের মতো; এবং আমার বক্ষ রূপ আকাশের কাছে তাঁর আভরণ স্বরূপ সূক্ষর ভারকাবলীর মতো, আল্ল আমি সেই রাধিকাকে উমত মনোরণের সঙ্গে প্রাপ্ত হলাম।" "

#### ভাৎপর্য

এই প্লোকটি লন্ধিত-মাধ্য নাটকে (২/১০) ছীমতী রাধারাণীর সম্পর্কে শ্রীকৃয়েরে কথা

প্রোক ১৯২-১৯৩

এড শুনি' রায় করে প্রভুর চরশে। রূপের কবিদ্ব প্রশংসি' সহল্র-বদনে ॥ ১৯২ ॥ "কবিদ্ব না হয় এই অমৃতের ধার। নাটক-সক্ষপ সব সিদ্ধান্তের সার ॥ ১৯৩ ॥

## রোকাথ

তা শুনে শ্রীপ রামানন্দ রায় শ্রীতেতনা মহাপ্রভূর শ্রীপাঙ্গপছে সহার বদনে শ্রীল রূপ গোস্বামীর কবিছের প্রশংসা করে বললেন,—"এটি কবিছু নয়, এটি অমৃতের ধারা। এটি নাটকের সমস্ত লক্ষণ সময়িত সিদ্ধান্তের সার।

**ट्यांक ১**৯৪

প্রেম-পরিপাটী এই অজুচ বর্ণন । শুনি' চিত্ত-কর্ণের হয় আনন্দ-ঘূর্ণন ॥ ১৯৪ ॥

## শ্লোকার্য

শ্রীল রূপ সোহায়ীর অক্সুত বর্ণনায় অপূর্ব সুন্দরভাবে ভগবং-প্রেম প্রকাশিত হয়েছে ভা প্রবণ করলে হাদয় এবং কর্ণ অপ্রাকৃত আনন্দের মৃণীতে নিমন্তিল্লত হয়।

99

"কিং কাব্যেন কবেন্তস্য কিং কাণ্ডেন ধনত্মতঃ । श्रिका क्षा निर्मात निर्माण प्रकृतः ॥" ১৯৫ ॥

किय् कि शराकिन, कारदान--कारगृह दाहा, करवः करितः, छत्रा -छातः, कियः -कि প্রয়োজন, কান্তেন—বাশের ছারা: ধনু: মতঃ - ধানুকীর, পরস্যু - অপত্রের; হানত্তে—২লেয়ে: नक्षम्—नक्ष स्टारः न पूर्वप्रकि—पूर्विक ना करतः वर—वाः निवर-- यङ्कः।

" 'शानुकीत धनुरक जाववा कवित कारनात कि श्रारमाकन, यनि ना जा जाव्यक्रतत कारम नहा হয়ে তার মন্তক ঘূর্ণিত করতে না পারে গ"

(制金 7岁を

তোমার শক্তি বিনা জীবের নহে এই বাণী ৷ তুমি শক্তি দিয়া কহাও,—হেন অনুমানি ॥" ১৯৬ ॥

গোকার্থ

"ছোমার কুপা বিনা কোন জীব কখনো এইবাবে লিখতে পানে না। ভাই আমি অনুমান করি শে, ভূমি নিশ্চয়ই ভার মধ্যে ভোমার শক্তি সঞ্চার করেছ।"

গ্রোক ১৯৭

প্রভু কহে,--"প্রয়াগে ইহার হইল মিলন ৷ ইহার গুণে ইহাতে আমার তৃষ্ট হৈল মন ॥ ১৯৭ ॥

গোকার্থ

খ্রীতৈতন্য মহাপ্রস্থ বললেন, "প্রয়াগে এর সঙ্গে আমার মিলন হয়েছিল, এবং তার ওপে জানি সভাষ্ট হয়েছিলাম।"

**ভা**ৎপর্য

এখন নয় যে পরমেশ্বর ভগবান কারোর হাতি পঞ্চপাতপূর্ণ এবং অন্য ক্যরোর প্রতি নিরপেক্ষ যে কেউই সেবার দ্বারা পরমেশ্বর ভগবানের দৃষ্টি আকর্ষণ করতে পারে। তখন ভগবান তার মধ্যে ওঁলে শক্তি সঞ্চায় করেন: যার কলে ভার কার্যকলাপ দেখে সকলেই তার মেবার প্রশংসা করেন। সেই সম্বচ্ছে *ভগবন্দীতায়* (8/55) বলা হয়েছে— বে যথা মাং প্রপদ্যন্তে তাংক্তথৈব ভজামাহম্। ভক্তের ভক্তিতে ভগবান সাড়া দেন। কেউ যদি যথসোধ্য ভগবানের সেবা করার চেষ্টা করেন, ভাহলে ভগবান ভাকে সেই সেবা সম্পাদন করার শন্তি দেন ভগবদগীতায় (১০/১০) শ্রীকৃষ্ণ আরও বলেছেন—

> তেখান সতত্যক্তানান ভব্দতান প্রীতিপূর্বক্য । मनाथि वृद्धिरयांशर छै स्वन यापूर्श्याति एछ 🛭

"थना निरुक्त धौलि मस्कारन धामान सम्बाकात, थामि जस्मन विकास करियान सम्बाद सान কলে ভারা আমান কছে ফিরে আসতে গারে " খ্রীচৈডনা মহাপ্রভ শ্রীল রূপ গোস্বামীকে বিশেষভাবে কৃষ্ণ করেছিণেন, কেননা রূপ গোস্বামী ভার সাধ্য অনুসারে মহাপ্রভূর সেবা করতে চেয়েছিলেন। এইভাবে ভগবানের সঙ্গে ভাতের ভাব বিনিময় হয়

শ্লেক ২০২) প্রীটেডন্য মহাপ্রভুর সঙ্গে শ্রীল রূপ গোস্বামীর মিলন

(副金 フタル・フタタ

মধুর প্রসঙ্গ ইহার কাব্য সালভার। ঐছে কবিত্ব বিলু নতে রদের প্রচার ম ১৯৮ ম সবে कुला कति' देशांत स्मर्' वीर् यत । ব্রজ্ঞলীলা-প্রেমরস যেন বর্ণে নিরন্তর য ১৯৯ ॥

त्यानार्च

শ্রীল রূপ গোস্থাবীর মহিমা বর্ণনং করে শ্রীচেডনা মহাপ্রভু বললেদ---"এর কাব্যের অল্ডার এবং অমানে বৈশিষ্ট অত্যন্ত মধুর ও মনোরম। এই প্রকার কবিছ বিনা রসের প্রচার হয় না। সকলে কৃপা করে একে এই বর দান কর যে, সে যেন এজলীলার শ্রেম-রস নিরম্ভর বর্ণনা করছে পারে।"

(関す 200

ইঁহার যে জ্যেষ্ঠভ্রাডা, নাম—'সনাতন' ৷ পৃথিবীতে বিজ্ঞাবন নাহি জার সম 🛚 ২০০ 🖰

अपकार्थ

"এর জ্যেষ্ঠ ভাতা সনাকন গোস্বামীর মডো পণ্ডিত এবং জ্ঞানী পৃথিবীতে নেই।

গ্রোক ২০১

ভোমার বৈছে বিষয়ত্যাগ, ভৈছে তাঁর রীতি 1 দৈন্য-বৈরাগ্য পাণ্ডিভ্যের ভাঁহাভেই স্থিতি 🛭 ২০১ ॥

ভৌকার্থ

ত্রীচৈতন্য মহাপ্রভু রামানস্ক রারকে বললেন, "সনাডন গোস্বামীর বিষয় ঠিক ডোমার মতো। ভার মধ্যে দৈনা বৈরাণ্য এবং পাতিভার অপূর্ব সুন্দর সমাবেশ হয়েছে।

শ্লোক ২০২

এই দুই ভাইয়ে আমি পাঠাইলুঁ কুদাবনে ! শক্তি দিয়া ভক্তিশান্ত্র করিতে প্রবর্তনে 🛚 ২০২ 🕦

#### য়োকার্থ

"ভক্তিশাস্ত্র প্রবর্তন করার জন্য তাদের মধ্যে শক্তি সঞ্চার করে, জমি এই দুই ভাইকে বুনাবনে পাঠিয়েছি।"

#### ভাহপর্য

ইনিচতা মহাপ্রত শ্রীশ রামানন্দ রায়কে বনলেন যে, সনাতন পোসামীও তার মতে বিষয় তাগে করে ওপবানের সেবায় মৃক হয়েছেন। এই ধরনের বিষয়-বৈরগায় তানা-ভিত্তর লক্ষণ। ইনিচতন্য মহাপ্রত্নর বর্ণনা তানুসারে এইটিই হচ্ছে তৃশাদি সুনীচেন তরারশি সমির্ক্তান। জড় জগতের সমস্ত গুণের প্রতিক্রিয়া থেকে মৃক্ত, গুলাওক তৃশের থেকেও দীনতার এবং তিনি তরুর মতো সহিয়ুক্তা সহকারে ভগবানের সেবা করেন। এই ধরনের ওক মাকে বলা হয় নিমিগ্রন বা সর রক্ষম গ্রুড় আসন্তি বহিত, সর্বল ভগবং-প্রেমে মানু গালেন তিনি ইনির সৃষ্ণ জোগে উদাসীন। অর্থাৎ, এই ধরনের ভগলার্ডির সবরক্ষম কর্ডির বন্ধনা থেকে মৃক্ত, কিন্তু তিনি বৃষয়ভন্তিতে মৃক্ত। এই ধরনের ভগলার্ডির সবরক্ষম কর্তিতা বা ভগমী থেকে মৃক্ত। আদর্শ কৃষ্ণভক্ত শ্রীল স্বাতন গোস্বামীর মধ্যে দৈনা, বৈরাগ্র এবং পাণ্ডিযোর অর্পুর স্কারর সমাকেশ হয়েছিল। তিনিও ছিলেন শ্রীল রামানন্দ রামোর মতো এতি উন্নত স্তাবেশ ভক্তা রামানন্দ রামোর মতো মতি উন্নত প্রবাস্তাক অবগত ছিলেন, এবং তাই তিনি এই ধরণের অ্যাকৃত স্কান বর্ণনা কর্ণতে সক্ষম হয়েছিলেন

#### গোক ২০৩

রায় কছে,—"ঈশ্বর তুমি যে চাহ করিছে ৷ কার্চের পুতলী তুমি পার নাচাইতে ॥ ২০৩ ॥

## য়োকার্থ

শ্রীল রামানদ সায় তখন শ্রীচৈতন্য মহাপ্রভৃতে বললেন, "কৃমি পর্মেশ্বর কালান; ভোনার ইক্ষা অনুসারে তুমি সকলকে কাঠের পৃত্তের মতো নচেতে পরে।

#### (अकि २०8

মোর মুখে যে সব রস করিলা প্রচারণে । সেই রস দেখি এই ইহার লিখনে ॥ ২০৪ ॥

## য়োকার্থ

"আমার মুখ দিয়ে ভূমি যে সমন্ত রস প্রচান্ত করেছ, আমি দেখতে পাছিছ যে, সেই সমস্ত রস রূপ লোক্বামীর লেখায় প্রকাশিত হরেছে।

## গ্রোক ২০৫

ভক্তে কৃপা-হেতৃ প্রকাশিতে চাহ ব্রজ-রস । যারে করাও, সেই করিবে জগৎ তোমার বশ ॥ ২০৫ ॥

#### শ্ৰেকাৰ্থ

"তোমার ভক্তদের প্রতি কৃপাবশত ডুমি ব্রন্ধ-রস প্রচার করতে চাও। ডোমার শক্তিতে আবিস্ত করে বাকে দিয়ে ডুমি সেই কাঞ্চ করাও, সেই সমস্ত জগথকে তোমার বদীভূত করবে।"

#### **ভা**ৎপর্য

অন্তালীলার ম্প্রম পরিচ্ছেদে ১১ প্লোকে বর্ণনা ধরা হয়েছে—"কৃষ্ণান্ডি বিনা নহে তার প্রবর্তন।" অর্থাৎ, পর্মেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের শক্তি ব্যতীত সারা পৃথিবী জুড়ে কৃষ্ণভাবনার অনুত বিতরণ ধরা সম্ভব না। এই শ্লোকটিডেও সেই কথাই বলা হয়েছে প্রথমের ভগবানের আশ্রয়ে ওছাভক্ত ভগবানের বিবানামের মহিমা প্রচার করেন, মাডে সকলেই এই স্যোগের সদ্বাবহার করে কৃষ্ণভক্তে পরিণত হতে পারেন,

## প্ৰেক ২০৬

তবে মহাপ্রভূ কৈলা রূপে আলিদন । তাঁরে করাইলা সবার চরণ কদন ॥ ২০৬ ॥

#### শ্ৰোকাৰ্থ

ভারপর শ্রীচৈতন্য সহাপ্রভূ রূপ গোস্বামীকে আলিখন করকেন এবং ভাকে দিয়ে উপস্থিত সমস্তদের শ্রীচরণ কথনা করাকেন।

**अधिक २०**९

অধৈত-নিত্যানন্দাদি সব ভক্তগণ । কুপা করি' রূপে সবে কৈলা আলিমন ॥ ২০৭ ॥

## য়োকার্থ

ভাৰৈত আচাৰ্য, নিজানক প্ৰভূ আদি সমস্ত ভক্তর। রূপ গোডামীকে আলিকন করে, তাঁর উপর উদ্দের অহৈতৃকী কৃপা বর্ষণ করলেন।

(ऑक २०५

প্রকৃষ্ণা রূপে, আর রূপের সদ্ওপ ৷ দেখি চমহকার হৈল স্বাকার মন ॥ ২০৮ ॥

## হ্মোকার্থ

শ্রীল রূপ গোস্থামীর প্রতি শ্রীটেজন্য মহাপ্রভূর বিশেষ কৃপা, এবং রূপ গোস্থামীর সন্ত্রধানলী দর্শন করে সমস্ত্র ভক্তেরা চমংকৃত হলেন।

শ্লোক ২০৯

ভবে মহাপ্রভূ সব ভক্ত লঞা গোলা । হরিদাস-ঠাকুর রূপে আলিঙ্গন কৈলা । ২০৯ ॥

#### শ্ৰোকাৰ্থ

তারপর, শ্রীটেডন্য মহাপ্রভু মখন সমস্ত ভক্তদের নিয়ে সেখান থেকে চলে গেলেন. তথম হরিদাস ঠাকর রূপ গোস্থামীকে আলিক্সন করলেন।

## (副本 570

হরিদাস-করে.—"তোমার ভাগ্যের নাহি সীমা । যে সব বর্ণিলা, ইহার কে জানে মহিমা?" ২১০ ।

#### লোকার্থ

হরিদাস ঠাকুর ভাকে বললেন—"ভোমার সৌভালোর সীমা নেই। তুমি যা বর্ণনা করলে, ভার মহিমা কে জানে?"

#### (到)本 522

শ্ৰীরূপ করেন,—"আমি কিছুই দা জানি। যেই মহাপ্ৰভু কহান, সেই কহি বাণী ॥" ২১১ ॥

#### Cultarie

খ্রীল রূপ পোরামী বললেন, "আমি কিছুই জানি गा। খ্রীটোডন্য মহাপ্রভু আমাতে দিয়ে মা বলান, তাই-ই আমি বলি।"

#### ভাৎপর্য

্যে কৰি ৰ সাহিত্যিক অপ্ৰাকৃত বিষয়বন্ধ নিয়ে রচনা করেন, ডিনি কোন সাধারণ সাহিত্যিক ব অনুবাদক নন সেহেন্ড তিনি প্রয়েশ্বর তগবানের শক্তির ঘাণা আবিষ্ট ২নেছেন, এই তিনি যথি লেখেন তাই অভান্ত ফলপ্রসূ হয়। পরমেশন ভগবানেন শক্তিব দাবা ঞানিষ্ট ২৩ম নিতান্তই আৰুশাক যে সমস্ত ছাড়বাদী কবি সধাৰণ শ্ৰী-পূৰুবেৰ ৰঙ্ কাৰ্যকলাপ বর্ণনা করে কবিতা রচনা করে, তারা কথনও পরমেশ্বর ভগবানের অপ্যাক্ত লীলা অপবা ভগনমুক্তির অপ্রাকৃত সিদ্ধান্ত করি। করতে পারে না। শ্রীল সনাতন গোস্বামী তাই সমগু कित्रहे अधिकारी एखरान्त्र छेलान्य निराहरू, धरैतकारक मूर्य हिक्का धन्य ना कराउ

#### व्यदेवस्य-मृत्यामृतीर्पः भृतः इतिकथामृत्यम् । अवगर देवन कर्डनार महश्रीकिष्ठेः यथा गराः ॥ (अभ्रापुत्रामा)

সম্পূর্ণরূপে ভগবানের ওদ্ধভক্ত না হলে, শ্রীকৃষ্ণের লীলা বিলাস বর্ণনা করে কাবা বচনা করা উচিত নয়, কেননা ভাহলে আ জড় রচনায় পর্যবসিত হবে। ৯৬ চেতনা সম্পন্ন, ভগবস্থান্তি নিহীন বহু মানুষ শীক্ষের ভগবদ্গীতার অনুবাদ করেছে। অথবা ভাষা বচনা করেছেন, কিন্তু ভাদেব সেই বচনা একটি মানুধকেও কৃষ্ণভ্ৰন্তে পরিণত করতে পারেনি। কারণ এই ধরনের রচনা জন্ত, এবং তাই শ্রীল সমাতন গোস্বামীর উপদেশ অনুসারে, তা স্পর্শ করা পর্যন্ত উচিত নয়।

#### **अविक २** २ २ २

্লোক ২১৫] প্রীচৈতনা মহাপ্রভুর সঙ্গে শ্রীক রূপ গোস্বামীর মিলন

# ফদি যুদা প্রেরণয়া প্রবর্তিতোহহং বরাকরপোহপি : তসা হরেঃ পদকমলং বন্দে চৈতনাদেবস্য ৪ ২১২ 1

ফলি—হাদক্ষে, মস্যা—খার পেরমেশন ভগবানের, যিনি ছার গুদ্ধ ভভকে কৃষ্ণভভি প্রচার করান বৃদ্ধি দান করেন); প্রেরপদা -অনুপ্রেরণার ধারা; প্রবর্তিতঃ প্রবৃত্ত, অহম আমি, ৰরাক—অভান্ত নগণ্য এবং দীন, স্লপঃ--রূপ গোস্বামী, অপি--মদিও, তদ্য--তার হরেঃ — পরমেশ্বর ভগবান শ্রীহরি; পদ-কমালম—শ্রীপাদপথ্য বন্দে—আমি বন্দনা করি; তৈতনা-**দেবসা—শ্রী**চৈতন্য মহাপ্রভুর।

"হলেরে বার প্রেরণার স্করা অতি দীন কালালরূপ আমি স্বক্তিগ্রন্থ রচনায় প্রবৃত্ত হয়েছি, সেই গৌৰহরি ঐতিক্তন্যদেৰের শ্রীপাসপল্ল আমি বন্দনা করি।' "

#### তাৎপর্য

এই স্নোকটি *ভত্তিরসায়ভ*সিশ্ব (১/১/২) গেকে উদ্বভ

#### শ্লোক ২১৩

এইমত দুইজন কৃষ্ণকথারলে । সুখে কাল গোড়ার রূপ হরিদাস-সঙ্গে ৷ ২১৩ ৷৷

## রোকার্থ

এইভাবে হরিদান ঠাকুরের মঙ্গে মহা আমধ্যে গ্রীকৃবের অপ্রাকৃত লীলা-বিলাস আলোচনা করে শ্রীল রূপ গোস্থামী ঠার সময় কটারে লগেলেন।

#### জৌক ২১৪

চারি মাস রহি' সব প্রভার ভক্তগণ । পোসাঞি বিদায় দিলা, গৌডে করিলা গমন ॥ ২১৪ ॥

## শ্ৰোকাৰ্ম্ব

व्यक्तात्व वीरिक्टना मञ्जानून ममस अस्ताना ठीत भएन ठीत माम बेहेलन, ठातभात महाक्षण ভাদের বিদয়ে দিলেন এবং **ভারা সকলে বঙ্গদেশে কিরে গোলে**ন

#### প্ৰোক ২১৫

জ্রীরূপ প্রভূপদে নীলাচলে রহিলা। দোলব্যত্রা প্রভূসকে আনন্দে দেখিলা 🛭 ২১৫ 🏗

শ্ৰোকাৰ্ঘ

কিন্তু, শ্রীল রূপ গোস্বামী শ্রীচৈতন্য মহাপ্রভুদ সঙ্গে রইলেন, এবং মহা আনন্দে শ্রীচৈতন্য মহাপ্রভার সঙ্গে দোল্যারা মহোৎসর দর্শন করলেন।

(当)年 シンク

**(माम क्रम्स्टर्ड क्षड़ कर्ल विमास मिना ।** धातक প্রসাদ করি' শক্তি সঞ্চারিলা । ২১৬ ।

গোকার্থ

দোলযাত্রার পর শ্রীটেতন্য মহাপ্রস্ত রূপ কোরামীকে বিদান দিলেন, এবং ডাকে বহু কপা করে তার মধ্যে ভক্তি সঞ্চার করলেন।

त्थांक २३१

"कुणावत्न याद्" कृषि, त्रविद् कृषावत्न । একবার ইহাঁ পাঠাইহ সনাতনে 1 ২১৭ ॥

প্ৰোকাৰ্থ

গ্রীতৈতন্য মহাপ্রস্থ তাকে বললেন—"তুমি বৃন্দাৰদে যাও এবং দেখানেই থাক। তোমার জ্যেষ্ঠ দ্রাতা স্নাতনকে একবার এবানে পাঠিও।

(ज्ञांक २)४

ব্রজে খাই রসশাস্ত্র করিব নিরূপণ । দপ্ত-তীর্থ সব তাঁহা করিহ প্রচারণ ॥ ২১৮ II

টোকার্থ

"নৃদ্দাবদে গিয়ে তুরি ভতিরস সম্বন্ধীয় সমস্ত শান্ত রচনা কর, এবং সমস্ত দুপ্ত-ইর্থ উভার কর।

(明)点 479

কৃষ্ণসেবা, রসভক্তি করিহ প্রচার । আমিহ দেখিতে তাহাঁ যহিসু একবার 11" ২১৯ 1

"কৃষ্মসেবা এবং কৃষ্মভক্তিরস প্রচার কর। আমিও আর একবার বৃশাবন দর্শন করতে যাব।"

শ্ৰোক ২২০

এত বলি' প্রভূ ভাঁরে কৈলা আলিঞ্চন । রূপ গোসাঞি শিরে ধরে প্রভুর চরণ । ২২০ ।।

শ্রেক ২২০] প্রীটেডন্য মহাপ্রকৃর মঙ্গে শ্রীল রূপ সোস্বামীর মিলন

এই বলে ঐটচতন্য মহাপ্রস্কু রূপ গোলামীকে আলিকন করলেন, এবং রূপ গোলামী ভার মন্তবে ঐতিহন্য মহাপ্রভার শ্রীপাদপন্ন ধারণ করলেন।

(副本 242)

প্ৰভুৱ ডক্তগ<del>ণ</del>-পাশে বিদায় লইলা II পুনরণি গৌড়-পথে বৃন্দাবনে আইলা n ২২১ n

শ্ৰোকাৰ্য

শ্রীল রূপ গোরামী শ্রীকৈডনা মহাপ্রভুত সমস্ত ভক্তদের কাছ থেকে বিদায় নিলেন, এবং বছদেশ হয়ে পুনরার বৃন্ধারণে ফিরে গেলেনঃ

শ্রোক ২২২

এই ড' কহিলাও পুনঃ রূপের মিলন 1 ইহা যেই শুনে, পান চৈতন্যচরণ ॥ ২২২ ॥

লোকার্থ

এইভাবে আমি প্রীকৈতন্য মহাপ্রভুর সঙ্গে শ্লীল রূপ গোল্পামীর পুনর্মিলনের কথা বর্ণনা করলমে। যিনি এই বর্ণনা প্রথণ করেন, তিনি প্রীটেডনা মহাপ্রভূর খ্রীপাদপরে আশ্রম मञ्ड करतन्।

শ্লোক ২২৩

**बीक्रभ-तच्याध-भरत यात जान** । চৈতন্তরিতাম্ভ করে কৃষ্ণদাস ॥ ২২৩ ॥

स्राकार्थ

জ্ঞীরূপ গোস্থানী এবং শ্রীরঘূনাথ দাস গোস্থানীর শ্রীপাদপদ্ধে আমার প্রণতি নিবেদন করে এবং ভাঁদের কৃপা প্রার্থনা করে, খ্যাদের পলার অনুসরণ পূর্বক আমি কৃষলোস ঐতিভনা-চরিভাত্ত বর্ণনা করছি।

ইতি—'শ্রীচৈতন্য মহাপ্রভুর সঙ্গে শ্রীল রূপ গোসামীর ঘিলন' নামক গ্রীচৈতন্য চরিতামৃতের कत्वजीकाव श्रथम भविरक्रामव एकारवमास जारभर्य।

# দ্বিতীয় পরিচেহদ

# ছোট হরিদাসের দণ্ড

এই পরিক্রেনের তাৎপর্য বিশ্লেষণ করে শ্রীল ভক্তিবিনাদ ঠাকুর তাঁর অমৃত প্রবাহ ভাষো নিখেছেন—"মহাপ্রভুর সাক্ষাৎ দর্শন, আবেশ ও আবির্ভাব মে যে ছানে হয়েছিল, তার বিবরণ বলতে পিয়ে গ্রন্থকার নকুল প্রসাচারীর কথা, নৃসিংহানন্দের মহিমা ও অন্যান্য ভক্তদের কথা নিখেছেন ভগরান আচার্য নামক জনৈক ভক্ত শ্রীচিতনা নহাপ্রভুর শ্রীপাদপথের প্রতি গভীরভাবে অনুরক্ত ছিলেন কিন্তু তা সাধ্যে শ্রীল সকলে দায়োদর গোষামী তাকে তাব ভবি গোপাল ভট্টাচার্যের আজা অনুসারে মাধ্যনিদেবীর কাছে থেকে চলে ভিন্তা করতে যান এবং বৈনাগীর প্রকৃতি সন্তামল দোবে শ্রীচৈতনা মহাপ্রভু তাকে (মার প্রবেশ নিখেষ করে) বর্জন করেন এবং বৈধাবনের অনুরোধ সম্বেভ তাকে করেন না। দুখছর পর ছেট ইনিদাস প্রয়াগ রিবেশীতে পেহত্যাগ করে অপ্রাক্ত দেহে মহাপ্রভৃকে গান লোনান। গৌতীয় বৈধাবন্য এমে এই সংবাদ বললে করাপ লানানন প্রথম ভঙ্গনা সেই সংবাদ বললে করাপ লানানন প্রত্যান্ত হন।

# গ্লোক ১

বদেহহং ঐতিরোঃ ঐাযুতপদক্ষমলং ঐতিরন্ বৈফবাংশ্চ ঐারূপং সাগ্রজাতং সহগণরঘুনাথান্বিতং তং সজীবম্ । সাবৈতং সাবধৃতং পরিজনসহিতং কৃষ্ণাট্রতন্যদেবং ঐারাধাকৃষ্ণপালন্ সহগণললিতা-শ্রীবিশাখান্নিতাংশ্চ ॥ ১ ॥

বন্দে—শন্দা কৰি, অহন্—আমি, শ্রী-গ্রেনাঃ—আমার শিক্ষাগ্রন্থ এবং দীগা গ্রন্থকে, শ্রীমৃত-পদ-কমলম্ —শ্রীপাদপরে, জ্ঞী-গুরুন্ —গুল পর্বন্দরায় গুরুবর্গকে শ্রীপাদ
মাধ্যেপ্রী পেকে শ্রীল ভভিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর প্রভুগাদ পর্যন্ত, বৈষ্ণবান—সৃষ্টির
আদি থেকে প্রক্ষা প্রমুখ সমস্ত বৈষ্ণবদের, চ—এবং, শ্রীরূপম্—শ্রীল রূপ গোলামীকে,
সন্ধ্যু-ভাতম্—ভার অহাজ শ্রীল স্থান্তর গোলামী সহ, সহ-পদস্বদ্বাগ-অম্বিভম্—ভার ভভব্দস্যর শ্রীল রস্বনাধ দাস প্রোস্থামীকে, তম্ ভাকে, স-জীবম্—শ্রীল জীব গোলামী সহ, স-অবৈত্য শ্রীশ্রেষ্টে আচার্য সহ, সন্ধ্যবশৃত্য শ্রীমনিত্যানক প্রভু সহ, পরিজন-সহিত্য—শ্রীবাস ঠাকুর প্রমুখ ওজকুদসহ, কৃষ্ণ-তৈত্যা-পেরম্—শ্রীকৃঞ্চ চৈত্রন্য মহাপ্রভুকে; শ্রী রাশ্বা-কৃষ্ণ-পাদান্—শ্রীকৃষ্ণ ও জীমতী রাধারাণীর শ্রীপাদপদ্ম, সহ-গণ—গণ সহ, ললিতা-শ্রী বিশাখা-অম্বিত্যন—লনিতা এবং বিশাখাদেরী সহ, ক্ষ—ও

#### অনুবাদ

আমি শীতকদেবের পাদপত্তে, এবং পরস্পরা ধারায় ওক্রবর্গ, সমস্ত বৈষ্ণব, রূপ গোপ্পামী, সলাতন গোপ্রামী, সগণ রযুনাথ দাস গোস্বামী ও শীজীব গোস্বামী অতৈত প্রভূ, নিয়ানেদ প্রভূ এবং পরিজন সহ এক্টিকেন্য-মহাপ্রভূ, ত্রীবাস ঠাকুর প্রমুখ ভক্তকুদ সহিত ললিকা বিশাখাদি যুক্ত ত্রীরাধাকৃষকে কদনা করি।

গ্লোক ২

জয় জঃ শ্রীটেতন্য জয় নিত্যানন্দ । জয়াবৈতচন্দ্র জয় সৌরভক্তবৃন্দ য় ২ ॥

গ্লোকার্থ

গ্রীচিতন্য মহাপ্রভূর জয় । শ্রীমনিতাদন্দ প্রভূর জয়। শ্রীজারৈত আচার্য প্রভূর জয়। এবং মীচিতন্য মহাপ্রভূর ভক্তন্তদর কর

শ্ৰৌক ৩

সর্ব-লোক উদ্ধারিতে গৌর-অবতার । নিস্তারের হেড় ভার ত্রিবিধ প্রকার ॥ ৩ ॥

হোকা প

জড় জগতের সমস্ত জীবনের উদ্ধান করার জন্য শ্রীটোডন্য মহাপ্রভূ অবভীর্ণ হয়েছে। তিনম্বাবে তিনি ভালের উদ্ধান করেছেন।

শ্লোক ৪

সাক্ষাৎ-দর্শন, আর যোগ্যগুক্ত-জীবে । 'আবেশ' করয়ে কাহাঁ, কাহাঁ 'আবিভারে' 1 8 ॥

ন্মোকার্থ

সাক্ষাৎ দর্শন দান করে, তার শুদ্ধ ভয়ে শক্তি সঞ্চার করে এবং কোগাও স্বয়ং আবির্ভূত হয়ে তিনি জীব উদ্ধান করেছেন।

গোক ৫-৬

'সাক্ষাৎ-দর্শনে' প্রায় সন নিস্তারিলা । নকুল-ব্রহ্মচারীর দেহে 'আবিস্ট' ইইলা ॥ ৫ ॥ প্রদ্যান্ত-নৃসিংহানন্দ জাগে কৈলা 'আবির্ভাব' । 'লোক নিস্তারিব',—এই ঈশ্বর-স্বভাব ॥ ৬ ॥

লোকার্থ

"সাক্ষাৎ দর্শন দান করে, নকুল ব্রহ্মচারীর দেহে 'আবিস্ত' হয়ে এবং প্রদুস্থ বা নৃসিংহানন্দ ব্রহ্মচারীর সম্মুখে 'আবির্ভূত' হয়ে শ্রীটেতন্য মহাপ্রভূ লোকসমূহ নিস্তার করেছেন। সমস্ত স্কাৎ উদ্ধার করার বাসনা ভগবানের স্বভাব। ভাহপর্য

(১) শ্রীশচীমাতার গৃহ-থদিরে, (২) শ্রীনিত্যানন্দ প্রভূর নর্তন স্থানে, (৩) শ্রীরাস অঙ্গনে কীর্তন স্থলে এবং (৪) শ্রীরাধন ভবনে এই চারটি স্থানে শ্রীচৈতনা মধ্যপ্রভূ নিতা 'আর্বিন্তার' প্রকৃতিত করতেন। (ক্লোক ৩৪ মন্টব্য)।

শ্লোক ৭

সাক্ষাং-দর্শনে সব জগৎ তারিলা । একবার বে দেখিলা, সে কৃতার্থ ইইলা ॥ ৭ ॥

হোকার্থ

সাকাৎ দর্শন মান করে প্রীচৈতনা মহাপ্রভু জগৎ উদ্ধার করলেন। একবার যে জাঁকে দর্শন ভরলেন, তিনি সুভার্য হলেন।

গোক ৮

সৌড়-দেশের ভক্তগণ প্রত্যন্ত আসিরা । পুনঃ গৌড়দেশে যায় প্রভুরে মিলিয়া ॥ ৮ ॥

গ্রোকার্থ

প্রতি বছর বসনেলের ভক্তরা জন্মাথপুরীতে গিয়ে শ্রীচৈতন্য মহাপ্রভূকে সাকাৎ করভেন, এবং ভারপর পুনরায় সৌভূদেশে ফিরে বেভেন।

শ্ৰোক ১

আর নানা-দেশের লোক আসি' জগদাধ । চৈতনা-চরণ দেখি' ইইল কৃতার্থ । ৯ ॥

লোকার্থ

কেমনই, ভারতবর্তের অন্যান্য সমস্ত প্রদেশের লোকেরা জগলাথপুরীতে এসে খ্রীচৈতন্য মহাস্তানুর জীপাদশন্ত দর্শন করে কৃতার্থ হয়েছিলেন।

শ্লোক ১০

সপ্তন্তীপের লোক আর নবধণ্ডবাসী । দেব, পদর্ব, কিল্লর মনুষা-বেশে আসি'॥ ১০ ॥

ক্লোকার্থ

এই ব্রক্তাতের সপ্তামীপ এবং নবধণ্ডের অধিবাসী, মুর্গলোকের দেবতা, নম্বর্ব, এবং কিন্তবেরা সনুষ্যবেশ ধারণ করে জীচৈতন্য মহাপ্রসূকে দর্শন করতে এসেছিলেন। থিয়া ২

শ্লোক ১৭]

#### ভাৎপর্য

মধ্যলীলাব বিশে পরিছেনের ২১৮ শ্রোকে, এবং শ্রীমন্তাগনগুরের পক্ষম স্কন্ধের ১৬ এবং ২০ অধ্যায়ে সপ্রদীদেশর বর্ণনা করা ২য়েছে। সিদ্ধান্ত শিরোমণিতে প্রথম অধ্যাতে (গোলাধ্যায়), ভূবন কোনো, নগবংগুর বর্ণনা করে বলা হয়েছে—

योखः करमञ् मकनाः किस छासभर्गधनाम् शसस्त्रियमणः कृषानिकाशाय् । नाशसः (मोयायिक सारुगयसायकः भाषानीभःस्त्रिति जातकनर्गधरम् ॥

"ভারতবর্থে নঃটি খণ্ড রমেছে সেগুলি হণাক্রমে ১) ঐদ্র, ২) কশেক, ৩) ভারত্বর্ণ, ৪) গভন্তিমং, ৫) কুমারিকা, ৬) নাগ, ৭) সৌমা, ৮) বারুব ও ১) গান্তর্ব।

## (計4 2)

প্ৰভূৱে দেখিনা যান 'বৈক্ষৰ' হঞা । কৃষ্ণ ৰলি' নাচে সৰ প্ৰেমাবিষ্ট হঞা ॥ ১১ ॥

#### শ্লোকার্থ

শ্রীটেডনা মহাপ্রভূকে দর্শন করে তারা সকলে বৈক্ষন ছলেন; এবং প্রেমাবিট হয়ে হরেকৃষ্ণ মহামন্ত্র নীর্তম করে সৃত্য করলেন।

(制本 25-20

এইমত দর্শনে ত্রিজগৎ নিস্তারি'। যে কেহ আসিতে নারে অনেক সংসারী ॥ ১২ ॥ তা-সবা তারিতে প্রফু সেই সব সেশে। যোগ্যতক্ত জীবদেহে করেন 'আবেশে' ॥ ১৩ ॥

## মোকার্থ

এইভাবে সাক্ষাৎ দর্শন দান করে শ্রীচৈতন্য মহাপ্রফু ব্রিজগৎ উদ্ধার করলেন। কিন্তু, যারা সংসারে আবদ্ধ হয়ে আসতে পারল না, তাদের উদ্ধার করার ক্ষন্য তিনি তার শুদ্ধ তক্তদের শরীরে স্বাং প্রবিষ্ট হয়ে সেই সমস্ত দেশে তাদের প্রেরণ করেছিলেন।

## (創本 )8

সেই জীবে নিজ-ভক্তি করেন প্রকাশে। তাহার দর্শনে 'বৈঞ্চব' হয় সর্বদেশে॥ ১৪॥

## গ্লোকার্থ

এইভাবে তিনি জীবদের (চাঁর ওছ ভক্তদের) মধ্যে তাঁর ভক্তি প্রকাশ করেছিলেন, যা দর্শন করে সমস্ত্র দেশের মানুষেরা 'বৈক্কব' হয়েছিলেন। ভাৎপর্য

*থ্রীটোডনা-চরিতামৃত প্রহে* (জন্তালীলার ৭/১১) বর্ণনা করা হয়েছে—

কলিকালের ধর্ম কৃষ্ণনাম-সংকীর্জন । কৃষ্ণ-শক্তি বিনা নহে তার প্রবর্তন ॥

পরমেশর ভগবান শ্রীটেডনা মহাপ্রভূর শক্তিতে আবিষ্ট না হলে সারা পৃথিবী জুড়ে ভগবানের দিবানাস 'হরেকৃষ্ণ সহামন্ত্র' প্রচার করা বায় না থারা তা করেন তারা ভগবানের শক্তি দারা আবিষ্ট। তাই কথনও কথনও তাদের আবেশ অবতাব বলা হয়, কোননা তারা শ্রীটেডনা মহাপ্রভূর শক্তিতে আবিষ্ট।

#### (製布 )化

এইমত আবেশে তারিল ত্রিভূবন : গৌড়ে বৈছে আবেশ, করি দিগ্ দরশন ৷ ১৫ ৷৷

#### ক্লোকাৰ্থ

এইভাবে ঐটেডনা মন্তর্যন্ত ভারে ভক্তদের ভার শক্তিতে আবিষ্ট করে ত্রিভূবন উদ্ধার করেছিলেন। বহুদেশে কিভাবে ভিনি জীবদের ভার শক্তিতে আবিষ্ট করেছিলেন তা আমি সংখ্যেশে বর্ণনা করব।

#### রোক ১৬

आयूग्रा-जूज्दक दस नकुल-जक्काती । পরম-বৈষ্ণৰ তেঁহো বড় অধিকারী ॥ ১৬ ॥

## <del>গ্লোকাৰ্থ</del>

আধুয়া-মূলুকে নকুল বন্ধচারী নামক এক ব্যক্তি ছিলেন তিনি ছিলেন পরম বৈক্ষব এবং অতি উন্নত ভক্ত।

## ভাৎপর্য

শ্রীল ভণ্ডিবিনোদ ঠাকুর বলেছেন যে, এই আদ্বয়া-মূলুক হচ্ছে বর্তমান অধিকা— পশ্চিমবঙ্গের বর্ণমান জেলার একটি শহর। পূর্বে মূসলমানদের রাজত্বকালে এই স্থানটি অধ্যুয়া মূলুক নামে পরিচিত ছিল। এই শহরের প্যাবীগঞ্জ অঞ্চলে নকুল প্রশাসনী ধাম করতেন।

#### শ্লোক ১৭

স্মেড়দেশের লোক নিস্তারিতে মন হৈল। নকুল-হননের প্রভু 'আবেশ' করিল ॥ ১৭ ॥ क्षा ३

শ্রোকার্থ

প্রীট্রেডনা মহাপ্রড সৌডদেশের লোকদের উদ্ধার করতে ইচ্ছা করেছিলেন, এবং তাই তিনি নকল ব্ৰহ্মচারীর হৃদত্তে প্রকেশ করেছিলেন।

(副业 7月

গ্রহগ্রন্তপ্রায় নকুল প্রেমাবিস্ট হঞা । হাসে, কান্দে, নাচে, গায় উত্তত হঞা 🛚 ১৮ 🗈

শ্ৰোকাৰ্থ

अदशास मानुरात महला उपाद हरा। नकुल अव्यक्तांत्री क्षमंबर-स्टारम हामरूक लागरणन, केलरूक ধাগলেন, মাচতে লাগলেন এবং গান গাইতে লাগলেন।

(創本 )為

অঞ্চ, কম্পা, স্তম্ভ, স্বেদ, সাস্ত্রিক বিকার । নিবন্তর প্রেমে নৃত্য, সঘন হয়ার 🛚 ১৯ 🗈

ধ্যেকার্থ

অঞ্জ, রুম্প, স্তুত্ত, স্বেদ আদি সাত্ত্বিক বিকার তাঁর অলে প্রকাশিত হল এবং ভগবং-প্রেয়ে তিনি নৃত্যু করতে লাগলেন এবং কখনও কখনও মেম পর্যাদের মতো হয়ার করতে লাগলেন

(अंकि ३०

তৈছে গৌরকান্তি, তৈছে সদা প্রেমাবেশ । তাহা দেখিবারে আইসে সর্ব গৌড়দেশ 🛭 ২০ 🗈

শ্ৰোকাৰ

র্ডার দেহ জীতৈতন্য মহাপ্রভুর মতো উজ্জ্ব ধর্ণ ধারণ করল, এবং তিনি জীতেতন্য মহাপ্রভুর মতো ভগবং-প্রেমে আবিষ্ট হলেন। এই সমত দিব্যভাব দর্শন কররে জন্য বন্ধদেশের সমস্ত্র প্রদেশ থেকে মানুষেরা আসতে লাগলেন।

গ্ৰোক ২১

যারে দেখে ভারে কহে,—'কহ কৃষ্ণনাম'। ভাহার দর্শনে লোক হয় প্রেমোদ্ধাম 🛭 ২১ 🗈

শ্ৰোকাৰ্থ

যাকেই ডিনি দেখতেন ডাকেই ডিনি শ্রীকক্ষের দিবানাম কীর্তন করতে উপদেশ দিতেন, এইভাবে তাঁকে দর্শন করে লোকেয়া ভগবং-প্রেমে বিহল হলেন।

## শ্লোক ২২

চৈতন্যের আবেশ হয় নকুলের দেহে **! ७**नि' शिवानम् खाँदेना कदिया मत्मदर ॥ २५ ॥

শিবানন্দ সেন যখন শুনলেন যে, নঞ্জ ব্ৰহ্মচারীর সেহে খ্রীটেডন্য মহাপ্রভূর আবেশ হয়েছে, তখন ভার মনে সন্দেহ হল এবং তিনি তাকে দেখতে এলেন।

গ্রোকা ২৩-২৫

পরীক্ষা করিতে তার হবে ইচ্ছা হৈল। বাহিরে রহিয়া তবে বিচার করিল ম ২৩ ॥ "আপনে বোজান সোরে, ইহা বদি জানি। আমার ইউ-মন্ত্র জানি' কহেন আপনি ৷৷ ২৪ ৷৷ ডবে জানি, ইহাতে হয় চৈতন্য-আবেশে ।" এড চিন্তি' শিবানন্দ রহিলা দরদেশে য় ২৫ ম

নকল ব্ৰহ্মচারীকে পরীক্ষা কন্যর জন্ম শিবানন্দ সেন বাইরে থেকে মনে মনে বিচার করলেন—"নঞ্চল ব্রন্ধচারী যদি আমানে ডেকে পাঠান এবং আমার ইষ্ট-মন্ত্র বলতে পারেন, তাহলে আমি কুরব যে তাঁর মধ্যে শ্রীটেডন্য মহাপ্রভুর আবেশ হয়েছে।" মদে মনে এই সংকল্প করে তিনি দরে দাঁড়িয়ে রইলেন।

শ্লোক ২৬

অসংখ্য লোকের ঘটা.—কেহ অহিসে যায় । লোকের সংঘটো কেছ দর্শন না পায় ৷ ২৬ ৷

শ্ৰোকাৰ্থ

সেখানে অসংখ্য লোকের সমাবেশ হয়েছিল—কেউ আসছিল এবং কেউ মাছিল। এত **लारकत जै**एड खानरकरे नक्त उत्पातातीत पर्यंत भर्यस भाष्टिल ना।

শ্ৰোক ২৭

আবেশে ব্রহ্মচারী কহে,—'শিবানন্দ আছে দূরে । জন দুই চারি যাহ, বোলাহ ভাহারে ॥ ২৭ ॥

হোক ৩৬

শ্লোকার্থ

**ঐট্যেতনা-চনিতা**সত

আবেশে নকুল ব্রন্সচারী বললেন, "দূরে শিবানন্দ সেন রয়েছে; ভোমাদের মধ্যে দুটারজন। গিয়ে তাকে তেকে আন।"

গ্লোক ২৮

চারিদিকে ধার লোকে 'শিবানন্দ' বলি । শিবানন্দ কোন্, তোমায় বোলায় ব্রহ্মচারী ॥ ২৮ ॥

গ্রোকার্থ

তথন লোকেরা চারিদিকে ছুটে গিয়ে শিবানন্দ সেনের নাম ধরে তেকে কলতে সাগলেন—"শিবানন্দ। এখানে শিবানন্দ নামে কে আছেন? আপনাকে নকুল ক্রন্সচারী তেকে পাঠিয়েছেন।"

শ্লোক ২৯

শুনি' শিবানন্দ সেন তাঁহা শীঘ্র আইল। নমস্কার করি' তাঁর নিকটে বসিল 🛭 ২৯ ॥

स्रोकार्थ

সেই ডাক গুনে শিবানদ্দ সেন শীয় সেখানে গেলেন এবং মকুল ক্রন্ধচারীকে দয়স্কার করে তার কাছে বসলেন

(制金 40-4)

ব্রহ্মচারী বলে,—"তুমি করিলা সপেয়া। এক-মনা হএল শুন তাহার নিশ্চয় য় ৩০ ॥ 'গৌরগোপাল মন্ত্র' তোমার চারি অক্ষর। অবিশ্বাস ছাড়, যেই করিয়াছ অন্তর ॥" ৩১ ॥

শ্ৰোকাৰ্থ

নকুশ ক্রন্থাচারী ভাকে বললেন, "আমি জানি শে ভোমার মনে সন্দেহ হয়েছে। সেই সদেহ নিরসন করার জনা আমি যা বলছি তা মনোযোগ সহকারে শ্রবণ কর। ভোমার ইউ-মন্ত্র হচ্ছে চার অক্ষর 'সৌরগোপাল মন্ত্র'। এখন দরা করে ভোনার অক্সরের জবিশ্বাস দৃশ কর।"

## ভাৎপর্য

শ্রীল ভক্তিবিলোদ ঠাকুর জার *অমৃত-প্রবাহ ভাষো* বিশ্লেকণ করেছেন যে শ্রীগৌরসুকরের উপাসকেরা গৌ-ল-অঙ্-গ এই চতুর অক্ষর মন্ত্রতে 'গৌরমন্ত্র' বলে স্থীকার করেন, কিন্ত রাধাকুষেত্র উপাসকেরা রা-ধা কৃষ প এই চতুর অঞ্চর মন্ত্রকে 'গৌর-গোপাল মন্ত্র' বলে শীকার করেন। কিন্তু বৈধ্বংধের কাছে শ্রীচৈতন্য মহাপ্রভু এবং রাধাক্ষণ অভিন্ত (শ্রীকৃকটেতনা রাধাকৃষ্ণ নহে অন্য)। অতএব বিনি গৌরাক্ষ মন্ত্র জপ করেন এবং যিনি রাধাকৃষ্ণ নাম মন্ত্র জপ করেন তারা উভয়ই সমপর্বারভুক্ত।

হৌক ৩২

তবে শিবানন্দের মন প্রতীতি ইইল । অনেক সম্মান করি' বহু ছক্তি কৈল গ ৩২ ॥

প্লোকার্ঘ

তৰন শিবানৰ সেনের মনে সুদৃঢ় বিশাস হল মে, নকুল ব্রহ্মচারীর সেহে খ্রীচৈতন্য মহাপ্রকুর আবেশ হয়েছে। তথম ডিনি পঞ্জীর শ্রদ্ধা সহকারে তাকে বহু ডঞ্জি করলেন

শ্লোক ৩৩

এইমত মহাপ্ৰভূব অচিন্ত্য প্ৰভাব। এবে শুন প্ৰভূব বৈছে হয় 'আবিৰ্ভাব' য় ৩৩ ম

য়োকার্থ

এমনই ঐতিকনা মহাপ্ৰকৃত্ব অচিন্তঃ প্ৰভাব এখন পোন কিন্ধাৰে মহাপ্ৰভূত্ব আৰিকাৰ' হয়।

গ্রোক ৩৪-৩৫

শচীর মন্দিরে, আর নিত্যানন্দ-নর্তনে ৷ শ্রীবাস-কীর্তনে, আর রাঘব-ভবনে ॥ ৩৪ ॥ এই চারি ঠাঞি প্রভুর সহা 'আবির্ডাব' ৷ প্রেমাকৃষ্ট হয়,—প্রভুর সহজ স্বভাব ॥ ৩৫ ॥

শ্লোকার্থ

শটীয়াতার গৃহে, নিজ্যানন্দ প্রভূর নৃত্তো, শ্রীবাস ঠাকুরের স্বীর্তনে এবং রাঘব পণ্ডিতের তবনে, এই চারটি স্থানে শ্রীটেডনা মহাগ্রভূর সর্বদা 'আবির্তাব' হয় তারে ওতের প্রেয়ে তিনি সহস্কেই আকৃষ্ট হন—এইটিই তার স্বভাব

শ্লোক ৩৬

নৃসিংহানন্দের আগে আবির্ভূত হওা । ডোজন করিলা, তাহা গুন মন দিয়া ॥ ৩৬ ॥

শ্লোকার্থ

্যসিংহানদের সমূবে আবির্ভূত হয়ে শ্রীচৈতন্য মহাপ্রভূ কিভাবে ভোজন করেছিলেন তা মন দিয়ে শ্রবণ কর। विसा ३

#### শ্লোক ৪৭

এইমত মাস গেল, গোদাঞি না আইলা। জগদানক, শিবানক দুঃখিত ইইলা ॥ ৪৭ ॥

গ্ৰোকাৰ্থ

এইভাবে পৌন মাস কেটে গেল কিন্তু শ্রীচৈডন্য মহাপ্রভু এলেন না। তাই জগদানক পণ্ডিত ও শিবানক সেম অত্যন্ত কৃষ্ণিত হুগেন।

(副本 85-89

আচন্ধিতে নৃসিংহানক তাহাঁই আইলা।
দুঁহে তাঁরে মিলি' তবে ছানে কসাইলা॥ ৪৮ ॥
দুঁহে দুঃখী দেখি' তবে কহে নৃসিংহানক।
'তোমা দুবাঁকারে কেনে দেখি নিরানক ?' ৪৯ ॥

শ্লোকাথ

তথ্য হঠাং একদিন বৃদিংহানত সেখানে এসে উপস্থিত হলেন, এবং জগদানত ও শিবনেত তাকে বসতে আসন দিলেন তামের গুজাবের মুখ্যিত দেখে নৃদিংহানত জিজাসা করবেলন, "তোমাদের দুজাবকে নিরালত দেখছি কেন?"

(計画 企)

তবে শিবানন্দ তাঁরে সকল কহিলা। আসিব আজ্ঞা দিলা প্রভূ কেনে না আইলা?' ৫০ ॥

स्थातमध

তখন শিবানন্দ সেন তাকে বৃশকেন, "শ্রীচৈতন্য মহাপ্রকু কথা দিয়েছিলেন যে তিনি আস্তেন্। কিন্তু তিনি কেন একেন না?"

গ্রোক ৫১

শুনি' ব্রস্কচারী কহে,—'করহ সন্তোধে । আমি ত' আনিব তাঁরে ড়তীর দিবসে ॥" ৫১ ॥

ক্লোকার্থ

তা শুনে নৃসিংহানন্দ প্রক্ষামরী কললেন, "সেজন্য উদিয় হয়ে। না। আমি তাঁকে তিন দিনের মধ্যে এখানে নিয়ে আসব

গ্লোক ৫২

তাঁহার প্রভাব প্রেম জানে দুইজনে । আনিবে প্রভূৱে একে—নিশ্চয় কৈলা মনে ॥ ৫২ ॥

#### ্ৰোকাৰ্থ

নিবানক ক্ষেত্ৰ এবং জগদানক পণ্ডিত, নৃমিহোনক ব্ৰহ্মচারীর ভাব এবং ভগবং-প্রেমের কথা জানতেন, তাই ডাব্রা নিশ্চিত হকেন যে তিনি অবশ্যুই খ্রীচৈতন্য মহাপ্রভূকে নিয়ে

শ্লোক ৫৩

'প্রদূচ্যে ব্রহ্মচারী'—তার নিজ-নাম । 'নুসিংহানক' নাম তার কৈলা গৌরধাম ॥ ৫৩ ॥

লোকার্থ

ভার প্রকৃত নাম ছিল প্রদান ক্রকচারী। 'নৃসিংহানন্দ' নামটি ভাকে প্রীচৈতন্য মহাপ্রভু নিমেছিলেন।

ক্লোক ৫৪-৫৫

দুই দিন খ্যাম করি' শিবানন্দেরে কহিল ।
"পাণিহাটি গ্রামে আমি প্রভূরে আনিল য় ৫৪ ॥
কালি মধ্যাকে তেঁহো আসিবেন তোমার ঘরে ।
পাক-সামগ্রী আনহ, আমি ভিক্ষা দিমু তাঁরে ॥ ৫৫ ॥

#### রোকার্থ

দুদিন ধ্যান করার পর নৃসিংহানত ব্রজ্ঞচারী শিবানত সেনকে বললেন, "আমি শ্রীচৈতন্য মহাপ্রকৃতে পাশিহাটি গ্রামে নিরে এসেছিঃ কাল দৃপুরবেলা উনি ভোমার ঘরে আসবেন, রন্ধন করার সমস্ত সামগ্রী নিয়ে এম, আমি তার জন্য রন্ধন করব।

শ্লোক ৫৬

ত্তবে তাঁরে এখা আমি আনিব সত্র । নিশ্চয়া কহিলাঙ্ক, কিছু সন্দেহ না কর ॥ ৫৬ ॥

রোকার্থ

অচিরেই আমি তাঁকে এখানে নিয়ে আসব। সে সহুদ্ধে কোন সন্দেহ করো না

শ্লোক ৫৭

ৰে চাহিয়ে, তাহা কর হঞা তৎপর । অতি ত্বায় করিব পাক, শুন অতঃপর ॥ ৫৭ ॥

রোকার্থ

"আমি যা যা চাই ভা সৰ ভাড়াভাড়ি নিয়ে এস, কেননা আমি শীম রন্ধন করতে চাই। আমি যা কলছি ভাই কর।

শ্ৰেক ৬৭]

#### শ্লোক ৫৮

পাক-সামগ্ৰী আনহ, আমি বাহা চাই ৷' যে মাগিল, শিবানন্দ আনি' দিলা ভাই ৷ ৫৮ ৷৷

শ্ৰোকাৰ্থ

"রদ্ধন করার যে সমস্ত সামগ্রী আমি চাই তা সব নিয়ে এস।" তথন নৃসিংহানক ব্রক্ষচারী মা যা চাইলেন তা সব শিবানক মেন তাকে এমে দিলেন।

রোক ৫৯

প্রাতঃকাল হৈতে পাক করিলা অপার। নানা বাঞ্জন, পিঠা, ক্ষীর, দানা উপহার ॥ ৫৯ ॥

खाकार्ध

সকাল পেকেই নৃনিংহামন্দ ব্রন্ধচারী রন্ধন করতে শুরু করলেন এবং তিলি নানা ব্যহ্মন, পিঠা ক্ষীর ইত্যাদি নানা প্রকার উপাদের খাদ্য হব্দ করলেন।

**লোক ৬০-৬১** 

জগন্ধাথের ভিন্ন ভোগ পৃথক্ বাড়িলা । তৈতন্য প্রভুর লাগি' আর ভোগ কৈলা ॥ ৬০ ॥ ইউদেব নৃসিংহ লাগি' পৃথক্ বাড়িলা । ভিন-জনে সমর্পিন্ন বাহিরে ধান কৈলা ॥ ৬১ ॥

শ্লোকার্থ

রন্ধন করার পর তিনি প্রক্যাধনেকের জন্য, শ্রীটেডন্য মহাপ্রভুর জন্য এবং দৃসিংহনেকের জন্য আবাদা আবাদা করে ভোগ নিবেদন কর্মেন, এবং ডা ডাদের ভিনজনকে নিবেদন করে তিনি বাঁহরে এনে খ্যানে ব্যক্তিন।

হোক ৬২

দেশে, শীন্স আসি' বসিন্ধা চৈতন্য-গোসাঞি ৷ তিন ভোগ খাইলা, কিছু অবশিষ্ট নাই ॥ ৬২ ॥

শ্লোকার্থ

ধ্যানে তিনি দেখলেন যে শ্রীচৈতন্য মহাপ্রভূ শীয় কেখানে এসে ৰসলেন এবং ভিনটি ভোগই খেয়ে ফেললেন---কোন কিছুই অবশিষ্ট রাবলেন না।

গ্লোক ৬৩

আনকে বিহুল প্রাদাস, পড়ে অক্তথার । "হাহা কিবা কর" বলি' করমে ফংকার ॥ ৬৩ ॥ গোকার্থ

ছেট হরিদাসের দও

এইবাৰে শ্রীচৈতন্য মহাপ্রকৃকে সবকিছু খেতে দেখে আনন্দে প্রদৃদ্ধ বন্দটারীর চোখ দিয়ে অশ্রেধরো বারে পড়তে লাগল এবং "হা হা কি করছ? কি করছ? তুমি সকলের ভোগ খেয়ে কেলছং" বলে তিনি চিকোর করে উঠলেন।

শ্লোক ৬৪

'জগন্নাথে-তোমার ঐক্য, খাও তাঁর ভোগ । নুসিংহের ভোগ কেনে কর উপযোগ ? ৬৪ ॥

শ্লোকার্থ

"প্রীক্রবাদ এবং ভূমি এক, ভাই জাঁর ভোগ খাও ভাতে আমার কোন আপতি নেই। কিন্তু শ্রীনুসিংহতেকের ডোগ কেন ভূমি খাছে?

শ্লোক ৬৫

নূসিংহের হৈল জানি আজি উপবাস । ঠাকুর উপবাসী রহে, জিরে কৈছে দাস ?' ৬৫ ॥

লোকার্থ

"আৰু শ্ৰীনৃসিংহদেৰ উপৰাসই ইইলেন। প্ৰভূ ধনি উপৰাস করে ভাহলে ভূঙা কিডাবে শ্ৰীৰন ধৰেণ কৰে?"

রোক ৬৬

ভোজন দেখি' যদাপি তাঁর হাদমে উল্লাস । নুসিহে সক্ষ্য করি' বাহ্যে কিছু করে দুঃখাভাস ॥ ৬৬ ॥

প্রোকার্থ

ন্সিটেডনা মহাপ্রকৃষ্ণে ভোজন করতে দেখে যদিও বৃসিংহানদের হৃদয়ে পরম উল্লোস্থ্যছিল, তবুও বৃসিংহদেশকে লক্ষ্য করে তিনি বহিরে দৃঃখ প্রকাশ করলেন।

প্লোক ৬৭

সুমাং ভগবান্ কৃষ্ণটোতন্য-গোসাঞি । জগন্নাথ-নৃসিংহ-সহ কিছু ভেদ নাই ॥ ৬৭ ॥

<u>হোকার্থ</u>

শ্বীচেতনা মহাপ্রতু স্বরং ভথবনে; ভাই জ্রীজগলাখদের এবং জ্রীনৃসিংহদেবের সঙ্গে তার কোন ভেদ নাই। শ্লোক ৬৮

ইহা জানিবারে প্রদূজের পূচ় হৈল মন । তাহা দেখাইলা প্রফু করিয়া ভোজন ॥ ৬৮ ॥

গ্লোকার্থ

সেই তথ্য হদ্যোগম করার জন্য প্রদাস বন্ধচারী অভ্যন্ত আগ্রহী ছিলেন, তাই শ্রীচেতন্য মহাপ্রত্ম গ্রীজগমাধদের এবং শ্রীনৃসিংহদেরের ভোগ ভোজন করে তাকে বুরিয়ে দিলেন।

প্লোক ৬৯

ভোজন করিয়া প্রভু গেলা পানিহাটি। সন্তোহ পাইলা দেখি' ব্যপ্তন-পরিপাটী ॥ ৬৯ ॥

শ্ৰোকাৰ্থ

ডোজন করে খ্রীটেডন্য মহাপ্রভূ পাণিহাটিতে গোলেন। সেখানে রাঘন পণ্ডিতের পূরে নিবিধ প্রকার ব্যঞ্জন সুসরভাবে রন্ধন করা হরেছে দেখে তিনি সম্ভূষ্ট হলেন।

(計事 90-9)

শিবানন্দ কহে,—'কেনে করহ ফুৎকার?'
তেঁহ কহে,—"দেখ তোমার প্রভুর ব্যবহার 1 ৭০ ॥
তিন জনার ভোগ তেঁহো একেলা খাইলা ।
জগরাথ-নুসিংহ উপবাসী ইইলা ॥" ৭১ ॥

প্লোকার্থ

শিবানন্দ সেন নৃসিংহানন্দকে বলজেন, "আপনি কেন এইভাবে হাছভাশ করছেন?" নৃসিংহানন্দ উদ্ধন দিলেন "ভোমার প্রভুর ব্যবহার দেখ। তিনি জিনজনের জেন একলা খেয়ে ফেললেন, এবং ভাই আজ শ্রীক্ষণাধান্তনের এবং শ্রীনৃসিংহদের উপবাসই রইলেন।"

শ্লোক ৭২

শুনি শিবানন্দের চিত্তে ইইল সংশয় । কিবা প্রেমাবেশে করে, কিবা সত্য হয় ॥ ৭২ ॥

লোকার্থ

সেকথা ওমে শিবানন্দ সেনের মনে সংশয় হল। তিনি বুবাতে গারলেন না, নৃসিংহানন্দ এক্ষাবারী প্রোমানেশে সেকথ। বলক্ষেন, না—ভা সত্যি সভিট্ট মটেছে?

শ্লোক ৭৩

ভবে শিবানন্দে কিছু কহে ব্রহ্মচারী । 'সামগ্রী আন নৃসিংহ লাগি পুনঃ পাক করি'॥ ৭৩ ॥ ৰোকাৰ্থ

ছেট হরিদাসের দণ্ড

তখন পৃষিহোনক প্রকারী শিবানক সেনকে বললেন, "রন্ধন করার সামগ্রী নিয়ে এস. আমি আবার জ্বীপৃসিহেদেবের জন্য রন্ধন করব।"

শ্লোক ৭৪

তবে শিবানন্দ ভোগ-সামগ্রী আনিলা। পাক করি' নৃসিংহের ভোগ লাগাইলা ॥ ৭৪ ॥

হোকাৰ্থ

ভখন শিবনেশ সেন ভোগ নিবেদন করার সমন্ত সামগ্রী নিয়ে এলেন, এবং প্রদাস ব্রক্ষচারী পুনরার রক্ষন করে শ্রীনৃসিংহদেবকে ডোগ নিবেদন করজেন

প্লোক ৭৫

বর্ষান্তরে শিবানক্ষ সঞা ভক্তগণ । নীলাচলে দেখে যাঞা প্রভুর চরও ॥ ৭৫ ॥

প্লোকার্থ

ভার পরের বছর, সমস্ত ভক্তদের নিয়ে শিব্যনশ সেন নীলাচলে গিয়ে খ্রীটেডন্য মহাপ্রকৃত্ব শ্রীপাদপন্ম দর্শন করলেন।

শ্লোক ৭৬

अकिनन मध्यारक अधू बीच जानहिना । नृत्रिःहानस्मत्र ७५ कहिरक नागिना ॥ १७ ॥

ক্লোকার্থ

একদিন, সমস্ত্র ভক্তদের সমক্ষে ঐটিচতন্য মহাপ্রভূ নৃসিংহানক্ষ ব্রহ্মচারীর কথা উল্লেখ করে, তার অপ্রাকৃত ওপাবলীর প্রশংসা করতে তাগালেম

শ্লোক ৭৭

'পতবর্থ সৌধে মোরে করাইল ডোজন । কড়ু মাহি খাই ঐচ্ছে মিস্টার-ব্যঞ্জন ॥' ৭৭ ॥

গ্ৰোকাৰ্থ

ব্রীটেডনা মহাপ্রভু বললেন, "গত বছর পৌধ মাসে, নৃসিংহানদ আমাকে যে ভোজন করিয়েছিল, সেরকম মিট্টার-বাস্ত্রন আমি আর কখনও কাইনি।"

শ্লোক ৭৮

গুনি' ভক্তগণ মনে আশ্চর্য মানিল। শিবানন্দের মনে ভবে প্রভার জন্মিল ॥ ৭৮ ॥

শ্ৰোক ৮৭]

শ্ৰোকাৰ্থ

সেঁই কথা শুনে সমস্ত ভক্তরা আশ্চর্ম হলেন, এবং শিব্যনন্দ সেনের মনে প্রভান জন্মল যে সেই ঘটনাটি সত্য সভাই ঘটেছিল।

শ্লোক ৭৯

এইমত শচীগৃহে সভত ভোজন । শ্রীবাসের গৃহে করেন কীর্তন-দর্শন ॥ ৭৯ ॥

গ্লোকার্থ

এইডাবে খ্রীটোতন্য মহাপ্রড় প্রতিদিন শটীমাতার গৃহে ভোৱান করতেন এবং শ্রীবাস ঠাকুরের গৃহে কীর্তন দর্শন করতেন।

(अकि ५०

নিত্যানদের নৃত্য দেখেন আসি' বারে বারে । 'নিরস্তর আবির্ভাব' রাধ্বের মরে ॥ ৮০ ॥

গ্ৰোকাৰ্থ

তেমন্ত্র, মিত্যানন্দ প্রভূব নৃত্যে ডিনি সর্বলা উপস্থিত থাকাতেন; এবং রাঘ্য পথিতের ঘরে নিরন্ত্রে আনির্ভত হতেন

(制本 6)

প্রেমবশ গৌরপ্রভূ, বাইা প্রেমোত্তম । প্রেমবশ হঞ্চ তাহা দেন দরশন ॥ ৮১ ॥

स्थाकार्थ

গৌরসুদর শ্রীটেডম্য মহাপ্রভু তার ডভের প্রেমের কর। তাই সেই প্রেমের জন। কণিভূত হয়ে তিনি তার ভতাদের দর্শন দান করেন।

(制) 下礼

শিবানদের প্রেমসীমা কে কহিতে পারে? যান প্রেমে কণ প্রভু অহিসে বারে বারে ॥ ৮২ ॥

त्माकार्थ

শিবানন সেনের প্রেমের সীমা কে বর্ণনা করতে পারে । স্বার প্রেমে বশীভূত হয়ে খ্রীটেতন্য মহাপ্রভূ বারবার তার কাছে স্বাসতেন।

শ্ৰোক ৮৩

এই ভ' কহিলু গৌরের 'আবির্ভাব'। ইয়া যেই শুনে, জানে চৈতন্য-প্রভাব ॥ ৮৩ ॥ শ্লোকার্থ

এইভাবে আমি ঐটিচতন্য মহাপ্রভুর 'আবির্ভাব' বর্ণনা করলাম। এই বর্ণনা যিনিই ওনবেন, তিনি ঐটিচতন্য বহাপ্রভুর প্রভাব হুদসন্মম করতে পারবেন।

প্লোক ৮৪

পুরুরেন্ডেমে প্রভূ-পাশে ভগবান্ আচার্য। প্রম বৈষ্ণব ভেঁহে। সুপতিত আর্য ॥ ৮৪ ॥

গ্রোকার্থ

পূক্তষোত্তম-ক্ষেত্ৰ, শ্ৰীকৈতন্য মহাগ্ৰভুৱ সন্নিধানে, ভগবান আচাৰ্য নামক এক ন্যক্তি বাস করতেন, যিনি ছিলেন পরম বৈক্ষব, মহাপত্তিত, এবং মহুং ছন্ত সম্পান

ভাৎপর্য

ভন্নবান আচার্যের বর্ণনা আদিলীলার দশ্য পরিচেদের ১৩৬ মোকে বর্ণিত হয়েছে।

শ্লোক ৮৫ সম্পূর্তাবাক্রণন্ত-চিত্ত, গোপ-অবতার । স্থান্তপ-গোসাঞি-সহ স্থা-ব্যবহার ॥ ৮৫ ॥

**য়োকার্থ** 

তিনি সখ্যভাবে ভগবানের প্রতি প্রেমপরায়ণ ছিলেদ। তিনি ছিলেন গোলোক কৃদাবনের এক গোপ-বালকের অবভার, এবং সেই সূত্রে স্বরূপ দায়েদর গোস্বাদীর সঙ্গে তাঁর গাতীর সন্ধা ছিল।

গ্ৰোক ৮৬

একান্তভাবে আভিয়াছেন চৈতন্যচরণ ৷ মধ্যে মধ্যে প্রভার তেঁহো করেন নিমন্ত্রণ ৷৷ ৮৬ ৷৷

শ্লোকার্থ

ভিনি ঐকান্তিকভাবে শ্রীকৈতনা মহাপ্রসূত্র স্ত্রীপাদপথের আশ্রয় গ্রহণ করেছিলেন, এবং শ্বাবে মাৰে তিনি স্ত্রীকৈতনা মহাপ্রসূত্রক তার গৃহে নিমন্ত্রণ করতেন।

শ্লোক ৮৭

ঘরে ভাও করি' করেন বিবিধ বাঞ্জন । একলে গোসাঞি জঞা করান ভোজন ॥ ৮৭ ॥

স্লোকার্থ

তিনি তার গৃহে বিধিষ প্রকার জয় ব্যস্ত্রন রন্ধন করতেন এবং প্রীটেডন্য মহাপ্রভূকে একলা বসিয়ে তোজন করাতেন।

হোক ১৫]

#### তাৎপর্য

নাধারণত থারা খ্রীচৈতন্য মহাপ্রভাকে প্রসাদ গ্রহণ করতে নিমন্ত্রণ করতেন, ভারা তাঁকে জ্যানাথদেবের প্রসাদ নিবেদন করতেন। কিন্তু, ভগরান আচার্য, তাঁকে ভগরাথদেবের প্রসাদ নিবেদন করার পবিবর্তে নিজে গৃহে ভার জন্য রন্ধন করতেন, উড়িষ্যায় জগনাথদেবকে নিবেদিত প্রসাদকে বলা হয় প্রসাদী, এবং জগনাথদেবকে যা নিবেদন করা হয় বিলাক বলা হয় 'আমানী' বা 'দর ভাঙ' অর্থাৎ ঘত্তে রামা করা ভাত।

# য়োক ৮৮ তাঁর পিতা 'বিষয়ী' বড় শতানন্দ-খাঁন। 'বিষয়বিমুখ' আচার্য—'বৈরাগ্যপ্রধান' ॥ ৮৮ ॥

য়োকার্থ

ডগারান আচার্যের পিড়া, যার নাম ছিল শড়ানত্ম থনে, অডি উচ্চপদস্থ রাজপুরুষ, কিন্তু ডগারান আচার্য ছিলেন নিরয়ের প্রতি উদাসীল। তিনি ছিলেন প্রকৃতই বৈরাগী।

> শোক ৮৯ 'গোপাল-ভট্টাচার্য' নাম তার ছোট-ভাই । কাশীতে বেদাস্ক পড়ি' গোলা তার ঠাঞি ॥ ৮৯ ॥

#### শ্লোকার্থ

গোপাল ভট্টাচার্য মামক ভগবান আচার্যের ছেট ভট্ট কাশীতে বেদান্ত কথায়ন করার পর ভার গৃহে যাম।

## ভাহপর্য

উখনবার দিনে এবং এখনও, শঙ্গরাচার্টের শারীবঞ্চ-ভাষা নামক ভাষোর মাধ্যমে বেলার-দর্শন পাঠ করা হয় আতএব, এখালে বোঝা যাতে যে ভগবান আচার্টের ছোট ভাই খোপাল ভট্টাচার্ট নির্মিশেয় মায়ালাদ দর্শন সম্মতি শারীবক্ত ভাষা অনুসারে বেলার অধ্যান করেছিলেন

#### গ্লোক ৯০

আচার্য ভাহারে প্রভুপদে মিলাইলা । অন্তর্যামী প্রভু চিত্তে সৃখ না পবিলা ॥ ৯০ ॥

## হোকার্থ

ভগবান আচার্য তার ভাইকে শ্রীচৈতন্য মহাপ্রভুর কাছে নিরে যান, কিন্তু শ্রীচৈতন্য মহাপ্রভু, গোপাল গুট্টাচার্যকে মায়াবাদী স্লোনে, তার সঙ্গে সাক্ষাৎ করে অন্তরে মুখ পেলেন না।

#### শ্লোক ৯১

# আচার্য-সম্বন্ধে বাহ্যে করে প্রীত্যাভাস । কৃষ্ণভক্তি বিনা প্রত্নর না হয় উল্লোস ॥ ৯১ ॥

#### ল্লাকাৰ্ছ

যে ব্যক্তি ৩% কৃষ্ণ-ভক্তি পরায়ণ নন, তার সঙ্গে সাক্ষাৎ করে খ্রীচৈতন্য মহাপ্রভূ সুখ পান না। তাই, গোপাল ভট্টাচার্য মায়াবাদী পণ্ডিছ ছিলেন বলে, তার সঙ্গে সাক্ষাৎ করে শ্রীচৈতনা মহাপ্রভূ অন্তরে উপ্লসিত হলেন না কিন্তু ভবুও, গোপাল ভট্টাচার্য ভগবান আচার্কের সঙ্গে সম্পর্কিত বলে শ্রীচৈতন্য মহাপ্রভূ বাহ্যিকভাবে আনন্দিত হবার অভিনয় করেন।

#### শ্লোক ৯২-৯৪

বরূপ গোলাঞিরে আচার্য কহে আর দিলে ।
'বেদান্ত পড়িয়া গোপাল আইসাছে এখানে য় ৯২ ॥
সবে মেলি' আইস, ওলি 'ভাষ্য' ইহার স্থানে" ।
প্রেম-ক্রোথ করি' বরূপ বলর বচনে ॥ ৯৩ ॥
"বৃদ্ধি এউ হৈল ভোমার গোপালের সঙ্গে ।
মামাবাদ ওলিবারে উপজিল রলে ॥ ৯৪ ॥

#### হোকার্থ

"একদিন স্বরূপ-দামোদন ধ্যোদামীকে ভগবান আচার্য ব্লক্ষেন, "আমার ছোট আই গোপাল বেদান্ত-দর্শন অধ্যয়ন করে এগানে একেছে। তার ভাষ্য শোনার জন্য একদিন তোমরা স্কলে এক।" প্রেনের বর্ণে জেন্ধ প্রদর্শন করে স্বরূপ-দামোদর গোদামী তথন তাকে বলকেন, "গোপালের সঙ্গ প্রভাবে তোমার বৃদ্ধি মন্ত হুয়েছে, এবং তাই তৃমি মারাবাদ শোনবার জন্য এক আগ্রহী হুরেছ।

#### প্লোক ৯৫

বৈষ্ণৰ হ্ঞা যেবা শারীরক-ভাষ্য শুনে। সেব্য-সেবক-ভাষ ছাড়ি' আপনারে ঈশ্বর' মানে ॥ ৯৫ ॥

## হ্লোকার্থ

"কোন কৈঞ্চৰ যথন বেদান্ত-স্ত্ৰের মায়াবাদ-ভাগ্য, শারীরক-ভাষ্য প্রবণ করে, তখন সে সেবা-সেকভাব পরিভাগে করে; নিজেকে 'ঈশ্বর' বলে মনে করে।

#### ভাৎপর্য

কেবলাথৈওবাদীরা শব্দবাচার্কের নির্বিশেষবাদ সমন্বিত *শারীরক-ভাষা* তানুসরণ করে নিজেদের ঈশ্বর বলে কছনা করে। *বেদান্ত সূত্রের* এই মায়াবাদ দর্শন সম্পূর্ণরূপে কছনাপ্রসূত।

(関係 500]

አዓ

শক্ষরাচার্যের শারীরক ভাষা বেদান্ত সূত্রের একমাত্র ভাষ্য নয় শ্রীসম্প্রদায়ের জীরামানুজাচার্যকৃত শ্রীভাষ্যে 'বিশিষ্টাহৈতবদ' দর্শন প্রতিষ্ঠিত হয়েছে। তেমনই, রখা-সম্প্রদায়ের মধ্যাচার্যের পূর্ণপ্রক্র ভাষে। 'গুলুছেতবাদ' প্রতিষ্ঠিত হয়েছে। চতৃঃসন সম্প্রদায়ের নিম্নাচার্যেকৃত পারিজাত সৌরভ ভাষো 'হৈতাহৈতবাদ' প্রতিষ্ঠিত হয়েছে, ত্রবং রুদ্ধ সম্প্রদায়ের শ্রীনিফুমানীকৃত সর্বজ্ঞ-ভাষো 'গ্রুছাহৈতবাদ' প্রতিষ্ঠিত হয়েছে

এই চার সম্প্রদানের আচার্যদের শ্রীরামানুজাচার্য, মধবাচার্য, বিদ্বুর্থামী এবং নিয়াকাচার্যের, বেদন্তে সূত্রেল ভাগ। প্রতিটি বৈদ্ধরের পাঠ করা কর্তব্য, কেন্দ্রা তাদের এই ভাগা, পরমেশন ভগরান সেল্য এবং প্রতিটি জীব তার নিতা সেবক, এই দর্শনের ভিত্তিতে প্রতিষ্ঠিত, কেন্ড থানি হথামথভাবে বেদান্ত-সর্পন পাঠ করতে চায়, তাহপে তার প্রে এই সমস্ত ভাগাণ্ডলি পাঠ করা অবশ্য কর্তব্য, বিশেষ করে তিনি যদি বৈবল হন। এই ভাগাস্থেই বৈধন্তব্যন প্রথা সর্বদ্য সমানুত। আদিলীলার সপ্তম পরিশ্রেশনে ২০১ খ্যোকে শ্রীল ভিত্তিসিদ্ধান্ত সর্বার্থতী ঠাকুরের ভাগ্য বিভারতভাবে উল্লেখ করা হমেছে। মায়ানাদ স্বান্ধিত শারীনক-ভারা বৈক্ষরণের কাছে বিবৰং। তা স্পর্শ কান্থি কনা উচিত নায় শ্রীল ভতিনিমোন ঠাকুর মন্তব্য করেছে। যে, মহাভাগনত না শ্রীকৃষ্ণের শ্রীলাশপত্রের নিস্কেতিত আন্যা, উর্জ্যা ভতেরাও শারীরক-ভারোর মায়াবাদ দর্শন শ্রমণ করার ফলে কক্ষাও ক্যালাও অধ্যাপতিত হতে পারেন। তাই সমস্ত বৈষ্ণব্যরের পক্ষে মায়াবাদী শারীরক ভাষ্য সর্বতোভারে কর্মনীয়

## শ্লোক ৯৬

# মহাভাগৰত যেই, কৃষ্ণ প্ৰাণধন বার । মান্নাৰাদ-প্ৰথণে চিত্ত অবশা ফিরে তাঁর ॥" ৯৬ ॥

## শ্লোকার্থ

"মানাবাদ দর্শন এমনই বিভান্তিক্ষমক যে, তা শ্রুণ করার ফলে কৃষ্ণগতপ্রাণ মহাভাগবক পর্যন্ত কফবিমুখ হয়ে পড়ে।"

#### গ্ৰোক ১৭

আচার্য কছে,—'আমা স্বার কৃষ্ণনিষ্ঠ-চিত্তে । আমা স্বার মন ভাষ্য নারে ফিরাইভে ॥' ৯৭ ॥

## য়োকার্থ

স্কল-দায়োদন গোস্বামীর প্রতিবাদ সক্তেও কাবান আচার্য কালেন, "আমাদের সকলের চিত্ত শ্রীকৃঞ্জের শ্রীপাদপধ্যে ঐকান্তিকভাবে আসক্ত; তাই শারীরক ভাষ্য আমাদের মন পরিবর্তন করতে পারবে না," হোক ৯৮

স্থরূপ কতে,—"তথাপি সায়াবাদ-ভাবণে । "চিং ব্রহ্ম, সায়া মিথ্যা'—এইমাত্র শুনে ম ৯৮ ॥

# লোকার্থ

স্থ<del>য়াল দামোদর গোরা</del>মী উত্তর দিলেন, "তবুও, মারাবাদ দর্শন শ্রবণ করার ফলে মনে হয় যে এক সভা এবং জগৎ মিথ্যা, কিন্তু ভার ফলে কোন পারমার্শিক প্রাম লাভ হয় না।

শ্ৰোক ১৯

জীবজান<u>ক্রিড, ঈশ্বরে—সকল অজান ৷</u> বাহার শ্রবণে ডভেন ফাটে মন প্রাণ ॥" ১১ ॥

#### হৌকার্থ

মারাধাদী প্রতিপর করতে চেটা করে যে, জীব কল্পনা এবং ঈশ্বর মারার অধীন . তা ক্রমণ করার ভলে দুয়বে ভাজের মদ এবং প্রাণ বিদীর্ণ বয় "

#### **ভা**ংগ্য

শ্রীল স্বরূপ দামোদর গোস্বামী গুগবান আচার্যকে বোঝাতে চেটা করেছিলেন যে, প্রীকৃষ্ণের সেবায় ঐকান্তিকভাবে অনুরক্ত ভক্ত মাধাবাদ-ভাষ্য অবণ করার ফলে বিচলিত লা হলেও, সেই ভাষা এমনই ভগবদ্ বিরোধী যে তা শ্রবণ করার ফলে ওক্তের প্রদায় গভীরভাবে করিও হয়। মাধাবাদীরা বলে যে মাধাপ্রসূত এই কগত মিধ্যা এবং প্রকৃতপক্ষে জীবের কোন অন্তিপ্ত নেই, রয়েছে কেবল এক জ্যোভি স্বরূপ প্রস্কা অধিকন্ত তারা বলে যে ভগবান জীবের করানা মাত্র, এবং অক্যানের বশবতী হয়ে জীব ভগবানের কথা চিন্তা করে, এবং ইশ্বর ফলে বহিনলা শক্তি মাধার দ্বারা বিমোহিত হয় ভগন ভিনি জীবে পরিণত হন। ভগবদ্বিধেবী অসুরদের এই সমস্ত অপপ্রচার তনলে ভাষের হলয় গভীরভাবে বাধিত হয়, দেন তার মন প্রশা কেটে বার।

শ্ৰেকি ১০০

লক্ষা ভাগ পাঞা আচার্য মৌন ইইলা । আর দিন গোপালেরে দেশে পাঠাইলা । ১০০ ।

#### শ্লোকার্থ

স্বরূপ দামোধর গোস্বামীর মুখে সেই কথা শুনে, ভগবান আচার্য অত্যন্ত লক্ষিত এবং তীত হয়ে মৌন হলেন। তার গরের দিন তিনি গোপাল মন্ত্রাচার্যকে দেশে পাঠিয়ে দিনেন।

প্রেক ১১০ট

(制业 707

ab

একদিন আচার্য প্রভূবে কৈলা নিমন্ত্রণ । খবে ভাত করি' করে বিবিধ ব্যঞ্জন ॥ ১০১ ॥

হোকার্থ

একদিন ভগৰান আধাৰ্য শ্ৰীৱৈতভন্য মহাপ্ৰভুকে তাৰ পূহে প্ৰসাদ প্ৰহণ কৰতে নিনন্ত্ৰণ করলেন, এবং চিনি নিশ্ৰে হয়ে ও বিধিৎ ব্যক্তন বন্ধন করলেন।

(到) 205-700

'ছোট-হরিদাস' নাম প্রভুর কীর্ডনীরা । তাহারে কহেন আচার্ব ডাকিরা আনিরা ॥ ১০২ ॥ 'মোর নামে শিখি-মাহিতির ছগিনী-স্থানে গিয়া । গুকুচাটল এক মান আনহ মাগিয়া ॥" ১০৩ ॥

শ্লোকার্থ

"ছোট ছরিমাস নামক শ্রীটেডনা মহাপ্রকৃত্ব এক কীর্তনীয়া ভক্ত ছিলেন। ওপ্রবান আচার্য তাকে ডেকে এনে বললেন,—"আমার নাম করে শিপি-মাহিতির ভগ্নীর কাছ থেকে এক মান সালা চাল নিয়ে এব।"

ভাৰপৰ

গ্রন্থ-চাউল বলাভ আওপ চালকে বোঝান, অর্থাৎ ধান ভানার আগে যে ধান নিছ করা হয়নি ধান ভানার আলে যদি তা নিছ করা হয় তাকে কলা হয় সিছ চাল। সাধানত, অতি উৎকৃষ্ট আতপ চাল ভগবালের ভোগে নিখেদন করা হয়। তাই ভগবান আচার্য শ্রীতিভন, সহাপ্রভুৱ কীর্তন গোষ্ঠীর কীর্ডনীয়া ছেটে হনিদাসকে শিনি মাহিতিব ভগীর কাছ থোকে এই চাল চেনো আনতে পাঠিয়েছিলেন। মান—উভিন্যা দেশে প্রচন্তিত শাসা মাপার স্বাঠা

> হোক ১০৪ মাহিতির ভগিনী সেঁই, নাম—মাধবী-দেবী । বন্ধা তপস্থিনী আর পরমা বৈক্ষবী ॥ ১০৪ ॥

> > শ্লোকার্থ

শিখি মাহিতির ভগ্নীর নাম ছিল মাধ্বীদেবী। তিনি ছিলেন বৃদ্ধা ভগন্ধিনী এবং একজন প্রমা বৈষ্ণবী।

> প্রোক ১০৫-১০৬ প্রভু দেখা করে যারে—রাধিকার 'গণ' । জগতের মধ্যে 'পাত্র'—সাড়ে তিন জন ॥ ১০৫ ॥

স্বরূপ গোসাঞি, আর রায় রামানন্দ ৷ শিবি-মাহিতি—তিন, ভার ভগিনী—অর্ধজন য় ১০৬ ৷৷

প্ৰোকাৰ্থ

শ্রীটেডন্য মহাপ্রান্ত ভাকে শ্রীমতী রাধারাণীর পার্যদক্ষপে শ্রীকার করেছিলেন এই জগতে কার কেবল সাড়ে ভিনন্তন অপ্তরক্ষ ভক্ত ছিলেন। জারা হচ্ছেন—শ্বরূপ দামোদর গোশ্বামী, রামানন্দ রায়, শিশি-মাহিতি—এই ভিনন্তন এবং শিশি-মাহিতির জগ্নী- আর্ধজন

(関す )09

ভার ঠাঞি ততুল মাণি' আনিল হরিদাস । ভতুল দেখি' আচার্ফের অধিক উল্লাস য় ১০৭ য়

द्भाकार्ष

ছেট ছরিলাস জ্ঞার কাছ থেকে চাল ভিক্না করে আনলেন, এবং তা দেখে ভগবান আচার্য অত্যন্ত আনন্দিত হলেন।

শ্লৌক ১০৮

ক্ষেহে রাফিল প্রভুর প্রিয় বে ব্যপ্তন । দেউল প্রসাদ, আদা-চাকি, লেম্ব-সলবণ ॥ ১০৮ ॥

শ্লোকার্থ

গভীর স্নেহে, ভগবনে আচার্য শ্রীচৈতন্য মহাপ্রকৃত্য প্রিয় যে সমস্ত ব্যঞ্জন তা নামা করপেন, এবং সেই সঙ্গে শ্রীজন্মাথদেবের প্রসাদ, এবং আদারচাকি, সবণ মিশ্রিড লেবু আদি ইজমের সহায়ক বন্ধ সংগ্রাই করপেন।

প্রোক ১০৯-১১০

মধ্যাহে আসিয়া প্রভূ ভোজনে বসিলা । শাল্যম দেখি' প্রভূ আচার্যে পৃছিলা ॥ ১০৯ ॥ উত্তম অন্ন এক তথুল কাঁহাতে পাইলা? আচার্য করে,—মাধবী-পাশ মাণিয়া আনিলা ॥ ১১০ ॥

হ্রোকার্য

মধ্যাকে শ্রীচৈতন্য সহাপ্রভূ ভগবান আচার্মের গৃহে এনে ডোজনে বসলেন; এবং শালি মানের অল্ল দেখে ভার প্রশংসা করে তিনি ভগবান আচার্মকে জিল্লাসা করক্ষের যে, এত উত্তম হল্ল কোঝা থেকে সংগ্রহ করেছেন। জগবান আচার্ম তবন বলক্ষের যে মাগরীদেবীর কাছ থেকে সেই চাল ভিক্সা করে আনা হয়েছে।

(制を >>>

প্রভূ কহে,—'কোন্ ধাই' মাগিলা আনিল ?' ছোট-হরিদাসের নাম আচার্য কহিল ॥ ১১১ ॥

গ্লোকার্থ

শ্রীতৈতনা মহাপ্রভূ তথন জিল্লাঙ্গা করলেন যে, কে গিয়ে সেই চাল জিকা করে নিয়ে এসেছে। তথন ভগবাদ আচার্য ছোট হরিদানের নাম উল্লেখ করলেন।

(割句 )>>->>の

আন প্রশংসিরা প্রভু ভোজন করিলা।
নিজগৃহে আসি' গোবিদেরে আজা দিলা ॥ ১১২ ॥
'আজি হৈতে এই মোর আজা পালিবা।
ভোট হরিদাসে ইহাঁ আসিতে না দিবা ॥' ১১৩ ॥

ক্লোকাৰ্ব

সেই অয়ের প্রশংসা করে আঁটেডনা মহাপ্রস্থ স্বোক্তন করলেন: এবং ভারণর পূরে কিরে একে তিনি গোবিদকে নির্দেশ দিলেন—"আজ থেকে ছেট ছরিদাসকে এখানে আসডে দেবে সা।"

(関本 228

দার মানা হৈল, ছরিদাস দুংখী হৈল মনে । কি লাগিয়া ছান-মানা কেছ নাহি জানে ৪ ১১৪ ॥

য়োকার্থ

ছোট হরিদাস যখন ওনলেন যে ঐতিচতন্য মহাপ্রভূ তাকে তার কাছে আসতে নিৰেধ কারেছেন, তথম তিনি অভ্যন্ত দুঃখিত হলেন। মহাপ্রভূ যে কেন তাকে এইভাবে তার কাছে আসতে নিৰেধ করেছেন ভা কেউ বুখাতে পারণ না।

(別)本 ランセーシンか

তিনদিন হৈল হরিদাস করে উপবাস । স্বরূপাদি আসি' পুছিলা মহাপ্রভুর পাশ ॥ ১১৫ ॥ "কোন্ অপরাহ, প্রভু, কৈল হরিদাস? কি লাগিয়া হার-মানা, করে উপবাস?" ১১৬ ॥

লোকার্থ

ছোট হরিদাস তিনদিন উপরাস রইলেন। তবল স্বরূপ দামেদের গোস্বামী প্রসুখ ঐতিতনা মহাপ্রভুর সমস্ত অন্তরস পার্যদেরা মহাপ্রভুকে জিল্লাসা করলেন—"প্রভু, কোন অপরাশের কলে ভূমি হরিদাসকে ভোষার কাছে আসতে নিষেধ করেছ? গত তিন্দিন ধরে সে সম্পূর্ণরূপে উপবাসই রয়েছে।"

(湖本 ) 24

প্রস্তু কহে,—"বৈরাগী করে প্রকৃতি সপ্তাবণ : দেখিতে না পারোঁ আমি তাহার বদন ॥ ১১৭ ॥

লোকার্য

ঐতিতন্য মহাপ্রকৃ বদদেন, "বৈরাগ্য অবলয়ন করার পর যে অন্তরসভাবে দ্রীলোকের সঙ্গে কথা বংগে, আমি ভার মূখ মর্শন করতে পারি মা।

फ़ार्शर्य

শ্রীল ভতিনিছাও সরপতী ঠাকুর মন্তবা করেছেন যে, 'সরলভা'—বৈক্যবের প্রধান লক্ষণ এবং 'কপটতা'—ভতির বিরোধী উপলাগা বিশেষ কৃষ্ণের প্রতি আসন্তির ফালে জড় বিষয়ের প্রতি বিবক্ত হয়ে ভক্ত কৃষ্ণসেবার প্রতি অনুরক্ত হতে গাকে কিন্তু কেউ যদি কড় বিষয়ের প্রতি অনাসক্ত না হওয়া সংখ্যে উত্তম ভক্তির অভিনয় করে, তাহলে তা প্রতারণা, এবং কোকে ভার বাবহারে শ্রন্থা করেতে পারে না

> প্লোক ১১৮ দুর্বার ইন্দ্রিয় করে বিষয়-গ্রহণ। দারবী প্রকৃতি হরে মুনেরপি মন য় ১১৮ ম

> > ঞ্লোকার্থ

"ইব্রিয়ণ্ডলি এমনই প্রবলভারে ইক্রিয়ের বিষয়ের প্রতি আসক্ত যে কাঠ নির্মিত স্ত্রী-নৃত্রি পর্যন্ত মুনিদের চিত্ত হরণ করে।

**ডাৎপর্ঘ** 

ইপ্রিয় এবং ইক্রিয়ের বিষয় এত অন্তরন্ধভাবে পরস্পরের সঙ্গে মুক্ত যে, কাছ নির্মিত ইনিভি দর্শন করে মুনিদের পর্যন্ত চিন্ত চাঞ্চল্য হয়। কল, শব্দ, গদ্ধ, রঙ্গ এবং স্পান—এই গদ্ধ বিষয় গ্রহণই চকু, কর্ণ, নাসিবা, জিছু ও ত্বক রূপ পঞ্চোপ্রায়ের হুভাব ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়ের বিষয় থেছেতু স্বাভাবিকভাবে অন্তরঙ্গ সম্পর্কায়ক, তাই বদ্ধজীবদের কেউ কেউ নিজেকে ইন্দ্রিয় সমনের সমর্থ বলে মনে করলেও বহিম্পাথা এব্য তার পক্ষে ইন্দ্রিয়াওলি দুর্দমনীয়। ভগবানের সেবাংয় যুক্ত করার মাধ্যমে ইন্দ্রিয়াওলি পরিত্র না হলে, স্থানে সংবাম করা অসম্ভব। মুনি বাদিও ভার ইন্দ্রিয়া দমন করার প্রতিত্তা অধ্যাপ্তম করে, কিছু তা সত্ত্বেও ইন্দ্রিয়ে সুগ ভোগের বিষয় দর্শন করার থাগো তার চিন্ত বিচলিত হয়

(制金 77%

মাত্রা কথা দুহিত্রা বা মাবিবিক্তাসনো ভবেৎ ৷ বলবানিক্রিয়গ্রামো বিহাংসমপি কর্ষতি ॥ ১১৯ ॥

**(部華 5481**)

200

মান্রা—মায়ের সংগ্নে, স্বস্থা—ভগিনীর সঙ্গে, দৃহিত্রা কল্যাও সঙ্গে, বা—অথবা, না না নিবিক্ত-আসনঃ—একরে সংকীর্ণ আসনে উপংশেন, ভ্রেছ—উচিত, কলবান অভাত বলগালী, ইন্দিয়-প্রামঃ—ইন্দিয় সমূহ, বিশ্বাসেম্—মেক্ষ ভ্রান বিশিষ্ট ব্যক্তি, অপি— এমনকি, কর্মীত—আকর্ষণ করে

#### অনুবাদ

" 'মামেন সঙ্গে, বোনের সঙ্গে এবং কন্যার সজে নির্জন স্থানে উপরেশন করা উচিত নয়: ফেননা, বলবান ইন্দ্রিয় সমূহ বিশ্বান ব্যক্তিকও মন আকর্ষণ করতে পারে।'

#### **ভাৰপৰ্য**

এই ছোলটি মনু-সংহিতা (২/২১৫) এবং *শ্রীমন্ত্রাগবত* (১/১১/১৭), উজা আছু উয়েৰ করা হয়েছে,

#### **(利本 ) (0**

# কুদ্রজীব সব মর্কট-বৈরাগ্য করিয়া । ইন্দ্রিয়া চরাঞা বুলে 'প্রকৃতি' সম্ভাবিয়া ॥" ১২০ ॥

#### য়োকার্থ

'দীপ্রচীন এবং সামর্থহীন বহু বৃত্তি বাঁপরের মতো বৈরংগ্য প্রহণ করে, ইতন্ত্রত বিচরণ করে ইন্দ্রিয়-কৃত্তি সাধন করে, এবং অন্তর্গভাবে স্ত্রীকোকেদের সাথে ফেগ্যনেশা করে।"

#### ভাহপর্য

বালক অবস্থাত শ্রীটোতনা মহাপ্রভু ধারবার সেই পরমেশ্বর মোদকের বাড়ি থেতেন মোদক ভাকে তখন দৃধ ও মিষ্টি দিতেন এবং মহাপ্রভূ মহানন্দে তা খেতেন।

গোক ৫৬

প্রভূ-বিষয়ে প্রেহ তার বালক-কাল হৈতে। সে ৰৎসর সেই আইল প্রভুরে দেখিতে । ৫৬ ॥

প্রীটেডন্য মহাপ্রকৃর বাল্যাধাল খেকেই পরমেশ্বর মোদক তার প্রতি গ্রেহপরায়ণ ছিলেন। সেই বছর তিনিও ভগরাধপুরীতে শ্রীটেডন্য মহাপ্রভবে দর্শন করতে এসেছিলেন

ट्यांक ४१-४४

'পরসেশ্বরা মঞি' বলি' দণ্ডবৎ কৈল । তারে দেখি' প্রভু প্রীতে ভাহারে পৃছিল ॥ ৫৭ ॥ 'প্রমেশ্বর কৃশল হও, ভাল হৈল, আইলা' ৷ মুকুন্দার মাতা আসিয়াছে', সেহ প্রস্কুরে কহিলা n ৫৮ n

"আমি পরসেশ্বর", বলে পরমেশ্বর মোদক গ্রীচিন্ডনা মহাপ্রভাকে দশুবৎ করলেন, এবং তাকে দেখে মহাপ্রভু কতীর প্রীক্তি সহকারে বলদেন, 'পরমেশ্বর, ছোমার কুশল হোক পুৰ ভাল হল যে ভূমি এখানে এদেছ।" প্রমেশ্বর মোদক তথ্য মহাপ্রভুকো ব্ললেন "সকলের সাত এমেছে।"

ক্ৰোক ৫৯

মুকুন্দার মাতার নাম গুনি' প্রভূ সন্থোচ হৈলা। তথাপি তাহার প্রীতে কিছু না বলিলা ॥ ৫৯ ॥ হোকার্থ

মুকুব্দের মায়ের নাম শুনে ঐটিচজন্য মহাপ্রভু সম্বোচবোধ করলেন, কিন্তু পরমেশ্বরের প্রতি তাঁর প্রীতিবশত, তিনি ডাকে কিছু বললের না।

#### ভাৎপর্য

সন্ত্রাসীর পকে লীলোকের নাম পর্যন্ত শেলা উচিত নয়, এবং শ্রীচেডনা মহাগ্রন্থ অতাত্ত কঠোরভাবে তাঁর সন্ত্রাস ব্রন্ত পালন করেছিলেন। পরমেশ্বর মহাপ্রভৃকে জানিয়েছিলেন যে তার স্ত্রী, মুকুন্দের মাও ডার সঙ্গে এসেছেন। তার পঞ্চে ঐট্যেতন্য মহাপ্রভুর কাছে ভার স্ত্রীয় উল্লেখ করা উচিত হয়নি, এবং তাই শ্রীচৈতন্য মহাগ্রন্থ সংকোচবোধ করেছিলেন, কিছ প্রযোধারের প্রতি ওঁরে প্রীতিবশত তিনি তাকে কিছু বলেন নি। খ্রীচৈতনা মহাপ্রভূ লরমেশ্বর মোনককে তাঁর বাল্যকাল থেকেই স্থানতেন, এবং তাই তাঁর কাছে তার স্ত্রীর আগমনের কথা উল্লেখ করতে প্রমেশ্বর বিধাবোর করেন নি।

## (制本 40 প্রভায়-পাগল ওন্ধ-বৈদন্ধী না জানে ৷ অন্তরে সুখী হৈলা প্রস্তু ভারে সেই ওপে ম ৬০ ৪

আরের সম্পর্কের মালে কখনও কখনও লৌকিক আচারের লক্ষ্য হয়। প্রশ্রাপারন कथनेह शक्त-रेक्सकी व्यथार शक्त वाक्काकुर्य आहम ना। करि शतरमक्त स्थानरकत अरि चाहतर्थ औरहचना प्रदाशन चत्रता पृथी स्टाहिस्सा।

#### ভাহপর্য

'প্রজায়' শব্দের অর্থ গ্লেছ, প্লেহযুক্ত সম্মান, কিনা, কিনান এবং আব্দার ৷ 'পাসন' শব্দের অর্থ প্রগান্তভা, ঔদ্ধতা, এবং ডেজফিতা 'বৈদদ্ধী' শব্দের অর্থ চতুরতা, রসিকভা, শোভা, পট্টভা, পাণ্ডিভা, কৌশল ও ভঙ্গী।

#### (関本 42)

शृर्वेषः ज्ञवा मध्या एछिन-गार्सन । রথ-আগে পর্ববং করিলা নর্তন 🛚 ৬১ 🗈

প্রীচৈতন্য সহাপ্রকু পূর্ববং সমস্ত ভন্তদের নিয়ে ওওিচা খনির খার্জন করলেন, এবং পূৰ্ববং রথাগ্রে নৃত্যু করুলেন।

#### শ্ৰোক ৬২

চাতুর্মাস্য সব যাত্রা কৈলা দরশন । মালিনীপ্রভৃতি প্রভুৱে কৈলা নিমন্ত্রণ 1 ৬২ 1

#### শোকার্থ

চার মাস হবে ভক্তরা সমস্ত উৎসব পালন করলেন। মালিনীদেবী প্রমূব ভক্ত-পত্নীরা শ্রীতৈত্বা মহাপ্রভবে নিমন্ত্রণ করলেন :

শ্ৰোক ৬৩

প্রভুর প্রিয় নানা দ্রব্য আনিয়াছে দেশ হৈতে । সেই ব্যপ্তন করি' ভিক্ষা দেন ঘর-ভাতে ॥ ৬৩ ॥

বীচৈতন্য মহাপ্রভর সঙ্গে জগদানন্দ পশ্চিতের প্রেমপর্ণ আচরণ ৫৬৫

ভক্তবা বঙ্গদেশ থেকে ঐটৈছেন্য মহাপ্রচর প্রিয় ন্যনাপ্রকার দ্রব্য সঙ্গে করে নিয়ে। এমেছিলেন, তা নিয়ে নানাপ্রকার ব্যপ্তন রালা করে, তারা শ্রীচৈডন্য মহাপ্রভকে তাঁদের গতে নিমন্তৰ করে ভোচন করালেন।

শ্ৰোক ৬৪

দিনে নানা ক্রীড়া করে লঞা ভক্তগণ ৷ রাত্রে কৃষ্ণ-বিচ্ছেদে প্রভু করেন রোদন 🛚 ৬৪ 🕽 শ্ৰোকাৰ্থ

দিনের বেলা শ্রীতৈতন্য মহাগ্রম্ভ জার ভক্তদের নিয়ে নানা দীলা-বিলাস করতেন, এবং রাত্রে কৃক্ত-বিক্ষেরে অক্রেশবাবে ক্রেকন করতেন।

প্ৰেটিক কৰ

এইমত নানা-শীলায় চাতুর্মাস্য গেল ৷ গৌডদেশে বাইতে তবে ভাক্তে আজ্ঞা দিল ॥ ৬৫ ॥

এইবাবে নান্য জীলায় বর্ষার চারমাস অভিবাহিত হল, এবং তখন শ্রীচৈতন্য মহাপ্রভ ভাষের ককলকে স্টেডমেলে ফিবে যাবার নির্মেশ মিলেন

রোক ৬৬-৬৮

সব ভক্ত করেন মহাপ্রভর নিমন্ত্রণ। সর্বভক্তে কহেন প্রভু মধুর বচন ৪ ৬৬ ॥ "প্ৰতিবৰ্ধে আইস সৰে আমাৰে দেখিতে। আসিতে যাইতে দুঃখ পাও বহুমতে ॥ ৬৭ ॥ তোমা সবার দুঃখ জানি' চাহি নিষেমিতে ৷ তোমা সবার সঙ্গসূথে লোভ বাড়ে চিত্তে গ্ল ৬৮ ॥

সৌড়ের সমস্ত ভক্তরা শ্রীটোজনা মহাপ্রভূকে মধ্যাদে ভোজন করার জন্য নিমন্ত্রণ করতেন, এবং মহাপ্রভু ভাঁদের সকলকে মধুর বচনে বলতেন, "প্রতি বছর তোমরা আমাকে

দেখতে আস আসতে যেতে তোমরা কত দৃংখ-কট্ট পরে। ভোমাদের সকলেও বে কড দুঃখ হয় তা জেনে আমি তোমাদের এখানে আসতে নিংখ করতে চাই, কিন্তু তোমাদের সকলের সক্ষমণ লাভ করার লোভ আমার চিত্তে বর্ষিত হয়।

শ্লোক ৬৯

নিত্যানন্দে আহ্বা দির্লু গৌড়েতে রহিতে। আজ্ঞা লক্ষি' আইলা, কি পারি বলিতে? ৬৯ ॥

स्थाकार्थ

শ্রীটৈবন্য মহাপ্রস্থ বলদেন, "নিত্যানন্দকে আমি আদেশ দিয়েছিলান গৌড়ে থাকতে, কিন্তু আমার আদেশ লব্দন করে আয়াকে এখানে দেখতে এসেছে। আমি ভাকে কি বলতে পারি গ

শ্রোক ৭০

অইলেন আচার্য-গোসাঞি মোরে কৃপা করি'। প্রেম-ঋণে বন্ধ আমি, শুধিতে না পারি 11 ৭০ 11

গোকার্থ

'আমাকে কৃপা করে অধৈত আচার্য এলেছেন, ভাঁর প্রেম-খণে আমি ভাবছ। সে খণ শোধ করা আমার পক্ষে অসক।

শ্ৰেকি ৭১

মোর লাগি' স্ত্রী-পুত্র-গৃহাদি ছাভিয়া 1 নানা দুৰ্গম পথ লব্দি' অহিসেন ধাএল ৪ ৭১ ৪

'আমার সমস্ত জক্তরা আমার জন্য ভাদের স্ত্রী, পুত্র, পৃথ ইত্যাদি ভাগে করে, নানা দুর্গহ পথ লখ্যন করে এখানে ছটে আলেন।

গ্রোক ৭২

আমি এই নীলাচলে রহি যে বসিয়া। পরিত্রম নাহি মোর তোমা সবার লাগিয়া 🛘 ৭২ 🗈

আমি কেবল এই নীলাচলে বনে থাকি। ভোমাদের জন্য আমি তো জেন পরিশ্রম कदि मा।

শ্মাক ৭৭] খ্রীটেডনা মহাপ্রত্বর সঙ্গে জগদানন্দ পশ্চিতের প্রেমপূর্ণ আচরণ ৫৬৭

শ্ৰোক ৭৩

সন্মাসী মানুষ, মোর বাহি কোন ধন ৷ কি দিয়া ভোমার ঋণ করিম শোধন? ৭৩ !

শ্রোকার্থ

আমি সন্নাসী আমার কোন ধন-সম্পদ্ধ নেই। কি করে আমি ভোমাদের এই খণ শোধ कतते ?

(制) 98

দেহমাত্র ধন ভোমায় কৈল সমর্পণ ৷ তাহা বিকাই, বাঁহা বেচিতে ডোমার মন ॥" ৭৪ চ

"আমার একমাত্র সম্পদ কেবল এই দেখটি, সেটি আমি ভোমাদের কাতে সমর্পণ করলাখ। সেটি ভোষরা কেখানে চাও সেখানে বিক্রি করতে পার, কেননা সেটি তোমাদের সম্পরি।"

শ্লোক ৭৫

প্রভুর ৰচনে স্বার প্রবীভূত মন। चारवीत-नगरन भरव करतन तम्मन ॥ १४ ॥

গ্ৰোকাৰ্থ

প্রীটিন্টন্য মহাপ্রাচন এই বিনীত বচন ওলে সকলের মন দ্রবীভূত হল এবং স্টারা অব্যোর-नग्रत्न क्ल्मन क्वरक माधरसर।

(制本 46)

প্রকৃ সবার গলা ধরি' করেন রোদন । কান্দিতে কান্দিতে সবায় কৈলা আলিঙ্গন ॥ ৭৬ ॥ হোকার্থ

শ্রীটেডন্য মহাপ্রকু সকলের পলা জড়িয়ে যরে রোমন করতে লাগলেন, এবং কাঁদতে কাদতে সকলকে আলিকা করবেন।

(श्रीक ११

সবহি রহিল, কেহ চলিতে নারিল : আর দিন পাঁচ-সাত এইমতে গেল ॥ ৭৭ ॥

#### <u>লোকার্থ</u>

সেখান থেকে চলে থেতে অসমর্থ হয়ে ছাঁরা সকলে সেখানেই রইলেন এবং এইডয়বে আরও পাঁচ-সাত দিন অতিবাহিত হল।

(副译 9b)

অধৈত অবধৃত কিছু কৰে প্ৰভূ-পায়।
"সহজে ভোমার শুণে জগৎ বিকার য় ৭৮ ॥
শোকার্ব

অধৈত আচার্য প্রস্থ এবং নিজ্ঞানন্দ প্রস্থ শ্রীটেচন্দ্র মহাপ্রস্থর শ্রীপালপতে নিবেদন করলেন, "ডোমার অপ্রাকৃত ওপের প্রভাবে সারা জগৎ স্বাভাবিকভাবেই ভোমার প্রতি কৃতন্ত ।

ক্লোক ৭৯

আৰার তাতে বাস্ক'—ঐছে কৃপা-বাক্য-ডোরে। তোমা ছাড়ি' কেবা কাঁহা ফাইবারে পারে?" ৭৯ চ লোকার্থ

"তার উপর ভূমি এইরকম কৃপা বাকোর বন্ধনে ভালের বাঁধন, ভোমাকে ছেড়ে কে কোথায় যেতে পারে দ"

গ্লোক ৮০

তবে প্ৰভূ সৰাকারে প্ৰবেশ করিয়া। সৰারে বিদায় দিলা সুস্থির ক্ঞা ॥ ৮০ ॥ গোকার্থ

তখন খ্রীটেতন্য মহাপ্রভূ সকলকে প্রবেখ দিয়ে, সৃত্তির হরে, সকলকে কিনায় দিলেন।

গোক ৮১

নিত্যানন্দে কহিলা—"তৃষি না আসিহ ৰাধ্যার ৷ ডথাঁই আমার সঙ্গ ইইবে তোমার ৷৷ ৮১ ৷৷

ত্রীটিতন্য মহাপ্রভু নিজ্ঞানন্দ প্রভূকে বললেন, "ভূমি কর বার এখানে এস না। সেধানেই (বঙ্গদেশেই) ভূমি আমার সন্ধু লাভ করবে।"

রোক ৮২

চলে সৰ ভক্তগণ রোদন করিয়া। মহাপ্রভু রহিলা মরে বিষয়া হঞা ॥ ৮২ ॥ প্ৰোকাৰ্থ

প্রদান করতে করতে সমস্ত ভক্তরা সেখান খোকে বিদায় নিয়ে চললেন, আর অত্যন্ত বিষয় হয়ে প্রীচৈতন্য মহপ্রেড় ভার মরে রইলেন।

শ্ৰোক ৮৩

নিজ-কৃপাণ্ডলে প্রভু বান্ধিলা সবারে । মহাপ্রভূর কৃপা-ৰাণ কে শোধিতে পারে ? ৮৩ । লোকার্থ

ঠার কৃপারূপ বন্ধনের দারা ঐতিহতন্য মহাপ্রস্থ সকলকে বেঁধেছিলেন মহাপ্রভুর কৃপা-খণ কে শেখ করতে পারে?

द्रमोक ५८

বারে বৈছে নাচার প্রভু স্বতন্ত্র ঈশ্বর । ভাতে ভারে ছাড়ি' লোক যায় দেশান্তর ॥ ৮৪ ॥ দ্লোকার্থ

শ্রীচৈতনা মহাপ্রভূ স্বতন্ত্র উপার, তিনি যাকে যেভাবে সাচাদ তিনি সেইভাবেই নাচেন। ভাট, ভাষে ছেড়ে তাঁর ভক্তরা ফেশান্তরে প্রেলন

শ্ৰোক ৮৫

কার্ছের পৃতলী যেন কুহকে নাচার । ঈশ্বর-চরিত্র কিছু বুঝন না হায় ॥ ৮৫ ॥ গোকার্থ

ষাদৃকর বেডাবে কাঠের পুতুল নাচায়, ডেমনইজাবে ভগবান সকলকে নাচান। পরমেখন ভগবানের চরিত্র বোঝা স্থার পক্ষে সঙ্গব ?

প্রোক ৮৬

পূর্ববর্ষে জগদানন্দ 'আই' দেখিবারে । প্রভূ-শাররা লঞা আইলা নদীয়া-নগরে ॥ ৮৬ ॥ রোকার্থ

পূর্বকী বছরে, অগদানত পশুত জীচৈতন্য মহাপ্রতৃর আদেশ নিমে নদীয়ায় গিয়েছিলেন শচীখাতাকে দর্শন করার জন্য।

> শ্লোক ৮৭ আইর চরণ যাই' করিলা বন্দন । জগরাথের বস্ত্র-প্রসাদ কৈলা নিবেদন ॥ ৮৭ ॥

শ্ৰোকাৰ্থ

মেখানে পৌছে তিনি শ্রীমাভার শ্রীপাদপদ্ম বন্দনা করে ভাকে জগল্পদেবের বস্ত্র-প্রসাদ निर्देशन करविद्यान

শ্লোক ৮৮

প্রভুর নামে মাতারে দণ্ডবং কৈলা । প্রভার বিনতি-স্থাতি মাতারে কহিলা 🛚 ৮৮ 🗈

থ্রীচৈতন্য মহাপ্রভর নাম করে খিনি শচীয়াড়াকে সক্তবং প্রথতি নিবেলন করলেন এবং ঠার কাছে মহাপ্রভুর বিনীত প্রার্থনা নিকেনে বরুলেন।

अपि ४३

ঞ্গদানন্দে পাঞা মাতা জানন্দিত মনে । তেঁহো প্রভুর কথা করে, শুনে সাত্রি-দিনে ॥ ৮৯ ॥

ভোকার্থ

জগদ্যনন্দ পণ্ডিতকে পেয়ে শহীমাত। অত্যন্ত আনন্দিত হয়েছিলেন। জগদ্যনন্দ পণ্ডিত তাকে খ্রীচৈত্যা মহাপ্রভুর কথা শোলাতেন, এবং তিনি হিন-নাত তার কথা ওনতেন।

লোক ১০

জগদানন্দ কহে,—"মাতা, কোন কোন দিনে ৷ তোমার এথা আসি' প্রভূ করেন ভোজনে 1 ৯০ 1

জন্মানন পথিত বললেম, "মা, কোন কোন দিন মহাপ্রভু আপনার এখানে একে আপনার নিবেদিত ভোগ ভোজন করেন।

८६ काफ्र

ভোজন করিয়া কহে আনন্দিত হঞা ৷ মাতা আজি খাওয়াইলা আকণ্ঠ পুরিয়া 🗈 ১১ 💵

"ভোজন করে মহাপ্রভু বলেন, 'আজ, মা আমাকে আকণ্ঠ পুরে ভোজন করিয়েছেন।

হোক ১২

আমি যাই' ভোজন করি—মাতা নাহি জানে ৷ সাক্ষাতে খাই আমি' ভেঁহো 'বপ্ন' হেল মালে 🛍 ৯২ 🛚 লোক ৯৭] জীতিতন্য মহাপ্রভার মঙ্গে জগদানক পশ্চিতের প্রেমপূর্ণ আচরণ ৫৭১

হোকার্থ

" আমি মিয়ে বে ভোজন করি যা তা জানেন নাঃ তার সামনে আমি খাই, কিয় ভিনি ভা স্বস্থ বলে মনে করেন।" "

> শ্রোক ৯৩ মাতা কহে.- "কড রান্ধি উত্তম ব্যপ্তন ৷ নিমাঞি ইহা খায়,-ইচ্ছা হয় মোর মন য় ৯৩ য

সহীমাতা সম্প্রদান, "আমি কভ উত্তম ব্যক্তন ব্যাহা করি, এবং আমার ইচ্ছা হয় নিমাই (सम बारम सब चांच।

শ্ৰৌক ১৪

নিমাঞি খাঞাছে,—ঐছে হয় মোর মন। পাছে জান হয়,--মুঞি দেখিনু 'শ্বপন' ॥" ৯৪ ॥

"কখনও কখনও আমার মনে হয় যে নিমাই এসে সে সব খেলো গেছে, কিন্তু পরে আবার হনে হর বে আহি কেবল রপ্র দেখছিলাম।"

> য়োক ৯৫ এইমত জগদানৰ শচীমাতা-সনে ৷ চৈতনোর সুখ-কথা করে রাত্রি-দিনে । ৯৫ ॥ গ্ৰোকাৰ্থ

এইভাবে অধ্যানন্দ শশুভ শহীমাভার সঙ্গে দিন-রাভ মহা আদলে প্রীটেডন; মহাপ্রভুর कथा खारमाहना करायन।

> শ্ৰোক ১৬ নদীয়ার ভক্তগণে সবারে মিলিলা ৷ জগদানন্দে পাঞা সৰে আনন্দিত হৈলা ৷৷ ১৬ ৷৷ ভোকার্থ

জ্বানানৰ পণ্ডিত ন্দীয়ার সমস্ত ভক্তদের সঙ্গে মিলিড ছলেন, এবং তাঁরা সকলে জন্মনন্দকে পেয়ে অভান্ত অনেনিত হলেন।

শ্লোক ৯৭

আচার্য মিলিতে তবে গেলা জগদানন্দ ৷ জগদানকে পাঞা হৈল আচার্য আনন্দ ৪ ৯৭ ॥ শ্রোক্যর্থ

তারপর জগদানক পণ্ডিত অহৈত আচার্টের সঙ্গে সাক্ষাৎ করতে গেলেন, এবং তাঁকে পেয়ে অধৈত আচার্য অভাস্ত আনন্দিত হলেন।

জৌক ৯৮

वाস্দেব, মুরারি-ওপ্ত জগদানদে পাএর । আনন্দে রাখিলা ঘরে, না দেন ছাড়িয়া । ৯৮ ॥

বাসুদেব দত্ত এবং যুৱানি এপ্ত জগদানন্দ পণ্ডিতকে পেয়ে এক জানন্দিত হয়েছিলেন ৰে তাঁকে যেতে না দিয়ে তাঁদের বাড়িতে রেখে দিয়েছিলেন।

> শোক ১৯ তৈতন্যের মর্মকথা তনে তার মূখে ৷ আপনা পাসরে সবে তৈতন্য-কথা-সুখে ৷ ১৯ ৷৷ শোকার্থ

স্বাদানক পণ্ডিভের মূখে তারা প্রিচেডন্য মহাপ্রভূর কথা শুনে, এবং প্রীচেডন্য মহাপ্রভূর কথার মধ্য হয়ে, তারা আনন্দে আত্মহারা হয়েছিলেন।

টোক ১০০

জগদানন্দ মিলিতে যার যেই ভক্ত-যরে ৷ সেই সেই ভক্ত সুখে আপনা পাসরে ৷৷ ১০০ ৷৷

জগদানন্দ পণ্ডিত বে ডক্তের সঙ্গে মিলিড হতে তার গৃহে যেতেন, সেঁই সেই ভকুই মহা জানন্দে আনুহারা হতেন।

(訓本 202

তৈতন্যের প্রেমপাত্র জগদানক ধন্য। যারে মিলে সেই মানে,—'পহিলুঁ চৈতন্য' য ১০১ ॥ জোকার্থ

শ্রীচৈতনা মহাপ্রভূর প্রেমের পাত্র জগদানদ পণ্ডিত খনা। যার সঙ্গে তার সাক্ষাৎ হত ভিনিই মনে করতেম, "আমি প্রীচৈতনা মহাপ্রভূকে পেলাম।"

> শোক ১০২ শিবানন্দসেন-গৃহে যাএল রহিলা। 'চন্দনাদি' তৈল তাঁহা একমাত্রা কৈলা ॥ ১০২ ॥

্রাক ১০৭] খ্রীটেডনা মহাপ্রভুর সঙ্গে জগদানন পণ্ডিভের প্রেমপূর্ণ আচনণ ৫৭৩

গ্ৰোকাৰ্য

জগদানৰ পণ্ডিড কিছুদিন শিবানক সেনের গৃহে রইলেন, এবং সেখানে তিনি চন্দন ইত্যাদি সুগন্ধ প্রব্য থেকে যোল সের সুগন্ধি তেল তৈরি করে বহু যত্ত্বে এখানে নিয়ে এসেছেন।

(湖本 )00

সুগন্ধি করিয়া তৈল গাগরী ভরিয়া । নীলাচলে লঞা আইলা মতন করিয়া ॥ ১০৩ ॥ শোকার্থ

সেই সুগদ্ধি কেল একটি কলসীতে ভরে তিমি বহু যদ্ধে নীলাচলে নিয়ে যাম।

শ্লোক ১০৪

গোবিদের ঠাঞি তৈল ধরিয়া রাখিলা । "প্রভূ-অঙ্গে দিহ' তৈল" গোবিদের কহিলা ॥ ১০৪ ॥ ভোকার্থ

সেই ভেল অধ্যানৰ পণ্ডিত গোবিদ্দকে দিয়ে বললেন, "মহাপ্ৰভূত অঙ্গে এই ভেল দিও।"

রোক ১০৫-১০৬

তবে প্রভূ-ঠাঞি পোবিন্দ কৈল নিবেদন ।
"জগদানন্দ চন্দনাদি-তৈল আনিয়াছেন ॥ ১০৫ ॥
ভার ইচ্ছা,—প্রভূ অল্প মন্তকে লাগাম ।
পিত্ত-বারু-ব্যাধি-প্রকোপ শাস্ত হঞা ঘার ॥ ১০৬ ॥
স্বোলার্থ

তৰন স্মেকিদ প্ৰীচৈতনা মহাপ্ৰকৃতে ৰদালেন, "জগদানদ পণ্ডিত আপনার জন্য চদ্দনাদি তেল নিয়ে এসেছেন। ঠার ইচ্ছা আপনি যেন সেই কেল আল্ল অল্প করে মাধাম দেন, ভাহৰো পিল্ল এবং ৰায় জনিত ব্যাধির প্রকোপ শাস্ত হয়ে যাবে।

> শ্লোক ১০৭ এক-কলস সৃগন্ধি তৈল গৌড়েতে করিয়া। ইহা আনিয়াছে বহু যতন করিয়া।" ১০৭ ম শ্লোকার্থ

"ভিনি গৌড়ে এক কলসী সৃগন্ধি ভেল ভৈন্নি করে বহু মতে এখানে নিয়ে এসেছেন "

শ্লোক ১০৮ প্রভু কহে,—"সম্যাসীর নাহি তৈলে অধিকার । তাহাতে সুগন্ধি তৈল,—পরম ধিকার। ১০৮ ॥

হ্মোকার্থ

প্রীটিচতন্য মহাপ্রভূ তথন বললেন, "সন্মাসীর তেল ব্যবহার করার অধিকার নেই, বিশেষ করে এইরকম সুগন্ধি ভেল। এটি এখনি এখন খেকে নিয়ে যাও।"

ভাবপর্য

মার্ত মতের মুখপাত্র রত্বন্দন ভট্টাচার্টের মতে—

शोणस्मातन तर्छ आस्त्र दापनार श्रद्शन छया । यमारमधनम्यर टेजनर छन्त्रारसम्बन्धिति विवर्धसार ॥

"প্রত ধারণকারী ব্যক্তির পক্তে প্রাতঃসানের সময়, প্রাপ্ধ আদি বিধি পালনের সময় অথবা ছাদলীর দিন অকে তৈল কোপন করা, মদ্য কোপন করারই সমত্নজ্য। তাই তৈল বর্জন করা উচিত '' কারও কারও মতে এই 'হত' লক্ষের ছারা 'সম্মান প্রত' বোঝান হয়েছে। আর্ত রঘুনদ্দন ভট্টাচার্য তারে *তিবিতক্ত প্রছে লিগেছেন*—

> कृषक मार्यभर रेजनर यरेजनर भूग्नवामित्रम् । ध्यमुकेर भक्तेष्टमक रेजनाकारम् । निजानाः ॥

অর্থাৎ যৃত, সার্যপ তৈল, পুল্প তৈল এবং পক্ক তৈল মাগলে গৃহস্থের পক্ষে দোষাবহ হয় না

लाक ३०%

জগন্ধাধে দেহ' তৈল,—দীপ ফেন জ্বলে। তার পরিশ্রম তৈ্ব পরস-সকলে ॥" ১০৯ ॥

হোকাৰ্থ

"এই যেল জগরাখ মনিরে গিয়ে দিয়ে এস যাতে তা দিয়ে জীকসমাধদেবের দীপ জালান হয়। তাহলে এই তেল প্রস্তুত করতে এবং এখানে নিয়ে আসতে জগদানশের যে পরিশ্রম হয়েছে ভা সম্পূর্ণরূপে সঞ্চল হবে।"

শ্লোক ১১০

এই কথা গোবিন জগদানদেরে কহিল। মৌন করি' রহিল পণ্ডিত, কিছু না কহিল। ১১০ ॥

গোবিন্দ শৰ্মন সেকথা জগদানন্দ গণ্ডিতকে জানাকেন, তথন জগদানন্দ পণ্ডিত কিছু না বলে চুপ করে ইইলেন। ্লোক ১১৪] শ্রীটেডনা মহাপ্রভুর সক্তে জ্ঞাদানক পতিতের প্রেমগ্র্ব আচরণ ৫৭৫

(到4 222

দিন দশ গেলে গোবিস্থ জানাইল আরবার। পণ্ডিতের ইচ্ছা,—'তৈল প্রভূ করে অঙ্গীকার'॥ ১১১॥ ধ্যোকার্থ

প্রায় দর্শদিন পর গোনিন্দ আবার মহাপ্রভূকে জানালেন, "জ্ঞাদানন্দ পণ্ডিতের ইচ্ছা আপনি যেন এই ডেল অঙ্গীকার করেন।"

(関) すっつく

গুলি' প্রাড়ু করে কিছু সংক্রোধ বলন । মর্দলিয়া এক রাখ করিতে মর্দন। ১১২ ॥

ঞোকার্থ

সেকবা ওলে প্রতিতন্য মহাপ্রভূ কুন্দ্র হয়ে বললেন, "আমার গা মালিশ করার জন্য এখন একজন মানিয়া রাখ!

হোক ১১৩

এই সুখ লাগি' আমি করিলুঁ সন্থ্যস। আমার 'সর্বনাশ'—জোমা-স্বার 'পরিহাস' মু ১১৩ ॥

तिमकार्थ

"এই সুখ ভোগ করার জনাই কি আমি সর্যাস গ্রহণ করেছি? এই তেল গ্রহণ করলে আমার সর্বনাশ হবে, এবং ভখন ভোমরা সকলে আমাকে পরিহাস করবে.

ভাৎপর্য

প্রীচিতনা মহাপ্রস্থ ছিলেন অত্যন্ত কটোর সন্মাসী। সন্মাসীর পক্ষে কারোর সাহাব্য প্রহণ করা উচিত নয়। এক্ষেত্রে সুগন্ধি তেল মাখাবার জন্য বিলাস পরায়ণ ভোগীদের মতো কিছর তুলা লোক নিযুক্ত করলে বিশেষ সূথের বিষয় হয়,—গ্রীচেতন্য মহাপ্রস্থ এইভাবে শ্রেষ উক্তি করেছিলেন।

(副本 228

পথে বাইতে তৈলগদ্ধ মোর যেই পাবে ৷
'দারী সন্মাসী' করি' আমারে কহিবে ॥ ১১৪ ॥
ভোকার্থ

"আৰি যখন রাস্তা দিরে হেঁটে যাব, তথন আমার গা থেকে এই সুগদ্ধি তেলের গদ্ধ থেয়ে লোকেরা আমাকে বলবে, 'দারী সন্মাস্ট্র' (ক্লী সঙ্গী ভান্তিক সন্মাস্ট্র) " শ্ৰোক ১১৫

শুনি প্রভুর বাকা গোবিন্দ মৌন করিলা । প্রাভ্যকালে জগদানন প্রভু-স্থানে অহিলা ॥ ১১৫ ॥

সেলথা শ্রমে গোনিক চুপ করে রইলেম। পরের দিন সকালবেদা জ্ঞাদানক পঞ্জিত শ্রীটৈকন্য মহাপ্রকর কাছে এলেন।

<u>রোক ১১৬</u>

প্রভূ কহে,—"পণ্ডিত, ভৈল জানিলা গৌড় ইইতে ৷ আমি ড' সন্মাসী,—ভৈল না পারি লইতে ॥ ১১৬ ॥

শ্রীটৈতন্য মহাপ্রাকু জগলানদ পশ্তিককে কললেন, "পশ্তিক, ভূমি গৌড় থেকে কেল নিয়ে এসেছ, কিন্তু আমি তো সন্মাসী, ভাই আমি এই তেল গ্রহণ করতে পারি না।

> লোক >>৭ জগরাথে দেহ' কথা দীপ ফেন জ্বে । ভোমার সকল প্রাম ইইবে সফলে ॥" >১৭ ॥ খেলার্থ

্রতার তেল জগলাথ মন্দিরে দিয়ে এস, যাতে দীপ স্থালান হয়। তাহলে ভোমার সম**র** পরিশ্রম সকল হতে "

শ্লোক ১১৮

পণ্ডিত কহে,—'কে তোমারে কহে মিথাা-বাণী ? আমি গৌড় হৈতে তৈল কড় নাহি আনি ॥' ১১৮ ॥ লোকার্থ

জগদানদ পথিত তখন বললেন, "কে ভোগাকে এ সমস্ত মিখ্যা কৰা বলেছে? আমি কখনও গৌড থেকে ডেন্স নিয়ে আমিনি,"

> প্রোক ১১৯ এত বলি' ঘর হৈতে তৈল-কলস লঞা । প্রভুর আগে আফিনাতে ফেলিলা ভালিয়া ॥ ১১৯ ॥ শোকার্থ

এই বলে জগদানন পণ্ডিও ঘর থেকে সেই তেলের কলসীটি নিয়ে, শ্রীচেওন্য মহাপ্রভূব সামনে আজিনায় সেটি ভেক্সে ফেললেন। ্রাক ১২৪] ব্রীটৈডনা মহাপ্রভুর সঙ্গে জগদানন্দ পরিভের প্রেমপূর্ণ জাচরণ ৫৭৭

শ্রোক ১২০ কৈল ভাঙ্গি' সেই পথে নিজ-ঘর গিয়া । শুইয়া রহিলা ঘরে কগাট খিলিয়া ॥ ১২০ ॥ শোকার্থ

তেলের কলাইটি ছেকে, জগদানত পশ্চিত তাঁর যারে গিয়ে দরলা বন্ধ করে শ্রার নাইলেন।

त्य्रीक ५२५

তৃতীয় দিবসে প্রভূ জীর বারে যাঞা । 'উঠহ' পশ্চিত'—করি' করেন ডাকিয়া ম ১২১ ম

তৃতীয় দিন, স্ক্রিটেডনা মহাপ্রভূ তাঁর মধের সরজার সামনে গিয়ে তাঁকে ভেকে বললেন, "অগদানক পণ্ডিড, মধা করে উঠ।

> প্লোক ১২২ 'আজি ভিকা দিবা আমায় করিয়া রন্ধনে 1 মধ্যাহে আসিৰ, এবে যাই দরশনে 2" ১২২ ॥ প্লোকার্থ

্রাজ ভূমি নিজে রায়া করে **আমাকে ভিকা দেবে। আমি এখন জ**গরাধনেবকে দর্শন করতে বা**জি। পূণ্**রবেশা আমি ফিরে আমব।"

> শ্লোক ১২৩ এক ৰলি' প্ৰভূ গেলা, পশ্ভিত উঠিলা। স্থান করি' নানা ব্যঞ্জন মঞ্জন করিলা ॥ ১২৩ ॥ গোকার্থ

এই বলে প্রীচৈতন্য মহাপ্রভূ চলে গেলেন, এবং তথন জ্বগদানন পরিও উঠে, সাম করে, মানপ্রকার ব্যঞ্জন রক্ষ্য করকেন।

> প্লোক ১২৪ মধ্যাক করিয়া প্রভু অইনা ভোজনে । পাদ প্রকালন করি' দিলেন আসনে ॥ ১২৪ ॥ প্লোকার্থ

বগাহ্ন করে, ইন্টিডেন্য মহাগ্রাড়ু ডোজন করতে এলেন। জগদানক পণ্ডিড ভখন মহাগ্রভুর পাদ প্রকালন করে তাঁকে বসতে জাসন দিলেন। विवा १४

(制本 ) > (企

সমৃত বাল্যন্ন কলাপাতে স্থপ কৈলা। কলার ডোঙ্গা ভরি' বাপ্তান টোদিকে বরিলা ॥ ১২৫ ॥ ellaté.

তিনি খুব সরু চালের অন্ন রালা করেছিলেন, ডা খুতে নিশিয়ে কলা পাতার উপর জ্পাকারে রাখলেন, এবং কলার ডোক্যা ভবে সমস্ত ব্যঞ্জন সেই পাতার চারপাশে हा चेटन व

(関係 5%)

অন্ন-বাঞ্জনোপরি তুলসী-মঞ্জরী । জগদ্বাথের পিঠা-পানা আগে আনে ধরি' 🗈 ১২৬ 🗈

সেঁই আয় এবং ব্যক্সনের উপরে তিনি তুলসী মঞ্জরী রেখেছিলেন, এবং স্বীজগরাথের পিঠা-পানা মহাপ্রফর পাতের সাধ্যম রেখেছিলেন।

(अवि ३३१

প্রড় কহে,—"দ্বিতীয়-পাতে বাড়' আর-বাঞ্জন। তোমায় আমায় আজি একত্র করিব ভোজন 🛚 ১২৭ 🕽

শ্রীটেতন্য মহাপ্রকু বললেন, "আর একটি পাডায় জন-ব্যব্রন বাড়, আন্ত ভূমি আর আরি একসঙ্গে মিলে ভোজন করব।"

শ্রোক ১২৮-১২৯

হস্ত তৃলি' রহেন প্রভু, না করেন ভোজন। তবে পণ্ডিত কহেন কিছু সপ্রেম বচন 🛭 ১২৮ 🗈 "আপনে প্রসাদ লহ, পাছে মুক্তি লইমু। তোমার আগ্রহ আমি কেমনে খণ্ডিমৃ?" ১২৯ ॥

ত্রীচৈতন্য মহাপ্রভু ভোজন না করে হাত শুটিকে বনে মইলেন, তথন জগদানন্দ পশ্চিত গড়ীর প্রেম সহকারে জাঁকে বললেন, "প্রথমে আপনি প্রসাদ নিন, ভারপর আমি প্রসাদ পাব। আপনার অনুরোধ জামি অবহেল; করব না।"

(別を 200-202

ভবে মহাপ্ৰভ সৰ্খে ভোজনে বসিলা । বাপ্তনের স্বাদ পাঞা কহিতে সাগিলা য় ১৩০ য "জোধাবেশের পাকের হয় ঐছে সাদ। এই ড' জানিয়ে তোমায় কৃষ্ণের 'প্রসাদ' ॥ ১৩১ ॥ শ্ৰোকাৰ্থ

তখন শ্রীটোতনা সহজেও মহা সূথে ভোজন করতে বসলেম, এবং ব্যঞ্জনের স্থাদ আহাদন করে তিনি বলতে লাগলেন, "ক্লেখানিষ্ট হয়ে রালা করলেও তোমার রালার এরকম বাদ। ভা খেকে বোঝা বার ভোষার প্রতি শ্রীক্ষের কড কুপা।

শ্ৰোক ১৩১

আপনে খাইবে কৃষ্ণ, তাহার সাগিয়া ৷ তোমার হত্তে পাক করায় উত্তম করিয়া ॥ ১৩২ ॥

"একিক নিজে থাকেন, ভাই ভোমার হাত দিয়ে খুব ভালভাবে ভিনি রামা করান।

প্রোক ১৩৩

ঐছে অমৃত-অর কৃষ্ণে কর সমর্পণ ৷ তোমার ভাগোর সীমা কে করে বর্ণন ?" ১৩৩ ৷৷

প্ৰোকাৰ্থ

"এই রক্তম অনৃত্যন্ত্র অন্ত তুমি জীকুখনে নিবেদন কর। তোমার ভাগ্যের সীমা বে বৰ্ণনা করছে পারে ?"

> (前春 )心田 পণ্ডিত কৰে,—"যে খহিবে, সেই পাককৰ্তা। অমি সব—কেবলমাত্র সামগ্রী-আহর্তা ॥" ১৩৪ ॥ গ্ৰোকাৰ্থ

ভার উত্তরে জ্বালানন্দ পণ্ডিত বললেন, "যিনি খাবেন ডিনিই রামা করেছেন আমি কেবল এই সমস্ত সামগ্রীর আহরণকারী "

> শ্ৰোক ১৩৫ পুনঃ পুনঃ পণ্ডিত নানা ব্যঞ্জন পরিবেশে ৷ ভয়ে কিছু না বলেন প্রভু, খায়েন হবিষে 🛭 ১৩৫ ॥

#### হোকার্ছ

ছাণদানন্দ পশ্চিত বার বার মহাপ্রভূকে নানাপ্রকার ব্যঞ্জন পরিকোন করতে লাগলেন; এবং ভয়ে কিছু না বলে, প্রীটৈডন্য মহাপ্রত সুবে সে সমস্ত খেতে লাগলেন।

(関本 )から

আগ্রহ করিয়া পণ্ডিত করাইলা ভোজন । আর দিন হৈতে ভোজন হৈল দশগুণ 🛽 ১৩৬ 🏗

আগ্রহ করে জগদানৰ পণ্ডিত মহাপ্রভূকে ভোজন করাকেন, এবং মহাপ্রভূ অন্যান্য বিনের থেকে দৰ্শগুণ কেনী ভোজন করলেন।

> (अव ५७१ বার বার প্রভু উঠিতে করেন মন। সেইকালে পণ্ডিত পরিবেশে ব্যপ্তন 🛚 ১৩৭ 🗈 **মোকার্থ**

বার বার বীটেডনা মহাপ্রস্কু উঠতে ইচ্ছা করলেন, কিন্তু তথনই জগনানন্দ পণ্ডিত ওাকে আরও বাঞ্জন পরিবেশন করতে লাগলেন।

(明本 7-09-

বিছু বলিতে নারেন প্রভু, খারেন ভরাসে । না খাইলে জগদানন্দ করিবে উপবাসে 1 ১৩৮ 🗈 গ্রোকার্থ

ব্রীটেডনা মহাপ্রভু কোন রকম প্রতিবাদ না করে, তারে খেরে মাঞ্চিলেন, কেননা তিনি মা খেলে জগদানক আবার উপবাস কয়বেন।

> গ্রোক ১৩৯ তবে প্রভু কহেন করি' বিনয়-সম্মান। 'দলতণ খাওয়াইলা এবে কর সমাধান' IL ১৩৯ IL रहोकार्च

অবশেষে প্রীটেডনা মহাপ্রত জনাননন্দকে সম্মান করে বিনীতভাবে করনেন, "জননানন, তুমি তো আমাকে দশগুণ খাওয়াকে; এখন দল করে ভোমার পরিবেশন বন্ধ কর।"

> (到有 )80 তবে মহাপ্রভু উঠি' কৈলা আচমন । পশুত আনিল, মুখবাস, মাল্য, চন্দন 🛚 ১৪০ 🗈

লোক ১৪৫) ঐতিক্তনা মহাপ্রভার সঙ্গে জনানানন্দ পভিত্তের প্রেমপূর্ণ আচরণ ৫৮১

#### শ্ৰোকাৰ্য

এই বলে উঠে মহাপ্ৰাদ্ধ আচমন করলেন, এবং জ্বাদানৰ পতিত তথন মুখবাস, মালা থাকা চন্দ্ৰন আনভাৰ।

(周) 本 282

हन्स्नामि नका क्षेष्ठ विमा स्मिरे ज्ञारन । 'আমার আধে আজি তমি করহ ভোজনে' ॥ ১৪১ ॥

মালা এবং চন্দন প্রহণ করে, শ্রীটেডনা মহাপ্রভু সেখানে বলে ফালেন, "এখন ডুমি আমার সামনে ভোরান কর।"

> (関本 )83 পণ্ডিত কৰে,—"প্ৰভু বাই' কৰুন বিশ্ৰাম 1 मुँदे, **এटन नाँहेव टामान क**ति' ममाधान ॥ ১६२ ॥ **California**

লাগানৰ পণ্ডিত তখন ওাঁকে বললেন, "প্রাচু, আপনি সিয়ে বিপ্রাম করুন। আমার আরো কিছু আলোজন করার আছে, ডা শেষ করে আসি প্রদাদ গ্রহণ করব।

জৌক ১৪৩

রসূইর কার্য কৈরাছে রামহি, রঘুনাথ ৷ ইঁহা স্বায় দিতে চাহি কিছু ব্যঞ্জন-ভাত ॥" ১৪৩ ॥ টোকার্থ

"রামাই পণ্ডিত এবং রলুনাথ ভট্ট রন্ধনের কাজ করেছেন, ভাই আমি ভালের কিছু অম क्षनः वाक्षम मिरक होहै।"

রোক ১৪৪

প্রভু কংহন,—"গোবিন্দ, তুমি ইঁহাই রহিবা । শণ্ডিত ভোজন কৈলে, আমারে কহিবা <sup>11</sup> ১৪৪ <sup>11</sup>

শ্ৰীটেডনা মহাগ্ৰন্থ ভখন খোবিদ্দকে বললেন, "ভূমি এখানেই থাক। পণ্ডিত ডোজন করলে ভূমি আমাকে সেকগ্য গিরে কলবে i"

> (当)本 286-286 এড কহি' মহাপ্রভু করিলা পমন । সোবিন্দেরে পণ্ডিড কিছু কহেন বচন 1 ১৪৫ 11

"তুমি শীষ্ক থাহ করিতে পাদসম্বাহনে। কহিহ,---'পণ্ডিড এবে বসিল ভোজনে' য় ১৪৬ ॥ শ্রোকার্থ

এই বলে শ্রীটেডন্য মহাশ্রন্থ সেখান থেকে চলে গেলেন, ডখন জগদানত পণ্ডিও গোনিত্রকে বললেন, "ভূমি ডাড়াভাড়ি গিয়ে মহাগ্রন্থর পাদসম্বাহন কর। তাঁকে বল যে 'পণ্ডিত এখন ভোজন করতে বসেছে'।

**্লোক ১**৪৭

তোমারে প্রভুর 'শেষ' রাখিমু ধরিয়া। প্রভু নিস্তা গেলে, তুমি খাইহ আসিরা ॥" ১৪৭ ॥

अस्कार्ध

"আমি ভোগার জন্য মহাপ্রকৃষ ভূকাবশের রেখে দেব। মহাপ্রকৃ নিদ্রা লোলে ভূমি এসে খেব।"

ক্লোক ১৪৮

রামাই, নন্দাই, আর গোকিন, রযুনাথ। সবারে বাঁটিয়া দিলা প্রভুর বাঞ্জন-ভাত ॥ ১৪৮ ॥ যোকার্থ

তারপর জগদানন পশ্চিত রামাই, নদাই, গোবিন্দ এবং রমুনাথ ভট্টকে মহাগ্রভুর অবশিষ্ট অল এবং ব্যঞ্জন বেঁটে দিলেন।

त्यांक >8%

আপনে প্রভূর 'শেষ' করিলা ভোজন। তবে গোবিন্দেরে প্রভূ পাঠাইলা পুনঃ 1 ১৪৯ 1

তিনি নিজেও মহাপ্রভূর ভূকাবলিট্ট ডোজন করলেন। কবন মহাত্রভু গোলিদকে জাবার তার কাছে পাঠালেন

হোক ১৫০

"দেখ,—জগদানন্দ প্রসাধ পায় কি না পায় । শীব্র আসি' সমাচার কহিবে আমায় ॥° ১৫০ ॥ লোকার্থ

মহাপ্রভূ গোবিন্দকে কললেন, "গিয়ে দেখ জন্মান্ত প্রদান পায় কি না। তারপর লীয় এসে আমাকে সে সংবাদ জানাবে " শ্লোক ১৫১ গোরিন্দ আসি' দেখি' কহিল পণ্ডিতের ভোজন ! তবে মহাপ্রভ করিলা স্বচ্ছদে শয়ন ৪ ১৫১ ম

শ্ৰোকাৰ্থ

গোকিদ এসে জগদানত পণ্ডিডকৈ ভোজন করতে দেখে, মহাপ্রভুর কাছে গিয়ে ডা জানাজেন, এবং ভখন মহাপ্রভু শান্তিতে শ্রন করতেন।

**ट्रिक** ३६६

জগদানশ্বে-প্রভূতে প্রেম চলে এইমতে। সত্যভাষা-কৃষ্ণে বৈছে তুমি ভাগবতে ॥ ১৫২ ॥

লোকার্থ

জগদানৰ পথিত এবং শ্ৰীকৈতন্য মহাতত্ত্ব হথ্যে এইভাবে শ্ৰেম বিদিময় হত, ঠিক কেচাৰে শ্ৰীমন্ত্ৰগৰতে কৃষ্ণেৰ সংল সভ্যভাষার প্ৰেম আচরপের কথা বৰ্ণিত হয়েছে।

য়োক ১৫৩

জগদানকের সৌভাগ্যের কে কহিবে সীমা? জগদানকের সৌভাগ্যের তেঁহ সে উপমা ॥ ১৫৩ ॥

ক্লোকাৰ্থ

ল্লধদানক পতিতের সৌভাগ্যের সীমা কে নির্ধারণ করতে পারে? জগদানক পশুভই ল্লখদানকের সৌল্লগ্যের উপসা।

> শ্লোক ১৫৪ জগদানন্দের 'প্রেমবিবর্ড' তদে যেই জন। প্রেমের 'স্বরূপ' জানে, পায় প্রেমধন ৪ ১৫৪ ॥ ভোকার্ড

প্রীচৈতন্য মহাপ্রকৃষ সঙ্গে জগদানন্দ পণ্ডিতের প্রেমের বিবর্ত, অধবা জগদানন্দ পণ্ডিত রচিত 'প্রেমবিবর্ত' বিনি প্রবণ করেন, তিনিই প্রেমের স্বরূপ জানতে পারেন এবং ক্ষপ্রেম্বরূপ মহা সম্পদ লাভ করেন।

ভাৎপর্য

ধিবর্ত শব্দের অর্থ বিপরীতবোধ। এখানে, মনে হ্রা থেন জগদানন্দ পণ্ডিত অভান্ত রুষ্ট হয়েছিলেন, কিন্তু সেই রোম ছিল প্রীচেতনা মহাগ্রভূর প্রতি তার গভীর প্রেমের প্রকাশ প্রেমবিবর্ত জগদানন্দ পণ্ডিত রচিত একটি গ্রন্থ ভাই শ্রীল কৃষ্ণদান কবিরাঞ্জ গোস্বামী এবানে প্রেমবিবর্ত শব্দে শ্রীচৈতনা মহাগ্রভূর সঙ্গে জগদানন্দ পণ্ডিতের প্রেমের বিবর্ত. অথবা প্রেমবিবর্ত গ্রন্থ বৃথিয়েছেন। ফিনি প্রেমবিবর্ত গ্রন্থ অধ্যয়ন করেন অথবা প্রীচৈতন্য মহাগ্রন্থর সহিত জগদানন্দ পতিতের প্রেম-কলহ প্রবণ করেন, উভয়ক্ষেত্রেই, পাঠক ও প্রোগ্যার কৃষ্ণ-প্রেম লাভ হয়।

> রোক ১৫৫ জীরপ-রতুনাথ-পদে যার আশ । তৈতন্যচরিতাম্ত করে কৃষ্ণাস ॥ ১৫৫ ॥ রোকার্থ

বীল রাপ গোসামী এবং শ্রীল রঘুনাথ দাস গোসামীর শ্রীপাদপত্তে আবার প্রথতি নিজেন করে এবং ভাঁদের কৃপা প্রার্থনা করে, ভাঁদের পরাত্ত অনুসরণ-পূর্বক আমি কৃষ্ণমাস ব্রীকৈচন্-চরিতাম্ভ বর্ণনা করছি।

ইতি—'শ্রীচৈতন্য মহাপ্রসূত্র সঙ্গে জগদানন্দ পশুতের প্রেমপূর্ণ আচরণ' বর্ণনাকারী শ্রীচেতন্য-চনিতামৃত গ্রন্থের অন্তালীলার দামশ পনিজেমের ভতিবেদান্ত ভাৎ পর্য।

# জগদানন্দ পণ্ডিতের বৃন্দাবন গমন, মহাপ্রভুর দেব-দাসীর গান শ্রবণ এবং রঘুনাথ ভট্ট গোস্বামীর কৃষ্ণপ্রেম লাভ

শ্রীল ভক্তিবিনেদ ঠাকুর জ্ঞান অমৃত-প্রবাহ ভাষো দ্রয়োদশ পরিচ্ছেদের কথাসারে লিবেছেন "মহাপ্রভূ কলার শরলার শরন করণে ওরি বড় কট্ট হয় বলে জগদানন্দ পণ্ডিত লেপ-বালিশ ইত্যাবি তৈরি করলে মহাপ্রভূ তা অসীকার করলেন না। তথন স্বরূপ দামোদর প্রেয়ামী কলার পেটো চিরে চিরে হে লেপ-বালিশের মতো তৈরি করে দিলেন, তা অনেক আপত্তির সঙ্গে মহাপ্রভূ সীকার করলেন। জগদানন্দ মহাপ্রভূর আজা নিয়ে কুলবনে গিয়ে সনাতন গোখামীর সঙ্গে করবিধ ভক্তি আম্বাদন করলেন মুকুল সরস্বতীর বহির্বাস সম্বন্ধ সনাতন গোখামীর সঙ্গে তার আলোচনা হয় জগদানন্দ যথন জারাথপুরীতে ফিরে যান, তখন তিনি প্রীচৈতন্য মহাপ্রভূবে সনাতন গোখামীর পেওয়া উলহার নিলে ভাতে পিলু কল্ম ভক্তপ্র রহস্য উদিত হয়

এক সময়, প্রতিতন্য মহারাভূ দেবদাসীর গান শ্রবণ করে ভাবাবিট হলেন, এবং গামক যে খ্রীলোক, তা ব জেনে, কাঁটাকন ডেকে মহারাভূ তার দিকে দৌড়াতে থাকেন গোবিদ্দ ভাকে অবরোধ করার, ভিনি 'স্ত্রীলোক'-নাম ওমে গোবিদ্দকে ধন্যবাদ দেন এই ঘটনার থারা শ্রীচেতন্য মহাপ্রভূ সকলকে উপদেশ দেন যে সম্মানী বা বৈক্ষকের পক্ষে স্ত্রীলোকের কর্মো কুমাণীত শ্রবণ করা উচিত নর।

রঘূনাথ ভট্ট গোখানী বখন বারাণসী থেকে জগরাথপুরী যাজিলেন, তখন পথে তাঁর সঙ্গে রামদাস বিশ্বাস পতিতের সাঞ্চাৎ হয় বিশ্বাস পতিতের হন্দমে বিদ্যাগর্থ হেতৃ মুক্তিবাঞ্চ থাকার মহাপ্রভূ তাকে বিশেষ কৃপা করলেন না রঘুনাথ ভট্ট গোখানীর আংশিক জীবনী এই পরিজেদের পেরে সংক্ষেপে কথিত হয়েছে."

# ক্লোক ১

# কৃষ্ণবিজ্ঞেনজাতার্ড্যা কীপে চাপি মনন্তন্ । দধাতে কুলুভাং ডাবৈর্ধস্য ডং গৌরমাশ্রামে ॥ ১ ॥

কৃষ্ণ-বিজ্ঞোল—শ্রীকৃষ্ণের বিরহে, জান্ত—জনিত, আর্ত্তা—আর্তির ফলে, ক্ষীণে—ফীণ এবং দুর্বল, চ—এবং, জপি—ফদিও, ফাঃ—খন, ভন্—দেহ, দখাতে—ধারণ করত, ফুলভায়— রাকুলতা, ভাবৈঃ—ভাবের দারা, দদ্য—খাঁর, ডম্—তাঁকে, গৌরম্—গ্রীচৈতনা মহাপ্রভূকে; আক্রবে—আমি আশ্রর করি।

# অনুবাদ

বাঁর কৃষ্ণ-বিচ্ছেদ-ছনিত আর্ডির ফলে মন ও তনু স্থীণ হলেও ভাবোদমের সময়ে। প্রস্কুল্ল ধারণ করভেন, সেই সৌরচন্ত্রকে আমি আশ্রয় করি।

(취후 22]

শ্লোক ২

জয় জয় শ্রীচৈতনা জয় নিত্যানন । জয়াথৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

শ্লোকার্থ

পর্যেশ্বর ভগবান শ্রীটেডন্য মহাপ্রভূর জয় হোক। শ্রীনিত্যানন্দ প্রভূর জয় হোক। শ্রীঅধ্যৈতচন্দ্রের জয় হোক। জয় হোক সমস্ত সৌরভক্তবৃদ্দের।

শ্লোক ৩

হেনমতে মহাপ্রভু জগদানন্দ-সঙ্গে। নানামতে আশ্বাদয় প্রেমের তরক্ষে॥ ৩॥

**নোকা**র্থ

এইভাবে শ্রীটেডন্য মহাপ্রস্থ জগদানন্দ পণ্ডিতের সঙ্গে, ওদ্ধ-প্রেমের তরঙ্গে, নানাপ্রকার আনন্দ আয়াদন করেছিলেন।

শ্লৌক ৪

কৃষ্ণবিচ্ছেদে দুঃখে ক্ষীণ মন-কায় । ভাবাবেশে প্ৰভু কভু প্ৰফুল্লিভ হয় ॥ ৪ ॥

শ্লোকার্থ

কৃষ্ণ-বিচ্ছেদ-জনিত দুঃবে শ্রীচৈতন্য মহাপ্রভুর মন ও দেহ ক্ষীণ হয়ে গিয়েছিল, কিন্তু ভাবোদয়ের সময় তা প্রফুল্লিভ হত।

শ্লোক ৫

কলার শরলাতে, শয়ন, অতি ক্ষীণ কায় । শরলাতে হাড় লাগে, ব্যথা হয় গায় ॥ ৫ ॥

শ্লোকার্থ

তার শরীয় অত্যন্ত ক্ষীণ হয়ে যাওয়ায় তিনি যখন কলা গাছের বাকলে শয়ন করতেন, তখন তাতে হাড় লেগে তাঁর গায়ে ব্যথা হত।

গ্লোক ৬

দেখি' সব ভক্তগণ মহাদৃংখ পায় । সহিতে নারে জগদানন্দ, সৃজিলা উপায় ॥ ৬ ॥

শ্ৰোকাৰ্থ

খ্রীতৈতন্য মহাপ্রভুর দেহে এইভাবে ব্যথা হতে দেখে ভক্তরা অত্যন্ত দুঃখিত হলেন,

এবং সহাপ্রভুর এই অবস্থা সহ্য করতে ন্য পেরে জগদানন্দ পণ্ডিত একটি উপায় উদ্ভাবন করলেন।

শ্লোক ৭

সৃক্ষু বস্তু আনি' গৈরিক দিয়া রাসাইলা । শিমুলির তুলা দিয়া তাহা প্রাইলা ॥ ৭ ॥

শ্লোকার্থ

পাতলা কাপড় এনে তিনি তা গেরুয়া মাটি দিয়ে রাজালেন, এবং শিমুল তুলা দিয়ে তা পূর্ণ করলেন।

শ্লোক ৮

এক তৃলি-বালিশ গোবিদের হাতে দিলা। 'প্রভুরে শোয়াইহ ইহায়'—তাহারে কহিলা ॥ ৮॥

শ্লোকার্থ

এইভাবে তিনি একটি তোষক এবং একটি বালিশ বানিয়ে তা গোবিন্দের হাতে দিয়ে বললেন, "মহাপ্রভূকে এর উপরে শুতে বলবে।"

শ্লোক ৯

স্বরূপ-গোসাঞিকে কহে জগদানন্দ । 'আজি আপনে যাঞা প্রভুরে করাইহ শয়ন'॥ ৯॥

শ্লোকার্থ

জগদানন্দ পণ্ডিত স্বরূপ দামোদর গোস্বামীকে বললেন, "দয়া করে আজ আপনি নিজে গিয়ে শ্রীচৈতন্য মহাপ্রভূকে এই বিছানার উপর শয়ন করতে অনুরোধ করবেন।"

শ্লোক ১০

শয়নের কালে স্বরূপ তাঁহাই রহিলা । তুলি-বালিশ দেখি' প্রভু ক্রোধাবিস্ট হইলা ॥ ১০ ॥

শ্ৰোকাৰ্থ

মহাপ্রভুর শয়নের সময় স্বরূপ দামোদর সেখানেই রইলেন, কিন্তু শ্রীটেডন্য মহাপ্রভু যখন সেই ভোষক এবং বালিশ দেখলেন তখন তিনি অত্যন্ত ক্রোধাবিষ্ট হলেন।

শ্লোক ১১

গোবিদেরে পৃছেন,—'ইহা করাইল কোন্ জন?' জগদানদের নাম শুনি' সদ্ধোচ হৈল মন ॥ ১১ ॥

(अक् २०)

শ্ৰোকাৰ্য

শ্রীটেডন্য মহাপ্রস্কু ভখন গোবিদ্দকে জিল্লাসা করলেন, "এওলি কে বানিয়েছে?" গোবিদ্দ যখন জগদানক পশ্চিতের নাম করলেন, ডখন মহাপ্রস্কু সনে একটু সক্ষেচ বোধ করলেন

শ্ৰেক ১২

গোবিন্দেরে কহি' সেই ভূলি দূর কৈলা ৷ কলার শরলা-উপর শ্যান করিলা ৷ ১২ ৷৷

টোকার্থ

তিনি তখ্য গোবিদ্ধকে বললেন, সেই ডোবৰ এবং বালিশ সেখান থেকে সরিয়ে নিতে। তারপর তিনি কলার শর্মার উপর শাহন করলেন।

হোক ১৩

স্বরূপ কহে,—'ভোমার ইচ্ছা, কি কহিতে পারি? শয়া উপেক্ষিলে পণ্ডিত দুঃখ পাবে ভারী ম' ১৩ ॥

রোকার্থ

তথন স্বরূপ প্রামোদর মহাপ্রভূতে ফল্লেন, "আমি আপনার ইচ্ছার বিরুদ্ধাচরণ করতে পারি না, কিন্তু আপনি যদি এই শব্যা উপেকা করেন ভাহতে রুগনানন পতিত অভান্ত দুঃশিত হবেন।"

(計本 )8

প্রভু করেন,—"খাট এক আনহ পাড়িতে ৷ জগদানন্দ চাহে আমায় বিষয় ভূঞাইতে ॥ ১৪ ॥

<u>হোকার্</u>

প্রীতৈতনা মহাপ্রতু তখন উত্তর দিলেন, "আমার শোরার জন্য তেমেরা এবন একটা খটি নিয়ে এম। জগদানক আমাকে দিয়ে বিবয় ভোগ করাকে চায়।

(訓本 >化

সন্ন্যাসী-মানুষ আমার ভূমিতে শ্রন। আমারে খটি-তুলি-বালিশ মস্তক-মৃতন।\* ১৫ ॥

প্রোকার্থ

"আমি সন্মাসী তাই আমার ভূমিতে শরন করা কর্তবা। আমি যদি গার্টের উপর ভোষক-বালিশে শয়ন করি, ভাহলে তা অভ্যস্ত চ্চত্তাকর ব্যাপার হবে।" (到本 ) も

স্বরূপ-সোসাঞি আসি' পণ্ডিতে কহিলা । শুনি' জগদানৰ মনে মহাদুঃৰ পহিলা ॥ ১৬ ॥

শ্ৰোকাৰ্থ

ব্যৱস্থ হামোদর গোস্থামী এমে যখন জগদানত পণ্ডিতকে সেকথা বদলেন, তর্থন অগদানত পণ্ডিত অন্তরে অভ্যন্ত দূর্যবিষ্ঠ হলেন।

প্রেক ১৭-১৮

স্বৰূপ-খোসাঞি তবে সৃজিলা প্ৰকার। কদলীর ওছপত্র আনিলা অপার র ১৭ র নথে চিরি' চিরি' ভাচা অভি সৃক্ষ্ কৈলা। প্রকার বহির্বাস গৃইতে সে সব ভবিলা র ১৮ য

রোকার্থ

স্বরূপ দামোদর গোস্কারী তথন একটি উপায় উদ্ধানন করলেন বহু শুকনো কলা পাতা এনে সেগুলি নথ দিয়ে চিত্রে অভ্যন্ত সূত্র্ম করে, মহাপ্রভূত্র দুটি বহির্বাসে সেগুলি ভরলেন।

(関本 29

এইমত দুই কৈলা ওড়ন-পাড়নে । অসীকার কৈলা প্রভু জনেক বতনে ॥ ১৯ ॥

ল্লোকার্থ

এইভাবে স্থরূপ হামোদর একটি ছোবক ও বাগিল তৈরি করলেন, এবং বহু পীড়াপীড়ির পর প্রীতৈকন্য মহাহাত ভা এহণ করলেন।

(बॉर्क २०

তাতে শরন করেন প্রভূ,—দেখি' সবে সুখী। জন্মনানৰ—ভিতরে ক্রোধ বাহিরে মহাদুঃখী য় ২০ য়

শ্লেকাৰ্থ

নীতিতনা মহাপ্রভৃকে সেঁই শব্যার উপর শব্ন করতে দেখে সমস্ত ভক্তরা অভ্যন্ত সুখী হলেন, কিন্তু জগদানক গণ্ডিত অস্তরে অভ্যন্ত কুল্ক হয়েছিলেন এবং বাহিরে অভ্যন্ত দুঃখিত হয়েছিলেন।

লোক কঃ]

ঞ্জোক ২১

পূর্বে জগদানক্ষের ইচ্ছা বৃন্দাবন যাইডে । প্রভু আজ্ঞা লা দেন তাঁরে, না পারে চলিতে ॥ ২১ ॥

হোকার্থ

পূর্বে জগদানন্দ পণ্ডিত যথম বৃন্ধাবনে যেতে চেয়েছিলেন, তখন প্রীতৈতন্য মহাপ্রভু তাঁকে অনুমতি দেমলি, এবং তাই মেতে পারেন নি।

(श्रीक २२

ভিতরের ক্রোথ-দুঃখ প্রকাশ না কৈল। মপুরা ঘটিতে প্রভূ-স্থানে আজা মাণিল ॥ ২২ ॥

শ্ৰোকাৰ্থ

ভার অন্তরের ত্রেশধ এবং দৃঃখ প্রকাশ না করে. তিনি শ্রীচেতনা মহাপ্রকুর কাছে মখুরা গবোর অনুমতি চাইলেন

শ্লোক ২৩

প্রভূ করে,—"মপ্রা নাইবা আমায় ক্লোধ করি'। আমায় দোষ লাগাঞা ভূমি ইইবা ডিখারী 11" ২৩ ॥

য়োকার্থ

গভীর স্নেছে তথান খ্রীটেডনা মহাপ্রভু জাঁকে বলচেনন, "জামার উপর রাগ করে তুমি মথুরায় চলে যাবে। জামাকে দেবে দিয়ে ভূমি ভিখারী হবে।"

গ্লোক ২৪-২৫

জগদানন্দ কহে প্রস্তুর ধরিয়া চরণ ।
"পূর্ব হৈতে ইচ্ছা মোর ঘহিতে বৃদ্দাবন ॥ ২৪ ॥
প্রস্তু-আভা নাই, ভাতে না পারি ঘাইতে ।
এবে আভা দেহ', অবশা ঘাইমু নিশ্চিতে ॥" ২৫ ॥

<u>রোকার্থ</u>

তখন জগদানৰ পণ্ডিত শ্রীটেতন্য মহাপ্রভূত্ত শ্রীপাদপথ জড়িয়ে ধরে বললেন, "দীর্গকান ধরেই আমার কুলাবনে ধ্রের ইচ্ছা। আপনার আদেশ না পাওরায় আমি আগে যেতে পারিনি, এখন আপনি আমাকে অনুমতি দিন, তাহলে আমি নিশ্চিয়ে সেখানে যেতে পারি,"

শ্লোক ২৬

প্ৰভূ প্ৰীতে তার গমন না করেন অঙ্গীকার ৷ তেঁহো প্ৰভূৱ ঠাঞি আজ্ঞা মাগে বার বার ৷৷ ২৬ ৷৷

শ্লোকার্ঘ

জগদানৰ পণ্ডিতের প্রতি প্রীতিবশত শ্রীচৈতন্য মহাপ্রস্থ তাকে যাবার অনুমতি দিলেন না, কিন্তু জনদানত পণ্ডিত বারবার যাওয়ার জন্য তার কাছে অনুমতি চাইতে লাগালেন।

গ্ৰোক ২৭-২৮

শ্বরূপ-সোসাঞিরে গতিত কৈলা নিবেদন ।
"পূর্ব হৈতে কৃদাবন যাইতে মোর মন ॥ ২৭ ॥ প্রজু-আজ্ঞা বিনা তাঁহা ঘাইতে না পারি । এবে আজ্ঞা না দেন মোরে, 'ফ্রোডেং যাহ' বলি ॥ ২৮ ॥

শ্লোকার্ব

ক্ষাগ্রমক পশ্চিত তথ্য দ্বালপ গাহোদর নোস্থামীকে বলকেন, "বছকাল ধরেই আমার ক্ষাগ্রম যাবার ইক্ষা। কিন্তু মহাগ্রকুর আদেশ না পেলে আমি সেখানে যেতে পারি না। আর এখন, আমি উরে উপর রাগ করেছি বলে, তিনি আমাকে যাওয়ার আদেশ হিক্সেন না।

শ্লোক ২৯

সহজেই মোর তাঁহা যাইতে মন হয়। প্রভূ-আহল লঞা দেহ', করিয়ে বিনয় ॥" ২৯ ॥

**এলকার্থ** 

"বাভাবিক ভাবেই আমি বৃদ্যবদে খেতে চাই। তাই আপনি সয়া করে মহাশ্রভুকে গিয়ে বনুন, যেন ভিনি আমাকে বৃদ্যবদে বাধয়ার অনুমতি দেন।"

ক্লোক ৩০-৩১

তবে স্বরূপ-গোসাঞি করে প্রভুর চরণে !
"জগদানন্দের ইচ্ছা বড় ঘাইতে বৃন্দাবনে ॥ ৩০ ॥
তোমার ঠাঞি আজা তেঁহো মাগে বার বার ।
আজা দেহ',—স্থারা দেখি অহিনে একবার ॥ ৩১ ॥

শ্লোকার্থ

ভবন স্থরূপ দামোদর গোস্বামী খ্রীচৈতন্য মহাপ্রভুর চরদে নিবেদন করলেন

ያልዕ

"জগদানসের কুদাবনে যাওয়ার খুব ইচ্ছা। সে বার বার আপনার কাছে অনুমতি চাইছে। দ্যা করে আপনি তাকে অনুমতি দিন কতে সে একবার মধুরা দেখে আসতে পারে।

শ্রীকৈত্ব্য-চরিভামত

শ্ৰেক ৩২

আইরে দেখিতে থৈছে গৌড়দেশে বায় ৷ তৈছে একবার বৃন্ধাবন দেখি' আয় 🖫 ৩২ 🗈

"পটিয়োছাকে দর্শন করার ক্ষম্য লে যেমন সৌদ্ধদেশে বিরেছিল, তেঞ্চাই লে একবার বৃদ্ধবিদ দেখে আস্ক।"

শ্ৰোক ৩৩

বরূপ-গোসাঞির বোলে প্রভু আজা দিলা ৷ জগদানন্দে বোলাঞা তাঁরে লিখাইলা 🛭 ৩৩ 🗈

खोकार्थ

স্থরূপ দামোদরের অনুরোধে, এটিচতন্য মহাত্রকু জগদানক পতিককে বাওয়ার অনুমতি দিলেন। স্থানানলকে ভাকিয়ে এনে ডিমি ভাঁকে উপদেশ দিলেন।

শ্ৰোক ও৪

"বারাপদী পর্যন্ত বচ্ছদে ঘটকা পথে। আগে সাবধানে যাইবা ক্ষুদ্রিয়াদি-সাথে 🛭 তর 🗈

"বারাণনী পর্যন্ত তুমি কলনে যেতে পারবে, কিন্তু তারণর পুর সাবধানে, করিরদের সঙ্গে যেও।

ভাৎপর্য

বারাণসী থেকে বৃন্ধাবনে যাওয়ার পথ ছিল নস্যু-ভঞ্চরে পূর্ণ, এবং তাঁই ক্ষরিয়র। পথিকদের দস্যু-ভঞ্জনদেব উপপ্রব থেকে স্থক্ষা করে সঙ্গে করে নিয়ে বেছেন।

গোক তথ

কেবল গৌডিয়া পাইলে 'বটিপাড' করি' বাজে । সব লুটি' বাঁধি' রাখে, যাইতে বিরোধে 1 ৩৫ 1

শ্ৰোকাৰ্থ

"সেই সমস্ত দস্য তক্ষরেরা বাদ্বালী পথিককে একলা পোলে ভার সর্বস্থ লুট করে নিয়ে তাকে বেঁথে রাখে এবং যেতে দের না

ভাহপর্য

ৰাঙালীরা সাধারণত ক্ষীণকায় ও দুর্বল। তাই বাঙালী পথিককে একলা পেলে পথের পসারা ভাদের সর্বস্ব কেড়ে নিয়ে ভাদের জাটকে রাখন্ড করেও করেও মতে, সেই পথের দসূরা বাঙ্ডালীদের অত্যন্ত বৃদ্ধিমান জেনে, ডাদের দিয়ে বৃদ্ধিজীবীর কাজ করাত কিন্তু ছেন্ডে দিত না।

হোক ৩৬

মথুরা গেলে সনাতন-সঙ্গেই রহিবা । मध्तांत स्प्री-सरवत हत्व विभिन्न ॥ ७७ ॥

লোকার্থ

"মধুরার গিয়ে ভূমি সমাতন গোহামীর সঙ্গে থেক, এবং নেতৃছামীয় মধুরাবাসী ডক্ডদের চরণ কম্মনা কর।

শ্ৰোক ৩৭

प्रत त्रहि' **७क्टि कति**इ मरक मा तरिवा । ঠা-স্বার আচার-চেষ্টা লইতে নারিবা 🛚 ৩৭ 🎚

লোকার্থ

'পুর খেকে ঠালের ভক্তি কর, এবং জানের সঙ্গে ঘনিষ্ঠভাবে যেদায়েশা কর দা, এবং ঠানের আচার-আচরবৈর অনুকরণ করার চেটা কর নাঃ

ভাৰপর্য

কুদ্যকের এবং মধুরার অধিবাসীরা শুদ্ধ বাংসল্যরসে শ্রীকৃকের প্রতি ভক্তিপরায়ণ, এবং তাদের ভাব শার্ভ ব্রাঞ্চন মডের বিরোধী। ঐত্বর্যভাবরত কৃষ্ণভক্তরা রাগ-মার্গীয় মথুরা এবং বৃন্ধাবনবাসীর বাৎসলা শ্রেম বৃথতে পারেন না। বিধি-মার্গের ভক্তবা রাগা-মার্গীয় ভক্তেৰ আচার-আচরণ বৃষতে পারেন না। তাই প্রীচেতন্য মহাপ্রভূ জগদানন পণ্ডিতকে রাগ-মার্গীয় ভক্ত ব্রঞ্জবাসীদের থেকে দূরে থাকার উপদেশ দিয়েছিলেন, যাতে ডিনি গোদের প্রতি অধ্যন্ত্র পরায়ণ না হন।

ল্লোক ৩৮

সনাতন-সঞ্চে করিছ বন দরশন 1 সনাতনের সঙ্গ না ছাড়িবা এককণ 11 ৩৮ 🗓

শ্ৰোকাৰ্থ

"সনাতনের সঙ্গে হাদশ বন দর্শন কর, এবং ক্ষণিকের জন্যও তাঁর সঙ্গ ত্যাগ करवा ना।

ল্লেক ৩৮]

শ্ৰোক ৩১

শীত্র আসিহ, ভাঁহা না রহিহ চিরকান । গোবর্ধনে না চড়িহ দেখিতে 'গোপাল' ॥ ৬৯ ॥

ল্লেকার্থ

"সেখানে বেলিদিন থেক না। ডাড়াডাড়ি ফিরে এস। আর গোপালকে দর্শন করার জন্য গোবর্থন পর্বতে চড়ুমা,

**ভাহপর্য** 

অমৃত-প্রবাহ ভাষে। শ্রীন্ধ ভজিবিনেক ঠাকুর বলেছেন অধিক দিন এজে থাকলে বজবাসীদের দোষানি দর্শন করে হাজা কয় হয়। তাই ফরা রাগমার্গ প্রাপ্ত হন নি, তাদের প্রথম বাস করা উচিত নয়। বজা দর্শন করে শীন্ত চলে আসাই ভাল। শ্রীগোপাল দর্শনের আন্য গোবর্ধন পর্বতে চড়া উচিত নয়। কেননা গোবর্ধন সাক্ষাৎ ভগবানেরই মূর্তি। তাই তার উপর চড়া উচিত নয়। গোপাল কর্মন অন্য আশ্রমে বান, সে সময় তাঁকে দর্শন করেই ভাল।

(副本 80

আমিই আসিতেছি,—কহিই সন্যতনে । আমার তরে একস্থান যেন করে বুলাবনে 1° ৪০ গ্র

লোকাৰ্থ

"সমাতমকে বল যে আমিও শীমই বৃন্ধাবনে থাকি। সে যেন আমার জন্য কৃষাবনে একটি জায়াগার ব্যবস্থা করে রাখে।"

(銀)本 82

এত বলি' জগদানশে কৈলা আলিকন ৷ জগদানন্দ চলিলা প্রভুর বনিয়া চরণ ॥ ৪১ ॥

য়োকার্থ

এই বলে গ্রীটেডন্য মহাপ্রভু জগদানন পণ্ডিতবে আধিক্ষ করলেন, এবং জগদানৰ পণ্ডিত মহাপ্রভুর শ্রীপাদপক্ষ বদনা করে কুদাবন অভিমূখে যাত্রা করলেন।

জোক ৪২

সৰ ভক্তগণ-ঠাঞি আজ্ঞা মাগিলা ৷ বনপথে চলি' চলি' বারাণদী আইলা ॥ ৪২ ॥

**্ৰোকা**ৰ্থ

সমস্ত ভক্তদের আদেশ নিয়ে জগদানন্দ শণ্ডিত কৃষ্ণকনের অভিমূখে চললেন। বনপথ দিয়ে তমণ করতে করতে তিনি হারাখনীতে উপস্থিত হলেন। (副年 80

ভপনমিশ্র, চন্দ্রশেধর,—দোঁহারে মিলিলা । তার ঠাঞি প্রভুর কথা সকলই শুনিলা ॥ ৪৩ ॥

জ্ঞানান্দ পণ্ডিতের বৃন্দাবন প্রমন

শ্লেকাৰ্

ভিনি বারাণমীতে ভগন মিশ্র ও চন্দ্রশেষরের সঙ্গে সাক্ষাৎ করলেন। ভারা ভার কাছে শ্রীচৈত্ন্য মহাপ্রভুর সমস্ত কথা ওললেন।

**রোক ৪৪** 

সপ্রাতে আসি' মিলিলা সনাতনে । দুইজনের সজে দুঁহে আনন্দিত মনে র ৪৪ ॥

য়োকার্থ

অবশেৰে মধুৰাৰ শৌছে তিনি সনাতম গোন্ধামীৰ সঙ্গে মিলিড হলেন, এবং তাঁরা দুজনে প্রশাৰের সঙ্গ লাভ কৰে অভ্যন্ত আনন্দিত হলেন।

(関本 80

সনাতন করাইলা তাঁরে হাদশ বন সরশন। গোকুলে রহিলা দুঁহে দেখি' মহাবন র ৪৫ ॥

গ্ৰোকাৰ্থ

সনাতন খ্যোত্মামী উয়কে স্বাদশ বন দৰ্শন ক্ষয়েলেন, এবং মহাবন দৰ্শন করে তাঁরা দূজনে গোস্থাল রইলেন।

গোক ৪৬

সনাতনের শোষ্ণাতে দুর্বে রব্হে একঠাঞি ! পশ্তিত পাক করেন দেবালয়ে মইি ম ৪৬ ॥

য়োকার্থ

ভারা দুজনে সনাতন স্মোদামীর শুহার রইলেদ। কিছু জগ্যনানক পণ্ডিত নিকটবর্তী মন্দিরে বিজে নিজের জনা বন্ধন করখেন।

শ্লোক ৪৭

সনাতন ডিকা করেন যাই' মহাবনে । কড় দেবালয়ে, কড় রাহ্মণ-সদনে ॥ ৪৭ ॥

প্ৰোকাৰ্থ

সনাতন গোলামী মহাৰূনে গিয়ে যারে যারে ভিকা করতেন। কখনও তিনি দেবালয়ে ভিকা করতেই আবার কখনও রাজ্যগের গৃহে ভিকা করতেন।

মোক ৫৮]

শ্লোক ৪৮

সনাতন পণ্ডিতের করে সমাধান । মহাবনে দেন আনি' মাগি' অল্ল-পান ॥ ৪৮ ॥

শ্ৰোকাৰ্থ

জগদানন্দ পণ্ডিতের যা যা দরকার হত তা সব সনাতন গোস্বামী যোগাড় করে দিতেন। মহাবনে ভিকা করে তিনি জগদানন্দ পণ্ডিতের জন্য অন্ন এবং পানীয় এনে দিতেন।

শ্লোক ৪৯

একদিন সনাতনে পশুত নিমন্ত্রিলা। নিত্যকৃত্য করি' তেঁহ পাক চড়াইলা ॥ ৪৯ ॥

হোকার্থ

একদিন জগদানন্দ পণ্ডিত সনাতন গোসামীকে নিমন্ত্রণ করলেন, এবং তাঁর নিত্য-কৃত্য সমাপন করে তিনি রাল্লা করতে শুক্ত কর্মেন।

स्रोंक ৫०

'মুকুন্দ সরস্বতী' নাম সন্ম্যাসী-মহাজনে। এক ৰহিৰ্বাস ভেঁহো দিল সনাতনে ॥ ৫০ ॥

শ্লোকার্থ

পূর্বে, মুকুদ সরস্বতী নামক এক মহান সন্থাসী সনাতন গোস্বামীকে ওার বহির্বাস দিয়েছিলেন।

(श्रीक ७)

সনাতন সেই বস্ত্র মস্তকে বান্ধিয়া ৷
জগদানন্দের বাসা-দ্বারে বসিলা আসিয়া ॥ ৫১ ॥

গ্লোকার্থ

সেই বস্ত্র মস্তকে বেঁধে সনাতন গোস্বামী জগদানন্দ পণ্ডিতের বাসস্থানের ছারে এসে বসলেন।

শ্লোক ৫২-৫৩

রাতৃল বস্ত্র দেখি' পণ্ডিত প্রেমাবিস্ট হইলা।

'মহাপ্রভুর প্রসাদ' জানি' তাঁহারে পুছিলা ॥ ৫২ ॥

'কাহাঁ পাইলা ভূমি এই রাতৃল বসন?"

'মুকৃন্দ-সরস্বতী' দিল,—কহে সনাতন ॥ ৫৩ ॥

গ্লোকার্থ

সেই গৈরিক বস্তুটি শ্রীটেডন্য মহাপ্রভূর প্রসাদ বলে মনে করে জগদানন্দ পণ্ডিত প্রেমাবিষ্ট হয়ে সনাতন গোস্থামীকে জিব্রাসা করলেন, "তুমি এই রাতৃল বসন কোথায় পেলে?" সনাতন গোস্থামী উত্তর দিলেন যে, মুকুন্দ সরস্বতী তাঁকে সেটি দিয়েছেন।

গ্লোক ৫৪

শুনি' পণ্ডিতের মনে ক্রোথ উপজিল। ভাতের হাণ্ডি হাতে লঞা মারিতে আইল। ৫৪ ॥

**হোকা**র্থ

তা শুনে জগদানন্দ পশ্ভিত অভ্যন্ত কুদ্ধ হলেন এবং ভাতের হাঁড়ি হাতে নিয়ে সনাতন গোসামীকে মারতে এলেন।

শ্লোক ৫৫-৫৬

সনাতন তাঁরে জানি' লজ্জিত হইলা । বলিতে লাগিলা পণ্ডিত হাণ্ডি চুলাতে ধরিলা ॥ ৫৫ ॥ "তুমি মহাপ্রভুর হও পার্ষদ-প্রধান । তোমা-সম মহাপ্রভুর প্রিয় নাহি আন ॥ ৫৬ ॥

**হোকার্থ** 

সনাতন গোস্বামী জগদানত্ব পণ্ডিত্রকে খুব ভালভাবে জানতেন, তাই কেন তিনি এইজাবে জুল্ক হয়েছেন তা বুনতে পোরে তিনি লজ্জিভ হলেন; এবং জগদানত্ব পণ্ডিত ভাতের হাঁড়ি চুলার উপরে রেখে বলতে লাগলেন, "তুমি মহাপ্রভুর পার্নদদের মধ্যে প্রধান। ডোমার মতো মহাপ্রভুর প্রিয় আর কেউ নেই।

শ্লোক ৫৭

অন্য সন্যাসীর বন্ধ তুমি ধর শিরে । কোন্ ঐছে হয়,—ইহা পারে সহিবারে?" ৫৭ ॥

শ্লোকার্থ

"আর তুমি অন্য সন্মাসীর বস্ত্র শিরে ধারণ করেছ। তোমার এই রকম আচরণ কে সহ্য করতে পারে?"

শ্ৰোক ৫৮

সনাতন কহে—"সাধু পণ্ডিত-মহাশয়! তোমা-সম চৈতন্যের প্রিয় কেহ নয় ॥ ৫৮ ॥ **টোকার্থ** 

সনাতন গোস্থামী বললেন, "জগদানক পণ্ডিত মহাশহ। আপন্থি প্রকৃত সাসু। আপনার মতো প্রিয় জীতৈতন্য মহাপ্রতুহ কার কেউ নয়।

খোক ৫৯

ঐছে চৈতন্যনিষ্ঠা খোগ্য ভোমাতে। তুমি না দেখহিলে ইহা শিখিব কেমতে। ৫৯ ॥

শোকাৰ্

"শ্রীটৈতন্য মহাপ্রতুর প্রতি এই প্রকার নিষ্ঠা আপনারই যোগা। আপনি না দেখালে তা আমি নিখবো কিডাবে?

শ্লোক ৬০

যাহা দেখিবারে বন্ধ মন্তকে বান্ধিল। সেই অপূর্ব প্রেম এই প্রত্যক্ষ দেখিল। ৬০ ॥

त्यांकार्य

"যেই প্রেম নর্শন করার জন্য আমি বস্ত্র মন্তবেদ বেঁধেছি, সেঁই অপূর্ব প্রেম আমি প্রভাক দর্শন করলাম

(対す も)

রক্তবন্ধ 'বৈঞ্চবের' পরিতে না বুয়ায় । কোন প্রবাসীয়ে দিমু, কি কাষ উহায়? ৬১ ॥

<u>ক্লোকার্থ</u>

"বৈষ্ণাবের গৈরিক বসন পরা উচিত সহ; তাই ভা দিয়ে আমার কোন কাজ নেই। এটি আমি কোন প্রবাসীকে দিয়ে দেব।"

# ভাৎপর্য

এই ঘটনাটি সম্পর্কে শ্রীল ভড়িসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর মন্তব্য করেছেন—'বৈশ্ববন্যণ পরমহসে ও অফিঞ্চন, সূতরাং বৈধ সন্মাসীদের পরিধের গৈরিক বসন পরিধান করে তাদের স্থীয় পারমহস্যোশ্রম নির্দেশ বা প্রদর্শন করতে হয় না। বিশেষত, অদ্বিতীয় পরমেশ্বর শ্রীগৌরহরি এক দণ্ডীর বেশ স্থীকার করায়, তার পদাশ্রিত কিন্তরের তার দাস অভিমানে অপ্রাকৃত চিৎ-বিলাস ভেদ-বৃদ্ধিতে বেশ গ্রহণ করার কিন্তরে তার মতো ব্যবহার করা যোগ্য বা বিধের বলে মনে করেন না, সন্মান্য গ্রহণ করে প্রমন্থপে বিশ্বর আসনে অধিকিত হবার অযোগ্য জানে অনেক সময় দৈন্য জাপন উদ্দেশ্যে তক্ত-বৈশ্বরের জ্যোগ্য সন্মাস

আশ্রমেটিত গৈরিক বসন্দি পরেও থাকেন। সন্তেন গোস্বামী পর্মচ্(সের পোষাক গ্রহণ করেছিলেন, সূতরাং মন্তকে থৈরিক বস্তু বাঁধা ভার উচিত হয়নি। তথাপি, একজন বৈশ্বন সন্ত্যাসীর পরমহংসের কেশ অনুকরণ করে নিজেকে উপযুক্ত মনে করা উচিত নর। শ্রীটেভনা মহারাভু বে আর্কে স্থাপন করে গেছেন (ফুলারালি সূনীটেন) একজন নিজেকে অভ্যন্ত নীচ মনে করা উচিত, কিছা পরমহংস গুরের বৈশ্বন হিসাবে যনে করা উচিত নর। শ্রহভাবে গরমহংস গুরের নীচে তার অবস্থান মনে করে একজন বৈশ্বন করাও করনও করনও সম্রাস আন্তম গ্রহণ করেন। এইটি গ্রীল অন্ধিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরের নির্দেশ।

প্লোক ৬২ পাক করি' জগদানম চৈতন্যে সমর্শিলা ! ঘৃঁইজেন ৰসি' ডবে প্রমাদ পাইলা ৪ ৬২ %

द्यादगर्भ

রন্ধন করে জগদানক পশ্চিক জা জীতিকস্য মহাপ্রাকৃতি নিবেদন করলেন। ভারপর তাঁরা দলানে একসন্দে বনে প্রানাধ পোলেন।

> প্লোক ৬৩ প্ৰসাদ পাই অন্যোগন্য কৈলা আলিকন । চৈতনাবিরহে দুঁহে করিলা ক্রন্সন ॥ ৬৩ ॥

> > গ্ৰোকাৰ্থ

প্রসাম পেরে উরো দূজনে পরস্পরকে আদিদন করলেন, এবং শ্রীচৈতন্য মহাপ্রকুর বিরহে দূজনে বস্পন করশেন।

> প্লোক ৬৪ এইমত মাস দুই রহিলা কৃষ্ণাবনে । চৈতন্যবিরহ-দুঃখ না ধায় সহনে ॥ ৬৪ ॥

> > লোকার্য

এইভাবে জ্ঞানান্দ পণ্ডিত এবং সনাতন গোস্বামী একসঙ্গে প্রায় দুমাস বৃদ্ধাবনে রইলেন। অবশেষে প্রীচেডন্য মহাপ্রভুর বিরহ-জনিত দুংগ ভাঁদের পঞ্চে অসহ্য হয়ে উঠল

> শ্লোক ৬৫ মহাপ্রভূর সন্দেশ কহিলা সনাতনে । 'আমিহ আসিতেছি, রহিতে করিহ একস্থানে' ॥ ৬৫ ॥

(2014 98]

হোকার্থ

জগদানন্দ পণ্ডিত সমাতন গোস্বামীকে বলজেন যে, প্রীচৈতনা মহাপ্রতু তাঁকে বলতে বলেছেন, "আমি শীঘ্রই কুনাবনে আসন্থি আমার থাকার একটি জানগার ব্যবস্থা কর।"

(湖南 66

জগদানন্দ-পণ্ডিত তবে আজ্ঞা মাগিলা। সনাতন প্রভূবে কিছু ভেটবস্ত দিলা ॥ ৬৬ ॥

क्षाकार्थ

তারপর জগদানন্দ পশ্চিত জগদাধপুরীতে নিরে ফারার জন্য সন্তব্ন গোরামীর আন্দেশ চাইলেন, এবং সনাতন গোল্লামী শ্রীটেজন্য মহাপ্রভূতে নেওয়ার জন্য কিছু উপহার ভাকে দিলেন

শ্লোক ৬৭

রাসস্থার বালু আর গোবর্থনের শিলা। তদ্ধ পরু পীলুফল আর ওপ্রামালা ॥ ৬৭ ॥

য়োকার্থ

সনাতন গোস্বামী নীটেডন্য মহাপ্রভূকে মেওয়ার জন্য রাসস্থলীর বাল্, গোবর্ধনের শিলা, শুক্রমা পা্রা পীল্ফন এবং ওপ্লামালা জগদান্দ পথিতকে দিলেন।

Same.

গ্লোক ৬৮

জগদানন-পশুত চলিলা সব লঞা ৷ ব্যাকুল হৈলা সনাতন জায়ে বিদায় দিয়া ॥ ৬৮ ॥

য়োকার্থ

সেই সন নিয়ে জগানামন্দ পথিত জগায়াথপুরী অভিমূখে যাত্রা করকেন, এবং ভাঁকে বিদায় দিয়ে সনাতন গোস্থামী অত্যন্ত ব্যাকুল হলেন।

গ্রোক ৬৯

প্রভূর নিমিন্ত একস্থান মনে বিচারিল ৷ ছাদশাদিত্য-টিলায় এক 'মঠ' পাইল ॥ ৬৯ ॥

শ্লোকাৰ্খ

আঁটেডনা মহাপ্রেকুর থাকার জন্য সনাতন গোসামী মনে মনে একটি স্থান ক্রিক করলেন, এবং দ্বাদশাদিত্য-টিলায় ভিনি মঠ গেলেন, শ্ৰোক ৭০

সেই স্থান রাখিলা গোসাঞি সংস্থার করিয়া ৷ মঠের আগে রাখিলা এক ছাউনি বান্ধিয়া ॥ ৭০ ॥

(হ্রাকার্থ

সেই মন্দিরটি সনাতন গোস্থামী বুব জ্ঞানতাবে পরিষ্কার করে রাখালেম, এবং মঠের সামনে একটি ছাউনি বেশ্বৈ রাখালেম।

প্লোক ৭১

শীঘ চলি' নীলাচলে গোলা জগদানক ৷ ভক্ত সহ গোসাঞি হৈলা প্রম আনক ম ৭১ ৷

প্লোকার্য

অচিরেই জনদাসক পথিত নীলাচলে ফিরে সেলেন, এবং তখন স্কক্তরণ সহ ঐতিভন্য মহাপ্রকৃ অত্যন্ত আনন্দিত ইলেন।

লোক ৭২

প্রভুর চরণ বন্দি' সবারে মিলিলা ৷ সহাপ্রভু উারে দৃঢ় আলিজন কৈলা ॥ ৭২ ॥

য়োকার্থ

শ্রীতৈওদ্য মহাত্রতুর শ্রীপাদপল্প রক্ষনা করে জগদানন্দ পশ্রিত সকলের সঙ্গে মিনিত হলেন। তথ্য শ্রীতৈতন্য মহাপ্রস্তু তাঁকে দৃঢ্ভাবে আনিক্সন করন্তের

গ্লোক ৭৩

সনাতনের নামে গণ্ডিত দণ্ডবং কৈলা। রাসস্থলীর ধূলি আদি সব ভেট সিলা ॥ ৭৩ ॥

কোকার্থ

জনদানৰ পণ্ডিত জীটিতনা মহাপ্ৰভূতে সনাতন গোস্বামীর দণ্ডবং স্থানালেন, এবং ঠানো সনাতন গোস্বামীর কেওয়া রামস্থলীর ধূলি আদি উপহারগুলি দিলেন

শ্লোক ৭৪

সৰ দ্ৰব্য রাখিলেন, পীলু দিলেন বাঁটিয়া। 'বৃন্দাৰনের ফল' বলি' খহিলা হাউ হওয় ॥ ৭৪ ॥

গ্ৰোক ৮৩]

বোকার্থ

অন্য সমস্ত উপহারগুলি রেখে ঐতিছত্য মহাগ্রভু পীলু ফল সমস্ত ভক্তদের মধ্যে বেঁটে দিলেন, এবং বৃদ্ধাবনের ফল বলে তারা সকলে সেওলি অভ্যন্ত জানন্দের সঙ্গে খেলেন।

क्षांक १५

বে কেহ জানে, আঁটি চুবিতে লাগিল। যে না জানে গৌড়িয়া পীলু চাবাঞা খাইল ॥ ৭৫ ॥

লাকাৰ

যে সমস্ত ভক্ত পীলু ফল কিন্তাৰে খেতে হয় জানডেন, জাঁরা জাঁটি চুবে চুবে তা খেলেন। খার যে সমস্ত সৌড়িয়া তা জানডেন না খাঁরা পীলু ফল চিবিয়ে চিবিয়ে খেলেন।

শ্লোক ৭৬

মুখে তার ঝাল গেল, জিহু। করে জ্বালা।
বুন্দাবনের 'পীলু' খাইতে এই এক দীলা ॥ ৭৬ ॥

লোকাৰ্

যারা চিবিয়ে শীলু কল খেনেছিলেন তাঁলের মুখে খাল লাগল এবং জিছা ছালা করতে লাগল। বৃন্ধাবনের শীলু ফল খাওয়া নিয়ে প্রীচৈতন্য মহাপ্রভু এইভাবে শীলা করেছিলেন।

গ্রোক ৭৭

জগদানন্দের আগমনে সবার উল্লাস । এইমতে নীলাচলে প্রভুর বিশাস ॥ ৭৭ ॥

য়োকার্থ

জগামানন্দ পণ্ডিত কিয়ে আসায় সকলে অতান্ত আনন্দিত হলেন। এইভাবে জীচতন্দ্র মহাপ্রভূ নীলাচলে ভার জীলা-বিলাস করেছিলেন।

ৱৌক ৭৮

একদিন প্রাভূ যমেশ্বর-টোটা বহিছে ৷ সেইকালে দেবদাসী লাগিলা গাইতে ॥ ৭৮ ॥

প্ৰোকাৰ্থ

একলিন শ্রীটেডলা মহাপ্রভু ২খন মমেশ্রর টোটার দা**ন্ধিলেন, ডগ**ন জগলা**গ** মন্দিরের এক মেবদাসী গান গাইতে শুরু করলেন। গ্রোক ৭৯

ওজরীরাগিণী লঞা সূমধ্র-সরে । 'গীতগোবিন্দ' পদ পায় জগমন হরে ॥ ৭৯ ॥

শ্লোকার্থ

ওর্জরীরাগিণীতে তিনি জন্মংবাসীর মন হরণকারী সূমধুর স্থরে নীডগোবিদের পদ গাইছিলেন।

গ্ৰোক ৮০

দূরে পান শুনি' প্রভূর ইইল আবেশ । স্ত্রী, পরুষ, কে পায়,—না জানে বিশেষ ॥ ৮০ ॥

গ্রোকার্থ

দূর খেকে সেই গান ওলে প্রীকৈতন্য মহাপ্রভূ প্রেমানিষ্ট হলেন পায়ক ট্রী কি পুরুষ সে সম্বন্ধ জার কোন ধারণা ছিল না।

প্রোক ৮১

ভারে মিলিবারে প্রভূ আবেশে খাইলা । পথে 'সিজের বাড়ি' হয়, ফুটিয়া চলিলা ॥ ৮১ ॥

গ্লোকার্থ

ভার সঙ্গে মিনিত হবার আন্য প্রেমাবেশে মহাপ্রভু কাঁটাবন ডেলে ভার দিকে ভুটে

শ্লোক ৮২

অন্তে কাঁটা লাগিল, কিছু না জানিলা! আন্তে-ব্যস্তে গোবিল তাঁর পাছেতে ধাইলা য় ৮২ ॥

ভোকার্থ

ভার সারা গারে কাঁটা লাগল, কিন্তু সে সম্বন্ধে ভার কোন হুঁস ছিল না , তখন দ্রুত প্রতিতে গোকিম ভার পিছন পিছন ছুটবোন!

প্ৰোক ৮৩

ধাঞা বারেন প্রভু, স্ত্রী আছে অস্ত্র দূরে । 'স্ত্রী পায়' বলি' গোবিন্দ প্রভরে কৈলা কোলে ॥ ৮৩ ॥ 60A

# হোকার্থ

খ্রীচৈতন্য মহাপ্রভু অত্যন্ত ড-ড গতিতে ছুটে বাহ্বিলেন, এবা সেই স্ত্রী লোকটি অর একটু দুলে মাত্র ছিল, ঠিক তথন গোবিন্দ 'স্ত্রীলোক এই গান গাইছে' বলে খ্রীচৈতন্য মহাপ্রভুকে জড়িয়ে ধরকোন

# হোক ৮৪

ব্রী-নাম গুনি' প্রাড়র বাহ্য ইইলা । পুনরপি সেই পথে বাহুড়ি' চলিলা ॥ ৮৪ ॥

#### য়োকার্থ

'ব্রী' নাম শোনামার খ্রীটেডন্য মহাপ্রকৃর বাহ্য জ্ঞান হল, এবং শ্রীটেডনা মহাপ্রকৃ তখন সেই পথ ধরে ফিরে গোলেন।

#### ध्यांक ४४

প্রভূ কহে,—"গোৰিন্দ, আজি রাখিলা জীবন । স্ত্রী-পরশ হৈলে আমার ইইত মরণ ৪ ৮৫ ৪

# গ্ৰোকাৰ্থ

শ্রীতৈতন্য সহাপ্রস্কু তথন বললেন, "গোবিল আজ আমার প্রাণ রক্ষ্য করলে। যদি আজ অমি ব্রীলোকের শরীর স্পর্শ করতাম, ভাহলে আমার মৃত্যু হত।

# য়োক ৮৬

এ-ঋণ শোধিতে আমি দারিমু তোমার ।" গোবিন্দ কহে,—'জগরাথ রাখেন মুই কোন ছার'? ৮৬ ॥

# **লোকার্থ**

মহাপ্রভূ বললেন, "গোবিন্দ, তোগার এই ঋণ আমি কোনদিন শোখ করতে পারব না।" তথ্য গোবিন্দ বললেন, "জ্গায়াথদেবই আপনাকে রক্ষা করেছেন। আমি তো কোন্ ছার "

# গ্ৰোক ৮৭

প্রভু করে,—"গোবিন্দ, মোর সঙ্গে রহিবা ৷
বাঁহা ভাঁহা মোব রক্ষায় সাবধান ইইবা ॥" ৮৭ ॥

#### শ্লোকার্থ

শ্রীটেতনা মহাপ্রভূ তথন গোবিদকে বদলেন, "গোবিদ, তুমি সব সময় আমার সঙ্গে থেকোঃ সব সময় তুমি আমাকে সাবধানে বন্ধা কর।"

#### শ্ৰোক ৮৮

এত বলি' লেউটি' প্রভু গেলা নিজ স্থানে । ওলি' মহা-ভয় ইইল স্বরূপাদি-মনে ॥ ৮৮ ॥

#### ্ৰোকাৰ্<u>থ</u>

এই বলে প্রীচৈতন্য সহাপ্রভু ভার বাসস্থানে ফিরে গেলেন সেই ঘটনটির কথা ওমে বরুপ দানোদর প্রমুখ ভক্তদের মনে অত্যন্ত ভয় হল

#### গ্রোক ৮৯

এপা তপনমিশ্র-পূত্র রঘুনাথ-ডট্টাচার্য । প্রভূরে দেখিতে চলিলা ছাড়ি' সর্ব কার্য ॥ ৮৯ ॥

#### গ্ৰেকাৰ্থ

এলিকে, তপন নিশ্ৰের পূত্র রম্বনাথ ভট্টাচার্য, সমস্ত কাজ হেন্ডে শ্রীচৈতন্য মহাপ্রভৃকে দর্শন করতে চললেন।

#### শ্ৰোক ৯০

কাশী হৈতে চলিলা ভেঁহো গৌড়পথ দিয়া। সঙ্গে সেবক চলে ভাঁর ঝালি বহিয়া ৪ ৯০ ॥

#### লোকাৰ্থ

কালী বেকে সৌড়ের পথ ধরে তিনি জগদাধপুরী অভিমূখে চললেন। তার সঙ্গে তার মূলি বহন করে এক সেবক যাছিকেল।

# শ্লোক ৯১

পথে তারে মিলিলা বিশ্বাস-রামদাস 4 বিশ্বাসবানার কারস্থ তেঁহো রাজার বিশ্বাস য় ৯১ য়

# য়োকার্থ

পথে রামদাস বিশ্বাস নামক এক ব্যক্তির সঙ্গে তার সাঞ্চাৎ হল। জাতিতে তিনি ছিলেন কায়পু, এবং তিনি ছিলেন রাজার বিশ্বস্ত হিসাব রক্ষক।

# ভাহপর্য

গৌভেশ্বরের হিসাব কার্যালরকে 'বিশাস খানা' বলা হছু। কায়ন্ত্রাই সেখানে কাজ করতেন, কেননা ভারা রাজার বিশাসী ছিলেন।

# শ্লোক ৯২

मर्नभारम् धरीन, कानाधकाम-अक्षापक । পরসবৈধ্যন, রঘুনাখ-উপাসক ॥ ৯২ ॥ 80%

িবস্তা ১৩

#### শ্লেকার্থ

রামদাস বিশ্বাস ছিলেন সর্বশাল্পে সৃস্থিতি, কান্য প্রকাশের অধ্যাপক এবং রামচন্দ্রের উপাসক পরম বৈক্ষর।

# ভাৎপর্য

'পরম বৈষয়ৰ' শব্দটি সম্বন্ধে মন্তব্য করে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বলেছেন—যিনি হানরে সাযুগ্ধ্য মৃত্যির আকাক্ষা করেন, তিনি শুদ্ধ বৈষ্ণবদের মধ্যে পরিগণিত নন। বস্তুত রমেচন্দ্রের উপাসক হওয়ায় রামদাসকে বৈষ্ণব শ্রার' বলা বয়ে। কিছু সেই সমর শুদ্ধ বৈক্যবের খ্রেণীভেদ করতে অনেকেই অসমর্থ ছিলেন বলে কারণ্ড কুলোকুত রামদাসক জগতে পরম বৈক্ষৰ বলে বিখ্যান্ত ছিলেন।

#### শ্ৰৌক ৯৩

অউপ্রহর রামনাম জপেন রাত্রি-দিনে। সর্ব ভাজি' চলিকা জগলাথ-সরশনে । ৯৩ ॥

#### য়োকার্থ

রামদাস বিশাস সাত্রে ও দিনে অইগ্রহের রামনাম জল করতেন। তিনি স্বকিছু ত্যাগ করে অগমার্থনেকের দর্শন করতে বাহ্নিলেন।

প্ৰোক ৯৪

রমুনাথ-ডটের সনে পথেতে মিলিলা ৷ ডটের ঝালি মাথে করি' বহিয়া চলিলা ৷ ১৪ ৷৷

# ক্লোকাৰ্থ

পথে রম্বাথ ভট্টের সঙ্গে তাঁর মিলস হল, এবং রম্বাথ ভট্টের ঝালি তিনি সাধায় বয়ে সিয়ে চলন্দেন।

(ब्राक ३८

নানা সেবা করি' করে পাদ-সন্থাহন। তাতে রঘুনাথের হয় সঞ্চিত মন ॥ ১৫ ॥

# শ্ৰোকাৰ্থ

রামদাস নানা ভাবে রঘুনাথ ভট্টের সেবা করতেন, এফর্কি ভার পা টিপে দিতেন। ভাতে রঘুনাথ ভট্ট অত্যন্ত সম্কৃতিত বোধ করতেন।

শ্লৌক ৯৬

"তুমি বড় লোক, পণ্ডিড, মহাভাগবত । দেবা না করিহ, মূখে চল মোর মাথ ॥" ৯৬ ॥ শ্ৰোকাৰ্থ

রঘূৰ্যথ ভট্ট ভাঁকে ৰুদকোন, "আপনি সম্রান্ত ব্যক্তি, পণ্ডিত এবং মহা ভাগবত। দয়া করে আপনি আমার দেবা না করে, মূখে আমার মঙ্গে চলুন।

প্রোক ৯৭

রামদাস কহে,—"আমি শৃদ্র অধম! 'ব্রাক্ষণের সেবা',—এই মোর মিজ-ধর্ম য় ৯৭ গ্র

শ্লোকার্থ

রাসদাস উত্তর দিলেদ, "আমি শৃষ্ট, অত্যন্ত অধম জীব। ব্রাক্ষণের সেবা করাই আমার ধর্ম।

শ্ৰোক ৯৮

সক্ষেত্ত না কর ভূমি, আমি—তোমার 'দাস' ৷ তোমার সেবা করিলে হয় স্থানয়ে উল্লাস ॥" ৯৮ ॥

য়োকার্থ

তাই আপনি সংকোচ ৰোধ করকেন মা। জামি আপনার সাস আপনার সেরা ক্যাপে আমার হাদরে আনন্দ হয়।"

শ্লোক ১১

এত ৰলি' ৰালি ৰহেন, করেন সেবনে। রঘুনাথের ভারকমন্ত্র জপেন রাত্রি-দিনে ॥ ১৯ ॥

শ্লোকার্থ

এইভাবে রামদাস রঘুনাথ ভট্টের ঝালি বহন করে মানাভাবে তাঁর সেবা করছে লাগলেন, এবং দিন-রাভ শ্রীরামচন্দ্রের ভারকমন্ত্র জগ করতে লাগলেন।

(関本 200

এইমতে রখুনাথ আইলা নীলাচলে । প্রতুর চরশে যাএল মিলিলা কুতৃহলে ॥ ১০০ ॥

শ্লোকার্থ

এইভাবে রঘুনাথ নীলাচলে এনে উপস্থিত হলেন, এবং মহা আনকে প্রীচৈতন্য মহাপ্রভুর সঙ্গে মিলিড ২য়ে ভার শ্রীপাদপথের পতিত হলেন

হৌক ১০১

দণ্ডপরণাম করি' ভট্ট পড়িলা চরণে । প্রভু 'রঘুনাথ' জানি কৈলা আলিঙ্গনে ॥ ১০১ ॥ গ্ৰোকাৰ্য

প্রীটেডনা বরিভাগত

রযুনাথ ভট্ট দণ্ডবৎ প্রণতি নিবেদন করে শ্রীচৈতন্য মহাপ্রভুর শ্রীপাদপত্তে পতিত হলেন এবং ডাঁকে রযুনাথ ভট্ট বলে জেনে শ্রীচৈতন্য মহাপ্রভু তাঁকে আলিমন করলেন।

শ্লোক ১০২

মিশ্র আর শেখরের দণ্ডবৎ জানহিলা ৷ মহাপ্রস্কু তাঁ-সবার বার্তা পুছিলা ৷৷ ১০২ ৷৷

শ্লোকার্থ

রমুলাথ ডট্ট তর্গন খ্রীটেতন্য মহাপ্রতৃকে তপন মিশ্র এবং চন্তুপেশরের সভবং জালালেন, এবং মহাপ্রস্কু ভাঁদের কুশক সংবাদ জিল্ঞাসা করকেন।

শ্লোক ১০৩

"ভাক হইল আইলা, দেখ 'কমললোচন'। আজি আমার এখা করিবা প্রসদে ভোজন ॥" ১০৩ ॥

গ্ৰোকাৰ্থ

প্রীটেডন। মহাপ্রভু গ্রাকে বললেন, "খুব ভাল হল যে তুমি এখানে এলে। এখন গিয়ে কমলনান জগ্যাখনেকে দর্শন কর আজ তুমি আমার এখানে এসে প্রসাদ ভোকন করতে।"

শ্ৰোক ১০৪

গোবিদ্দেরে কহি' এক বাসা দেওয়াইলা । স্থরূপাদি ভক্তগণ-সনে ফিলাইলা । ১০৪ ॥

**এগকার্থ** 

শ্রীতিছনা মহাপ্রস্কু গোবিন্দকে রখুনাথ ভট্টের জন্য একটি বাসস্থানের বন্দোবস্ত করে দিতে বলবেন, এবং ভারপের তিনি স্বরূপ দামেদর প্রমুখ ভক্তদের সমে ভার পরিচয় করিয়ে দিলেন

(創本 206

এইমত প্রভূ-সঙ্গে রহিলা অন্তমাস । দিনে দিনে প্রভুর কৃপায় বাড়য়ে উল্লাস ॥ ১০৫ ॥

লোকার্থ

এইভাবে রদুনাথ ভট্ট শ্রীটেকন্য মহাপ্রভুর দঙ্গে আটমাস বইলেন, এবং মহাপ্রভুর কৃপার দিনে দিনে ভার অস্তরের অপ্রাকৃত উল্লাস বর্ধিত হতে লাগল।

জগদানৰ গণ্ডিতের বৃন্দাবন গমন

মধ্যে মধ্যে মহাপ্রভূর করেন নিমন্ত্রণ । হর-ভাত করেন, আর বিবিধ ব্যক্তন ॥ ১০৬ ॥

শ্রোক ১০৬

শ্লোকার্য

তিনি মাৰো মাৰো অৱ এবং বিবিধ প্ৰকার ব্যক্তন রন্ধন করে তাঁর ঘৰে ঐতিতল্য মহাপ্রকৃতে নিমন্ত্রণ করতেন।

শ্লোক ১০৭

রমুনাথ-ভট্ট--পাকে অভি সুনিপুণ। যেই রাজে, সেই হয় কামতের সম ॥ ১০৭ ॥

**মোকা**র্থ

রমুনাথ ভট্ট ছিলেন রক্ষরে অভ্যন্ত সূলিপূর্ণ। তিনি যা রক্ষন করতেন, তা অস্তের মতো স্থাদু হত।

(श्रोंक ५०५

পরম সম্বোধে প্রভূ করেন ভোজন ৷ প্রভূর অবশিষ্ট-পরে ভট্টের ভক্ষণ ॥ ১০৮ ॥

গ্লোকার্থ

অপ্রান্ত সম্ভূষ্ট হয়ে সহাপ্রভূ ভোজন করতেন এবং মহাপ্রভূর অবশিষ্ট পাত্র রযুমাথ ভট্ট ভক্ষণ করতেন।

ঝোক ১০৯

রামদাস যদি প্রথম প্রভুরে মিলিলা । মহাপ্রভু অধিক তাঁরে কুপা না করিলা ॥ ১০৯ ॥

লোকাৰ্থ

রামদাস বিদ্যাস থবন প্রথম মহাপ্রকৃর সঙ্গে মিলিড হলেন, মহাপ্রভূ ভাঁকে অধিক বৃষ্পা প্রদর্শন করলেন না।

(副本 220

असरत मूम्क् र्छर्श, विना-गर्वरान् । সর্বচিত ভাতা প্রভু—সর্বজ্ঞ ভগবান্ ॥ ১১০ ॥

শ্ৰোকাৰ্থ

অন্তরে, রামদাস বিশ্বাস ছিলেন নির্বিশেববাদী মুক্তিকামী, এবং ডিনি ডার বিদারে গর্বে অভান্ত গর্বিত ছিলেন। সর্বস্ত ভগবান প্রীচৈতনা মহাপ্রকৃ সকলেরই ফান্য জানতেন, 650

শ্ৰোক ১১১

ৰামদাস কৈলা ভবে নীলাচলে ৰাম । পট্টনায়ক-গোষ্ঠীকে পড়ায় 'কাব্যপ্রকাশ' ম ১১১ ॥

রামদাস বিশ্বাস তথন নীলাচলে বাস করতে লাগলেন, এবং পট্টনায়কের পরিবারকে (ভবানন রায়ের বংশধরদের) কাব্যপ্রকাশ পড়াতে লাগলেন।

(祖母 223

অউমাস রহি' প্রভু ভট্টে বিদায় দিলা : 'विश्राष्ट्र भा कतिष्ट' विल' निरम्ध कतिला ॥ ১১২ ॥

আট মাস পরে, প্রীটেডন্য মহাপ্রভ রঘুনাথ ভটাকে বিদায় দিলেন, এবং তাঁকে বিবাহ ना कराया खेशरहरू जिल्लान।

ভাৎপর্য

রখনাথ ভট্টকে সংসারে অপ্রবিষ্ট অবস্থাতেই কৃষ্ণ-পরায়ণ হতে দেখে গ্রীচেতনা মহাপ্রভূ তাকে দার পরিগ্রহ করে মায়াময় সংসারে প্রবিষ্ট হতে নিষেধ করলেন। যারা তাদের ইফ্রিয়া দমন করতে অক্ষম, ডাদের জন্যই বিবাহের ব্যবস্থা দেওয়া হয়েছে। কিন্তু, রখনাথ ভট্ট গোস্বামী ছিলেন অতি উন্নত কক্ষততে, তাই স্বাভাধিকভাবেই তাঁর ইন্দ্রিয় সুখ-ভোগের কোন বাসনা ছিল না। তাই শ্রীচৈতন্য মহাপ্রফ তাঁকে উপপেশ পিয়েছিলেন সংসার কালে আবদ্ধ না হতে: সাধারণত, পুরুষাডিমানী বিবাহিত ব্যক্তিদের পক্ষে পারমার্থিক চেতুনায় উন্নতি সাধন করা দুধর। বিবাহিত ব্যক্তি স্বাভাবিকভাবেই ভার পরিবারের প্রতি আসক এবং ভোগপরায়ণ। তাই তাদের হরিভক্তির সম্ভাবনা আর।

আৰু ১১৩

'বৃদ্ধ মাতা-পিতার যথৈ করহ সেবন। বৈষ্ণাৰ-পাশ ভাগৰত কর অধ্যয়ন 🛭 ১১৩ 🏗

रहोकार्ध

ন্ত্রীতৈতন্য মহাপ্রকু রখুনাথ ভট্টকে উপদেশ দিলেন, "ঘরে ফিরে গিয়ে তোমার বৃদ্ধ পিতা-মাডার সেবা কর, এবং ভগবন্তন্তবেন্তা শুদ্ধ বৈশ্ববের কাছে শ্রীমন্তান্তবত অধ্যয়ন কর।"

পরমেশ্বর ভগবান প্রীটোতন্য মহাপ্রভু কিভাবে রন্থনাথ ভট্ট গোস্বামীকে প্রীমন্ত্রাগকত অধ্যয়ন করার নির্দেশ দিয়েছিলেন ভা বিচার করে দেখা উচিত। তিনি তাঁকে পেশানারী ভাগবত পাঠক বা বৈয়াকরণিকের কাছে *শ্রীমন্ত্রগরেত* অধ্যয়ন করার উপদেশ দেন নি, ভক্ত ভাগকত বৈষ্ণবের কাছে স্তা অধ্যয়ন করার উপদেশ সিয়েছিলেন . তিনি রঘুনাথ ভট্টবো তার পিতা-মাতার সেশ্র করার উপদেশও দিয়েছিলেন, বেদনা তারা উভয়েই ছিলেন ভগবস্তুন্ত বৈষধ ধিনিই পল্লখার্থিক জীবনে উরতি সাধন করতে চান, তার পক্ষে কৃষ্ণভাক্তর সেবা করার চেষ্টা করা অকন্ত কর্ডবাঃ শেই সমতে শ্রীল নরোত্তম দাস ঠাকুর গেয়েছেন, "ছাড়িয়া বৈজ্ঞাং-সেবা নিজার পাএনছে কেনা" জড়ভোগ পরায়ণ বিষয়ী পিতা-মাডার সেবা করার উপদেশ মহাগ্রন্থ রম্বনাথ ভট্টকে কখনই দেননি কিন্তু যেহেড় তাঁর পিতা-মাতা ছিলেন বৈক্তৰ, তাই শ্রীচৈতন্য মহাশ্রন্থ জাঁদের দেবা করার নির্দেশ দিয়েছিলেন কেউ প্রশ্ন করতে পারেন—"সাধারণ পিতা মাতার সেবা করা উচিত নর কেন !" সেই সম্বদ্ধে श्रीयद्वागवर**छ (७/०/১৮) वना इ**स्म<del>रह</del>---

> ०७म् त जार इक्रांस म म मार्थ भिजा व न माध्यमनी म मा मार । विवर न ७९माच भणिक म मान न মোচয়েদ্বর সমূপেতমৃত্যম্ ॥

"আসর মৃত্যু থেকে যিনি রক্ষা করতে পারেন না, সেই গুরু গুরু নন, সেই গুরুন স্বজন নন, সেই পিডা পিডা নন, সেই জননী জননী মন, সেই দেবতা দেবতা নন এখং সেই গতি গতি না (" স্কল্পের সময় সকলেই স্বাধ্যবিকভাবে পিতা-মাতা লাভ করে, কিন্তু প্রকৃত লিতা-মাতা হঞেনে তারে৷ যারা ভাদের সন্তানধের আসম মৃত্যুর করাল গ্রাস থেকে রক্ষা করতে গারেন। ক্ষান্ডক্ত পিতা-মাতার পক্ষেই কেবল তা সন্তব তাই যে পিতা-মাতা ভাষের সংগ্রনদের কৃষ্ণভাষনার অমৃত প্রধান করতে পারেন না, তাদের প্রকৃত পিতা-নাত। বলে গ্রহণ করা উচিত নয়। *ভাজিবসামৃত সিন্ধু (১/২/২০০)* থেকে উদ্বত পরবর্তী হোকে সাধারণ পিত্য-মাতার সেবা করার নির্মাকতা প্রতিপয় হয়েছে---

> **्रोकिकी दिविकी वाशि या क्रिया क्रिया क्र** इतिस्थानकृतिक मा काग्री छक्तियिक्छा ह

"লৌকিকী ঋণবা বৈদিক—সেই কার্যই করা উচিও—যা কৃষ্ণসেবার অনুকৃল।"

নীময়াগ্রত অধ্যয়ন করা সম্বন্ধে নীটোতন্য মহাপ্রভ অবৈষ্ণ পেশাদারী ভাগরত পাঠকদের পাঠ তনতে সুস্পষ্ট ভাবেই নিষেধ করেছেন। এই সম্পর্কে জীল সনাতন গোস্বামী পথ-পরাপের একটি ক্লোক উল্লেখ করেছেন---

> व्यदेवसक-प्रत्यानशीर्पर शृद्धर इति-कथामुद्धर । लकार देवन कर्डनार मर्ल्याकिसार यथा भग्ना ४

"অবৈক্যধের মুখ থেকে কথনও হরিকখা পর্যন্ত প্রবণ করা উচিত নয়। সেমনা তা সর্পের উন্সিষ্টে দুখের মডো।" আজ্বনাল ভাগবত সপ্তাহ পালন করার একটি নব্য প্রথার প্রচলন হয়েছে, যাতে এক সপ্তাহ ধরে ভাগবত পাঠ হয় এবং যারা ভা পাঠ করেন তারা ভগবত্তক ন্দ্ৰ অংশ্বা আৰুভব্ববেয়া নন। এমন্তি বহু মায়াবাদীও আন্তকাল শ্রীমন্ত্রাগরত পাঠ করেন এবং তাদের পাঠ ওনতে বহ লোকের ভীড় হয়। বহ মায়াবাদী আককান বৃন্ধাবনে শ্রীমন্তাগনত পাঠ ওক করেছেন, এবং যেহেত্ তারা বাকা-কিয়েম করে বাকরণেও মারপঁরতে কদর্থ করে, শ্রীমন্তাগনত ব্যাখ্যা করে, তাই ভোগপরারণ বিষয়ীরা পরমার্থের নামে কৃষ্ণাবনে শিয়ে তাদের পাঠ শোনে শ্রীতেভন মহাপ্রভু লাইছেরে তা নিবে করেছেন। ম্বথানতার সঙ্গে আমাদের বিচার করে দেখতে হবে যে, এই সমন্ত মায়াবাদীরা যেহেত্ শ্রীমন্তাগনতের অর্থ হাদয়লম করতে পারে না, তাই ভাগবত পাঠ করে তারা অন্যের ভববছন মোচন করতে পারেন না পকাতরে, ভগবানের ওছভক্ত সমন্ত জড় বছন থেকে মুক্ত, তার জীবন এবং আচরণ শ্রীমন্তাগরতের মুর্ভ প্রকাশ, ভাই তার কাছে শ্রীমন্তাগরতের মর্থ হাদয়লম করা যায়।

প্রোক ১১৪ পুনরপি একবার আসিহ নীলাচলে 1" এত বলি' কণ্ঠ-মালা দিলা তাঁর গলে ৪ ১১৪ চ

টোকাৰ

জ্ঞীটেতন্য মহাপ্রভূ ভাবে কললেন, "ভাবার ভূমি দীলাচলে এস।" এই বলে ভিনি তাঁর কণ্ঠের মালা রম্নাথ ভট্টের গলার সিলেন।

> শ্লোক ১১৫ আলিকন করি' প্রভূ বিদার তাঁরে দিলা । প্রেমে গর গর ভট্ট কান্দিতে লাগিলা ॥ ১১৫ ॥

> > য়োকার্থ

ভারপর তাঁকে আলিকন করে শ্রীটেডনা মহাপ্রস্থ তাঁকে কিয়ো নিজেন। প্রেমে বিচুক হয়ে, শ্রীটৈডসা মহাপ্রস্থার আলম্ব বিরক্তে, রখুনাথ ভট্ট কাঁদতে লাগলেন।

> শ্লোক ১১৬ স্বরূপ-আদি ভক্ত-ঠাঞি ছাজা মাগিয়া । বারাণসী আইলা ডট্ট প্রভূব জাজা পাঞা ॥ ১১৬ ॥

> > হোকাৰ

শ্রীতৈকনা মহাতাতুর আদেশ নিয়ে, বরুপ দামোদর প্রমুখ ভক্তদের কাছে বিদায় নিয়ে, বযুলাথ ভট্ট বারাপসীতে ফিরে গোলেন।

শ্লৌক ১১৭ চারিবৎসর মধ্যে পিতা-মাতার সেবা কৈলা । বৈষয়ব-পশুভত-ঠাঞি ভাগবন্ত শড়িলা ॥ ১১৭ ॥ ক্ৰোকাৰ্থ

ভাগদা<del>নৰ</del> পণ্ডিতের বৃন্দাবন গৃহন

শ্রীটেডন্য মহাপ্রভুর নির্দেশ অনুসারে রত্মাণ ভট্ট চার বছর তাঁর গৃহে থেকে পিতা-মাজার সেবা করলেন, এবং বৈষ্ণৰ পণ্ডিভের কাছে শ্রীমন্ত্রাণবত পাঠ করলেন

রোক ১১৮

পিতা-মাতা কাশী পাইলে উদাসীন হওৱা। পুনঃ প্রভুর ঠাঞি অহিলা গৃহাদি ছাড়িয়া ॥ ১১৮ ॥

লোকার্য

তারণার জার পিতা-আতার মৃত্যুর পর তিনি গৃহত্যাগ করে উদাসীন হয়ে পুনরায় শ্রীচৈতন্য মহাপ্রকুর কাছে কিরে গোলেন।

(新年 う)か-540

পূর্ববং অউমাস প্রকৃ-পাশ ছিলা । অউমাস রহি' পূলঃ প্রকৃ আজা দিলা ॥ ১১৯ ॥ "আমার আজার, রঘুনাথ, বাহ বৃন্দাবনে । তাঁহা যাঞা রহ রূপ-স্নাতন-স্থানে ॥ ১২০ ॥

ক্লোকাৰ্থ

পূর্বের মতো, রখুনাথ আটমাস শ্রীকৈডন্য মহাপ্রভুর কাছে ছিলেন। ভারপর মহাপ্রভু তাকে আদেশ দিলেন,—"রঘুনাথ, আমার আদেশ অনুসারে ভূমি কৃষ্ণাবনে যাও, এবং সেখানে দিয়ে স্থাপ ও সমাজনের ভল্কাবধানে থাক।

**अंकि ३५३** 

ভাগৰত পড়, সদা লহ কৃষ্ণনাম। অচিয়ে করিবেদ কৃপা কৃষ্ণ ভগবান্ ॥" ১২১ ॥

লোকার্থ

"কুমাবনে সিয়ে শ্রীমন্তাগবত পড় এবং সর্বন্ধণ কৃষ্ণনাম গ্রহণ কর। পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ জচিত্রেই ভোসাকে কৃপা করবেন।"

গ্রোক ১২২

এত বলি' প্রভূ তাঁরে আলিঙ্গন কৈলা । প্রভূর কুপাতে কৃষ্ণপ্রেমে মন্ত হৈলা ॥ ১২২ ॥

শ্ৰোকাৰ্য

এই বলে ঐতিভন্য মহাপ্রভু ভাকে আলিঙ্গন করলেন, এবং তার কৃপায় রঘুনাথ ভট্ট কৃষ্যপ্রেমে মন্ত হলেন। গ্রোক ১২৩

টোন্দ-হাত জগম্বাথের তুলসীর মালা । ছুটা-পান-বিভা মহোৎসবে পাঞাছিলা ॥ ১২৩ ॥

গ্ৰোকাৰ্য

মহোৎসকের সময় শ্রীচৈতনা মহাপ্রভু তোক হাত লগ্ধা অগলাথের ভুলমীর মালা এবং মশলা হাড়া পানের বিড়া পেয়েছিলেন।

(訓本 >48

সেই মালা, ছুটা পান প্রফু তাঁরে দিলা। 'ইউদেব' করি' মালা ধরিয়া রাখিলা ॥ ১২৪ ॥

গ্ৰোকাৰ্থ

সেঁই মালা এবং পাদ গ্রীটেডন্য মহাপ্রকু রমুনাথ ভট্টকে দিয়েছিলেন, এবং রমুনাথ ভট্ট তার আরাধ্য বিগ্রহরূপে সেওলি ভার কাছে রেখেছিলেন।

(関本 ) 34

প্রভূব ঠাঞি আজা কঞা গেলা বৃদাবনে। আখ্রা করিলা আসি' রূপ-সনাতনে ৪ ১২৫ ৪

श्रीकृष

শ্রীতৈতন্য মহাপ্রভূর আদেশ নিয়ে রযুনাথ ভট্ট কৃষ্ণবনে থেলেন এবং শ্রীন স্থাপ গোৰামী বা শ্রীল সনাতম গোস্থামীর আশ্রয়ে রইলেন।

ので シャル

রূপ-গোসাঞির সভার করেন ভাগবত-পঠন । ভাগধত পড়িতে প্রেমে অউলার তাঁর মন ॥ ১২৬ ॥

য়োকাৰ্থ

রূপ গোস্থামীর ফাছে তিনি ভাগবত পাঠ করতে জাগলেন, এবং ভাগবত পাঠ করতে করতে তার মন কৃষ্ণ-প্রেমে উন্মন্ত হল।

শ্রোক ১২৭

অঞ্চ, কম্প, গদ্গদ প্রভুর কৃপাতে । নেত্র কণ্ঠ রোধে বাজ্প, না পারে পড়িতে ॥ ১২৭ ॥

ল্লোকার্থ

প্রীকৈতন্য মহাপ্রভুর কুপার রঘুনাথ ভট্ট অঞ্চ, কম্প, গদ্যাদ বচন আদি ভগবৎ-প্রেম-

জনিত বিকার অনুতৰ করতেব। তাঁর নেত্র অন্ত:পূর্ণ ২৩মায় এবং কণ্ঠ রুদ্ধ হওয়ায় তিনি শ্রীমহাগরত পাঠ করতে পারদেন নাঃ

প্লোক ১২৮

পিকস্থর-কণ্ঠ, তাতে রাগের বিভাগ ৷ একশ্লোক পড়িতে ফিরার তিন-চারি রাগ য় ১২৮ য়

জন্মদানৰ পভিতের বনাবন গমন

শ্ৰোকাৰ্য

ভার কণ্ঠ ছিল কোকিলের মতো মধুর, এবং ভিনি ভিন-চারটি বিভিন্ন রাগে স্থীমন্ত্রগবডের এক একটি শ্লোক পাঠ করডেন। ভাই ভাঁর ভাগবত পাঠ ছিল অভ্যন্ত ফাতিমধুর।

শ্লোক ১২৯

কৃষ্ণের সৌন্দর্য-মাধূর্য ববে পড়ে, ওনে । প্রেমেতে বিহুল ভবে, কিটুই না জানে ॥ ১২৯ ॥

প্ৰোকাৰ্থ

তিনি যখন কৃষ্ণের সৌন্দর্য এবং মাধুর্য পড়ছেন বা শুন্তেন, তখন প্রেমে বিহুল ছয়ে আমুবিশ্বত হতেন।

শ্ৰৌক ১৩০

পোবিন্দ-চরপে কৈলা আত্মসমর্পণ । গোবিন্দ-চরপারবিন্দ—খাঁর প্রাণধন ম ১৩০ ॥

য়োকার্থ

এইভাবে রঘূনাথ ভা ঐপ্রেরিন্দের চরণে আত্মসমর্পণ করলেম গোবিন্দের চরণারবিন্দ ছিল ভার প্রাণখন।

গ্ৰোক ১৩১

নিজ্ঞ শিষ্যে কহি' গোবিদের মন্দির করাইলা । বংশী, মকর, কুগুলাদি 'ভূষণ' করি' দিলা ॥ ১৩১ ॥

**টোকার্থ** 

রকুনাথ ভট্ট তাঁর শিব্যদের নির্দেশ দিয়ে গোবিক্ষজীর মন্দির করিয়েছিলেন, এবং তিনি বংশী, মকর, কুণ্ডল ইত্যাদি গোবিক্ষজীর বহু অলকার করিয়ে দিয়েছিলেন

শ্ৰোক ১৩২

গ্রাম্যবার্তা না তনে, না কহে জিহার । কৃষ্ণকথা-পূজাদিতে অস্তপ্রহর যায় ॥ ১৩২ ॥ বিভা ১৩

### লোকাৰ্ছ

রঘুনাথ ভট্ট কোন রকম জড় জাগতিক কথাবার্তা ভনতেন না বা জিল্পুয় উচ্চারণ করতেন না, কৃষ্ণকথা এবং কৃষ্ণ-পূজায় তার অউগ্রহর অভিবাহিত হত।

শ্লোক ১৩৩

বৈষ্ণবের নিন্য-কর্ম নাছি পাছে কাপে। সবে কৃষ্ণ ভজন করে,—এইমাত্র জানে ॥ ১৩৩ ॥

ক্লোকাৰ্থ

তিনি কখনও বৈষ্ণাবের নিশা কালে শুনডেন না, অথবা বৈশ্ববের অন্যায় আচরণের কথা শুনডেন না। তিনি জানতেন যে সকলেই শীক্তবন ভজন করছেন।

#### ভাংপর্য

রঘুনাথ ভট্ট কথনও বৈশ্ববের হানিকর কোন কার্য করতেন না। অর্থাৎ তিনি কথনও ভগবানের সেরায় অমনোবোগী হতেন না, এবং শুদ্ধ বৈশ্বব আচরণের বিধি নাগন করতেন না। বৈশ্বব আচার্যের কর্তব্য হতে ওার শিব্য এবং অনুগামীদের বৈক্রব-আচরণ বিধি লগেন না করতে দেওয়া তার কর্তব্য, ওার অনুগামীদের নিষ্ঠা সহকারে সমস্ত বৈশ্বব-বিধির অনুসরণ করতে অনুপ্রাণিত করা, যা তাগের অধঃপতন থেকে ককা করে। বৈশ্বব প্রচারক যদিও কথনও করেরে সমালোচনা করতে পারেন, কিন্ত রখুনাথ ভট্ট তার সমালোচনা করতেন না। কোন বৈশ্বব নিন্দলীয় আচরণ করলেও রখুনাথ ভট্ট তার সমালোচনা করতেন না তিনি জানতেন যে সকলেই ক্রেন্য সেরা করছেন। এটিই মহা ভাগবতের শক্ষেণ প্রকৃতপক্ষে, যারা মায়ার দাসত্ব করছেন, উত্তম প্রধিকারীর দৃষ্টিতে তিনিও খ্রীকৃক্তেরই সেরা করছেন, কেননা মায়া প্রীকৃক্তের দাসী। সূতরাং মায়ার সেবা করা হলে পরোক্তাবে শ্রীকৃক্তেরই সেবা করা হয়। তাই বলা হয়েছে—

কেহ মানে, কেহ না মানে, সব ভার দাস । যে না মানে, ভার হয় সেই পাপে নাশ ॥

(क्रेड का बाद क/४४)

শ্লোক ১৩৪

মহাপ্ৰভুৱ দন্ত মালা খননের কালে। প্ৰসাদ-কড়ার-সহ বান্ধি লন গলে॥ ১৩৪॥

প্লোকার্থ

রম্বন্ধে ভট্ট গোস্বামী মখন কৃষ্ণ-শর্প করতেন, তখন তিনি ঐতিহতনা সহাগ্রছর মালা এবং জগলাধনেবের প্রসাম একসঙ্গে বেঁধে গলায় ধারণ করতেন।

জগদানৰ পণ্ডিতের ক্লাবন গমন

(関本 2000

মহাপ্রভূর কৃপায় কৃষ্ণপ্রেম অনর্গল। এই ড' কহিলুঁ ভাতে চৈতন্য-কৃপাফল ॥ ১৩৫ ॥

লোকার্থ

মহাপ্রকৃত্ত কৃপার রম্বাথ তট্ট নিরন্তর কৃষ্ণপ্রেমে মথ ক্রেছিলেন, এইভাবে আমি প্রীচেতশ্য মহাপ্রকৃত্ত কৃপার ফল কর্মন করলাম।

শ্লোক ১৩৬-১৩৭
জলদানকের কহিলুঁ বৃদ্ধাননগমন ।
ভার মধ্যে দেবদাসীর গান-ভাবণ । ১৩৬ ।
মহাপ্রভুর রঘুনাথে কৃপা-প্রেম-ফল ।
গ্রকগরিক্ষেকে তিন কথা কহিলুঁ সকল ॥ ১৩৭ ।

লোকার্থ

ধানদানক পণ্ডিতের স্কাবন পথন, শ্রীতৈওন্য মহাপ্রমুর দেবদাসীর গান প্রবণ, এবং মহাপ্রমুর কৃপায় স্বযুনার কট্টের প্রেমকল লাভ, এই পরিক্ষেদে আমি এই ভিনটি বিবয় কর্ণনা করবাম।

প্লোক ১৩৮

যে এই সকল কথা শুনে প্রদা করি'। তারে কৃষ্ণপ্রেমধন দেন গৌরহরি র ১৩৮ র

প্লোকার্থ

এই সমস্ত বর্গনা যিনি জন্ধা সহকারে শ্রবণ করেন, জাঁকে গৌরহরি প্রীচৈতদা মহাপ্রস্থ সুক্ষপ্রেরখন দান করেন।

শ্ৰোক ১৩৯

শ্রীরূপ-রম্নাথ-পদে যার আশ । চৈতনাচরিতামত করে কৃষ্ফাস ॥ ১৩১ ॥

শ্লোকার্থ

শ্রীল রূপ গোহামী ও শ্রীল সনাতন গোহামীর শ্রীপাদপরে আমার প্রণতি নিবেদন করে, এবং ভাঁদের কৃপা প্রার্থনা করে, ভাঁদের পদান্ধ অনুসরপপূর্বক আমি কৃথকাস শ্রীচৈতন্য-চরিভায়ত বর্ণনা করছি।

देकि—'कलनन्तर पश्चिट्व दृष्णयन गम्म, मराष्ट्रक्त द्वय-मामीव शान ध्वय ध्यर राष्ट्रमाण च्या शासामीव क्याध्यम नाम' वर्षनाकाती श्रीरिक्टना-इतिकामृत शास्त्र व्यक्षानीनात सामापण पत्रिक्तान्त चिक्तरमाख चारणर्थ।

# চতুর্দশ পরিচেছদ

# শ্রীটেতন্য মহাপ্রভুর দিব্যোন্মাদ-ভাব এবং চটক পর্বতকে গিরিগোবর্ধন বলে ভ্রম হওয়ার লীলা

শ্বীল ভক্তিবিনোদ ঠাকুর তাঁর *অমৃত-প্রবাহ ভাষ্যে* চতুর্দশ পরিছেদের কথাসারে লিখেছেন—'এই পরিচেছদে মহাপ্রভুর কৃষ্ণ-বিরহে অধিরাঢ় দিব্যোগাদ প্রলাপ বর্ণিত হয়েছে। বে সমর তিনি গঞ্জ-ভাত্তের পার্শে দাঁড়িয়ে জগলাথ দর্শন করছিলেন, তখন কোন উডিয়া বন্ধা জীলোক তার কাঁধের উলর পা দিয়ে মহা আর্তির সঙ্গে জগরাধদেবকে দর্শন করছিলেন, গোবিশ তখন তাকে নিবারণ করার উদ্যোগ করেন মহাপ্রভু তার প্রশংসা করে মহাপ্রেম প্রকাশ করতে লাগলেন প্রেমের সময় কৃষ্ণপর্ন হয়েছিল, আবার এট বীলোকের বাপের ঘটতেই বাহাদশা হওয়ায়, মহাপ্রস্কু কৃষ্ণ না সেনে জগরাথ, বলদেব मुख्या (मनए० मागरमन) चरश थाश कृष्क मर्मन दातिस्य प्रदायकृत तार्गानय दम्। তাতে নিজেকে তিনি যোগীর সঙ্গে উপমা দিলেন, আর সেই যোগীভাবে কিভাবে বৃদাবনে বাস হক্ষে ভার বর্ণনা করলেন। সধয় সময় প্রসিদ্ধ দশটি দশটি প্রভৃতে উপস্থিত ইতে লাগল। একদিন মহাপ্রভু ভিনবার বন্ধ করে রাত্রে ভিতর প্রকোষ্ঠে ওয়েছিলেন, কিছুগান্ পরে গোবিন্দ ও স্বরূপ দেকেন,—বার সব বন্ধ আছে, কিন্তু মহাপ্রভূ অদৃশ্য তা দেখে স্বরূপাদি ভক্তরণ মহাপ্রভূকে সিংহ্ঝারের উত্তরে অস্থিসন্ধি শিথিলতা প্রযুক্ত মহাদীর্ঘাকার ও অঠেতন অবস্থায় পেলেন; কৃষ্ণ নাম করতে করতে প্রভুব জ্ঞান হলে পুনরায় খরে নিয়ে গেলেন। আবার, কোন সময় ৮টক পর্বতে গোবর্ধন প্রমহণত দৌড়ে যেতে যেতে ভাষ্টিত হরে কনপের নামে মহাপ্রভুর রোমোদ্গম ইত্যাদি মহাভাবযুক্ত একটি দশা দেখা পিয়েছিল। তখন ভক্তর হরিনাম কীর্তন করে তাঁকে শীতল করে গৃহে নিয়ে এসেছিলেন

# (মাক **১**

# कृष्यविराह्मविद्याच्या सनमा वश्या थिया । यम्यद्यक्षश्च भौताञ्चराज्ञनाः कथ्यराङ्थ्नां ॥ » ॥

कृष्य-विषयः — कृष्य-वितरस्य स्टलः, विवास्ता — विद्यातः १८२ः, भनमा— भट्नद बाहाः, वर्ण्या— म्मारस्य बाहाः, विश्वा—-वृश्वितं श्वाः, १९ वर—-एभनः एभनः, वृश्वस्य—स्याप्तरः कर्ताहित्यनः स्वीतानः—-श्वीक्रियना स्थात्रकुः, ७९—-क्वांतः, स्वनाः—स्थिकिरः, कश्वारम् —वर्षिक श्रदार्थः, स्वयुना—-१४वनः।

# অনুবাদ

শ্রীটেডন্য মহাপ্রভূ কৃষ্ণ-বিষেত্তে বিভান্ত হয়ে মন, বৃদ্ধি ও শরীরের হারা যে যে কার্য করেছিলেন, তার কিছু কিছু আমি এখানে বর্ণনা করছি। [অফ্র ১৪

শ্লেক ২

জন্ম জন্ম প্রীতৈতন্য স্বয়ং ভগবান্ । জন্ম জন্ম গৌরচন্দ্র ভক্তগণপ্রাণ ॥ ২ ॥

হোকাৰ্থ

স্ববাং ভগবান জীহৈতন্য মহপ্রেকুর জন্ম! ভত্তের প্রাণস্করণ জীগৌরচক্রের জন্ম!

শ্লোক ত

জয় জয় নিজানন চৈতনা-জীবন । জয়াদৈতাচার্য জয় গৌরপ্রিয়তম ॥ ৩ ॥

গ্ৰোকাৰ্থ

প্রীটেডন্য মহাপ্রতুর স্ক্রীবন বরূপ স্ট্রীমন্নিড্যানন প্রভুর জর । স্ক্রীটেডন্য মহাপ্রভুর প্রিরতম শ্রীক্ষেড আচার্যের জয়।

श्रीक 8

জন স্বরূপ, জীবাসাদি প্রভূতক্তপণ । শক্তি দেহ',—করি ফেন চৈতনাবর্ণন ॥ ৪ ম

গ্রোকার্থ

স্বরূপ দামোদর গোস্থায়ীর জনা। এবং শ্রীবাস আদি গ্রেরভক্তবৃদ্ধের জয়। জাপনার। দনা করে আমারে শক্তি দিন যাতে আদি শ্রীটেডনা মহাপ্রভূম চরিত্র বর্ণনা করতে পারি।

आंक व

প্রভুব বিরহোম্মাদ-ভাব গঞ্জীর। বুঝিতে না পারে কেহ, ক্যাপি হয় 'ধীর' ॥ ৫ ॥

লোকার্থ

প্রীটেডনা মহাপ্রভুর কৃষ্ণ-বিবহ জনিত উত্মাদনা অত্যক্ত গন্তীর। বিদ্যান করিত জারি সেই জাবের মর্ম ক্রমঞ্জন করতে পারে না।

শ্লোক ৬

বুঝিতে না পারি যাহা, বর্ণিতে কে পারে? সেই বুঝে, বর্ণে, তৈতন্য শক্তি দেন যাঁরে ॥ ৬ ॥

শ্লোকার্থ

যা বোষা যায় না তা বৰ্ণনা কে করতে পারে? প্রীচৈতন্য মহাপ্রভু যাঁকে শক্তি দেব তিনিই বুঝাতে পারেন এবং বর্ণনা করতে পারেন। শ্লোক ৭

স্বরূপ-গোসাঞি আর রঘুনাথ-দাস। এই দুইর কড়চাতে এ-লীলা প্রকাশ ॥ ৭ ॥

শ্ৰোকাৰ্থ

স্বৰূপ দামোদৰ গোহামী আৰু রঘুনাথ দাস গোহামীর কড়চায় শ্রীচৈতন্য মহাপ্রভূর এই সমত্ত অপ্রাকৃত দীলা প্রকাশিত হয়েছে।

ভাৎপর্য

শ্রীতিতনা মহারভূত্র কৃষ্ণ-বিজেদ জনিত অপ্রাকৃত অনৌকিছ উদ্যাননা রূড় বিবয়াসক্ত মানুবদের কাছে বোঝা অসম্ভব। কিছ, বর্তমানকালে নদীয়ানাগরী নামক এক প্রকার কণ্ট ভন্তগোষ্টীর উদয় হয়েছে, বারা বিকৃত্রিয়াদেবীর উপাসনার প্রবর্তন করেছেন তা শ্রীতেতনা মহাপ্রভূর বীলা সম্বন্ধে তাদের মূর্যভারই পরিচয় দেয়। গ্রীল ভন্তিসিদ্ধাক্ত মরপ্রতী ঠাকুরের মতে এই ধরনের উপাসনা কছনা-প্রসূত শ্রীতৈতনা মহাপ্রভূর উপাসনার অনা বহু প্রকার পত্নর প্রকৃত্র হয়েছে কিছু ভন্তিবিনাদ ঠাকুর প্রমূখ মহান আচার্যরা সেই সমস্ত অপসম্প্রদায়ের ভালিকা প্রদান করে শ্রীণ ভন্তিবিনাদ ঠাকুর প্রমূখ মহান আচার্যরা ভালিকা প্রদান করে শ্রীণ ভন্তিবিনাদ ঠাকুর নিবেছেন—

আউল, বাউল, কর্তাভনা, নেড়া, দরবেশ, সাঞি। সহজিয়া, সবীভেকী, আর্ড, জাত-গোগাঞি। অতিবাড়ী, চূড়াধারী, গৌরাছ-নাগরী।

স্বৰূপ দাসেনর গোষামী এবং রবুনাথ দাস গোসামী গ্রীচেতন্য মহাপ্রভুর শীলা স্বচক্ষে দর্শন করেছিলেন, এবং তাঁবা তাঁদের কড়চায় সে সমস্ত লীলা লিপিবছ্ন করেছিলেন। তাই, তাঁদের কড়চা কতীত, প্রীচেতনা মহাপ্রভুর কার্যকলাপ হান্যসম করা সম্ভব নয়। থারা প্রীচিতনা মহাপ্রভুর উপাসনায় মতুন নতুন পদ্ম উদ্ভাবন করেছেন তারা অবশ্যই গ্রীচেতনা মহাপ্রভুর তালা হসয়সমে অক্স, বেননা তারা প্রীচিতন্য মহাপ্রভুর তালাহসয়সমে অক্স, বেননা তারা প্রীচিতন্য মহাপ্রভুর তাল্যমন করার প্রকৃত পদ্ম থেকে ব্যক্তিত।

শ্ৰোক ৮

সেকালে এ-দুই রহেন মহাপ্রভুর পাশে। আর সব কড়চা-কর্তা রহেন দ্রদেশে ॥ ৮ ॥

শ্লৌকাৰ্থ

সেই সময়, স্বৰূপ দামোদর এবং বদুনাৰ দাস গোৱামী, এই দুজনই কেবল ঐতিভন্য মহাপ্ৰভুৱ কাছে ছিলেন। অন্য জাৱ ধাঁৱা ঐতিভন্য মহাপ্ৰভুৱ কড়চা রচনা করেছেন, ঠাবা তবন দুরদেশে ছিলেন। প্রীচৈতন্য-চরিভাগত

#### ভাৎপর্য

সক্ষপ দামোদন এবং রঘুনাথ দাস গোস্বোমী ব্যতীত আর অনেকেই ম্রীচৈতনা মহাপ্রভব লীলা তাঁপের কড়চায় লিপিবন্ধ করেছিলেন শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুণ লিখেছেন যে, সে সমস্ত্র কড়চা পাওয়া গোলে জগৎ বাসীর অন্তেক মঙ্গল হত। কিন্তু পরম দর্ভাগোর বিবয় যে, সেই সমস্ত কড়চা আৰুও পাওয়া যায়নি।

শ্ৰোক ৯

कर्ष कर्म कन्छिवं धेरे मुरेखन। সংক্ষেপে বাহুল্যে করেন কড়চা-গ্রন্থন 1 > 1

#### গ্রোকার্থ

এই দুইজন মহাস্থা ( স্থরূপ দামোদর এবং রঘুনাথ দাস গোস্বামী ) ঐতিভঙ্গা মহাপ্রভুর শীলা ক্ষণে ক্ষণে অনুভব করে, কখনও সংক্ষেপে এবং কখনও বিভারিতভাবে ভাঁদের কডচায় লিশিবদ্ধ করেছেন

#### চাংপর্য

আমাদের মনে রাখতে হবে যে স্কর্মণ-সংখ্যাদর গোস্থামী মহাপ্রভুর লীলাসমূহ সংক্রেপে লিপিবন্ধ করেছেন বিদ্ধ রঘুনাথ দাস গোস্বামী বিস্তাবিডভাবে লিপিবন্ধ করেছেন। ভারা व्यक्ष-विश्वात कफ़्तांत्र वाकाद्व व्रक्ता करहाहून, विश्वादिकश्चाद्य श्रष्ट व्यक्ता करहानी।

त्यांक ১०

স্থরূপ—'সূত্রকর্তা', রঘুনাথ—'বৃত্তিকার' । তার বাহুল্য বর্ণি পাঁজি-টীকা-ব্যবহার 🛚 ১০ 🗈

প্রোকার্থ

স্বরূপ দায়েদের গোস্বামী সংক্ষেপে সূত্র লিখেছেন, কিন্তু রম্নাথ লাস গোস্বামী বিস্তারিজভাবে শিখেছেন সেই দুটি বর্ণনাই একটু বাহুল্য করে পাঁজি-চীকার মতো আমি লিখছি।

ভাহপর্য

পাঁজি টীকার অর্থ তুলার মধ্যে বিক্রিয়ে কিছু বৃদ্ধি করে বলা।

(到本 ) )

তাতে বিশ্বাস করি' জন ভাবের বর্ণন ৷ হইবে ভাবের জ্ঞান, পাইবা প্রেমধন 11 ১১ 11

লোকাৰ্য

জীতৈতন্য মহাপ্রভুত্ত দিব্য ভাবের বর্ণনা বিশ্বাস সহকারে শ্রবণ করন্দ, ভাত্তলে ভাব সমতে জ্ঞান লাভ হবে এবং পরিণামে কৃষ্ণপ্রেমরূপ সম্পদ লাভ হবে।

শ্ৰোক ১২

ঞ্জীকৈতনা মহাপ্রভব দিৰোমাদ-ভাব

কৃষ্ণ স্থারায় পেলে, গোপীর যে দশা হৈল। ক্ষরবিক্ষেদে প্রভুৱ সে দলা উপজ্ঞিল ॥ ১২ ॥

শ্ৰোকাৰ্থ

শ্রীকৃষ্ণ কুমাৰন থেকে মধুরায় চলে গেলে গোপীদের যে অবস্থা হয়েছিল, কৃষ্ণ-বিচ্ছেদে প্রীতিভদা মহাপ্রভার সেই অবস্থা হয়েছিল।

(副章 20

উজ্জ্ব-দর্শনে থৈছে রাধার বিলাপ । ক্রমে ক্রমে হৈল প্রভুর সে উন্মাদ-বিলাপ ॥ ১৩ ॥

উত্তৰকে দৰ্শন করে প্রীয়ন্তী রাখ্যরাণী কেন্তাবে বিলাপ করেছিলেন, ক্রমে ক্রমে সেইভাবে আৰিষ্ট হয়ে প্ৰীকৈতন্য মহাপ্ৰকু উন্মাদের মতো বিলাপ করেছিলেন।

(時) 18

সাধিকার ভাবে প্রভুর সদা 'অভিমান'। সেই ভাবে আপনাকে হয় 'রাধা'-জান 11 ১৪ ॥

ঞাকার্থ

শ্ৰীমতী রাধারাপীর ভাবে শ্রীচৈতন্য মহাগ্রভু সেবকান্তিমান ভাবে আবিষ্ট হয়ে তাঁর মনে হত বে ডিনি সমং শ্রীমতী সাধারাকী।

তাংপর্য

অভিমান শব্দের বিশ্লেষণ করে শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরপতী ঠাকুর বলেছেন যে শ্রীচেডন্য মহাপ্রভ নিজেকে শ্রীমতী রাধারাণী বলে মনে করতেন এবং সেইভাবে আবিষ্ট হয়ে সূর্বদা শ্রীক্ষের সেনা করতে প্রস্তুত ছিলেন। শ্রীচেওনা মহাপ্রভু যদিও স্বাং শ্রীকৃষ্ণ, তথাপি তিনি শ্রীমতী বাধারাণীর অঙ্গকান্তি এবং ভাব অবস্থান করেছিলেন তিনি কথনও শ্রীক্ষের অন্নকাত্তি অধ্যা ভাব অবলম্বন করেননি। শ্রীকৃষ্ণ শ্রীমতী রাধারানীর প্রদায় মহিমা আখাদন করতে চেমেছিলেন, দেইটিই তাঁৰ ছ্রীচৈতন্য মহাপ্রভু রূপে আবির্ভৃত হওয়ার মূল কারণ। তাই ওদ্ধ বৈকাবের। শ্রীমতী রাধারাদীর ভাব অবলম্বন করতে প্রীচৈতনা মহাপ্রভকে কবনও বাধরে সৃষ্টি করেন না।

দুর্ভাগ্যকশত, বর্তমান কালে গৌর বিদ্বেষী অবৈক্ষধেরা বিবর্তবৃদ্ধিক্রমে তার আচনিত ও প্রচারিত ভপ্তন-প্রণালীকে উল্টো বুঝিয়ে সেই গৌরসুন্দরকে স্বক্ষপোল কল্পিত 'প্রাকৃত নাগর' নাজিয়ে নিজেনের 'রঙ্গের নদীয়া–নাগরী' করে কৃষ্ণভত্তি থেকে বিচাত হচ্ছে ইটিচতন্য মহারাড় সমাং প্রদর্শন করে গেছেন যে, বিপ্রলম্ভভাবে কৃষ্ণভাতির অনুশীলন করাই ভগবৎ-প্রেম লাভের সৰ চাইতে সহজ উপায়। কিন্তু তা সংস্বেও, কোন কোন বিশ্রসফিন্ট, ঘোষণা করেন যে খ্রীচৈতন্য মহাপ্রভু যেহেতু পরমেশ্বর ভগবান, তাই এই অনুশীলন তার পক্ষে সহজ কিন্তু সাধারণ জীবের পক্ষে কঠিন। তাই জীবেরা মার বেরকম ইজ্ঞা সেইভাবে কৃষের অনুশানন করতে পারেন। এই ধারণাটি নিরাস করে খ্রীচেতনা মহাপ্রভু ব্যবহারিকভাবে দেখিয়ে গেছেন কিভাবে কৃষ্ণ-বিরহে রাধারাণীর ভাব জ্যবলম্বন করে কৃষ্ণপ্রপ্রেম লাভ করা যায়

গ্লোক ১৫

দিৰোত্মাদে ঐতে হয়, কি ইহা বিজ্ঞা? অধিরত্-ভাবে দিৰোত্মাদ-প্রলাপ হয় ॥ ১৫ ॥

ছোকার্থ

এইটিই দিব্য উন্মাদনার অবস্থা, তা বৃশতে অস্বিধা কোঞার? কেউ যখন অধিকঞ্জাবে দিব্য উন্মাদনা অনুভব করেন, তখন তিনি পাগলের মতো প্রদাপ বলেন।

**মৌক** ১৬

একস্য মোহনাখ্যস্য পতিং কামপ্যপেত্ৰঃ । স্থান্তঃ কাপি বৈচিত্ৰী নিৰোত্মান ইতীৰ্বতে । উদ্যূৰ্ণা-চিত্ৰজন্ধানান্তিজ্ঞো বহৰো মতাঃ ॥ ১৬ ॥

এতস্য—এর, মোহন-আধাস্য—মোহন নামক ভাব; গতিম্—গতি; কামণি—অনির্বাচনীয়; উপেম্বাং—প্রাপ্ত হয়ে; অম-আভা—বিপ্রমের মডো; কাণি—কোন; বৈক্তিত্রী—চমংকারিতা; দিবা-উত্মাদ—অপ্রাকৃত উত্মাদনা; ইতি—এইভাবে, ঈর্যতে—কলা হয়, উদ্ভূর্ণা—উদ্মৃণা নামক, চিত্র-জন্ম—চিত্র জন্ম নামক, আদ্যাহ—ইত্যাদি, তং-ভেদাঃ—তার বিভিন্ন ভাব; বহবং—বধ্, মভাঃ—বর্ণিত হয়েছে।

অনুবাদ

"মোহনাখা ভাবের কোন প্রকার গতিক্রমে বিলান্তি হলে 'বৈচিত্রী' নামে দিব্যোগঞ্জনের উদয় হয়। উদ্যুগা ও চিত্রজন্ম ইত্যাদি দিব্যোগ্যাদনার বহু ভেদ বিশেষ।"

ভাৎপর্য

এই শ্লোকটি উচ্চুল-নীলমণি (স্থামীভাব-প্রকরণ, ১৭৪) থেকে উদ্ধৃত।

(学)本 59

একদিন মহাপ্রভু করিয়াছেন শয়ন । কৃষ্ণ রাসলীলা করে, —দেখিলা স্বপন ॥ ১৭ ॥ শ্ৰোকাৰ্থ

ব্রীকৈতন্য মহাপ্রভুৱ দিকোমাদ ভার

একদিন শরনে ঐতিহন্য মহাপ্রভূ স্বপ্ন দেখলেন যে প্রীকৃষ্ণ রাসলীলা করছেন।

স্লোক ১৮

ত্রিভঙ্গ-সূক্ষর-দেহ, মুরলীবদন । পীতাম্বর, বনমালা, মদনমোহন ॥ ১৮ ॥

শ্লোকার্থ

প্রীচৈতনা সহাপ্রভূ দেখলেন শ্রীকৃষের দেহ ক্রিডল সৃষ্ণর, মূখে তার মুরলী, পরনে তার লীত বসন, গলায় বনমালা, তাঁর এই রূপ মন্তন্তও মোহিত করে।

গ্লোক ১৯

মণ্ডলীবজে গোপীগণ করেন নর্তন ৷ মধ্যে রাধা-সহ নাচে প্রজেজনন্দন ৷৷ ১৯ ৷৷

ক্লোকাৰ্থ

মণ্ডলী আকারে খোলিকারা নৃত্য করেছেন, এবং তাঁলের মাঝখানে ইজেন্তনন্দদ শ্রীকৃষ্য শ্রীমতী রাধারাধীর সঙ্গে নাচছেন।

গ্ৰোক ২০

দেখি' প্রভূ সেই রসে আবিষ্ট হৈলা। 'বৃদাবনে কৃষা পাইনু'—এই জান কৈলা য় ২০ ॥

মৌকার্থ

ভা দেৰে, প্রীচেতন্য সহাপ্রকু সেঁই ষধ্র রসে আবিষ্ট হলেন, এবং তাঁর মনে হল, "আমি কুদাবনে প্রকৃষকে শেলার।"

শ্লোক ২১

প্রভূর বিলম্ব দেখি' গোবিদ্দ জাগাইলা । জাগিলে 'মুণ্ন'-জ্ঞান হৈল, প্রভূ দুঃখী হৈলা ॥ ২১ ॥

প্লোকার্থ

মহাপ্রভূর মুম খেকে উঠতে দেরী হচে দেখে গোবিন্দ তাঁকে জাগালেন। জেগে উঠে মহাপ্রভূ যবন বুকতে পরেলেন যে তিনি রখ দেইছিলেন, তবন তিনি দুর্যখিত হলেন

শ্লৌক ২২

(परांचारम निकाक्क) कति' समाशन । काटन याँरे' किना क्षत्रसाथ प्रतमन ॥ २२ ॥

শ্লোক ২৯]

#### ক্লোকাৰ্থ

দেহের অভ্যাস অনুসারে নিত্যকৃত্য সমাপন করে, হথাসময়ে মহাপ্রকু অধ্যাধানেরকে দর্শন করতে গোলেন।

# গ্লোক ২৩

যাবং কাল দর্শন করেন গরুড়ের পাছে। প্রভুর আধো দর্শন করে লোক লাখে লাখে ॥ ২৩ ॥

#### লোকাৰ

যহাপ্রভূ যথম গালড়-স্বার্থের পালে নাঁড়িয়ে শ্রীক্ষসহাথদেবকে দর্শন করছিলেন, তথন তাঁর সামনে লক্ষ্য কোল শ্রীক্ষণদাথদেবকে দর্শন করছিলেন।

# (前本 48

উদ্দিয়া এক স্ত্রী ভীড়ে দর্শন না পাঞা। গরুড়ে চড়ি' দেখে প্রভুর ক্ষত্তে পদ দিয়া ॥ ২৪ ॥

# চোকার্থ

সেই ভীগ্নে শ্রীক্ষাগ্নাথ্যেবকে দর্শন করতে সক্ষম লা হয়ে, এক উড়িয়া শ্রী শ্রীচৈতন্য মহাপ্রভূম কাঁথে পা দিয়ে গক্ষতব্যুদ্ধের উপর চড়ে শ্রীক্ষণরাথ্যেককে দর্শন করছিলেন।

# (ब्रॉक २०

দেখিয়া গোবিদ আত্তে-ব্যস্তে ব্রীকে বর্জিলা । তারে নামাইতে প্রভূ গোবিদে নিষেধিলা ॥ ২৫ ॥

# লোকার্থ

তা দেখে গোৰিক দীয় সেঁই শ্ৰীলোকটিকে সেখান থেকে নামালেন, কিন্তু মহাপ্ৰত্ সেইকণ্য তাঁকে ভিনন্ধার কনলেন।

# ভাৎপর্য

গালড় হতে শ্রীবিশ্বর বাহন তিনি পরম বৈক্ষব। তাই গলড়ক্তত্তে চড়া বা পা দিরে তাঁকে স্পর্ল করা অবশ্যই বৈশ্বব অপরাধ। দেই উড়িয়া শ্রীলোকটি শ্রীচেডনা মহাপ্রভুর কাঁধে পা দেওয়ার ফলেও মহা অপরাধ করেছিল। এই সমস্ত অপরাধ দেখে সোকিছ ভাড়াভাড়ি সেই শ্রীলোকটিকে সেখান খেকে নামিয়েছিলেন।

# শ্ৰোক ২৬

'আদিবস্যা' এই খ্রীরে না কর বর্জন । করুক যথেষ্ট জগমাথ দরশন ॥ ২৬ ॥ শ্ৰেকাৰ্থ ও

প্রতিচতন্য মহাপ্রভূ গোবিদ্দকে বদলেন, "ভূমি বহুদিন আমার সত্নে রয়েছ, ভূমি আমার মনোতাৰ জান, সূভরাং এইভাবে স্ত্রীলোকটিকে গরুভৃত্তপ্ত থেকে নামিও না। তাকে প্রাণকরে প্রতিক্ষাধ্যমেকক দর্শন করতে দাও।"

# ভাহপর্য

আদিবস্যা শব্দটির অর্থ অন্তালীলার দশম পরিজেদের ১১৬ প্লোকে বিশ্লেষণ করা হয়েছে

#### 

আন্তে-ব্যক্তে সেই নারী ক্ষেতে নামিলা। মহাপ্রকুরে সেখি' তার চরণ ৰন্দিলা ॥ ২৭ ॥

#### লোকার্থ

সেই রমপাটি ভাড়াভাড়ি মাটিডে নেমে এসে, গ্রাঁটেডদা মহাপ্রভূকে সেখে, জার গ্রীচরণ কলনা করে তার কাছে করা ভিকা চাইলেনঃ

# (बॉक ३५

তার আর্তি দেখি' প্রভু কহিতে লাগিলা ! "এত আর্তি জগরাথ মোরে নাহি দিলা। ২৮ গ্র

# লোকার্থ

সেই রম্বনীটির আর্ডি সেতে শ্রীটেডনা মহাপ্রভূ বলতে লাগলেন, "এড আর্ডি শ্রীজগরাধ্যমের আমাকে মিতেন মা।

# ভাৰণৰ্য

সেই রমণীটি আগ্রাথদেবকে দর্শন করার জন্য এতই আকুল হয়ে ছিলেন যে তার জ্ঞান ছিল না যে তিনি গরুত্ব করে পা দিয়েছেন, এবং শ্রীক্তেতন্য মহাপ্রত্বর কাঁবেও পা দিয়েছেন। এই দৃটিই ছিল মহা অপরাধ। কিছ তিনি জগরাধদেবকৈ দর্শন করার জন্য এতই আকুল হঙ্গে উঠেছিলেন বে হিতাহিত বিকেনা রহিত হয়ে তিনি এই অপরাধওলি করেছিলেন। শ্রীতৈতনা মহাপ্রত্ব তার আর্তির অশংসা করেছিলেন, এবং অনুশোচনা করেছিলেন যে জগরাধদেব তাঁকে এরকম আর্তি দেন নি

# টোক ২৯

জগলাথে আবিষ্ট ইহার তনু-মন-প্রাণে । মোর ক্ষরে পদ দিয়াছে, তাহা নাহি জানে ॥ ২৯ ॥

# প্ৰোকাৰ্য

তার মেহ, মন এবং প্রাণ শ্রীক্ষগদাখনেবের দর্শনে এতই আবিষ্ট বে, আমার কাঁধে পা দিয়েছে সে সম্বন্ধে তার কোন ক্রেডনই নাই। 445

ক্লেক তথ্য

অহো ভাগ্যবতী এই, বন্দি ইহার পায় । হৈত্যর প্রসাদে ঐচে আর্তি আমার বা হয়!" ৩০ B

শ্ৰোকাৰ্থ

"আচা। এট ৰমণীটি কত ভাগাকতী। আমি এর চরণ কমন। করি, যাতে আমারও গ্রীজগদাপদেবের প্রতি ঐপ্রকার আতি লাভ হয়।"

গ্রোক ৩১

পূৰ্বে আসি' যবে কৈলা ভাগরাথ দরশন। জগরাথে দেখে-সাক্ষাৎ <u>ব্রজেন্দ্রনখন ॥ ৩১ ॥</u>

গ্ৰোকাৰ্থ

ভার ঠিক পূর্বে খ্রীট্রৈডমা মহাপ্রক ঘখন শ্রীজগ্মাপদেবকে দর্শন করছিলেন, তখন ডিনি कारक मान्वा६ तरकारमञ्जल कर १ मर्गन करविरागन।

হোক ৩২

বাথের দর্শনাবেশে তদ্রপ হৈল মন। যাঁহা তাঁহা দেখে সর্বত্র মুনলী-বদন ॥ ৩২ ॥

কোকাৰ্থ

ডার স্থপ্ত মর্শনের আবেশে তার মন সেইভাবে ভাবিত ইয়োছিল। যেখানেই ভিনি দ্বতিপাত করভিলেন সেখানেই তিনি মুরলী-বদন গ্রীকৃষ্ণকে দর্শন করছিলেন।

গ্ৰোক ৩৩

बाद यनि औरत मिर्चि अन्त्र वाद्य रिन । জগল্লাথ-সভ্জা-বদরামের স্বরূপ দেখিল 11 ৩৩ 11

শ্ৰোকাৰ্থ

এখন মেই স্ত্রীলোকটিকে দেখে প্রীদৈতন্য মহাপ্রভূত বাহ্যজ্ঞান হল, এবং তিনি জগলাপ, বলদের ও সভদার খ্রীবিগ্রহ দর্শন করলেন।

(2)1年 98

कुक़रकदा प्रिवे कुरक और रेवन भन १ 'কাঁহা কুরুক্ষেত্রে আইলাভ, কাঁহা বৃদ্ধাবন ?' ৩৪ ॥ শ্ৰোকাৰ্থ

ঐতিতন্য মহাপ্রভার দিবোগ্যাদ-ভার

ভানের প্রীবিপ্রহ দর্শন করে প্রীটেডনা মহাপ্রভর মনে হচ্ছিল তিনি যেন কুরুক্ষেত্রে 🖹 কুককে দর্শন করছেন। তিনি তথন ভাবলেন, "আমি কি কুরুক্ষেত্রে এমেছি? বৃদ্ধাবন কোখাৰ গ"

> শ্ৰোক ৩৫ প্রাপ্তরত্ব হারাএন ঐছে ব্যপ্ত হইলা । বিষয় হওল প্রভ নিজ-বাসা আইলা ম ৩৫ ম

প্রাপ্তরম্ব হারাদে মনেধের বে অবস্থা হর, সেইভাবে মহাপ্রভু অত্যন্ত বিচলিত হলেন, এবং বিষয় হয়ে তিনি ভার বাসস্থানে ক্রিরে গেলেন।

> ভূমির উপর বসি' নিজ-নথে ভূমি লিখে : ख<del>दा-गना त्मरत बरह, किन्द्रेर ना त्मरच ४ ७७ १</del>

> > লোকার্থ

ভূমিতে বলে ঐতৈতন্য মহাপ্রভূ তার নব দিয়ে দার কোটে কেটে ভূমিতে লিখতে লাগলেন, এবং তাঁর চোৰ নিয়ে গলার ধারার মতো অঞ্চ ঝরে প্ততে লাগল এবং তিনি ভগন চোৰে কিছুই দেখতে খেলেন না।

> শ্ৰোক ৩৭ 'পাইলুঁ বৃদ্ধাবননাথ, পুনঃ হারটেলুঁ। কে মোর নিলেক কৃষ্ণ? কাঁহা মুই আইনু<sup>'</sup>? ৩৭ ॥

প্রীচৈতন্য সহাপ্রকু বলতে লাগলেন, "আমি বৃদ্ধাবননাথ খ্রীকৃষ্ণকে পেয়েছিলাম, কিন্তু তাঁকে পেরেও আমি পুনরায় তাঁকে হারালাম কে আমার কৃষ্ণকে নিল ? আমি কোথায় এলাম ?"

ভাহপর্য

এই ভাব শ্রীনতী রাধারাণীর। প্রথমে শ্রীচৈতন্য মহাপ্রস্থ অনুভব করেছিলেন যেন তিনি বৃ-ধারনে গেছেল এবং সেখানে গোলিকাদের সঙ্গে শ্রীকৃষ্ণের রাসনৃত্য দর্শন করছেন তারপর তিনি কুরুক্তের জানিত হয়ে সুভন্তা এবং বলরাম সহ জগ্যাথাদেয়কে দর্শন করলেন। এইভাবে ঐচিডনা মহাগ্রভু কুদাবন এবং বৃন্দাবননাথ শ্রীকৃষ্ণকে হারালেন। সেই সময় প্রীচৈতন্য মহাপ্রভূ কৃষ্ণ-বিরহে দিব্যোন্মাদনা অনুভব করেছিলেন কুরুক্ষেত্রে ଖଣ୍ଡ

अर्थाक हु।

শ্রীকৃষ্ণ তাঁর ঐপর্য প্রকাশ করেন, কিন্তু কুন্দাবনে তিনি তাঁর মাধ্যর্য স্করতে বিরাজ করেন। শ্রীকৃষ্ণ বৃন্দাবন ছেড়ে এক পাও কোধায়ও খান না; তাই শ্রেপিকাদের কাছে করুক্তেরের ওক্ত বন্ধাবন থেকে কম

যদিও ঐপর্যপর (বৈকুণ্ঠভাবের) ভক্তরা কুরুকেন্ত্রে সূভপ্রা এবং কর্নাম সহ শ্রীকষ্যকে দর্শনে অধিকতর আগ্রহী হতে পারেন, কিন্তু গোপিকার। শ্রীমতী রাধারাণীর সম্বে রাসন্তত্য পরায়ণ বৃদ্ধাবননাথ শ্রীকৃষ্ণকেই কেবল দর্শন করতে চান। শ্রীচেতনা মহাগ্রভ ক্রবহারিক দুষ্টান্ডের ঘারা দেখিয়েছিলেন কিন্ডাবে একজন ছক কৃষ্ণ-বিরহে রাধারাণী এবং গোপিকানের ভাব অবলম্বন করেন। এইভাবে ভাবিত ভাজরা বন্দাবন দ্বাভা আর অনা কোপাও শ্রীকৃষ্ণকে দর্শন করতে চান না তাই জীচেন্ডন্য মহাপ্রন্ত অনশোচনা করেছিলেন, "আমি বৃদ্যাবনের শ্রীকৃষ্ণকে পেয়েছিলাম, কিন্তু এখন আবরে তাঁকে হারিয়ে কুছক্ষেত্রে এলাম।" অতি উন্নত প্ররের ভক্ত না হলে এই সমস্ত গৃঢ় অনুভূতি হানবসম করতে পারে না। কিন্তু *শ্রীতৈতন্য-চরিতামূতের প্র*ছকার যতমূর সম্ভব সেই দিবা উদ্ধাদনা বিশ্লেষণ করার চেটা করেছেন, এবং আমাদের কর্তব্য হচ্ছে ফতদুর সম্ভব তা অনুভব করার চেটা করা। তাই একদেশ লোকে গ্রন্থকার অনুরোধ করেছেন—

> তাতে বিশ্বাস করি' তাল ভাকের বর্ণন । হৈবে ভাবের জান, পাইবা প্রেমধন চ

> > শ্ৰোক ৩৮

স্বত্নাবেশে প্রেমে প্রভুর গর গর মন । বাহা হৈলে হয়—যেন হারটিল খন 🛚 ৩৮ 🗈

্ৰোকাৰ্থ

প্রীটেডনা মহাপ্রভু বর্থন বৃশ্নে জীকুম্বের রাসন্তঃ দর্শন করছিলেন, তথন তিনি চিত্রয় আদল্পে সম্পূর্ণরূপে ময় হয়েছিলেন, কিন্তু ধর্ম উর বান্ত চেতনা হল, তথন উর भटन एक राम छिनि अक खम्बा मन्त्रन हान्रिस्स्टन।

শ্ৰোক ৩৯

উন্মতের প্রায় প্রভু করেন গান-দুতা। দেহের স্থভাবে করেন সান-ভোজন-কৃত্য 🛚 ৩৯ 🖫

লোকার্থ

সেই দিব্য উন্মাদনার প্রভাবে প্রীচৈতন্য মহাপ্রভূ উল্পন্তের মতো গান করতেন এবং নৃত্য করতেন। সেহের স্বভাবে কেবল তিনি সান, ভোজন আদি হৈনকিন কৃত্য সম্পাদন করছেন।

(計事 80

রাত্রি হৈলে স্বরূপ রামানকে লঞা। আপন মনের ভাব কহে উঘাডিয়া হ ৪০ ॥

রাত্রিবেলা ঐটেচ্ছনা মহাপ্রভূ বরূপ সামোদর এবং রামানন্দ রায়ের কাছে তাঁর মনের कांद बारक कदरकर।

(2) (2) (3)

প্রাপ্তপ্রপদ্ধীচাতবিত্ত আত্মা बर्धी विवाह्माख्यक-स्वरूशकः । গৃহীডকাপালিকধর্মকো মে वृष्णावनः जिल्लिम् शिवाकुमः ॥ ८५ ॥

প্রাপ্ত—বছন্ত করে, প্রবৃষ্ট—হারিছে; অচ্যুত্ত—কৃষণ, বিশ্বঃ—সম্পদ, আত্মা—মন, মুযৌ— গিমেছিল; বিবাদ-বিবাদের হারা; উদ্বিত -পরিত্যাগ করে; দেহ-গেছঃ---দেহ এবং গৃহ, দুকীত—প্রহণ করে, কা**পালিক-ধর্মকঃ**—কাপালিক যোগীর ধর্ম; মে—আমার, কুদাবনম— वृष्पावरतः म—भरः, देखित्र—देखित्र भवनाः निशानमः—निशावण।

चल्याम

এটিততন্য মহাপ্রভু বললেন, "আমার আত্ম কৃষ্ণরূপ সম্পদ একবার প্রাপ্ত হয়ে পুনরায় হারিয়ে বিবাদক্রমে দেহ-গেহ পরিভাগ করে কাপাদিক যোগীর ধর্ম গ্রহণ করে স্বীয় रेखितकाणी निवादरम्बत मरम दम्मायम श्रमम करत्रहिन।"

ভাৎপর্য

এই মেকেটি একটি উপথালয়ার মাত্র:

হোক ৪২

প্রাপ্তরম্ব হারাঞা,

তার গুণ সভরিয়া,

মহাপ্ৰভু সন্তাপে বিহুল।

রায়-স্থরূপের কর্ষ্ঠ ধরি', কতে 'হাহা হরি হরি',

ধৈৰ্য গেল, হইলা চপল য় ৪২ য

লোকার্খ

প্রাপ্তরত্ব হারিয়ে, ভার ওপ ক্ষরণ করে, মহাপ্রভূ সন্তাপে বিহুল হয়েছিলেন , রামানক ব্রার এবং স্বরূপ দামোদরের কর্ছ-স্কড়িয়ে হরে তিনি বিলাপ করেছিলেন, "হায়। হায়। আমার শ্রীহরি কোথান? আমার শ্রীহরি কোথার ?" এইভাবে ভিনি ধৈর্য হারিয়ে চঞ্চল হমেছিলেন।

শ্লোক ৪৩

"ওল, বান্ধব, কৃষেদ্র মাধ্রী।

ষার লোডে মোর মন, ছাড়ি' লোক-বেদধর্ম, যোগী হুঞা ইইল ডিখারী ॥ ৪৩ ॥ এচ ॥

যোকার্থ

তিনি বলেছিলেন, "হে বদুগণ কৃষ্ণের মাধুরী প্রবণ কর। সেই মাধুর্যের লোকে আমার মন লোকধর্ম এবং বেদধর্ম পরিত্যাগ করে, যোগী হয়ে ভিকাবৃত্তি অকল্মন করেছে।

গ্রোক ৪৪

कृषानीमा-मञ्ज,

च्य भद्यक्थम,

আশা-ঝুলি কাজের উপর ম ৪৪ ম

লোকার্থ

"সুদক্ষ কারিগর গুক্তদেব গোস্থামী শ্রীকৃষ্ণের রাজ-লীলা রূপ গুদ্ধ শন্ধ-কৃণ্ডল রচনা করেছেন। সেই কৃণ্ডল কামে শরে, তৃষ্ণারূপ লাউয়ের কিন্দাপার আমি হাতে নিয়েছি, এবং আশারূপ মূলি আমি কাঁথে নিয়েছি।

(副本 80

চিন্তা-কাশ্বা উটি গায়, খুনি-বিভৃতি-মলিন-কায়, 'হাহা কৃষ্ণ' প্রলাপ-উত্তর ।

উবেগ ছাদশ হাডে, গোডের কুলনি মাথে, ভিক্ষাভাবে ক্ষীণ কলেবর ৪ ৪৫ ৪

শ্ৰোকাৰ্থ

"আমার মন যোগী হয়ে চিন্তারূপ কাঁথা গায়ে নিরেছে, গৃদি-বিভূতি পায়ে নেবেছে, এবং সকল কথাতেই 'হা কৃষ্ণ!' বলে প্রনাপ করে উত্তর দিছে। যোগীরা হাতে বারটি বলয় পরে থাকেন, আমার মন রূপ যোগী হাতে উদ্বেগ রূপ বারটি কলয় পারেছে, কৃষ্ণ-মাগুর্বের লোভরূপ ঝুলনি বা পাগড়ি মাখায় বেঁষেছে এবং ভিক্ষার অভাবে আমার কলেবর কীণ হয়েছে! শ্ৰোক ৪৬

শীকৈতন্য মহাপ্রভুর দিব্যোত্মান ভাব

ব্যাস, ওকাদি যোগিগণ, কৃষ্ণ আত্মা নিরঞ্জন, বজ্লে তাঁর যত লীলাগণ ৷ ভাগবভাদি শাস্ত্রগণে, করিয়াছে বর্গনে, সেই ভর্জা পড়ে অনুক্ষণ ॥ ৪৬ ৪

প্ৰোকাৰ্থ

"ব্যাসদেব, শুক্তদেব প্রমুখ বে সমন্ত বোগী নির্মল আত্মারণে প্রীকৃত্যের প্রজনীলা সমূহ ভাগৰত আহি শাস্ত্রে বর্ণনা করেছেল, আমার মনরূপ বোগী তাঁদের রচিত ভর্জা সমূহ নির্মার গঠে করে।

গৌক ৪৭

দলেজিয়ে শিষ্য করি', 'মহা-বাউল' নাম ধরি',
শিষ্য করেল করিল লমন।
মোর দেহ স্থ-সদশ, বিষয়-ডোল মহাধন,
সব ছাড়ি' গোলা কুলাবন ৪৪৭ ॥

क्षाकार्थ

"আমার মনরূপ থেকী 'হহা-বাউল' নাম ধরে দশটি ইপ্রিয়কে শিব্য করে আমার দেহরূপ আমারে বিষয়-তোগ রূপ মহাধন পরিভ্যাপ করে বৃন্দাবনে গিয়েছে।

ভাহপর্য

প্রীচৈতন্য মহাপ্রভূ ওরে মনকে বাউল যোগীর সঙ্গে ভূপনা করেছেন, যারা সাধারণত দশ দশটি শিখা করেন।

(訓布 8)

বৃন্ধাবনে প্রজাপণ, বত স্থাবর-জনম,
বৃক্ষ-লভা গৃহস্থ-আশ্রমে ।
ভার মরে ভিক্ষাটন, ফল-মূল-প্রাশন,
এই বৃত্তি করে শিষ্যসনে ॥ ৪৮ ॥

কোকার্থ

"শিষ্যমহ বৃন্ধবিদে স্থাবির-জন্সম রূপ সমস্ত প্রজাবর্গ এবং বৃক্ষ-লতা প্রভৃতি গৃহস্থ-আত্রসীদের ঘরে ভিকা করে ফল-ফ্ল-লত্ত সেবনক্রপ বৃত্তি আচরণ করছে (創本 85

কৃষ্ণ-শুণ-ক্লগ-ক্লস, পদ্ধ, শব্দ, পদশ, সে সুধা আস্থাদে গোপীগণ। তা সবার গ্রাস-শেষে, আনি' পঞ্চেন্তির শিষ্যে, সে ভিকার রাখেন জীবন ॥ ৪৯ ॥

# <del>গ্ৰোকাৰ্থ</del>

"ব্ৰজনোপীরা প্রীকৃষ্ণের গুণ, রূপ, রূপ, যদ, শব্দ ও স্পর্ণ,—এই সমস্ত সূর্বা সর্বদ্ধ আহাদন করেন, তাদের ভোজনাবশেষ এনে জানেল্লিয় রূপ পঞ্চলিয়া সেই প্রসাধ করুন বারে জীবন রক্ষা করেন।

শ্ৰোক ৫০

শূন্যকুঞ্জমণ্ডপ-কোণে, যোগান্ডাস কৃক্ণ্যানে, তাহা রহে জএগ শিষ্যগণ। কৃষ্ণ আত্মা নিরপ্তন, সাক্ষাৎ দেখিতে মন, ধ্যানে রাত্তি করে জাগরণ ৪ ৫০ ॥

#### ক্লোকার্থ

"আমার মনরূপ ঝোগী শূন্য কুঞ্জ-মতপের কোণে লিব্যনের নলে কৃষ্ণ খ্যানে ঘোগ অস্ত্যাস করে। কৃষ্ণ--- নির্মণ আছা-ছরাপ, আমার মন-ধোগী তাঁকে সংকাৎ দর্শন করতে চার, এবং সেরান্য খ্যানে রাজি জাগরণ করে।

# গ্ৰোক ৫১

মন কৃষ্যবিয়োগী, দুয়েখে মন হৈল যোগী, সে বিয়োগে দশ দশা হয় ! সে দশায় ব্যাকুল হঞা, মন গেল পলাঞা, শুন্য মোর শরীর আলর ॥° ৫১ ॥

# ক্লোকার্থ

"কৃষ্ণ-বিরহের দুংশে আমার মন যোগী হল সেঁই কৃষ্ণ-বিজেদ অবস্থায় দশ দশা প্রাপ্ত হয় সেই দশায় নিতান্ত ব্যাকৃষ্ণ হয়ে মন পদায়ন করল, এবং তার ফলে আমার শরীর রূপে আলয় শূন্য হল।"

# ভাহপর্য

পূর্ববর্তী শ্লোক কটিতে কাপালিক যোগীর ব্যহ্যিক কার্য-কলাপের সঙ্গে সাদৃশ রেখে এই অংশ বর্ণিত হয়েছে। কাপালিকেরা শক্তির উপাসক তান্ত্রিক। তারা নর-কপাল অর্থাৎ

মাথার বৃলি নিয়ে বিচরণ করে। তারা বৈষ্ণব নয় এবং পারমার্থিক জীবনের সঙ্গে তানের সম্পর্ক নেই। ডা<sup>চ</sup>্ব বা অম্পূর্ণা। জীচিতনা মহাপ্রভূ তানের আচরণের সঙ্গে মনের তুলনা করে । কিন্তু ভালের আচরণ কথনই অনুকরণীয় নয়

# শ্লোক ৫২

কৃষ্ণের বিরোগে খোপীর দশ দশা হয় । সেই দশ দশা হয় প্রভুর উদয় ॥ ৫২ ॥

# লোকার্থ

শীকৃষ্ণের বিরহে গোপীদের দশ দশা হয়, সেই দশ দশা শ্রীটেডেন্য মহাপ্রত্য উদিত হরেছিল।

#### ৱোক ৫১

চিন্তার জাগরোহেগৌ তানবং মদিনাস্তা । প্রকাপো ব্যাধিরুমানো মোহো মৃত্যুর্দশা দশ ॥ ৫৩ ॥

চিন্তা—অভিট লাভের উপায় সম্বন্ধে ধান, অত্য—এখানে (কৃষ্ণ-বিরহের ফল); জাগর— জাগরণ, উর্বোধী—মনের চাঞ্চল্য; তানবম্—কৃশতা, মলিন-অক্সতা—অঙ্গের মনিনতা, প্রলাশঃ—উন্মানের মতো অসংলগ্নভাবে কথা বলা, ব্যাধিঃ—ব্যাধি, উন্মান্য:—উন্মততা, মোহঃ—চিন্ত-বিভ্রান্তি; মৃত্যুঃ—স্পদ্দন হীন, দলাঃ—অবস্থা, দলা—দশ

# অনুবাদ

"কৃক-বিরহ-জনিক মণ্টি দশা হচ্ছে—চিল্লা, জাগরণ, উদ্বেগ, তদুকীণতা, মলিদালতা, প্রকাপ, ব্যাধি, উল্লাদ, মোহ ও মৃত্যুঃ"

# ভাৰপৰ্য

এই জোকটি শ্রীল রূপ শোকামী রচিত উজ্জ্ল-নীলমণি প্রছে শ্রীমতী রাধারাণীর বিভিন্ন ভাব বর্ণনার একটি অংশ। সেই গ্রছে, এই দশটি দশার বিশ্ব বিশ্লেষণ বর্গিত হয়েছে, চিক্তা। কথা হংসমূতে (২)—

> यमा याट्या शाणीक्षमग्रमम्हा मणमनना-मूक्ट्रपा गाणिन्यान्तग्रमम् यपुण्यीम् । कनामाण्यीकित्यामतिकि धनपूर्णानतिहरसा-धार्याग्राद यायामग्रमम् ताथा वित्रहिणी ॥

"অকুবের অনুরোধে কৃষ্ণ এবং বলরাম নন্দগৃহ থেকে মথুরায় গেলেন। সেই সময় কৃষ্ণ-বিরহে শ্রীমতী রাধারাণী অত্যন্ত বিচলিত হয়ে উন্মাদিনীর মতো হয়েছিলেন। তিনি তীর মনঃগীড়া অনুভব করেছিলেন, শ্বর কলে তিনি চিন্তারূপ গতীর নদীর জলে নিমন্তিত

গ্ৰোক ৫০ী

হয়েছিলেন। তিনি তথন ভেনেছিলেন, 'এখন আমার মৃত্যু হোক, এবং শ্রীকৃষ্ণ ধর্মন লোকসুখে আমার মৃত্যুর কথা জানতে পারধে, তবন নে অবশাই অভ্যত দুংখিত হবে। ভাই আমি মরব না'।"

*जाशद्रः*। यथा *त्रशावतीर*७ (७२५)—

गाः भभाषि थियः चरत्र कगासाः मनि साविकः । वाचाकक् भरत कृतक भना निवानि देवविदी ॥

নিজেকে অত্যন্ত ভাগাহীনা বলে মনে করে, শ্রীমতী রাধারানী ওরে প্রির সবী বিশাখাকে বলেছিলেন, " হে সথি, আমি যদি কথে শ্রীকৃষ্ণকে দর্শন করতে পারভাম, ভাহলে অবশাই আমার মহা সৌভাগ্যের ফলে আমি গৌরবাছিত হতাম। কিন্তু আমি কি করি । শ্রীকৃষ্ণ চলে গেলে নিপ্রাপ্ত আমার পর্ক্তর মতো আমার সক্ষ ত্যাগ করে হলে যায়।"

উরেগ বথা হংসদতে--

परमा (म हा कहेर कुमांठ किमहर हस करते म भांतर नांगांतर मृत्यूचि कमताशामा कमरकः । हैसर करण मुद्र मभाने ज्यूमांतर कथा स्थ भागांग्या राषामश्रं निमातांगि क्यिका। ॥

কলিতাকৈ শ্রীমতী রাধারাণী বললেন, 'সুমুখি নালিতে, আমার হুলর যে কিন্তাবে জুলছে তা আমি বর্ণনা করতে পারছি না, তা অশুহীন উদ্বেশ্যের সমুদ্রের মতো। তবুও, ধ্বামি ভোমার শ্রীপাদপরে প্রণতি নিবেদন করি আমি কি করিং আমার অবস্থা বিচার করে তুমি আমাকে উপদেশ গাও, কিন্তাবে আমি ক্ষণিকের জন্য ধৈর্ব ধারণ করতে পারি।"
ভামক-এর বর্ণনা করে ধলা চয়েকে—

डेनक्ष्यकारपाकरिकृतिस्यः सम्विताः मगशताधावधीनेञ्करकाका कपूनरातः । विश्वयक्षि ताथा छव वितरजानामन्तिनः निमारव कृत्याय कृतिस नित्रमाकः अवस्ति ॥

উদ্ধব যখন বৃদ্ধাৰন খেকে মখুৱায় ফিব্ৰে যান, তথন শ্ৰীকৃক্ষা তাঁকে রাধারাণী এবং বিশাখার কথা জিজ্ঞাসা করেন। তাঁর উদ্ধবে উদ্ধব বলেন, "গোপিকাদের অবস্থা একটু বিচার করে দেখা তোমার বিরহে শ্রীমতী রাধারাণী থিশেবভাবে ব্যঞ্জিত। তাঁর কলন অতান্ত বিষয় এবং মলিন হয়ে গেছে। তাঁর হৃদয় বেদনায় আচ্ছাদিত, এবং ডিনি আহার ত্যাগ করেছেন বলে তাঁর বক্ষছয় রোগাক্রান্তা রম্পীর মতো গ্লানিযুক্ত। প্রবল মূর্য কিরণে জলাশয় যেমন তকিয়ে যায়, তোমার বিরহ-ভাগে রাধারাণী তেমন ক্রীবকায় হয়ে গেছেন।"

*মলিনাঙ্গতা বর্ণনা করে বলা হয়েছে---*

হিমবিসরবিশীর্ণাস্কোজতুল্যানমন্ত্রী: ধরমরুদপরজ্ঞাবদ্ধুজীবোপনোষ্ঠী। অবহর শরদর্কোন্তাপিতেশীববাকী তব বিরহবিপতিমাণিতাসীদিশাধা।।

উদ্ধব শ্রীকৃষ্ণকে বন্দলেন, "হে অবহর কৃষ্ণ, ভোমার বিরহে কান্তর হয়ে বিশাখার ওষ্ঠ ওচ হয়েছে, তার বিষাধর বায়ুভরে কম্পিত বৃক্ষের মন্তো কাপছে, তার সুন্দর মুখমওল হিসপুঞ্জে বিদীর্ণ পঞ্জের মতো মলিন হয়েছে এবং তার চক্ষুদ্বয় শর্তের সূর্য কির্নে দগ্ধ কুমুদ্বে মতো উত্তপ্ত হয়েছে।"

**अमारभग्न वर्पना करत्र** *मानिख-गाधरव* **क्या इ**रक्ष**रह**—

क नचकुण्यस्याः क निषिष्टसकानकृष्टिः क यन्त्रभवनीतयः क न् मृत्वसनीनमृत्रिः । क वामसमदाश्वरी क मधि कीयत्वस्यी-यथिनीयर्थयः मृद्यस्यः क एव इतः हा थिथितः ॥

এটি কৃষ্ণ-বিরহে শ্রীমতী রাধরাণীন অনুভাগ। যে রমণীর পতি গৃহ ছেড়ে প্রবাসে গোছেন একে ধলা হয় গোষিতভর্ত্কা। সেইভাবে শ্রীকৃষ্ণের জন্য বিলাপ করে শ্রীমতী রাধারাণী গলেন্ডেন, "হে সবি, নন্দকুল-শন্ধর শ্রীকৃষ্ণ, বার মন্তকে দিখিচন্দের অল্বন্ধার, সে লোধায় গেল ধল। গান্তীন মুরলী-রাধকারী শ্রীকৃষ্ণ কোপায় গেলং ইন্দ্রনীলমণির মতো উজ্বল শৈ অলকান্তি, সেই কৃষ্ণ কোপায় গেলং রাসরসভাগ্রবী, ডোমান সুহাস, শ্রীকৃষ্ণ কোপায় গেলং আমার প্রাণ রক্ষার শ্রেষধির নিধি কোপায় গেলং বিধিকে ধিক বেননা সে মামাকে কৃষ্ণ থেকে বিধিয়ে করে এইভাবে যন্ত্রণা দিছে।"

काथित वर्षना करत्र मानिख-गायर वना इराग्रह—

हें सामी भूके भारत्याक्षण महत्त्वाक्षणामानि (कां हत्या महत्त्वारमानि पृत्रमक्ष कर्षेत्रमार सम्बद्धानुमानि । होतः हो हो हिन्दिकानिक स्टब्स्ट्राईस्ट्र

কৃষ্ণবিরহে অভান্ত কাতর হয়ে জীমতী রাধারাণী বললেন, "হে ললিতা, শোন। কৃষ্ণের বিরহে জ্বর আমি বর্ণনা করতে পারি না। তা মাটির গাত্তে তপ্ত সোনার মতো তা বিবেব থেকেও অধিক বছ্রপাদারক, এবং বছের থেকেও অধিক কঠোরভার আঘাত। তার মন্ত্রণা তীর বিস্তিকার মতো। অভান্ত প্রবল এই ব্যাধি আমাকে কি প্রচণ্ড ব্যুগা দিছে।"

*উत्राप्तत वर्णन*ः कहा बना श्*उार*ः

वर्षाण जननगर्ज निर्निभसः इमही थयाणि जन वार्धाः (कणनारकजनम् । सूर्वेटि ह सूदि होषा कन्निसनी मुतादा नियमनितर्श्यमान्त्रातिषिद्यास्तिसः॥

উপন শ্রীকৃষ্ণকে কললেন, "হে কৃষ্ণ, ভোমার বিরহে কাতর হয়ে সমন্ত সোদীরা উন্সাদিনীর মতো হয়ে গেছে, হে মুবারি, শ্রীমতী রাধারাণী গৃহের মধ্যে অকারণে হাসছেন, এবং সচেতন-অচেতন কিছুই বিচার না করে থাকে তাকে ভোমার করা জিল্লাসা করছে। বিষম বিরহ বিধুরা রাধিকা ভোমার বিরহবেদনা মহা করভে না পেরে মাটিতে দুটাছে।" মোহের বর্ণনা করে বলা হয়েছে—

निकरण रेमनाकिर इति अक्रियां भतिन्वर विजुम्भणायामर इतियक्ति करावान्नवर्दीम् । इमानीर करमाद्व कृतकामन्त्राः क्वकामिनर विश्वतः मार्टियार छव वित्रस्थां मक्त्री ॥

ললিতা শ্রীমতী রাধারাণীর হয়ে শ্রীকৃষ্ণের কাছে চিঠি লিগলেন—"হে কৃষ্ণ, তোমার বিদেশে বাবিকা মূর্ছিত হয়েছে হে কংসারি, তুমি এখন সর্বোত্তম রাজনীতিবিদ্ হরেছ, এবং তাই তুমি সকলকেই দক্তি প্রদান করতে পাব। তাই দয়া করে তুমি শ্রীষ্ণতী রাধারাণীর শুবস্থা বিবেচনা কর, তা না হলে অচিরেই তুমি তার মৃত্যু সংবাদ পাবে। যদিও তুমি আনন্দে আছ, তখন হয়তে তুমি জনুশোচনা করবে।"

मृज़ात वर्गमा करत *व्राममृद्रक* (১७) वका व्रत्यव्य—

खात हामक्रीकातमिकै यस मधार नकावा भूता वक्षा एक अग्रामध्यी रख भरूना । म (त्यूकारभक्तक्योंने भिनियार जूननक्यर सरमज्या नामानिश्चित्रियममाणि स्मृति ह

মথুরা প্রবাসী কৃষ্ণকে তিরঞ্জর করে লগিতা চিঠি গিখেছে— 'রসের্ফীড়ার রস আশ্বাদন করার জন্য তুমি প্রীমতী রাগরোগীকে তোমার প্রেমের বারা অকর্মণ করেছিলে। এখন তুমি আসার সেই প্রিয় সবী প্রীমতী রাধারাগীর প্রতি উলাসীল হরেছ কেন? অক্তেতনবহ হয়ে সে সর্বকণ তোমার কথা অরশ করে। সে এখন বেঁচে আছে কিনা জ আমি পরীক্ষা করব তার নাসারশ্রে তুলাখন্ড দিয়ে, এবং সে যদি এখনন্ত বেঁচে থাকে, তাহলে আমি তাকে তিরজার করব।"

**্রোক ৫৪** 

এই দশ-দশায় প্রভূ ব্যাকুল রাত্রিদিনে । কভু কোন দশা উঠে, স্থির নহে মনে ॥ ৫৪ ॥ লোকার্থ

জীটেডন্য মহাহাড়র মিব্যোগ্মাদ-ভাব

এই দল দলায় প্রতিতন্য মহাপ্রভু দিন-রাত ব্যাকুল থাকতেন। কখনও কোন দলার উদয় হলে তাঁর মন অন্থির হত।

শ্ৰোক ৫৫

এত কহি' মহাপ্রভূ মৌন করিনা। রামানন্দ-রায় শ্লোক পড়িতে লাগিলা য় ৫৫ ॥

ক্লোকাৰ্থ

এই বলে, প্রীচেডনা মহাপ্রকু যৌন হলেন। তখন রামানক রায় বিভিন্ন প্রোক পড়তে লাগলেন।

শ্লোক ৫৬

বৰূপ-গোসাঞি করে কৃষ্ণলীলা গান ৷ দুই জনে কিছু কৈলা প্রভূব বাহ্য জান n ৫৬ %

য়োকার্থ

রামানক রায় প্রীসন্তাগরত থেকে প্রোক পড়তে লাগলেন, এবং বরুপ সামোদর গোহামী প্রকৃত্যর নীলা বান করতে লাগলেন: এইজারে ভারা মৃত্যনেই প্রীতৈতন্য মহাগ্রভুর বাহা তেডনার উদর করালেন।

শ্লৌক ৫৭

এইমত অর্ধরাত্তি কৈলা নির্যাপন। ভিতর-প্রকোঠে প্রভুরে করাইলা শরন ॥ ৫৭ ॥

<u>ভোকার্থ</u>

এইভাবে কর্মবারি অভিবাহিত হলে, রামানক রার এবং স্বরূপ দামোদর গোস্বামী ব্রীটেডন্য মহান্রভূকে ভিতরের প্রকোষ্টে শহন করালেন

স্লোক ৫৮

নামানক-রার তবে গেলা নিজ ঘরে । স্বরূপ গোকিক দুঁহে শুইলেন ছারে ॥ ৫৮॥

শ্ৰোকাৰ্থ

ভারণর রামানন্দ রায় ভাঁর গৃহে ফিরে গেলেন, এবং স্থরূপ মামোদর গোসামী ও গোলিন্দ জীতিভন্য মহাপ্রভূর স্বরের দরকার সামনে শুলেন। শ্ৰেক ৫৯

সব রাত্রি মহাপ্রভু করে জাগরণ। উচ্চ করি' কছে কৃষ্ণনামসম্বীর্তন ॥ ৫৯ ॥

শ্লেকার্থ

সারারাও জেগে ঐতিভন্য যহাপ্রভূ উতৈরেরে কৃষ্ণনাম সংকীর্তন করতে আললেন।

শ্ৰেক ৬০

শব্দ না পাএম স্বরূপ কপটে কৈলা দ্রে। তিনহার দেওয়া আছে, প্রভু নাই হরে। ৬০ ॥

শ্লোকার্থ

কিছুক্ষণ পরে, কোন সাড়া-শব্দ না পেয়ে, হরপে দামোদর কপাট খুলে দেখলেন বে যরের তিনটি দরজাই বন্ধ সমেহে, কিন্তু স্তীচৈতন্য মহাপ্রভু ঘরে নেই।

শ্ৰৌক ৬১

চিন্তিত ইইল সবে প্রভুরে না দেখিয়া। প্রভু চাহি' বুলে সবে দেউটা জ্বালিয়া ॥ ৬১ ॥

হোকার্থ

রীটেডন্য মহাপ্রভূবে দেখতে না পেরে। সমস্ত ভক্তরা অত্যন্ত চিন্তিত হলেন এবং দীপ জেলে তাঁরা সকলে তাঁকে শুঁজতে লাগলেন।

শ্লোক ৬২

সিংহ্ছারের উত্তর-দিশার আছে এক ঠাঞি । তার মধ্যে পড়ি' আছেন চৈতন্য-গোসাঞি । ৬২ ॥

য়োকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূকে শুঁজতে শুঁজতে গুঁরা অবশেষে গেখতে শেলেন নিবেদ্ধরের উত্তর দিকে এক স্থানে তিনি অচেতন অবস্থায় পঞ্চে ময়েছেন।

ক্লোক ৬৩

দেখি' স্বরূপ-গোসাঞি-আদি আনন্দিত হৈলা । প্রভুর দশা দেখি' পুনঃ চিন্তিতে লাগিলা ॥ ৬৩ ॥

হোক।ৰ্থ

স্বরূপ দামোদর গোস্বামী প্রমূখ ডড়েকা প্রথমে জীচৈতন্য মহাপ্রত্বক দেখে অভ্যন্ত আমন্দিত হলেন, কিন্তু তার পরেই তার অবস্থা দেখে অভ্যন্ত চিন্তিত হলেন। (美) 本 48

ইতিতন্য মহাপ্রভর দিব্যোগ্মদ-ভাব

প্রভূ পড়ি' আছেন দীর্ঘ হাত পাঁচ-ছয়। অচেতন দেহ, নাসায় শ্বাস নাহি বয় য় ৬৪ %

শ্লোকার্থ

তারা দেখলেন যে ঐতিভনা মহাপ্রকু অভেডন অবস্থার পড়ে রয়েছেন, তার দেহ প্রায় পাচ-ছর হাত, (আট-বর ফুট) কথা, এবং জার নাক দিরে খাস বইছে না।

প্লোক ৬৫-৬৬
এক এক হস্ত-পাদ—দীর্ঘ তিন তিন-হাত ।
অহিগ্রন্থি ভিন্ন, চর্ম আছে মাত্র ডাড ॥ ৬৫ ॥
হস্ত, পাদ, গ্রীবা, কটি, অস্থি, সন্ধি ঘত ।
এক এক বিভক্তি ভিন্ন হ্ঞান্তে ডাড ॥ ৬৬ ॥

গ্ৰোকাৰ্য

তান এক একটি হাত-পা তিন তিম হাও লছা, অন্থি প্রস্থি বিজ্ঞিয় হয়েছে, কেবল চাংড়ার আবরণ সেওলি খনে রেখেছে। তার হাত, পা, গ্রীবা, কটি ইড্যাদির অস্থি-সন্থি সমূহ এক এক বিভক্তি পরিমাণ প্রায় ছয় ইঞ্চি) বিজ্ঞিয় হয়েছে।

শ্ৰৌক ৬৭

চর্মমাত্র উপরে, সন্ধি আছে দীর্ঘ হঞা । দুর্যখিত ইইলা সবে প্রভুরে দেখিয়া ৪ ৬৭ ॥

য়োকার্থ

বিজ্ঞিক অন্থি সন্ধিশুলির উপর কেবল চামড়ার আবরণ রয়েছে মাত্র। জীতিওন্য মহাত্রভূয় এই অবস্থা দেখে ভক্তরা অভ্যন্ত পূংখিত হলেন।

(料本 %)

মূর্বে লালা-কেন প্রভূর উত্তান-নরান । দেখিয়া সকল ভত্তের দেহ ছাতে প্রাণ ম ৬৮ ॥

লোকার্থ

তারা দেখলের যে ঐটিচতন্য মহাপ্রত্র মূপে লালা ও ফেনা উঠছে এবং তার চোধ উপরের দিকে উঠে গেছে। ডা দেখে ডক্তদের দেহ থেকে প্রাণ বেরিয়ে যাবার উপক্রম হল।

ঠৈক: অল-45

2

শ্ৰোক ৬৯

স্ত্রূপ-গোসাঞি তবে উচ্চ করিয়া ৷ প্রভুর কাণে কৃষ্ণনাম কহে ভক্তরণ লঞা 🛚 ৬৯ 🏗

relia! र्च

তখন স্বরূপ দামোদর গোবামী সমগ্র ভক্তদের নিমে ইটিচতনা মহাপ্রভুর কালে উত্তৈঃ যারে কৃষ্ণনাম করতে লাগলেন।

শ্ৰৌক ৭০

वङ्करण कृष्णनाञ कृषता श्रीमा । 'হরিবোল' বলি' প্রভু গর্জিয়া উঠিলা 1 ৭০ II

এইডাবে বছক্ষণ কৃষ্ণদাম করতে থাকলে, অবশেষে সেই নাম মহাপ্রভুৱ ক্ষায়ো প্রবেশ কনলঃ এবং তিনি "ছরিবোল" বলে গর্জন করে উঠে কনলেন।

শ্ৰোক ৭১

**ডেভন পাইতে অস্থি-সন্ধি লাগিল** 1 পূর্বপ্রায় যথাবৎ শরীর ইইল 11 ৭১ 🛭

ছোকার্থ

বাহ্য রেডনা ফিন্নে এলে পরে তার অন্থি-সন্ধিওলি জ্বোড়া লাগল, এবং তার শরীর পূর্বের মড়ো হল

গ্ৰোক ৭২

এই লীলা মহাপ্রভুর রঘুনাথদাস । 'গৌরাজন্তবকল্পবৃক্ষে' করিয়াছেন প্রকাশ । ৭২ ॥

ব্রীচৈতন্য মহাপ্রভূর এই নীলা শ্রীল রভুনাথ দাস গোখাসী 'নৌরাসম্ভবকল্পবৃক্ষে' বর্ণনা कट्डाट्डन ।

গ্রোক ৭৩

কৃচিন্মিত্রাবাসে ব্রজপতিসূতস্যোক্ষবিরহাৎ श्रेषञ्जीनिक्षश्राम्भवनिक्येत्रम्भाः ज्ञानाराः । পূঠন ভূমৌ কাকা বিকলবিকলং গদগদবচা রুদন শ্রীগৌরাকো হুদয় উদয়কাং ক্ষয়তি **॥** ৭৩ ॥

ক্রচিং কংকও কংকও, মিশ্র-আবামে ক্রাশীমিশ্রের গৃহে: ব্রজ পতি-সূত্রস্য—নগ এহারাজের পুত্রের, উরু-বিরহাৎ—গভীর বিরহান্ত্তির ফলে, ক্লথৎ সাধ হয়ে, ঞী-সক্তিরাৎ—তার অপ্রাকৃত দেহের সন্তি সমূহ খেকে মধৎ—ধারণ করে: অধিক দৈর্ঘ্যম্— র্ণতি দীর্ঘ, <del>ভূত্র প</del>দোহ—হাত এবং পারের, **লুক্**ন্—লুগুন করতে করতে করতে, ভূমৌ—ভূমিতে, কারুল কাতরভাবে ক্রন্থন করতে করতে, বিকল-বিকলম্ অত্যপ্ত বিকলভাবে, পদ্গদ-বচা—গদ্গাথ কানে, ক্লন্—ক্রন্ম করছে করছে, জ্রী-গৌরাঙ্গঃ—ইন্টিডেন্য মহাপ্রভু, হন্দরে স্থানতে, উদয়ন্—উদিত হয়ে, মাম্—আনাতে, মদয়তি—উদ্বত করছেন

"কোল কোন সময়ে কাশীমিজের গৃহে কৃষ্ণ-বিরহে প্রীচৈতল্য মহাপ্রভুর অস্থি-সন্ধি সরক প্লথ হলে হল্প-পদের দৈর্ঘ্য অধিক হয়েছিল। ভূমিতে কাকৃষ্বরে বিকলভাবে গদ্গদ বচনে লুটিতে পুটিতে রোধনকারী সেঁই গৌরাস আমার হগেরে উপিত হয়ে আমাকে উন্মত वेद्रहरून।"

फ़ांद शंह

এই মোকটি *ঘৌনাক্ডবক্দবৃক্ষ* (৪) থেকে উপ্যতঃ

ভোক ৭৬ী

ক্লোক ৭৪

সিংহ্বারে দেখি' প্রভুর বিশান ইইলা। 'কাঁহা কর কি'—এই স্বরূপে পৃছিলা । ৭৪ ॥

সিংক্রাবের সামনে নিজেকে দেবে জীচৈতন্য মহাপ্রভূ অত্যন্ত আন্তর্গ হয়ে বরূপ দ্যমেদরকে বিজ্ঞানা করলেন, "আমি কোথায়? এখানে আমি কি করছি?"

শ্ৰোক ৭৫

বরূপ করে,—'উঠ, প্রস্কু, চল নিজ-ঘরে ৷ তথাই তোমারে সৰ করিমূ গোচরে ॥' ৭৫ ॥

শ্বরূপ দাযোগর তাঁকে বললেন, "প্রভু, দয়া করে ভূমি যরে চল। সেবানে আমি ভোমাকে খণ, কল।"

শ্ৰোক ৭৬

এত ৰলি' প্ৰভূৱে ধরি' ঘরে কঞা গেলা। ভাঁহার অবস্থা সব কহিতে লাগিলা ॥ ৭৬ ॥

এইভাবে তিনি প্রীচেন্ডনা মহাপ্রভূকে ধরে ঘরে নিয়ে গোলেন, এবং তারপর ভাঁকে সমস্ত্র घटेना क्यातान।

المما

व्येरेज्यम् रहिराम्य

শ্লোক ৭৭

গুনি' মহাপ্রভূ বড় হৈলা চমৎকার। প্রভূ কহে,—'কিছু শৃতি নাহিক আমার। ৭৭ ॥

स्थानार्थ

সেকথা শুনে শ্রীটেডনা মহাত্রভূ অভাস্ত আন্চর্য হলেন; এবং কছনেন, "সে সমছে আমর্ত্র কিন্তুই স্মরণ নেই।

হোক ৭৮

সবে দেখি, হয় মোর কৃষ্ণ বিদ্যমান। বিদ্যুৎপ্রায় দেখা দিয়া হয় অন্তর্থান ছ' ৭৮ ॥

য়োকার্ব

"আমার কেবল মনে আছে যে আমি কৃষকে দেখেছিলাম। কিন্তু সে আমাকে বিদ্যুতের মতো কণিকের জন্য দেখা দিয়েই অন্তর্হিত হয়ে নোল।"

শ্লোক ৭৯

হেনকালে জগরাথের পাণি-শহা বাজিলা। স্নান করি' মহাপ্রভূ সরশনে গেলা ॥ ৭৯ ॥

লোকার্থ

সেই সময় জগরাধ-যনিবে শন্ধ-ধ্বনি হল, এবং তা শুনে সান কৰে সহাপ্তভু শ্রীজগরাধদেবকে দর্শন করতে গোলেন।

গোক ৮০

এই ড' কহিলুঁ প্রভুর অস্তুত বিকার । যাহার প্রবংগ লোকে লাংগ চমৎকার ॥ ৮০ ॥

লোকার্ব

এইভাবে আমি প্রীটেডনা মহাপ্রভূর অভূত বিকারের কথা বর্ণনা করণাম, যা প্রবণ করে। লোকেরা অন্তরে চমৎকৃত হন।

(利本 42

লোকে নাহি দেশে ঐছে, শাস্ত্রে নাহি ওনি । হেন ভাব ব্যক্ত করে ন্যাসি-চূড়ামণি ॥ ৮১ ॥

য়োকার্থ

এই ধরনের বিকার কেউ কখনও দেখেনি, এবং শাস্ত্রেও ভার কোন বর্ণনা নেই। সল্লাসী-চূড়ামণি শ্রীকৃষ্ণকৈতন্য সহাপ্রস্থু এই সমস্ত ভার ব্যক্ত করেছিলেন। (関係 ৮২

ইটিচতন্য মহাপ্ৰকৰ দিৰোপাদ-ভাৰ

শান্ত্ৰলোকাতীত যেই যেই ভাৰ হয় । ইতর-লোকের ভাতে না হয় নিশ্চয় ॥ ৮২ ॥

শ্লোকাৰ্থ

বে সমস্ত ভাব শাস্ত্রে বর্ণিত হয়নি, এবং সাধারণ মানুবের চিন্তার অতীত, সে সমস্কে সাধারণ মানুবের বিশাস হয় শা।

হোক ৮৩

রম্বাথ-সাসের সদা প্রভুসকে স্থিতি ৷ ভার সুখে শুনি' লিখি করিয়া প্রতীতি ॥ ৮৩ ৷৷

য়োকার্থ

শ্রীল রঘুনাথ দাস গোহামী সর্বনাই শ্রীচৈডদ্য মহাপ্রভুর সঙ্গে ছিলেন। তার মূখে আমি যা শুনেছি তাই আমি লিখছি। সাধারণ মানুহ যদিও এই সমস্ত লীলা বিশ্বাস নাও করতে পারে, কিছু আমি যা সম্পূর্ণরূপে বিশ্বাস করি।

শ্ৰোক ৮৪

একদিন মহাপ্রভূ সমূদ্রে যাইতে । 'চটক'-পর্বত দেখিলেন আচম্বিতে ॥ ৮৪ ॥

লোকার্থ

একদিন প্ৰীচৈতন্য মহাপ্ৰভু যখন সমৃত্যে তান কয়তে যান্দ্ৰিলেন, তখন তিনি হঠাৎ চটক-পৰ্বত ( সমৃত-নৈকতে বালুবায় জুপ) সেখালেন।

শ্ৰোক ৮৫

গোবর্থন-শৈল-জানে আবিষ্ট হইকা। পর্বত-দিশাতে প্রভু ধাঞা চলিলা॥ ৮৫ ॥

গ্ৰোকাৰ্থ

সেই চটক পর্বতকে তিনি ৫ দুর্ঘন পর্বত বলে মধ্যে করে। কৃষ্ণ-প্রেমে আবিষ্ট হলেন, এবং সেই পর্বত্যে দিকে চুটে গোলেন।

ভোক ৮৬

হস্তানমন্তিরবলা হরিদাসবর্যো বন্রামকৃষ্ণচরণ-স্পরশ-প্রমোদঃ । মানং তনোতি সহ-গোগণযোগ্তযোর্থৎ পানীয়-স্থবস কন্দর-কন্মালৈঃ ॥ ৮৬ ॥

**油性 78**]

হস্ত আহা; অরম্—এই, অদ্রিঃ—পর্বত, অবলাঃ— হে সমীগণ, হত্তি দাস বর্ষঃ—শ্রীহারির সেবকদের মধ্যে শ্রেষ্ঠ, মং—যেহতু; রাম কৃষ্ণ চরণ স্ক্রীকৃষ্ণ এবং বলরামের শ্রীপাদপদ্ধে, স্পারশ—স্পর্শের দ্বারা, প্রমোদঃ—আনন্দ, মানম্—সমাধর, স্তর্নোচি—দান করে, সহ্—সহ, গোলাগায়োঃ—গান্ডী, গোবংস এবং গোলা বাধকগণ; ছরোঃ—গ্রাহের প্রতি (শ্রীকৃষ্ণ এবং বলরামের); যথ যেহেতু; পানীয়—পানীয় ছল; সৃষকস অত্যন্ত কেমেল যাস, কন্দর—তহা, কন্দ-মূলৈর—কন্ম্লালির দ্বারা।

#### धनुवाम

"এই গোনর্ধন পর্বত—বৈধ্যর প্রধান, যেহেতু ইনি কৃষ্ণ-নলরামের চরণ স্পর্শ লাভ করে আমদের উৎফুর হয়ে গান্তী এবং গোপগণের সঙ্গে কৃষ্ণ-কলরামকে পানীর জল ও খান্য, মাস-কলমূল ইত্যাদির হারা তর্পণ করেছেং।"

#### ভাহপর্য

এই শ্লোকটি শ্রীমন্ত্রাগবত (১০/২১/১৮) থেকে উদ্ধৃত। শরৎকালে কৃষ্ণ-বলরাম থনে প্রবেশ করনে, গোপিনারা নিজেদের মধ্যে এইভাবে কৃষ্ণ-বলরাম এবং গিরিরাধ্য গোওইনের মহিমা কীর্ত্তম করেছিলেন

#### রৌক ৮৭

এই শ্লোক পড়ি' প্রভূ চলেন বায়ুবেগে। গোবিক ধবিল পাছে, নাহি পায় লাগে । ৮৭ ॥

# গ্ৰোকাৰ্থ

এই শ্লোকটি বলতে বলতে খ্রীচৈতন্য মহাপ্রভূ বায়ুবেগে চটক পর্বতের দিকে ছুটে চলকেন। গোবিদ তার পিছনে পিছনে ছুটলেন; কিন্তু ভার লাধ্ব পেলেন না।

# (अकि ४४

যুকার পড়িল, মহা-কোলাহল হইল। যেই যাঁহা ছিল সেই উঠিয়া ধাইল ॥ ৮৮ ॥

# লোকার্থ

ভক্তদের উচ্চ চিৎকারে মহা কোলাহলের সৃষ্টি হল, এবং বে বেখানে ছিলেন সেখান থেকে উঠে মহাপ্রভুর পিছনে পিছনে ধারিত হলেন।

# গ্ৰোক ৮৯

স্বরূপ, জগদানক, পণ্ডিড-গদাধর । রামাই, নন্দাই, আর পণ্ডিত-শহর ॥ ৮৯ ॥

# য়োকার্থ

স্থরূপ দামোদর গোস্থামী, জগদানন্দ পণ্ডিত, গদাধর পণ্ডিত, রামাই, নন্দাই এবং শঙ্কর পণ্ডিত প্রমুখ ভক্তেরা প্রতিচতন্য মহাগ্রভুর পিছনে পিছনে ছুটনেন। শ্লৌক ১০

এইজাবে বলতে বলতে প্রীচৈতন্য মহাপ্রভুদ বাহ্যচেতনা ফিরে এল এবং তথন স্থক্ষণ নামোদর গোস্বামীকে দেখে তিনি টাকে জিল্লাসা করালেন, তোমরা কেন আন্তব্যে এখানে নিমে এলে। " স্থক্রপ নামোদর গোস্বামী তথন তাকে বলতে লাগালেন, "সমুদ্রবা মফুনা বলে মানে করে তুমি সমৃত্রের জালে আঁপিনো পড়েছিলে, এবং সমৃত্রের তরজে ভাসতে ভাসতে তুমি এতদুর এসেছ।

ক্লোক ১১৩

এই জালিয়া জালে করি' তোমা উঠাইল ৷ তোমার পরশে এই প্রেমে মন্ত হইল ॥ ১১৩ ॥

ক্লোকার্থ

"এই জেলেটি তার জালে করে ভোষাকে জল থেকে উঠিমেছে, এবং ভোষার স্পর্শে এ প্রেয়ে মন্ত হয়েছে।

গ্লোক ১১৪

সৰ নাত্ৰি সবে বেড়াই তোমারে অন্বেনিয়া। জালিয়ার মুখে শুনি' পাইনু আসিয়া॥ ১১৪ ॥

শ্লোকার্থ

'আমরা সরোরাত ভোমাকে খুঁজে বেড়িলেছি, তারপর এই জেলেটির কলা শুনে এখানে এসে ভোমাকে খুঁজে পোরাছি।

গ্রোক ১১৫

ভূমি মূর্ছা ছলে বৃন্দাবনে দেখ ক্রীড়া। তোমার মূর্ছা দেখি সবে মনে পাই পীড়া। ১১৫ ।

শ্লোকার্থ

"তুমি মূর্ত্তার ছলে কৃদ্ধাবনে কৃষ্ণ-লীলা দর্শন কর, কিন্তু আমরা তোমাকে মূর্ত্তিত দেখে মনে কয় পাই। গ্রোক ১১৬

কৃষ্ণনাম লইতে তোমার 'অর্থবাহ্য' হইল । তাতে যে প্রলাপ কৈলা, তাহা যে গুনিল ॥" ১১৬ ॥

হোকার্থ

'আমরা যখন কৃষ্ণনাম করতে লাগলাম, তখন তোমার অর্গচেতনা হল, এবং তখন তুমি যে প্রলাপ বললে তা আমরা ওনলাম "

শ্লোক ১১৭

প্রভূ করে,—"স্বপ্নে দেখি' গেলাগ্ত বৃন্দাবনে ৷ দেখি,—কৃক্ত রাস করেন গোপীগণ-সলে ৷৷ ১১৭ ৷৷

ক্লোকার্থ

র্ত্রীতৈতন্য মহাপ্রভু বললেন, "হুপ্নে আমি বৃন্দাবনে গিয়েছিলাম, এবং লেখানে গিয়ে দেখলাম যে কৃষ্ণ গোলীদের সঙ্গে রাসলীলাবিলাস করছেন।

শ্লোক ১১৮

জলক্রীড়া করি' কৈলা বন্য-ভোজনে । দেখি' আমি প্রলাপ কৈলুঁ—হেন লয় মনে ॥ ১১৮॥

হোকার্থ

"জলক্রীড়া করে কৃষ্ণ ব্যস্তোজন করলেন আমার মনে হয় সেকথা বর্ণনা করে আমি উশ্মানের মতো প্রলাপ করেছিলাম।"

শ্লোক ১১৯

তবে স্বরূপ-গোসাঞি তাঁরে সান কবাঞা । প্রভুরে সঞা ঘর আইলা আনন্দিত হঞা ॥ ১১৯ ॥

গ্ৰোকাৰ্থ

ভারপার স্বরূপ দায়োদর গোস্থামী প্রীচৈতন্য মহাপ্রভূকে সান করিয়ে অত্যন্ত আনন্দিত হয়ে তাঁকে যার ফিরিয়ে নিয়ে এলেন।

শ্লোক ১২০

এই ড' কহিলুঁ প্রভূর সমুদ্র-পতন । ইহা যেই শুনে, পায় চৈতন্য-চরণ ॥ ১২০ ॥

#### হোকার্থ

এইডাবে আমি শ্রীটেতন্য মহাপ্রভূব সমুদ্রে পতনের কাহিনী বর্ণনা করলাম এই লীলা যিনি প্রবণ করেন তিনিই শ্রীটেডন্য মহাপ্রভূব শ্রীগাদপত্তে আশ্রম লাভ করেন।

গ্রোক ১২১

ত্রীরূপ রঘুনাথ-পদে যার আশ । চৈতন্যুচরিতামৃত করে কৃষ্ণদাস ॥ ১২১ ॥

**টোকার্থ** 

শ্রীরূপ গোস্থায়ী এবং শ্রীর্ঘুনাথ দাস গোস্থায়ীর শ্রীপাদপতে আমার প্রণতি নিবেদন করে এবং তাঁদের কৃপা প্রার্থনা করে, তাঁদের পদকে অনুসর্গপূর্বক আমি কৃষ্ণদাস শ্রীতৈতন্য-সরিকামৃত বর্ণনা করাই।

इंडि—'बीटिक्स यहाक्षकृत मयून-भठम मीमा' वर्धनायाती श्रीटिक्स-विविध्य श्राह्त बहामीमात बहायम भितिब्दायत क्रिक्टमान छारभर्य।

# শ্রীটৈতন্য মহাপ্রভুর মাতৃভক্তি, কৃষ্ণ-বিরহ-জনিত প্রলাপ, দেওয়ালে মুখ ঘর্ষণ এবং জগন্নাথ-বল্লভ উদ্যানে নৃত্য

শ্রীল ভতিবিনোদ ঠাকুর তার অমৃত-শ্রবাহ ভাষো উনবিংশ পরিছেদের কথাসারে বলেছেন—'মাতৃ ভতির ধারা অনুপ্রাণিত হয়ে শ্রীচেতনা মহাপ্রভূ প্রতি ববসর জগদানন পথিতকে প্রসাদী বরে ও মিন্টায় দিয়ে শ্রীনগদ্বীপে পাঠাতেন, জগদানদ পণ্ডিত সেইভাবে একবছর নবদীপ গিয়ে অনৈত আচার্য নিথিত তরজা প্রহেলী নিয়ে এলেন তা পাঠ করে মহাপ্রভূর দশা বৃদ্ধি পেতে লাগল এবং ভক্তরা বিচার করতে লাগলেন যে, 'মহাপ্রভূ বৃদ্ধি শীগ্রই অপ্রকট হবেন।' শ্রীচেতনা মহাপ্রভূর অবস্থা এমন হল যে, রাত্রিতে মৃথ ঘর্ষণ করায় প্রভূব ক্ষতাঙ্গে রক্তপাত হতে লাগলে। তা নিব্রেণ করার জন্য হল্পণ নামোদর গোসামী শক্ষর পণ্ডিতকে রাগ্রে প্রতিতনা মহাপ্রভূব বরে থাকতে বলেছিলেন

কোন সময়ে বৈশাসী পূর্ণিয়ার রাত্রে ব্রীজগন্নাথ-বছন্ড উদ্যানে প্রবেশ করে প্রীচৈতন্য মহাপ্রভূ নানা ভাব প্রকাশ করতে কয়তে অশোক বৃক্ষের তলায় হঠাৎ কৃষ্ণকে দর্শন করন্দেন, তাতে তিনি কৃষ্ণের অস্ব-গঙ্গে উন্মন্ত হয়ে ভাব প্রকাশ করতে লাগনেন '

#### শ্লোক ১

# বলে ডং কৃষ্ণতৈতনাং মাতৃওক্তশিরোমণিম্ । প্রকণ্য মুখনঘেষী মধ্দ্যানে ললান যা ॥ ১ ॥

বন্দে—আমি বন্দনা করি, তম্—তাকে; কৃষ্ণ-তৈতদ্যম্—বীকৃষ্ণ-তৈতদ্য মহাপ্রভূকে; মাতৃভক্ত-শিরোমনিম্—সর্বশ্রেষ্ঠ মাতৃভক্ত; প্রলপ্য—উন্মাদের মণ্ডো প্রলাপকারী, মুখ-সংঘর্ষী—
মুখ ঘর্ষণকারী; মধু-উদ্যাদে—জনমাধ-বন্নভ নামক উদ্যাদে; ললাস—আস্বাদন করেছিলেন;
ঘঃ—বিনি

#### অনুবাদ

যিনি মাতৃতক্ত-শিরোমনি এবং প্রলাপ করতে কয়তে গৃহ-ভিতিতে মুখ ঘর্ষণ করেছিলেন, এবং যিনি কৃষ্ণপ্রেম লালসা প্রদর্শন করার জন্য জগমাধ-বল্লভ রূপ মধ্দানে শীলা করেছিলেন, সেই কৃষ্ণতৈভন্যকে আমি বন্দনা করি।

শ্লোক ২

জন্ম জন্ম শ্রীচৈতন্য জন্ম নিত্যানন্দ । জন্মটেন্ততচন্দ্র জন্ম গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥ গোকার্থ

শ্রীটেডেন্য মহাপ্রভূব জয় ৷ শ্রীমন্ নিজানন্দ প্রভূব জয় ৷ শ্রীফার্টেড আচার্টের জয় ৷ এবং শ্রীটেডেন্য মহাপ্রভূব সমস্ত ভক্তব্যের জয় ৷

হোক ৩

এইমতে মহাপ্রভু কৃষ্ণপ্রেমাবেশে। উত্যাদ-প্রলাপ করে রাত্রি-দিবুসে ॥ ৩॥

ধ্যোকার্থ

এইভাবে কৃষ্ণপ্রেমাবেশে খ্রীটেডেন্য মহাপ্রভু দিন-রাত উন্মাদের মতো প্রলাপ করতেন।

য়োক ৪

প্রভুর অত্যন্ত প্রিয় পশুত-জগদানদ । যাহার চরিত্রে প্রভু পায়েন আনন্দ গ্র ৪ ॥

গ্লোকার্থ

খ্রীটেডলা মহাপ্রকৃত্ব অভ্যন্ত প্রিয় ছিলেন জগদানন্দ পণ্ডিভ, যাঁর কার্যকল্যপে মহাপ্রস্থ অভ্যন্ত আনন্দ সভে করতেন

য়োক ৫

প্রতিবংসর প্রভূ তাঁরে পাঠান নদীয়াতে ৷ বিচ্ছেদ-দুঃখিতা জানি' জননী আশ্বাসিতে ॥ ৫ ॥

য়োকার্থ

ভার বিজেদে ভার জননীকে অত্যস্ত দুর্রখিতা জেদে ভাঁকে আশ্বাস দেওয়ার জন্য প্রতি বৎসর খ্রীকৈতন্য মহাপ্রজু স্তাগান্দদ পণ্ডিতকৈ মবরীপে পাঠাতেন

য়োক ৬

"নদীয়া চলহ, মাতারে কহিহ নমস্কার। আমার নামে পাদপন্ম ধরিহ তাঁহার॥ ৬॥

য়োকার্থ

শ্রীটেডনা মহাপ্রভু জগদানন্দ পণ্ডিতকে বলেছিলেন, "তুমি নদীয়ায় যাও এবং আমার মাকে আমার প্রণতি নিবেদন কর, আর আমার নামে তুমি তাঁর পাদপল্ল স্পর্গ কর।

গ্ৰোক ৭

কহিহ তাঁহারে—'ভূমি করহ স্মরণ। নিত্য আসি' আমি তোমার বন্দিয়ে চরধ ॥ ৭ ॥ প্লোকার্থ

"আমার হয়ে তাঁকে বল, 'তুমি আমাকে শারণ কর, তাই আমি প্রতিদিন ভোমার কাছে। এসে ভোমার শ্রীপাদপদ্ম কদনা করি।

গ্ৰোক ৮

যে-দিনে তোমার ইচ্ছা করাইতে ভোজন । সে-দিনে আসি' অবশ্য করিয়ে ভক্ষণ ॥ ৮ ॥

প্লোকার্থ

" 'থেদিন তোমার আমারে খাওয়াতে ইছো হয়, সেদিন অবশাই আমি এসে ডোমার দেওয়া খাদ্যদ্রহা ভক্ষণ করি

প্রোক ১

তোমার সেবা ছাড়ি' আমি করিলুঁ সন্মাস । 'বাউল' হঞা আমি কৈলুঁ ধর্মনাশ ॥ ৯ ॥

শ্লোকার্থ

" 'ডোমার সেবা ছেড়ে আমি সন্ন্যাস গ্রহণ করেছি বাতুল হরে আমি ধর্ম নাশ করেছি

গ্রোক ১০

এই অপরাধ তুমি না লইহ আমার । তোসার অধীন আমি—পুত্র সে তোমার ॥ ১০ ॥

রোকার্থ

" 'খা, ডুমি ময়া করে আমার এই অপরাধ নিয়ো না, তোমার পূত্র, আমি, সম্পূর্ণরূপে ভোমার অধীন।

त्यांक ১১

নীলাচলে আছি আমি তোমার আজাতে । যাবৎ জীব, তাবৎ আমি নারিব ছাডিতে ॥" ১১ ॥

য়োকার্ঘ

" 'ডোমার আদেশে আমি নীলাচলে আছি, যতদিন আমি বেঁচে থাকব, ততনিন আমি এই স্থান ছেড়ে খাব না.' "

গ্ৰোক ১২

গোপ-লীলায় পাইলা যেই প্রসাদ-বসতে। মাতারে পাঠান তাহা পুরীর বচনে ॥ ১২ ॥

#### ব্লোকার্থ

পরমানক পুরীর নির্দেশ অনুসারে, শ্রীচৈতন্য মহাপ্রভূ তার মাকে শ্রীজগদ্বাথদেবের গোপ-লীলার প্রসাদী বসন পাঠালেন।

শ্লোক ১৩

জগনাথের উত্তম প্রসাদ আনিয়া যতনে । মাতারে পৃথক্ পাঠান, আর ভক্তগণে ॥ ১৩ ॥

মোকার্থ

জগলাথদেবের অতি উত্তম প্রসাপ এনে অতি যতু সহকারে জিনি পৃথকভাবে তাঁর মাকে এবং নদীয়ায় তাঁর ডক্তদের পাঠিয়েছিলেন।

লোক ১৪

মাতৃভক্তগণের প্রভূ হন শিরোমণি। সন্মাস করিয়া সদা সেবেন জননী ॥ ১৪ ॥

য়োকার্থ

শ্রীতিতন্য মহাপ্রতু সমস্ত মাতৃভক্তদের শিরোমণি। সহয়েস গ্রহণ করা সত্ত্বেও তিনি সর্বদা তার জননীর সেবা করেছিলেন।

রোক ১৫

জগদানক নদীয়া গিয়া মাতারে মিলিলা ! প্রস্তুর যত নিবেদন, সকল কহিলা ৷৷ ১৫ ৷৷

গ্লোকার্থ

জগদানন্দ পণ্ডিত নদীয়ায় গিয়ে শচীমাডার সঙ্গে সাক্ষাৎ করলেন, এবং শ্রীটেডন্য মহাপ্রভুৱ সয়ান্ত কথা ডাঁকে বললেন।

টোক ১৬

আচার্যাদি ভক্তগণে ফিলিলা প্রসাদ দিয়া । মাতা-ঠাঞি আজ্ঞা লইলা মাসেক রহিয়া ॥ ১৬ ॥

য়োকার্থ

তারপর তিনি অবৈত আচার্য প্রমুখ সমস্ত ভক্তদের সঙ্গে সাকাৎ করলেন এবং তাঁদের জন্মাথ-প্রসাদ দিলেন। সেখানে একমাস থাকার পর তিনি জগন্নাথপুরীতে ফিরে যাবার জন্য শর্টীযাতার কাছে বিদায় চাইলেন। শ্লোক ১৭

আচার্যের ঠাঞি গিয়া আজ্ঞা মাগিলা। আচার্য-গোসাঞি প্রভূৱে সদেদশ কহিলা ॥ ১৭ ॥

গ্লোকার্থ

ভারপর তিনি অবৈত আচার্যের কাছে গিয়ে তার অনুমতি চহিলেম, এবং তথন অবৈত আচার্য প্রভু জীচৈতন্য মহাপ্রভুকে দেওয়ার জন্য একটি সংবাদ তাঁকে দিলেম.

গ্রোক ১৮

তরজা-প্রহেলী আচার্য কহেন ঠারে-ঠোরে । প্রভু মাত্র বুঝোন, কেহ বুঝিতে না পারে ॥ ১৮ ॥

য়োকার্থ

হেমালী করে জন্তার আকারে ইলিতে অহৈত আচার্য প্রস্তু সেই সংবাদটি দিয়েছিলেন, যা কেবল জীতৈতন্য মহাপ্রস্তুই বুঝতে পোরেছিলেন, অন্য কেউ বুঝতে পারেনি,

শ্লোক ১৯-২১

"প্রভূরে কহিহ আমার কোটি নমন্ধার ।
এই নিবেদন তাঁর চরণে আমার ॥ ১৯ ॥
বাউলকে কহিহ,—লোক ইইল বাউল ।
বাউলকে কহিহ,—হাটে না বিকাম চাউল ॥ ২০ ॥
বাউলকে কহিহ,—কাবে নাহিক আউল ।
বাউলকে কহিহ,—ইহা কহিয়াহে বাউল ॥" ২১ ॥

লোকার্থ

অধৈত আচার্য প্রকৃ বলেছিলেন—"ন্সীতৈকনা মহাপ্রকৃর গ্রীপাদপত্তে আমার কোটি কোটি প্রণতি নিবেদন কর। উত্যাদের মতো আচরণ করতেন যে প্রীতৈজনা মহাপ্রকৃ, তাঁকে জানাবে যে সকলেই তাঁর মতো উত্যাদ হয়ে গেছে তাঁকে আরও জানাবে যে, বাজারে আর চাল বিক্রি হচ্ছে না যারা কৃষ্ণপ্রেমে উত্যান হয়েছে তাঁদের আর জড় নিগমের প্রতি কোন আসন্তি নেই। কৃষা-প্রেমোশান্ত শ্রীতৈকনা মহাপ্রকৃতে বল যে তাঁরই যতো প্রেমোশান্ত অবৈত আচার্য তাঁকে একথা বলেছে।"

শ্লোক ২২

এত শুনি' জগদানন্দ হাসিতে লাগিলা । নীলাচলে আসি' তবে প্রভুৱে কহিলা ॥ ২২ ॥ গ্ৰোকাৰ্থ

অন্তৈৰে আচাৰ্যেন প্ৰহেলিকা-পূৰ্ণ এই তৰ্জা শুনে জগদানন্দ পণ্ডিত হাসতে সাগলেন, এবং নীলাচলে পৌছে তিনি সেকথা খ্ৰীটেতলা মহাপ্ৰভূকে বল্পেন।

শ্লোক ২৩

তরজা শুনি' মহাপ্রভূ ঈষৎ হাসিলা। 'তাঁর যেই আজ্ঞা'—বলি' মৌন ধরিলা ॥ ২৩ ॥

য়োকার্ঘ

সেই তর্জা গুনে প্রীটেতন্য মহাপ্রভূ ঈয়ৎ হাসন্দেন এবং 'তাঁর যেই আজ্ঞা', বলে মৌন অবলয়ন করলেন

গ্রোক ২৪

জানিয়াও স্বরূপ গোসাঞি প্রভুরে পুছিল। 'এই তরজার অর্থ বুঝিতে নারিল'॥ ২৪॥

त्याकोर्थ

সেই তর্জার অর্থ বুরুতে পারা সত্ত্বেও স্বরূপ দামেদের গোস্থামী শ্রীচৈতন্য মহাপ্রভূকে বললেন, "এই দ্লোকটির অর্থ কি? ভা আমি বুঝতে পারলাম না।"

শ্লোক ২৫

প্রভূ কহেন,—'আচার্য বয় পূজক প্রবল ৷ আগম-শাল্রের বিধি-বিধানে কুশল ৷৷ ২৫ ॥

হোকার্থ

শ্রীতিগঙনা মহাপ্রভূ তথ্য তাঁকে বললেন, "শ্রীফট্রিত আচার্য ডগবানের মহান পূজর এবং বৈদিক শান্তোর বিধি-বিধান অনুশীলনে তিনি অভান্ত পারদর্শী

গ্রোক ২৬

উপাসনা লাগি' দেবের করেন জাবাহন। পূজা লাগি' কত কাল করেন নিরোধন ॥ ২৬ ॥

শ্লোকার্থ

"ভগবানের উপাসন: করার জন্য তিনি ভগবানকে আহুন করেন, এবং তাঁর আরাখন! করার জন্য তিনি ডাঁকে কিছুকাল ধরে রাখেন

শ্লোক ২৭

পূজা-নির্বাহণ হৈলে পাছে করেন বিসর্জন ৷ তরজার না জানি অর্থ, কিবা তাঁর মন ॥ ২৭ ॥ য়োকার্থ

"তারপর পূজা হয়ে গেলে ভগৰানের বিগ্রহ বিসর্জন দেন এই তর্জার অর্থ আমি জানি না, এবং তাঁর মনে যে কি আছে তাও আমি জানি না

শ্লোক ২৮

মহাযোগেশ্বর আচার্য—তরজাতে সমর্থ। আমিহ বুঝিতে নারি তরজার অর্থ॥' ২৮ ॥

হোকার্থ

শ্রীঅদ্বৈত আচার্য সহাযোগেশ্বর তরজা লিখতে তিনি অত্যন্ত পারদশী, তরজার অর্থ আমিও বৃশ্বতে পারি না।"

রোক ২৯

গুনিয়া বিস্মিত ইইলা সব উক্তেগণ । স্বরূপ-গোসাঞি কিছু ইইলা বিমন ॥ ২৯ ॥

শ্লোকার্থ

সেঁই তরজার কর্ম শুনে সমস্ত ভক্তরা কড়ান্ড আশ্চর্যান্থিত হলেন, এবং স্থরূপ দাযোদর গোস্থামী কিছুটা বিষয় হলেম।

গ্লোক ৩০

সেই দিন হৈতে প্রভুর আর দশা ইইল। কৃষ্ণের বিরহ-দশা বিওণ বাড়িল॥ ৩০॥

য়োকার্থ

মেদিন থেকে শ্রীতৈজন্য মহাপ্রভুর ভাষাবিষ্ট অবস্থা পরিবর্তিত হল। তাঁর কৃষ্যবিরহ দশা দ্বিশুগভাবে বর্ষিত হল

গ্রোক ৩১

উন্মাদ-প্রলাপ-চেস্টা করে রাত্রি-দিনে । বাধা-ভাষাবেশে বিরহ বাড়ে অনুক্ষণে ॥ ৩১ ॥

গ্লোকার্থ

রাত্রি-দিনে তিনি উন্মাদের মতো প্রলাপ বলতেন এবং আচরণ করতেন । শ্রীমতী রাধার্ননীর ভাবে আবিষ্ট হয়ে তাঁর বিরহ প্রতিক্ষা বর্ধিত হতে লাগল।

শ্লোক ৩২

আচন্ধিতে স্ফুরে কৃষ্ণের মথুরা-গমন। উদযুর্ণ-দশা হৈল উন্মাদ-লক্ষণ ॥ ৩২ ॥ የ৮8

অব্য ১৯

হঠাৎ শ্রীটেতনা মহাপ্রভার অন্তরে শ্রীকৃষ্ণের মধুরা গমন লীলার স্মৃতির উদর হল; এবং র্ভার আচরণে উদ্ধৃণাঁ দশার উন্মাদ লক্ষণ দেখা দিল

শ্লোক ৩৩

রামানন্দের গলা ধরি' করেন প্রলাপন ৷ 'ররূপে পুছেন জানি' নিজ-স্থীগণ ॥ ৩৩ ॥

শ্লোকার্থ

রামানন্দ রায়ের গলা জড়িয়ে ধরে ঐটিচডন্য মহাপ্রভু প্রদাপ বলতে লাগলেন, এবং স্বরূপ দামোদরকে তার সখী বলে জেনে প্রশ্ন করতে লাগলেন।

শ্ৰোক ৩৪

পূর্বে যেন বিশাখারে রাধিকা পুছিলা। সেই প্লোক পড়ি' প্রলাপ করিতে লাগিলা ॥ ৩৪ ॥

য়োকার্থ

গ্রীমতী রাধ্যরাণী যেন্ডারে পূর্বে বিশাখাকে প্রশ্ন করেছিলেন, সেই প্রোক পড়ে জ্রীচৈতন্য মহাহাত উন্মানের মজো প্রকাশ বলতে লাগলেন

(स्रोक उट

কু নন্দকুলচন্দ্রমাঃ কু শিধিচন্দ্রকালস্কৃতিঃ क मन्त्रमुजनीतदः क न भूत्रस्त्रनीनमृष्टिः । কু রাসরস্তাগুরী কু সুখি জীবরকৌষধি-নিধিৰ্ময় সূক্তমঃ ক বত হস্ত হা ধিথিধিম ॥ ৩৫ ॥

কু--কোথায়, নন্দ-কুল-চলেমাঃ-- নন্দ মহারাজের বংশরূপ ক্ষীর-সমূদ্র থেকে উদ্ভূত চল্র সদৃশ ছীকৃতঃ, ক্—কোথায়, পিখি-চন্দ্ৰক-অলম্বৃতিঃ—শিখিপুগৰ্ যাঁর মন্তব্দে শোভা পায় ্সই কৃষ্ণ, কু—কোথায়, মন-মুরলী রবঃ—মন্দ মধুর স্বরে বাঁশী বাজায় যে কৃষ্ণ, কু— কোথায়, ন—অবশৃষ্টি সুরেন্দ্র-নীক দ্যুতিঃ ইন্দ্রনীল মণির মতো অঙ্গকাতি যার, সেই প্রীকৃষ্ণ; কৃ—কোথায়, রাস-রস-ভাশুবী—রান্যে ভাশুব নৃত্য করে যে কৃষ্ণ, কৃ—কোথায়, সখি—হে সখি, জীব-বঙ্গা-ঔষধিঃ—জীবন নক্ষাকারী ঔষধ শ্বরূপ শ্রীকৃষ্ণ, নিধিঃ—সম্পদ, মম—আমার, স্কুত-তথঃ—সর্বশ্রেষ্ঠ সূত্রত, ক্ল—কোথায়, বত—হায়, হস্ত—হায়, হা— হয়ে, ধিক বিধিম্ বিধাতাকে ধিক

অনুবাদ

'হে স্থি! সেই নন্দকুলচন্দ্রমা কোথায়? সেই ময়ুর-পুরুছর ছারা অলম্বেড কৃষ্ণ

নোক ০৮] শ্রীটেতন্য মহাপ্রভুর মাতভুঞ্জি, কমহভুক্তিজনিত প্রদাপ

কোথায় ? সেই মন্দ মধুর বংশীবাদক কৃষ্ণ কোথায় ? ইন্দ্রনীলমণিদ্যুতিমান্ কৃষ্য কোথায়? রাসরসে নর্তনকারী স্বেই ক্রম্ব্য কোথায়? আমার জীবন রক্ষার ঔষধি-স্ত্রপ কৃষ্ণ কোথায়? আমার সেই সূহান্তম নিধি বা কোথায়? হায় হায়। বিধাতাকে ধিক।

ভাৎপর্য

এই মোকটি রূপ গোস্বামীয় লালিজ-মাধ্য নটিকেও (৩/২৫) পাওয়া যায়

শ্লোক ৩৬

"दरकसक्ष-मृक्षमिन्नु, ক্ষ্ণ—তাবে পূৰ্ণ ইন্দু, क्षन्ति' रिक्ना जगर উष्कात । काश्चामुक त्यवा शिद्य, নিরতরে পিয়া জিয়ে, ব্ৰজ-জ্জনের নয়ন-চকোর 🏗 ৩৬ 🕩

শ্ৰোকাৰ্থ

"দন্দ মহারাজের বংশ ক্ষীর-সমূদ্রেন্দ্র মড়ো, সেই বংশে পূর্ণচন্ত্রের মড়ো উদিত হয়ে আঁকুফা সমগ্র জ্বাৎকে আলোকিত করেছেন, ব্রজবাসীদের ময়ন চকোর পাখীর মতো নিরস্তর তার অসকাত্তি-রূপ অয়ত পান করে জীবদ ধারণ করে।

গ্রোক ৩৭

স্থি হে, ক্রোথা কৃষ্ণ, করাহ দরশন ৷ ক্ষণেকে যাহার মুখা, না দেখিলে ফাটে বুক, भीज प्रशेष, ना तृत्व जीवन ॥ ७९ ॥ ३० ॥

"হে স্থি। কৃষ্ণ কোথায়। দয়া 'ক্রে আমাকে তাঁর দর্শন করাও স্কৃণিকের জন্যও যার মুখ দর্শন না করলে বুক 🗫েটে যায়, শীঘ্র তাঁকে দেখাও, তা না হলে আমি বাঁচৰ না।

শ্ৰোক ৩৮

এই ব্রজের রমণী, কামার্কতপ্ত-কুমুদিনী, নিজ<del>্ব</del>রামৃত দিয়া দান । প্রফুল্লিত করে থে<del>ইছ</del>় কাঁহা মোর চন্দ্র সেই, দেখাহ, সখি , রাখ মোর প্রাণ ॥ ৩৮ ॥

শ্রোকার্থ "ব্ৰজ-রমণীরা কামরূপ সূর্য-কিরণে তপ্ত কমুদিনীর মতো। কিন্তু কৃষ্ণচন্ত্র তার হাতের

ৈচঃচঃ খেল্ডা-৫০

অমৃত দান করে ডাঁদের প্রফুল্লিত করে। হে সধি। আমার সেই চন্দ্র কোখায়। তাঁকে দেখিয়ে ভূমি আমার প্রাণ রাখ।

শ্লোক ৩৯

কাঁহা সে চূড়ার ঠাম, শিখিপিঞ্রে উড়ান, নব-মেষে যেন ইন্তথন্। পীতাম্বর—ভড়িদ্দুর্গতি, মুক্তামালা—বকপাঁতি, নবাস্থ জিনি' শ্যামতনু॥ ৩৯॥

#### য়োকার্থ

"হে সখি। নবীন খেঘের ইন্তেধনুর মতো মন্ত-পুছে শোডিত মুকুট কোখায়? বিদ্যুতের দ্যুতি সময়িত পীতবসন কোপায়ে হ বকপাতির মতো তাঁর মুক্তামালা কোথায়। জলভরা নবীন মেঘের ঘনশ্যামবর্গকে পরাজকারী জীকুজের শায়মতনু কোথায়।

শ্লোক ৪০

একবার যার সরতেন লাগে, সদা তার হৃদয়ে জাগে,
কৃষ্ণতনু—যেন আশ্র-আঠা ।
নারী-মনে পৈশে হায়, যুদ্ধে নাহি বাহিরায়,
তনু নহে,—সেয়াকুলের কাঁটা ॥ ৪০ ॥

#### য়োকার্থ

"প্রীকৃষ্ণের সুন্দর এক যদি একবারও কারোর চোখে লাগে, ভাহলে ভা টিরকাল ভার হাদরে। লোগে পাকে কৃষ্ণের দেহ যেন আমের আঠার মতো, রমণীর মনে প্রবেশ করলে ভা বহু যদ্ধ করেও আর বার করা যায় না। শ্রীকৃষ্ণের দেহ দেহ নয়, তা সেয়াকৃলের কাঁটা।

প্লোক ৪১

জিনিয়া তমালদ্যুতি, ইন্দ্রনীল-সম কান্তি, সে কান্তিতে জগৎ মাতার। শৃঙ্গার-রস-সার ছানি', তাতে চন্দ্র-জ্যোৎসা সানি', জানি বিধি নিরমিলা তার 10 ৪২ ॥

#### লোকার্থ

"প্রীকৃষ্ণের অঙ্গকান্তি ইন্দ্রনীল মণির মন্তো এবং তা তমাল বৃক্ষের দ্যুতিকে পরাস্ত করে তাঁর অঙ্গকান্তি সারা জগতকে এতায়। শৃঙ্গরে রসের সার ছেঁকে চন্দ্রের জ্যোৎসা মিশিয়ে বিধি তাঁর দেহ তৈরি করেছেন। শ্লোক ৪২

কাঁহা সে মুরলীধ্বনি, নবামুদ-গর্জিত জিনি', জগৎ আকর্মে শ্রবণে যাহার। উঠি' ধায় ব্রজ্ঞ-জন, ভূমিত চাতকগণ, আমি' পিয়ে কান্ত্যমূত-ধার ॥ ৪২॥

হোকার্থ

"নবীন মেছের বল্ল-নর্জনকৈ পরান্তকারী, সমগ্র জগতের শ্রবণ আকর্যণকারী, সেই মূলনীধরনি কোথানঃ ভূমিত চাতকের মতো শ্রজনামীরা ছুটে গিয়ে শ্রীকৃষ্ণের অসকান্তির সেই অমৃতধারা পান করেন।

শ্লোক ৪৩

মোর সেই কলানিধি. প্রাণরক্ষা-মহৌযধি,
স্থি, মোর ভেঁহো সূক্তম ।
সেহ জীয়ে তাঁহা বিলে, ধিক্ এই জীবনে,
বিধি করে এত বিডয়ন।" ৪৩ ॥

শ্লোকার্থ

"শ্রীকৃষ্য সমস্ত শিল্প ও কলার উৎস। সে আমার প্রাণরকার মহৌষধি হৈ সধি, আমার সেই সুদ্বতম কৃষ্ণ-বিলা যে আমার এই দেহ বেঁচে রয়েছে, এই জীবনকে ধিক। বিধি আমারে এত বিভয়ন করছে।"

শ্লোক 88

'যে-জন জীতে নাহি চায়, তারে কেনে জীয়ায়', বিধিপ্রতি উঠে ফ্রোধ-শোক । বিধিরে করে ভর্থসন, কৃষ্ণে দেন ওলাহন, পত্তি' ভাগবতের এক শ্লোক ॥ ৪৪ ॥

<u>হোকার্থ</u>

"বিধিন প্রতি শোকনিশ্রিত তোধ প্রকাশ করে তিনি নগলেন, 'যে বাঁচতে চান না তাকে কেন নিধি নাঁচিয়ে নাথে ?" এইডাবে বিধিকে ভর্ষসন্য করে, শ্রীচৈতন্য মহপ্রেড় তানপর শ্রীমন্তাগবতের একটি শ্লোক পড়ে কুমের প্রতি অভিযোগ করলেন।

> শ্লোক ৪৫ অহো বিধাতস্তব ন কচিদ্দরা সংযোজ্য মৈত্র্যা প্রণয়েন দেহিনঃ ।

# তাংশ্চাকৃতার্থান্ বিযুনওক্ষ্যপার্থকং বিচেষ্টিতং তেহর্ভকচেষ্টিতং যথা ॥ ৪৫ ॥

আহোঁ—হায়; বিধাতঃ—হে বিধাতা, তব—তোমান, ন—না, কৃচিৎ—কখনও, দল্পা—করুণা, সংযোজ্য—যোগাযোগ করিয়ে, মৈত্রা—মৈত্রীর হানা, প্রণানে—প্রণায়ের দানা, দেহিনঃ
দেহধারী জীবদেন, তান্—তাদেন, চ—এবং, অকৃত-অর্ধান্—অকৃতকার্য, বিযুনন্দিল—
বিয়োগ ঘটাও, অপার্থকন্—অংশতুক, বিচেষ্টিতন্—কার্যকলাপ, তে—ভোমান, অর্থকচেষ্টিতন্—বালক সুলন্ত কার্যকলাপ, বহা—যেমন,

#### অনুবাদ

" হে বিশাতা। তোমার দয়া মেই মৈত্রী ও প্রদরের বারা জীবের সংযোগ ঘটিয়ে অকৃতার্থ অবস্থাতেই ভাদের পুনরায় পৃথক করে দাও ভোমার এই রকম কার্যকলাপ নির্বোধ শিশুর খেলার মড।"

#### ভাৎপর্য

এই মোকটি জীমন্তাগকত (১০/৩৯/১৯) থেকে উদ্ধৃত আকুর ও বলরামের সঙ্গে শ্রীকৃষ্য থকা কুদাকা ছেড়ে মথুরায় গমন করেন তখন ক্রন্ধগোলিকারা এইভাবে বিলাগ করেন তারা আজেগ করেছিলেন যে বিধাতা কৃষ্য-বলরামের সঙ্গে খৈত্রী ও প্রণা সংখারে তালের মিলন ঘটিয়ে পুনরায় তালের থেকে বিভিন্ন করে দিয়েছে

#### টোক ৪৬

লো জানিস্প্রেম-মর্ম, ব্যর্থ করিস্পরিশ্রম, তোর চেষ্টা—বালক-সমান। 'তোর যদি লাগ্ পাইরে, তবে তোরে শিকা দিয়ে, এমন যেন না করিস্বিধান ॥ ৪৬॥

#### হোকার্থ

"বিধাতা . তুই প্রেমের মর্য জানিস্ না, এবং তাই ভোর সমস্ত পরিপ্রামই বৃধা। তোর কার্যকলাপ একটি নির্বোধ বালকের মতো আমরা যদি তোকে ধরতে পারভায় ভাহলে তোকে এমন শিক্ষা দিতাম যাতে আর কখনও তুই এরকম বিধান না করিস্।

#### শ্লোক ৪৭

অরে বিধি, তুই বড়ই নিঠুর।
অন্যোহন্য দুর্লভ জন, প্রেমে করাএল সন্মিলন,
'অকৃতার্থান্' কেনে করিস্ দূর ৪ ৪৭ ৪৮ ॥

#### শ্লোকার্থ

"হে বিধি। তুই বড়ই নিষ্ঠুর। কেননা যাদের পরস্পরের মিলন দুর্লভ, প্রেমের ছারা উাদের মিলন করিয়ে, অকৃতকার্য অবস্থায় তাদের পরস্পরের থেকে দূরে নিয়ে যাস্।

#### শ্লোক ৪৮

অরে বিধি অকরণ, দেখাপ্রা কৃষ্যানন, নেত্র-মন লোভাইলা মোর । কণেকে করিতে পান, কাড়ি' নিলা অন্য স্থান, পাপ কৈলি 'দত্ত-অপহার' ॥ ৪৮ ॥

#### য়োকার্থ

"ওরে বিধি, তুই বড়াই অকরণ। শ্রীকৃত্থের সুম্মর মুখ দেখিয়ে তুই আমার দেয়ে ও মনকে লোডাত্র করেছিলি, কিন্তু ক্ষণিকের জন্য সেই অমৃত পান করতে না করতে তুই কৃত্যকে কেন্ডে অন্য স্থানে দিরে শেলি এইডাবে তুই দান করে সেই বস্তু অপহরণ করা'নরপ বর্গু পাপ করেছিন্।

#### শ্ৰোক ৪৯

অঞ্ব করে তোর দোষ, আমায় কেনে কর রোষ', ইহা যদি কহ 'দুরাচার'। তুই অঞ্ব-মূর্তি ধরি', কৃষ্ণ নিলি চুরি করি', অনোর নহে ঐছে ব্যবহার ॥ ৪৯॥

#### য়োকার্থ

"হে দুরাচার বিধি। তুই যদি বলিস্, 'দোধ ত অঞ্জ করেছে, আমার প্রতি কেন রোয প্রকাশ করছ।' তাহলে আমি বলৰ, 'তুই-ই অঞ্জম্বি ধরে কৃষ্ণকে চুরি করে নিয়ে গেছিস্ খন্য আন কেউ এই রকম ব্যবহার করতে পারে না '

#### **लॉक ६०**

আপনার কর্ম-দোহ, তোরে কিবা করি রোহ, তোয়-মোয় সম্বন্ধ বিদ্র । যে আমার প্রাণনাথ, একরা রহি যাঁর সাথ, সেই কৃষ্ণ ইইলা নিঠুর। ৫০ ॥

#### শ্লোকার্থ

"এটি আমাই কর্মদোষ। কেন আমি অনর্থ ভোর প্রতি রোম প্রকাশ করছি? তোর

ባቅው

্বিভা ১৯

আর আমার সম্পর্ক তো অনেক দূরের কিন্তু আমার প্রাণনাথ যে কৃষ্ণ, যাঁর সঙ্গে আমি সব সময় একসঙ্গে থাকি, সেই কুণ্টই আমার প্রতি এত নিষ্ঠর হল।

শ্ৰোক ৫১

সৰ ত্যজি' ভজি খাঁৱে. সেই আপন-হাতে মাৰে. नातीनरथ कृरध्यत नावि ख्या । তার লাগি' আমি মরি, 'উলটি' না চাহে হরি, ক্ষণমাত্রে ভাঞ্চিল প্রণম ॥ ৫১ ॥

লোকার্থ

"সব কিছু জাগ করে আমি ঘার ভজন। করি, সেই ঠার নিজের হাত দিয়ে। আমাকে गातरह। गातीवर्थ कृरवन्त छ। ताँद् रीत जना जानि गर्द गाविह, किन्तु स्न किरतन्त्र আমারে দিকে তাকায় না। ক্ষণিকের মধ্যে মে আমাদের প্রপয়-পাশ ছিয় করেছে।

শ্ৰোক ৫২

কুম্থে কেনে করি মৌষ, আপন দুর্দৈব-দোষ, পাকিল যোৱ এই পাপফল। যে কৃষ্ণ-মোর প্রেমাধীন, ভারে কৈল উদাসীন, এই মোর অভাগা প্রবল ॥" ৫২ ॥

গ্রোকার্থ

"কুবেনর প্রতি বা আমি কেন রোষ প্রকাশ করছি? এটি তো আমার নিজেরই দুর্দৈরের ফল আমার পাপকর্মের ফল পরিপক্ক হলেছে, এবং তাই যে কুফা চিরকাল আমার প্রেমাদীন ছিল, সে এখন আমার প্রতি উদাসীন হয়েছে। ভারফলে বোঝা যায় যে আমার দুর্ভাগ্য অভ্যন্ত প্রবল।"

প্রোক ৫৩

এইগড় গৌর-রায়, বিখাদে করে হায় হায়. 'হা হা ক্ষা, ডুমি গোলা কডি?' গোপীভাৰ হৃদয়ে, তাঁর ধাক্যে বিলাপয়ে, 'গোবিন্দ দাসোদর মাধবেতি' ॥ ৫৩ ॥

য়োকার্থ

এইভাবে গভীর বিধাদে খ্রীকৈতন্য মহাপ্রড় বিলাপ করতে লাগলেন "হা হা কৃষ্ণ, তুমি কোপায় চলে গেছ?" গোপীভাব হৃদয়ে নিয়ে ডাঁদের বাকো শ্রীচৈতন মহাপ্রভ বিলাপ করতে লাগলেন, "হে গোবিন। হে দামোদর। হে মাধব।"

গ্ৰোক ৫৪

কবি' নানা উপায়, তবে স্বৰূপ ৰাম্বায়, মহাপ্রভুর করে আশ্বাসন ৷ গায়েন সঙ্গন-গীত, প্রভুর ফিরাইলা চিড, প্রভুর কিছু ছির হৈল মন 11 ৫৪ 11

লোকার্থ

ত্থান স্থান্তপ লালোদর এবং রাসালন্দ রায় প্রীচৈতনা সহাপ্রভাকে আস্থাস দেওয়ার জন্য নানারকম উপায় দ্বির করলেন তারা রাধা-কুখের সদম বর্ণনাকারী গীত গাইতে লাগলেন এবং ভার ফলে শ্রীটৈতন্য মহাপ্রভার মন কিছুটা দ্বির হল

त्यांच दद

এইমত বিলপিতে অর্ধরাত্রি গেল । গম্ভীরাতে স্বরূপ-গোস্মঞি প্রভূরে শোয়াইক ॥ ৫৫ ॥

মোকার্থ

এইছাবে অর্থনাত্রি পর্যন্ত জীতৈতন্য মহাপ্রভ বিলাপ করলেন, এবং ভারপর বরূপ-দামেদর গোস্বামী ভাঁকে গড়ীয়া নামক কলে শোয়ালেন।

গ্ৰোক ৫৬

প্রভূৱে শোয়াঞা রামানন্দ গোলা ঘরে ১ স্বরূপ, গোবিন্দ শুইলা গান্তীরার দারে ॥ ৫৬ ॥

প্লোকার্থ

ন্ত্রীটেডেন্য মহাপ্রভুকে শরন করিয়ে দ্বামানক রায় গরে ফিরে গেলেন, এবং স্বরূপ লামোদর व स्थानिष शबीतात घारत धरमन

গোক ৫৭

প্রেমারেশে মহাপ্রভুর গর-গর মন 1 নামসমীর্তন করি' করেন জাগরণ ॥ ৫৭ ॥

গ্ৰোকাৰ্থ

প্রেমাবেশে উদ্বেলিত অন্তরে শ্রীতৈতন্য মহাপ্রস্ক সংকীর্তন করে সারা রাজ জ্যোগ कांठीटनम् ।

> গ্ৰোক ৫৮ বিরুহে ব্যাকুল প্রভু উদ্বেশে উঠিলা। গম্ভীরার ভিত্ত্যে মুখ খষিতে লাগিলা ॥ ৫৮ ॥

মোকার্থ

কৃষ্ণ-বিশ্বহে ব্যাকুল হয়ে শ্রীচৈতনা মহাপ্রভু এতই উদ্বিগ্ন হয়েছিলেন যে তিনি উঠে গম্ভীরার দেওয়ালে মুখ যধতে লাগলেন

শ্লোক ৫৯

মুখে, গণ্ডে, নাকে ক্ষত হইল অপার । ভাবাবেশে না জানেন প্রভু, পড়ে রক্তধার ॥ ৫৯ ॥

প্লোকার্থ

তাঁর মূখে, পালে ও নাকে গভীর ক্ষত হল এবং নেই ক্ষত থেকে রক্ত পড়তে লাগাল, কিন্তু ভাবাবেশে শ্রীচৈতন্য মহাপ্রকু ভা বৃশক্তে পারলেন না

শ্লোক ৬০

সর্বরাত্রি করেন ভাবে মুখ সংঘর্ষণ। গোঁ-গোঁ-শব্দ করেন,—স্থরূপ শুনিলা তখন ॥ ৬০ ॥

য়োকার্থ

ভাবাৰেশে রীতিতন্য মহাহাড়ু সারারাত দেওয়ালে মুখ খবতে লাগলেন এবং গোঁ-গোঁ। শব্দ করতে লাগলেন, তখন ব্রুপ দামোদর গোলামী তা ওলতে পেলেন।

শ্রোক ৬১

দীপ জ্বালি' যরে গেলা, দেখি' প্রভূর মুখ । স্বরূপ, গোবিন্দ দুঁহার হৈল বড় দুঃখ ॥ ৬১ ॥

মোকার্থ

একটি প্রদীপ জেলে বরূপে লামোদর ও গোবিদ্দ হরে সিয়ে জীচৈতন্য মহাপ্রভূর মুখ দেখলেন এবং জাদের মনে তখন গভীর দুংব হল।

গোক ৬২

প্রভূরে শয্যাতে আনি' সৃষ্টির করাইলা । কাঁহে কৈলা এই ভূমি?—শ্বরূপ পুছিলা ॥ ৬২ ॥

শ্লোকার্থ

শ্রীটেডন্য মহাপ্রভূকে তারা বিছানায় এনে সৃষ্টির করালেন, এবং ডারপর স্বরূপ দামোদর তাঁকে জিল্ঞাসা করলেন, 'আপনি কেন এরকম করলেন ং"

শ্লৌক ৬৩

প্রভু কহেন,—"উদ্বেগে ঘরে না পারি রহিতে।
দ্বার চাহি' বুলি শীশ্র বাহির ইইতে॥ ৬৩ ॥

কোকাৰ্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূ উত্তর দিলেন, "উদ্বেগে অস্থির হয়ে আমি আর ঘরে থাকতে পারছিলায় না আমি ঘর থেকে বার হবার জন্য দরজা খুঁজছিলাম

গ্ৰোক ৬৪

দ্বার নাহি' পাঞা মুখ লাগে চারিভিতে । ক্ষত হয়, রক্ত পড়ে, না পাই যহিতে ॥" ৬৪ ॥

শ্লোকার্থ

"হার খুঁজে না পেয়ে যরের দেওয়ালে আমার মুখ সাগছিল, তাই আমার মুখে ক্ষড হয়েছে, ডা থেকে রক্ত পড়ছে, কিন্তু তবুও আমি বাহিরে মেতে পারছি না."

গ্লোক ৬৫

উন্মাদ-দশায় প্রভুর স্থির নতে মন । যেই করে, যেই বোলে, সব—উন্মাদ-লক্ষণ ॥ ৬৫ ॥

য়োকার্থ

এই উত্যাদ অবস্থায় ঐটৈচতন্য মহাহাতুর মন স্থির ছিল না। তখন ডিমি যা করতেন এবং যা বলতেন ডা সবই ছিল উত্যাদের মতো

শ্লোক ৬৬

শ্বরূপ-গোসাঞি তবে চিস্তা পাইলা মনে। ভক্তগণ লঞা বিচার কৈলা আর দিনে॥ ৬৬॥

য়োকার্থ

শ্বরূপ দায়োদর গোস্থামী তথন অন্তরে অত্যন্ত দুশ্চিন্তারাত্ত হলেদ, এবং তার পরদিন তিনি অন্য সমস্ত অন্তর্গন ভড়াদের সঙ্গে শ্রীটেডন্য মহারাভুকে শাস্ত করার বিধয়ে বিবেচনা কর্মদেন

গ্লোক ৬৭

সব ভক্ত মেলি' তবে প্রভূরে সাধিল। শঙ্কর-পণ্ডিতে প্রভূর সঙ্গে শোয়াইল ॥ ৬৭ ॥

**চোকা**ৰ্থ

সমস্ত ভক্তেরা মিলিভভাবে আলোচনা করে শ্রীটৈতন্য মহাপ্রভূকে অনুরোধ করলেন, তিনি খেন শব্ধর পশ্চিতকে তাঁর মরে শোকার অনুমতি দেন। শ্লোক ৬৮

প্রভূ-পাদতলে শক্তর করেন শয়ন ৷ প্রভূ তাঁর উপর করেন পাদ-প্রসারণ ৷৷ ৬৮ ৷৷

মোকার্থ

শ্রীটেডন্য মহাপ্রভুর পায়ের ডলায় শদর পথিত শয়ন করতেন, এবং শ্রীটেডন্য মহাপ্রভু তার গায়ের উপর পা রাখতেন

গ্রোক ৬৯

'প্রজু-পাদোপাধান' বলি' তার নাম ইইল। পূর্বে বিদূরে যেন শ্রীশুক বর্ণিল। ৬৯॥

য়োকার্থ

সেই থেকে শন্তর পশ্চিতের নাম হল 'খ্রীটোতন্য মহাপ্রভুর পায়ের বালিং' তিনি ছিলেন বিদ্রের মতো, ঠিক খেডাবে খ্রীল শুকদেব গোস্বায়ী পূর্ব-লীলায় বর্ণনা করেছেন

গ্রোক ৭০

ইতিক্ৰৰাণং বিদুরং বিনীতং সহস্ৰশীৰ্ষ্য=চরগোপাধানম্ । প্ৰহাষ্ট রোমা ভগৰংকথায়াং প্ৰণীয়মানো মুনিরভাচষ্ট ॥ ৭০ ॥

ইন্তি—এইভাবে, ক্রবাগম্—বলে, বিদুরম্—বিদুরকে, বিনীতম্—বিনীতভাবে, সহশ্র-শীর্মঃ:
—মীকৃষ্ণের, চরণ্উপ্রধানম্—পায়ের বালিশঃ প্রস্তাই-রোমা—রোমানিঃও দেছে; তগবৎ-কথায়াস্—পরমেশ্র ভগবানের কথা; প্রনীয়াদঃ—প্রবর্তমান; মুনিঃ—মহা ক্ষমি মৈত্রেয়, অভাচত্ট—বলতে লাগলেন।

অনবাদ

"সহস্র-শীর্য-পুরুষ শ্রীকৃত্যের পায়ের বাদিশ সর্ক্ত বিনীত বিদুর যখন এই কথা বলছিলেন, তখন গৈরেয় মুনি ভগবৎ কথায় আনন্দরশন্ত রোমাধ্বিত হয়ে বলতে লাগলেন "

ভাৎপর্য

এই লোকটি শ্রীমন্তাগকড (৩/১৬/৫) থেকে উদ্বত

(制本 95

শক্তর করেন প্রভুর পাদ-সন্থাহন। মুমাঞা পড়েন, তৈছে করেন শয়ন । ৭১ ॥

শ্লোকার্থ

শব্ধর পণ্ডিত শ্রীচৈতন্য মহাপ্রভূর পাদ-সম্বাহন করতেন, এবং মহাপ্রভূ যখন দুমিয়ে পড়তেন তথন তিনি শয়ন করতেন শ্লোক ৭২

উয়াড়-অকে পড়িয়া শব্ধর নিদ্রা বায় । প্রভু উঠি' আপন-কাঁথা তাহারে জড়ার ॥ ৭২ ॥

মোকার্থ

শারর গা না চেকে নিজা যেতেন, এবং শ্রীচৈতন্য মহাপ্রভু উঠে তাঁর নিজের কাঁণা তার গায়ে জড়িয়ে দিতেন।

গ্লোক ৭৩

নিরন্তর মুমায় শঙ্কর শীছ-চেতন । বসি' পাদ চাপি' করে রাত্রি-জাগরণ ॥ ৭৩ ॥

গ্লোকার্থ

শতর সংগ্রিত এক নাগাড়ে ঘুনিদে, শীদ্র ঘুম থেকে উঠে বসে পুনরাম খ্রীটেতন্য মহাপ্রভুর গা টিগতে শুরু করতেন। এইজানে তিনি সানারাত জোগে থাকতেন

গ্লোক ৭৪

তার ভয়ে নারেন প্রভু বাহিরে যাইতে । তার ভয়ে নারেন ভিত্তো মুখান্তা যদিতে ॥ ৭৪ ॥

য়োকার্থ

এন ওয়ে শ্রীচৈতন্য মহাপ্রজু জাঁর মরের বাইকে যেতে পারতেন না, এবং মরের লেওয়ালে এন প্রা-সদৃশ মুখ ময়তে পারতেন না

গ্ৰোক ৭৫

এই লীলা মহাপ্রভুর রঘুনাথ-দাস ৷ গৌরাঙ্গ-ক্তবকল্পবন্ধে করিয়াছেন প্রকাশ ॥ ৭৫ ॥

য়োকার্থ

্রাস্চিতনা মহাপ্রভুর এই লীলা রঘুনাথ দাস গোস্বামী তাঁর গৌরাসস্তবকল্পক নামক এন্থে বর্ণনা করেছেন

য়োক ৭৬

স্বকীয়স্য প্রাণার্দসদৃশ-গোষ্ঠস্য বিরহাৎ প্রলাপানুদাদাৎ সততমতি কুর্বন্ বিকলধীঃ ৷ দধদ্ভিত্তৌ শশ্বদনবিধুমুর্মেণ রুধিরং ক্ষতোখং গৌরাস্কো হৃদয় উদয়ন্মাং মদয়তি ॥ ৭৬ ॥ ዓል৬

স্বকীয়স্য—তার নিজের প্রাণ-অর্ব্দ—অসংখ্য প্রাণতুল্য, সদৃশ -মতন, গোষ্ঠস্য—
কুলাবনের, বিরহাৎ—বিরহ হেতু, প্রলাপান্ -প্রলাপ, উদ্মানাৎ—দির উদ্যাদনা জনিত,
সতত্তম্—নিরতর, অতি—অত্যন্ত কুর্বন্—করে, বিকল-ধীঃ—বিকল মতি, দধৎ—ধানা
কবতেন ভিত্তীে —দেওয়ালে, শশ্বং—সর সমম, বদন-বিধু—ম্থচন্ত ধর্বেন—ঘর্বন বাগার
কলে ক্রধিরম্—রক্ত, ক্রত-উপ্তম্—কত থেকে উথিত, গৌরাকঃ—শ্রীচৈতন্য মহাপ্রভূ।
হাদমে—আমার হদনে, উদয়ন্—উদিত হয়ে, মান্—আমাকে, মদম্ভি—উন্ত ক্রছেন.

#### 'অনুবাদ

"শ্রীকৈতনা মহাপ্রভূ তাঁর প্রাণসদৃশ বৃন্দাবনের অসংখ্য সখালের বিরতে উন্মাদের মত্যে প্রানাপ বলতেন। তাঁর বৃদ্ধি বিকল হয়েছিল। তিনি দিন-রাত মরের দেওয়ালে তাঁয় মুখচন্দ্র ঘর্ষণ করতেন, এবং তার কলে কত থেকে রক্ত পড়ত। সেই সৌরাজদেশ আমার প্রদয়ে উনিত হয়ে আমানে উত্তর করছেন "

প্লোক ৭৭ এইমত মহাপ্রভু রাত্রি-দিবসে। প্রেমসিদ্ধু-মশ্ম রহে, কভু ভূবে, ভাসে॥ ৭৭॥

#### যোকার্থ

এইভাবে শ্রীটেডন্য মহাপ্রস্থ দিন-রাত কৃষ্যপ্রেম রূপ সমূত্রে মন্বা থাকতেন কখনও তিনি ভূষতেন এবং কখনও ভাস্তেন।

> প্লোক ৭৮ এককালে বৈশাশের পৌর্ণমাসী-দিনে। বাত্রিকালে মহাপ্রস্কু চলিলা উদ্যাহন ॥ ৭৮ ॥

> > <del>গোকার্থ</del>

একদিন বৈশাথের প্রিয়ার দিনে, রাত্রিবেলা জীচৈতন্য মহাপ্রভূ উদ্যানে গিয়েছিলেন।

শ্লৌক ৭৯

'জগগ্রাথবল্লভ' নাম উদ্যানপ্রধানে। প্রবেশ করিলা প্রভু লঞা ভক্তগণে॥ ৭৯॥

**টোকার্থ** 

ব্রীতৈতন্য মহাপ্রভু তার ভক্তদের নিমে জগদাধবারত নামক অতি সৃন্দর এক উদ্যানে প্রবেশ করলেন।

শ্লোক ৮০

প্রকৃদ্রিত বৃক্ষ-বদ্লী,—যেন বৃন্ধাবন । শুক, শারী, পিক, ভূঙ্গ করে আলাপন ॥ ৮০ ॥ শ্ৰোকাৰ্থ

সেঁই উদ্যানের বৃক্ষণ্ডলি ফুলে-ফলে পরিপূর্ণ ছিল, এবং তা দেখে মনে হজিলে যেন ঠিক বৃদ্যাবন। সেখানে শুক, শারী, পিক এবং ভ্রমরেরা যেন পরস্পরের সক্ষে কথা বলছিল

শ্লোক ৮১

পূত্যাদ্ধ লথা বহে মলান-প্ৰন । 'গুরু' হুগ্রো তরুস্তায় লিখায় নাচন ॥ ৮১ ॥

য়োকার্থ

ফুলের গল্প বহন করে মৃদু-মল্স বায়ু প্রবাহিত হচ্ছিল, এবং ডা যেন শুরু হয়ে তরু-লতাদের মাচ শেখাছিল

শ্লোক ৮২

পূৰ্ণচন্দ্ৰ-চন্দ্ৰিকায় প্ৰয়ম উদ্জ্বল । তন্তুলভাদি জ্যোৎসায় করে ঝলমল ॥ ৮২ ॥

যোকার্থ

পরম উচ্ছল পূর্ণচরের জ্যোহরায় তরা-সভাগুলি ঝলমল করছিল।

শ্লোক ৮৩

হয় ঋতুগণ যাঁহা বসন্ত প্ৰধান । দেখি আনন্দিত হৈলা গৌর ভগৰান্ ॥ ৮৩ ॥

শ্লোকার্থ

ছয় ঋতু, বিশেষ করে বসন্ত, যেম সেখানে বর্তমান ছিল। সেই উল্যাস দেখে প্রমেশ্বর ভগবান স্থীতৈতন্য মহপ্রভু অত্যন্ত আমন্দিত হয়েছিলেন।

त्स्रीक ४८

"ললিড-স্বদ্ধতা" পদ গাওয়াওলে । নৃত্য করি' বুলেন প্রভু নিজগণ লওগ ॥ ৮৪ ॥

য়োকার্থ

সেই পরিবেশে শ্রীদৈতন্য মহাপ্রভু গীতগোবিন্দের 'ললিও-লবদলতা' প্লোকটি গাইনো ভার নিজজনদের নিয়ে দৃত্য করে ইতস্তত বিচরণ করেছিলেন।

> শ্লোক ৮৫ প্রতিবৃক্ষবালী ঐছে ভ্রমিতে লমিতে । অশোকের তলে কৃষ্ণে দেখেন আচম্বিতে ॥ ৮৫ ॥

্অস্তা ১৯

শ্ৰোকাৰ্থ

প্রতিটি বৃক্ষ এবং লডায় এইভাবে ভ্রমণ করতে করতে হঠাৎ তিনি অশোক বৃক্ষের তলায় ত্রীকৃষ্ণকে দেখতে পেলেন।

শ্লোক ৮৬

কৃষঃ দেখি' মহাপ্রভু ধাঞা চলিলা ৷ আগে দেখি' হাসি' কৃষ্ণ অন্তর্ধান ইইলা ॥ ৮৬॥

খোকার্থ

কৃষ্ণকে দেখে ত্রীটেডন্য মহাত্রাভূ ক্রডবেগে তাঁর দিকে ধাবিত হলেন, কিন্তু কৃষ্ণ হেসে সেখান খেকে অন্তর্হিত হয়ে গেলেন।

য়োক ৮৭

আগে পাইলা কৃষ্ণে, তীরে পুনঃ হারাঞা । ভূমেতে পড়িলা প্রভূ মূর্ছিত হঞা । ৮৭ ।

প্রথমে কৃষ্ণকে পেয়ে এবং ভারপরে জাকে হারিয়ে, ঐটেডন্য মহাপ্রভু মৃষ্টিত হরে ভূমিতে পড়কোন।

গ্রোক ৮৮

কৃষ্ণের শ্রীঅঙ্গাদ্ধে ন্তরিছে উদ্যাদে। সেই গদ্ধ পাঞা প্ৰভূ হৈলা অতেতনে ॥ ৮৮ ॥

য়োকার্থ

গ্রীকৃষ্ণের অপ্রাকৃত অন্ধ-গদ্ধে নারা উদ্যান পূর্ণ হয়েছিল। সেই গদ্ধ পেয়ে জীটেডন্য মহাপ্রভু আচেতন হলেন

রোক ৮৯

নিরন্তর নাসায় পশে কৃষ্ণ-পরিমল। গন্ধ আস্থাদিতে প্রভূ ইইলা পাগদ ॥ ৮৯ ॥

গ্ৰোকাৰ্থ

শ্রীকৃষ্ণের অন্ত-গদ্ধ নিরন্তর ভাঁর নাসায় প্রবেশ করতে লাগল, এনং সেই গদ্ধ আস্থানন করার জন্য শ্রীটেডন্য মহাশ্রছ পাগল হয়ে উঠলেন।

শ্ৰৌক ৯০

क्यक्षक स्तूका जाश मशीरत स्य करिला । সেই শ্লোক পড়ি' প্ৰভু অৰ্থ কবিলা ॥ ৯০ ॥ শ্রোকার্থ

প্রীকৃষ্ণের অঙ্গ-গদ্ধে প্রলুক্কা হয়ে। শ্রীমতী রাখারাণী ভার সমীকে যা বলেছিলেন, গ্রীটেডনা মহাপ্রস্থু সেই শ্লোকটি পড়ে তার অর্থ বিশ্লেয়ণ করলেন

শ্লোক ৯১

কুরজমদজিস্বপৃঃপরিমলোমিকু স্তাঙ্গনঃ স্বকাশ-সলিনাউকে সামিযুভাজাগদ্ধপ্রথঃ । মদেন্বরচদনাগুরুসুগন্ধিচর্চার্টিতঃ স মে মদনমোহনঃ স্থি তনোতি নাসাস্পৃহাম্ ॥ ৯১ ॥

কুরদ-মদ-জিৎ—কন্তুরীর গল্পকে প্রনাভবকারী, বপু।—তাঁর স্থীতাঙ্গের, পরিমল-উর্মি— সুগধের তরঙ্গ, কৃষ্ট-অজনঃ—এজ-গোপিকানের আকৃষ্ট করে, শ্বক-অজ-নলিম-অষ্টকে— পথা সদৃশ দেহের আটটি আঙ্গে (মুখ, নাঞ্চি, চাফুখয়, হন্ডবয় এবং সদবয়); শাদি-যুক্ত-অজ্ঞগদ্ধ-প্রভাঃ—কর্ণুর মিশ্রিত পঞ্জেন গদ্ধ বিস্তারকারী; মধ ইন্দুবর ডন্দম-অশুরু-সুগদ্ধি-চর্চা-অচিতঃ—কল্পনী, দর্শন, শেত চন্দন এবং অভয়ন সুগধের দারা চটিত, সঃ—ভিনি, মে— আমার, মদন-মোহনঃ—মদনমোহন শ্রীকৃষা, সখি—হে সখি, তনোতি—বৃদ্ধি করছে নাস্য-স্পৃহাযু—আসার সাসিকার স্পৃহা

" 'যিনি মৃগ-মদ-জন্মী শ্বীয় বপু গন্ধের তরজের বারা সমস্ত রয্ণীদের চিত্ত আকৃষ্ট করেন, যিনি নিজের অউ-অন্তে অউপয়-যুক্ত এবং কর্পুর-যুক্ত পল্প-গদ্ধ প্রচার করেন, এবং যিনি---মৃগনাভি-কপুর-রাদ্দ-অংক-সুগজের খারা চর্চিত, হে স্থি সেই মদনযোহন আমার नामान्श्रहा दक्ति कदाई '

ভাৎপর্য

এই মোকটি *গোকিন-দীলামৃত* (৮/৬) মোকে পাওয়া যায়।

শ্ৰোক ৯২

কন্তুরিকা-নীলোৎপল, তার যেই পরিমল, ভাহা জিনি' কৃষ্ণ-অঙ্গ-গন্ধ । ব্যাপে চৌদ্ধ-ভূবনে, করে সর্ব আকর্ষণে, নারীগণের আঁখি করে ভার ৷ ৯২ ৷৷

স্লোকার্থ

"প্রীকৃষ্ণের অঙ্গগন্ধ বস্তুরী এবং নীল উৎপলের সৌরভকে পরাভূত করে। টৌদ ভূবনে ব্যাপ্ত হয়ে ডা সকলকে আকর্ষণ করে এবং রম্পীদের চোখ অন্ধ করে

্মিন্তা ১৯

শ্ৰোক ৯৩

সখি হে, কৃষ্ণগন্ধ জগৎ মাডায়। নারীর নাসাতে পশে, সর্বকাল তাঁহা বৈসে, কৃষ্ণপাশ ধরি' লঞা যায় গ্র ১৩ ॥ ३६ ॥

ঝোকার্থ

"হে সখি, প্রীকৃদের জল-গন্ধ সারা জগৎকে মোহিত করে বিশেষ করে ভা রুমণীদের নাসাতে প্রবেশ করে সেখানেই সর্বকাল বসে থাকে। এইছাবে ভা ভাগের ধরে জোর करत कृरकह कार्ड निरम गांग्र।

হোক ১৪

নেত্ৰ-মাডি, বদন, কর-মুগ চরণ,

এই অস্টপত্র কৃষ্ণ-অলে।

কর্পুর-লিপ্ত কমল, তার থৈছে পরিমল,

সেই গন্ধ অউপল্পান্সলে 11 ৯৪ 11

<u>রোকার্থ</u>

"কুম্মের নেত্র, নাজি, মুখ, হস্তু এবং পদ আটটি পছের মডো এই আটটি পদ্ম থেকে কপ্র-লিপ্ত কমলের মতো সুগদ্ধ মিলিত হয়। সেইটিই তার অঙ্গলত।

Art.

শ্লোক ১৫

হেম-কীলিত চন্দন, তাহা করি' ঘর্ষণ, তাহে অগুরু, কুরুম, কপ্তরী। কর্পুর-সনে চর্চা অঙ্কে, পূর্ব অঞ্চের গঞ্জ সঙ্কে, মিলি' ভারে খেন কৈল চুরি ॥ ৯৫ ॥

গ্ৰোকাৰ্থ

"ম্বেড চন্দন মধে ডার সচ্চে অওরু, কুমকুম, কন্তুরী এবং কর্পুর মিশিয়ে যথম শ্রীকুমের আলে প্রবেপ দেওয়া হয়, তা কুকের আল-গদ্ধের সঙ্গে মিপ্রিড হয়, এবং তথ্ন মনে হয় তা কুন্দের অঙ্গ-গঞ্জ চুরি করে নিয়েছে।

তাৎপর্য

পাঠান্তরের শেষ দদে 'কামদেবের মন কৈল চুরি' লেখা হয়েছে অর্থাৎ "শ্রীকৃক্তের অঙ্গ-গদ্ধের সঙ্গে মিশ্রিভ সেই সমন্ত দ্রব্যের গন্ধ কামদেরের মন চুরি করে নিয়েছে।"

শ্ৰোক ১৬

হরে নারীর তনুমন, নাসা করে ঘূর্ণন, খসায় নীবি, ছুটায় কেশবন্ধ ৷ করিয়া আগে বাউরী, নাচায় জগৎ-নারী, হেন ভাকাতিয়া কৃষ্ণাঙ্গদ্ধ ॥ ৯৬ ॥

শ্ৰোকাৰ্থ

"শ্রীক্রফের অঙ্গ-সন্ধ সারা জগতের সমস্ত নারীদের দেহ এবং মন হরণ করে, তাঁদের নাসা বিয়োছিত করে, তাঁদের নীবিবদ্ধ এবং কেশবদ্ধ স্থালিত করে, এবং উন্মাদিনীর গতে ভারের নাচাম এমনই ভাকাতিয়া শ্রীকৃষ্ণের অঙ্গ-লন্ধ.

শ্ৰোক ৯৭

সেই গল্পৰশ নাসা, সদা করে গল্পের আশা, কভু পায়, কভু নাহি পায়। পাইলে পিয়া পেট ভরে, পিঙ পিঙ তবু করে, না পাইলৈ কৃষ্ণায় মরি' যায় 11 ৯৭ ॥

য়োকার্থ

"সম্পূর্ণরূপে সেই গদ্ধের বশীভূত হরে নাসিকা সর্বদা সেই গদ্ধের আশা করে। কর্ষমণ্ড তা পায় আবরে কথনও তা পায় না। তা পেলে তারা তা প্রাণডরে পান করে, তা সত্তেও আরও পেতে চাম, আর তা না পেলে তারা কৃষ্ণায় মরে যায়

শ্ৰোক ৯৮

মদনমোহন-নাট, পসারি গদ্ধের হাট. জগদারী গ্রাহকে লোভায় ৷ विना-शृत्ला (परा गञ्ज, शञ्ज पित्रा करत खन्न, ঘর ঘাইতে পথ নাহি পায় ॥" ৯৮ ॥

ধ্যোকার্থ

"মট মদনমোহন এক গলের দোকান খুলেছে, যা সারা জগতের সমস্ত রমণীদের তার গ্রাহক হ্বার জন্য লোভাতুর করেছে। সে বিদা-মূল্যে সেই গদ্ধ দেনা, এবং সেই গদ্ধ দিয়ে জাঁদের অন্ধ করে, এবং তাঁরা তখন আর ঘরে যাওয়ার পথ খুঁছো পায় না "

শ্লৌক ১৯

এইমত গৌরহরি, গঞ্জে কৈল মন চুরি, ভূঙ্গপ্রায় ইতি উতি ধায়।

যায় বৃক্ষলতা-পাশে, কৃষ্ণ স্ফুরে—সেই আশে, কৃষ্ণ না পায়, গন্ধমাত্র পায় ॥ ৯৯ ॥

#### <u>মোকার্থ</u>

এইভাবে সেই পদ্ধ শ্রীতৈতন্য মহাগ্রভুর মন চুরি করে নিয়েছিল, এবং তিনি তথন শ্রমরের সতো ইওপ্তর ধাবিত হতিছলেন। কৃষ্ণকে দেখতে পাওয়ার আশায় তিনি বৃক্তলতার কাছে ছুটো যাচিছলেন। কিন্তু তিনি শ্রীকৃষ্ণকে খুঁজে পাতিছলেন না, কেবল তাঁর অঙ্গনদদ্ধ পাতিছলেন

#### প্রোক ১০০

স্বরূপ-রামানন্দ গায়, প্রভু নাচে, সুখ পায়, এইমতে প্রাতঃকাল হৈল।

जरूश-बांधानकहारा,

করি নানা উপায়,

মহাপ্ৰভুৱ বাহ্যস্ফুৰ্তি কৈল ॥ ১০০ ॥

#### য়োকার্থ

সালপ দামোদর ও রামান্দ রায় গাম গাছিলেন, এবং তাঁদের সেই গান ওলে আনন্দিত হয়ে খ্রীতৈতন্য মহাপ্রস্থ সাচছিলেন। এইভাবে ভোর হল। তখন স্বরূপ নামোদর এবং রামানন্দ রায় নানা উপায় উদ্ভাবন করে শ্রীতৈতন্য মহাপ্রকৃত্ব বাব্যস্কৃতি করালেন।

#### (ब्रॉक ১०১

মাতৃভক্তি, প্রলাপন, ভিত্তো মুখ-ঘর্ষণ, কৃষ্ণগদ্ধ-স্ফুর্ক্তো দিব্যন্তা । এই চারিলীলা-ভেদে, গাইল এই পরিছেদে,

কৃষ্ণদাস রূপগোসাঞি-ভৃত্য 🏿 ১০১ 🖠

#### শ্লোকার্থ

এইডাবে, আমি খ্রীল রূপ গোস্বামীর ভূত্য কৃষ্ণদাস এই পরিজেনে শ্রীটেডনা মহাপ্রভূর মাতৃভক্তি, প্রদাপন, দেওয়ালে মূখ ঘর্ষণ, স্বীকৃষ্ণের অঞ্চলন্ধ পেরে দিব্য নৃত্য করা, এই চারটি শ্রীলা ধর্বনা করেছি.

#### ভাৎপর্য

এখানে শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বলেছেন যে, শ্রীল রূপ গোস্বামীর আশীর্বাদে ডিনি শ্রীচৈতন্য মহাপ্রভুর এই চারটি লীলা বর্ণনা করতে সক্ষম হয়েছেন। প্রকৃতপক্ষে কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী শ্রীল রূপ গোস্বামীর শিষ্য ছিলেন না কিন্তু ডিনি ভিক্তিরসামৃতিসিকুতে শ্রীল রূপ গোস্বামীর শিষ্ণ গ্রহণ করেছিলেন তাই ডিনি নিজেকে শ্রীল রূপ গোস্বামীর অনুগামী বলে অভিমান করে প্রস্থের প্রতিটি পরিচেছদে ডার কৃপা ভিক্তা করে প্রার্থনা করেছেন।

শ্লোক ১০২

এইমত মহাপ্রভু পাঞা চেতন। স্থান করি' কৈন্স জগরাথ-দরশন ॥ ১০২ ॥

হোকার্থ

এইন্সাবে বাহ্যতেতনা ফিরে পেয়ে শ্রীচৈতন্য মহাপ্রভু স্থান করে জগয়াথদেবকে দর্শন করলেন।

গ্রোক ১০৩

অন্টোকিক কৃষ্ণলীলা, দিব্যশক্তি তার । তর্কের গোচর নহে চরিত্র যাহার ॥ ১০৩ ॥

য়োকার্থ

গ্রীকৃষ্ণের সীলা অল্যেকিক এবং তা দিব্য শক্তি সমন্বিত এই সমস্ত শীলার বৈশিষ্ট্য হচ্ছে যে তা তর্কের মাধ্যমে হসেয়সম করা যায় না।

ক্রোক ১০৪

এই প্রেম সদা জাগে যাহার অন্তরে। পণ্ডিতেহ ভার চেষ্টা বুঝিতে না পারে ॥ ১০৪ ॥

প্রোকার্থ

এই প্রেয় সর্বদা যার অন্তরে জাগরিত হয়, তার কার্যকলাপ পণ্ডিতেরাও বুঝতে পারেন মা

শ্ৰোক ১০৫

ধন্যস্যায়ং নবপ্রেনা যস্যোদ্মীপতি চেতসি ৷ অন্তর্বাণীভিরপ্যস্য মূলা সুষ্ঠ সূদুর্গমা ॥ ১০৫ ॥

ধন্যস্য—ধন্য ব্যক্তির, আমন্—এই, নব—নৃতন, প্রেমা—ডগবৎ-প্রেম, বস্য—থার, উন্মীলভি—উদিত হয়, চেডসি—হাদয়ে, অন্তর্বাদীভিঃ—শাশুল ব্যক্তিরা, অপি—ও, অন্য—ভার, মুদ্রা—লক্ষণ সমূহ, সৃষ্ঠু—সৃষ্ঠভাবে; স্বাদুর্গমা—বোঝা কঠিন

অনুবাদ

"যে খন্য ব্যক্তির জন্ময়ে নক-প্রেম উলিত হয়, তার ক্রিয়া ও মুদ্রা-সকল অর্থাৎ চিহ্ন-সকল শাস্ত্রজ ব্যক্তিরাও যথায়ও বৃষ্ণতে পারে না।"

ভাৎপর্য

এই শ্লোকটি ভক্তিবসাস্তসিদ্ধ (১/৪/১৭) থেকে উদ্ধৃত।

খিন্তা ১৯

্লোক ১০৭] খ্রীচৈতন্য মহাপ্রভূর মাতৃতক্তি, কৃষ্ণভক্তিজনিত প্রদাপ

204

শ্লোক ১০৬

অলৌকিক প্রভুর 'চেস্টা', 'প্রলাপ' গুনিয়া ৷ তর্ক না করিত, গুন বিশ্বাস করিয়া ॥ ১০৬ ॥

#### চোৰাৰ্থ

কৃষ্য-প্রেম জনিত শ্রীচৈতন্য মহাপ্রভুর কার্যকলাপ অলৌকিক, বিশেষ করে উন্মাদের মতো তার প্রদাপ বর্ণম। তাই, সেই সম্বন্ধে তর্ক করা উচিত নয়, পঞ্চান্তরে, বিশ্বাস সহকারে তা প্রবণ করা উচিত

() 409

ইহার সভ্যত্তে প্রমাণ শ্রীভাগরতে । শ্রীরাধার প্রেম-প্রদাপ শ্রমর-গীভাতে ॥ ১০৭ ॥

শ্লোকার্থ

তার সত্যতা শ্রীমন্তাগবতে প্রমাণিত হয়েছে। সেখানে সশম ক্ষমে ক্রমর-গীতার শ্রীমন্তী নাধারাণীর প্রেম-প্রদাপ বর্গিত হয়েছে

ভাৎপর্য

উদ্ধন মথন শ্রীকৃবেজ বার্তা বহন করে গোপীদের কাছে আসেন, তথন গোপীরা শ্রীকৃথের কথা বলতে বলতে জন্দন করতে শুরু করেন কোন এক বিশেষ গোপী একটি শ্রথকো দেখে ভাবে শ্রীকৃষ্ণের অত্যন্ত প্রিয় বলে খনে করে ভার উদ্দেশ্যে উগাদিনীর মতো প্রদাপ বলতে গুরু করেন সেই শ্লোকগুলি নিম্নে বর্ণিত হল (শ্রীমন্ত্রাগ্রনত ১০/৪৭/১২-২১)—

মধুপ কিতৰ বজো মা স্পৃশান্তিং সপত্নাঃ
কুচবিলুলিতমালাকৃদ্ধুমণাক্রভির্নঃ।
বহতু মধুপতিকুলানিনীনাং প্রসাদং

यमूमपि विज्ञार प्रभा नृज्युशीमृक् ॥

'হে ব্যব, তুমি কৃষ্ণ এবং উদ্ধবের আতাস্ত ধৃত মিত্র তুমি সকলের পাদক্ষম করতে আতাস্ত দক্ষ, কিন্তু আমি তোমার নমন্ধারে প্রসা। হব না মনে হছে তুমি শ্রীকৃষ্ণের কোন বাদবীর বন্দে বসেছিলে, কেননা আমি তোমার শাক্ষপ্রান্তে কৃমকুমের ভিছু দেখতে পাছি কৃষ্ণ এখন মথুরায় তাঁর বাছবীদের তোষামোদ করতে আতাস্ত বাস্ত তিহি, এখন তাঁকে 'মাথুর বাছব' (মথুরাবাসীদের বন্ধু) বলা যায়। এখন আর তাঁর ব্রহাসীদের সাহাযোর প্রয়োজন নেই এখন আর তাঁর গোপীদের তৃষ্ট করার কোন কারণ নেই। যেহেতু তৃমি তাঁর দৃত, এখানে তোমার উপস্থিতির কি প্রয়োজন গতে তামার জন্য শ্রীকৃষ্ণে এ সভায় সক্ষ্যা পারে '

শ্রীকৃষ্ণ গোপীদের মনে কিভাবে আঘাত দিয়েছেন যার ফলে তাঁরা তাঁকে তাঁদের মন থেকে দূর করে দিতে চান ং তার উত্তর নিম্নে দেওয়া হয়েছে— अकुमध्रम्थाः स्वारं स्मार्थिनीः भाष्त्रियाः सूम्रमम् देव अग्रास्त्रश्चारकश्चाम् ज्वामृक् । श्रीतिहत्रवि कथः जःभामभद्याः मृ भद्याः वाभि वज काजराजाः एस्ट्रमानकारिकः ॥

'কৃষ্ণ আরু আনাদের ওঁর অধরের সুধা দান করে না, পক্ষান্তরে, সে এখন সেই অমৃত মধুরার রমনীদের দান করে , কৃষ্ণ আমাদের মন আকর্ষণ করে, আর সে ঠিক তোমারই মতো একটি প্রমরের মতো, কেননা সে একটি সুন্দর ফুল পরিত্যাগ করে অন্য একটি নিকৃষ্ট ফুলে গমন করে এইভাবে কৃষ্ণ আমাদের সঙ্গে আচরণ করেছে। আমি জানিনা লক্ষ্মীদেরী কেন শ্রীকৃষের পাদপদ্ম ত্যাগ না করে যত্ন সংকারে সেবা করেন। মনে হয় তিনি কৃষ্ণের মিথ্যা গাকের বিশ্বাস করেন। আমরা গোপীরা কিন্তু, লক্ষ্মীর মতো নির্বোধ নই "

ভ্যারের মধুর গান ওলে এবং সে যে তার সম্ভণ্টি বিধানের জন্য কৃষ্ণের ওণগান করছে তা বুকতে পেরে, সেই গোপীটি উত্তর দিলেন—

> নিমিত্ বছ বড়ক্ষে গামসি ছং যদুনামধি-পতিমগৃহাগামগ্রতো নঃ পুরাণম্ । বিজ্ঞাসখসখীনাং গীয়তাং তৎপ্রসঙ্গঃ কমিতকৃচক্রত্তে কম্মন্ত্রীটমিটাঃ ॥

"হে প্রমার, এখানে কৃষ্ণের কোন বাসস্থান নেই, কিন্তু আমনা ওাকে যদুপতি বলে জানি এমারা তাকে খুব ভালভাবে জানি, এবং ভাই তার ওণগান আর আমরা ওনতে চাই না যারা এখন কৃষ্ণের অভাত প্রিয় তাদের কাছে গিয়ে তুমি এই গান গোনাও । মধুরায় রমনীরা এখন কৃষ্ণের অভিন্ন লাভ কারার সৌভাগা অর্থন করেছে। এখন ভারা তার অভ্যত্ত প্রিয়, এবং ভাই সে তাদের যক্ষের তাপ উপশম করেছে। তুমি যদি সেখানে গিয়ে সেই সৌভাগা্রতী রমনীদের ভোমার গান গোনাও, তাহলে ভারা অভাত্ত আনদিত হবে, এবং ভোমানে স্থানিত করকে "

নিবি ভূবি চ বসায়াং কাঃ স্ত্রিয়ন্তপূরাপাঃ কপটকচিরহাসজাবিজ্বন্তস্য যাঃ সাঃ ! চরণক্ত উপাত্তে যস্য ভূতির্বয়ং কা অসি চ স্থুপণপক্তে হাত্তমংশ্লোকশন্যঃ ॥

"হে মধুপ, গোপীদের না দেখতে পেয়ে কৃষ্ণ নিশ্চয়ই অত্যন্ত ব্যথিত ইয়েছে। আমাদের লীলাবিলাসের কথা স্বারণ করে সে নিশ্চয়ই অত্যন্ত ব্যক্তি হয়েছে। তাই আমাদের সন্ততি বিধাদের জন্য সে দৃত কপে তোমাকে পাঠিয়েছে একথা তুমি আমাদের কাছে বজা মা! স্বর্গ, মর্ড্য এবং পাতালের যত নারী আছে তারা সকলেই কৃষ্ণের প্রাণা কেননা গাঁর বিদ্বিম জ মুগল এবং মধুর হাসা অত্যন্ত আকর্ষণীয় সক্ষীদেবী পর্যন্ত সর্বদা তার সেখা করেন লক্ষ্মীদেবীর তুলনায় আমরা অতি সামান্য প্রকৃতপক্ষে আমরা কিছুই

409

নই কৃষ্ণ অভ্যন্ত কপট হলেও অভ্যন্ত বদানা তুমি তাঁকে বল যে সে দীনজনের প্রতি অভ্যন্ত কৃপাময় বলে 'উত্তমপ্লোক' নামে তাঁর প্রিচয়।"

> विमृष्य भित्रमि भागः (तथाहरः চাটুকাবৈর-নৃনয়বিদুষন্তেহভোতা मৌতৈার্মুকৃন্দাৎ । স্বকৃত ইহবিসৃষ্টাপতাপতানালোকা বাসুআদকৃতনেতাঃ কিং নু সন্ধেয়মন্দিন্ ॥

"তুমি আমার পায়ে এসে পড়েছ যেন তোমার পূর্বকৃত অপরাধের জন্য ক্ষমা চাইছ।
আমার পা থেকে তুমি সরে যাও আমি জানি যে মুকুন্দ তোমাকে এইভাবে মিইঝাকার
নারা প্রার্থনা করতে এবং দৃতের কাজ করতে শিথিয়েছে। হে এমর, আমি বুঝতে পারছি
যে তা চতুরতা তুমি বলতে যেও না—'মুকুন্দের কি দোয়ণ আমি জানি যে তুমি
অত্যন্ত খল আমরা আমাধের পতি-পূত্র পরলোক-ধর্ম পরিত্যাগ করে কৃষ্ণের সেবা
কারার ব্রত গ্রহণ করেছি, এবং তার সেবা ছাড়া আরু আমাদের অন্য কোন কাজ নেই
কিন্তু ওা সংগ্রেও অসংযত চিন্ত কৃষ্ণ অন্যয়াসে আমাদের ভুলে গেছে। তাই আমরা আর
ভার সঞ্চে কথা বলতে চাই না তার সঙ্গে সম্প্রিকর কথা আমরা ভুলে যেতে চাই "

पृशस्तिय कनीतः विदादः जूनधर्मः विसमकृष्य विकाशः वीजिष्यः कामयानाम् । विज्ञमनि विजयसादवसम्बद्धः

पलगतिकमरेशर्मुसाम्बद्धस्वथार्थः ॥

"হে ভ্রমর, আমরা যখন কৃষ্ণের পূর্বজন্মের থথা শারণ ধারি তথন আমানের মনে তীবণ ভ্রম হয়। রাম অবতারে সে ব্যাধের মতো অন্যয়ভাবে তার বন্ধু বালিকে বধ করেছিল। কামার্তা শূর্পথা যখন তার ভূপ্তি সাধনের জন্য তার কাছে এসেছিল। তথন সীতাদেবীর প্রতি অত্যন্ত আকৃষ্ট রামচন্ত শূর্পণখার নাক কেটে দেন। বামন অবতারে বলি মহারাজের কাছে থেকে পূজা গ্রহণ করার ছলে তার সমস্ত সম্পদ প্রভারণা করে নিয়ে নেন বামনদেব বলি মহারাজকে ধরে ছিলেন, ঠিক থেভাবে যানুখ কাক ধরে হে ভ্রমর, এরকাম বাতির সঙ্গে বন্ধুত্ব স্থাপন করা ভাল নয়। আমি জানি যে কৃষ্ণের কথা একবার বলতে শুরু করালে তা বন্ধ করা অত্যন্ত কঠিন এবং আমি স্বীকার করি যে তার কথা বলা বন্ধ করতে আমি অক্সম"

यफन्छतिञ्लीलाकर्गभीय्यविशृहः मकुममन विश्वः सम्बद्धाः विनष्ठाः । मभि गृश्कृष्ट्रेश्वः पीनयृश्मुकाः पीना वश्यः वश्यः विश्वः जिन्तुः । ।

"কৃষ্যক্থা এডই বলবান যে তা ধর্ম, অর্থ, কাম এবং মোক্ষ, এই চতুর্বর্গকে ধ্বংস করে, কেউ যদি অন্নমান্ত্রায় কৃষ্যকথা পান করে, তাহনে সে সমক্ত জড় আসন্তি এবং মাৎসর্য থেকে মুক্ত হয় পাখীদের যেমন জীবন ধারণের কোন সংস্থান খাকে না, এই ধরনের মানুষেরাও তেমন ডিকাবৃত্তি অবলম্বন করেন। তাঁদের কাছে গৃহস্থানির কার্যকলাপ দৃঃধময় বলে মনে হয়, এবং আসক্তি রহিতভাবে তাঁরা হঠাৎ সবকিছু পরিত্যাগ করেন এই প্রকার ত্যাগের জীবন যদিও অপ্তান্ত আকর্যণীয়, কিন্তু আমরা মারী বলে তা গ্রহণ করতে অসমর্থ।"

্লান ১০৭) খ্রীচেডন্য মহাপ্রভুর মাতৃভক্তি, কৃষ্ণভক্তিজনিত প্রলাপ

रममूजिय जिन्नग्राक्षणः खन्मगनः कृतिकरूजियासाः कृष्ण्यस्य इतिगाः । मृद्धसम्बद्धस्यन्त्रमणितिः नाससम्बद्धस्य जनसङ्ख्यासम्बद्धाः ॥

'হে পৃত। আমি একটি নির্বোধ পাধীর মতো যে ব্যাধের মধুর সঙ্গীত ওনে সরপভাবে তা বিধাস করে, এবং তারপর হৃদয়ে বাশবিদ্ধ হয়ে নানা প্রকার যন্ত্রেশা ডোগ করে। কৃষ্ণের কথায় বিধাস করে আমরা গভীন বেদনা ভোগ করেছি। কৃষ্ণের নখম্পর্শে আমরা সূতীর মদন-পীড়া ডোগ করেছি। সে আমাদের নানাভাবে বেদনা দিয়েছে। তই, তার কথা না ধঙ্গে তুমি অন্য কিছু বল।"

শ্রীমতী রাধারাণীর এই সমস্ত উচ্চি শ্রবণ করে স্রমর সেখান থেকে চলে যায় এবং তারপর আবার ফিরে আসে একটু বিচার করে সেই গোপী তথন বলেন—

> शिव्यम्ब भूमहाशीः श्रिक्षमा श्रिक्षिणः किः वतम् किवनुस्तः वाननीरमाशीन स्वश्रमः । नयनि कथिवात्त्वाम् पूजाणवस्त्रभाषिः मण्डमूननि स्नीम्म श्रीवृशः मानव्यारकः ॥

"তুলি কৃষ্ণের প্রিয়া সখা, এবং তাঁর আদেশে তুমি আবার এখানে থিরে এসেছ। তাই, হে সর্বভ্রেন্ত দূত, তুমি আমার পৃঞ্জনীয়। তুমি আমাকে বল ভোমার কি প্রথেনা। তুমি কি চাও। শ্রীকৃষ্ণ কখনও যুগলপ্রেম ছাড়বে না, এবং তাই আমি কুমতে পারছি যে তুমি আমাদের তাঁর কাছে নিয়ে যাওয়ার জন্য এখানে এসেছ। কিন্তু তুমি তা করবে কি করে। আমরা জানি যে বহু লক্ষ্মীদেরী এখন শ্রীকৃষ্ণের বক্ষে বিলাস করেন, এবং তাঁরা নিগন্তর জামাদের থেকেও ভাশভাবে তাঁর সেবা করছেন"

ত্রমরের প্রশান্ত ভাবের প্রশংসা করে ডিনি হর্ষ ভরে বলতে লাগলেন—

অপি বত মধুপূর্বামার্থপূরোহধুনাস্তে স্মরতি স পিতৃগেহান্ সৌম্য বদ্ধুশ্চে গোপান্। কৃচিদপি স কথা নঃ কিঙ্করীদাং গুণীতে ভুজমগুরুসূগধ্বং মুর্ধ্বামাৎ কদা নু॥

"প্রজাকনাদের ভূলে এখন আর্যপুত্র কৃষ্ণ মথুরায় শুরুকুলে বাস করছে, তার কি তার পিতা নন্দ মহারাজের কথা মনে পড়ে নাং আমরা সকলে তার দাসী ছিলাম আনাদের কথা কি তার মনে গড়ে নাং সে কি কখনও আমাদের কথা বলেং না কি সে আমাদের সম্পূর্ণভাবে ভূলে গেছেং সে কি কখনও আমাদের ক্ষমা করবে এবং অওয়ার গঙ্গে সুগদ্বিত তার হস্ত দিয়ে আমাদের মন্তব্য স্পূর্ণ করবেং" শ্লোক ১০৮

মহিষীর গীত যেন 'দশমে'র শেষে। পণ্ডিতে না বুঝে তার অর্থবিশেষে ॥ ১০৮॥

শ্লোকার্থ

শ্রীমন্তাগবতের দশম স্কন্ধের শেষে যে ছারকা-মহিনীদের গীত উল্লেখ করা হয়েছে তা বিশেষ অর্থ ব্যঞ্জক। বিদগ্ধ পশ্চিতেরাও তার অর্থ বুঝতে পারেন না।

তাৎপর্য

শ্রীমন্তাগরতের দশম স্বন্ধের নবতিতম পরিচেদের ১৫-২৪ শ্লোক নিল্লে বর্ণিত হল

कृति विश्वभित्र द्वाः वीजिनेता न त्यायः द्विति द्वाराणि तात्वायीयस्ता श्रेष्ट्रदायः । वसपित मधि कृतिष्गाजनिर्विक्ताः सनिन-नसनदारमाजनिर्विकारकः ॥

মহিবীরা নিরপ্তর কৃষ্ণের চিন্তায় মথ থাকতেন। জলাক্রীড়ার পর ওারা বলুলেন, "হে সখি কুষরি, বৃষ্ণ এখন ঘূমিয়ে স্বয়েছে, কিন্তু আমরা ওার চিন্তায় জেগে স্বয়েছি রাত্রিবেলায় আমানের জেগে থাকতে দেখে তুমি হাসছ কিন্তু তুমিই বা ঘূমাছা না কেন। মনে বচ্ছে তুমিও কৃষ্ণের চিন্তায় মথা। তুমিও বি কৃষ্ণের হাস্য-উপ্পণের হারা বিদ্ধ হয়েছে। তান হাসি অভ্যন্ত মধুর। সেই বাগের হারা যে বিদ্ধ হয়েছে যে অভ্যন্ত সৌভাগ্রেম।"

> निया निर्मीनग्रानि मक्तमपृष्ठेवश्रृष्णः द्वातवीयि काम्भर वक इक्तवावि । मामार शंका वग्नमिवाङ्ग्राजनामञ्जूष्ठाः किश्वा क्रकर स्मृद्यसम् क्रवतान स्वाप्ट्रम् ॥

'য়ে চক্রনানি, নাত্রিবেলা তুমি ভোমার বন্ধুকে না দেখতে পেমে ভোমার আয়ত চশ্বু মেলে রয়েছ সভিটি তুমি খুব দুঃখ ভোগ করছ। তুমি কি কারুণ্যে রোদন করছ, না কৃষ্যকে শারণ করে তাঁকে ধরবার চেষ্টা করছ? শ্রীকৃষেক্স শ্রীপাদপদ্মের স্পর্শ লাভ করে মহিবীরা অভ্যন্ত অনন্দিত। তুমি কি ভোমার মন্তকে শ্রীকৃষেক্স গলার মালা ধারণ করার জন্য ক্রন্দন করছ। যে চক্রনানি, স্পউভাবে এই প্রশ্নগুলির উত্তর দাও, যাতে আমরা কুষতে পারি।"

> ভোঃ ভোঃ সদা নিউনসে উদয়র লক্ষনিদ্রোহধিগত প্রজাগরঃ। কিস্বা মুকুন্দাপহতোগ্যলামূনঃ প্রাপ্তাং দশাং ত্বধ গতো দুরতারাম্ ॥

"হে সমূদ, রাত্রিধেলা নিদ্রা-সূথ উপভোগ করার সৌভাগ্য তোমার হয়নি। পক্ষান্তরে, তুমি সবসময় জেগে ক্রন্দন কর। এইটিই তোমার ধর্ম, একং তোমার হাদয় ঠিক আমাদেরই মতে। ভগ্ন হয়েছে মৃকুন্দের কাজ হচ্ছে আমাদের কুছ্ম আদির চিফ্ল নাশ করা। হে সমূল, ভোমার অবস্থাও আমাদেরই মতো."

> তং যক্ষ্মণা বলবতা নিগৃহীত ইন্দো ক্ষীণস্তমো ন নিত্ৰদীধিতিতিঃ ক্ষিণোৰি। কচিন্মুকুন্দগদিতানি যথা বয়ং স্থং বিস্মৃত্য ভোঃ স্থগিতগীয়গলক্যমে নঃ।

"হে চয়ন, মনে হচ্ছে তৃমি কঠিন যজারোগে আক্রান্ত হয়েছে। প্রকৃতপক্ষে, অন্ধকার নাল করার ক্ষমতা তোমার কিরণে নেই তৃমি কি শ্রীকৃষ্টের গান ওনে উন্মন্ত হয়েছে। সেজান্ট্র কি তুমি নীরব হয়েছে। তোমার দুঃখ দেখে মনে হচ্ছে যে তুমি আমাদেরই মতো একজন।"

> किए बाहतित्रयःकाश्चिर्यसम्मानिन ८७३/विश्वम् । शाक्तिमानाकनिर्शितः क्षमीत्रसनि मधः करम् ॥

"হে মল্যা সমীরণ, দয়া করে ভূমি আমাকে খল আমরা ভোষার প্রতি কি অন্যায় আচরণ করেছি কেন ভূমি আমাদের হৃদরো কামনার অদিশিখাকে উদ্দীপ্ত করছে আমরা গোবিশের কটাক্ষ বাগে বিদ্ধ হয়েছি, কেননা সে কদর্শের প্রভাব আগরিত করতে অভ্যন্ত দক্ষ।"

श्चिष श्चीमः स्वभित्तः स्वादिक्यम् नृतः श्चीसः मात्रः दश्चीयं ख्यान् श्वाद्यकि श्चाप्यकः । खण्डाः स्वश्चान्द्रस्थाः स्वाद्यक्षः स्वत्यक्षः । स्वत्वाः स्वत्वाः स्वत्यां स्वत्यक्षः स्वत्यकः ॥

"হে নেখ তুমি কি প্রেমবন্ধ মহিনীদের মতো শ্রীকৃষ্ণের শ্রীবংস চিন্তের কথা চিন্তা করছ। তুমি শ্রীকৃষ্ণের সঙ্গের কথা শারণ করে সেই খ্যানে মথ, এবং তাই তুমি দৃঃখে অক্রধারা বর্ষণ করছ।"

श्चित्रवादभमानि खांवरम मृजमक्षीविकश्चानया पिता । कत्वापि विभाग एउ श्चिमः वम स्म विश्वजन्ते काविम ॥

"হে কোকিল, তোমার কণ্ঠবর অত্যন্ত মধুর, এবং তুমি অপরের অনুকরণে অতাত সুনিপুণ তোমার কণ্ঠবর মৃত ব্যক্তিকে পর্মশ্র সঞ্জীবিত করতে পারে। তাই তুমি মহিনীদেব বল যে সুন্দরভাবে আচরণ করা তাদের কর্তব্য "

न চলসি स वजमुमातवृद्धः
स्मितिधदः छित्तरास्य मदाखमर्थम् ।
खिन वज वम्दानवनसमाध्यिः
वस्मित कामरास्य खटेंसर्विधर्ज्यः ॥

[অন্তঃ ১৯

লোক ১১২] জীতৈতনা মহাপ্রভুর মাতৃত্তি, কৃষ্ণভক্তিজনিত প্রণাপ

2,33

"হে উদারবৃদ্ধি পর্বত, তৃমি অচঞ্চল এবং মৌন। তুমি সর্বদাই মহৎ কার্য সম্পাদনের চিতায় মথা। তৃমি আমাদের মতো বসুদেব তনয় শ্রীকৃষ্ণের শ্রীপাদপদ্ম হৃদিয়ে ধারণ করার এত গ্রহণ করেছ।"

अग्रम्हमाः कतिभेका वक त्रिद्युनद्राः
 सन्ध्यां भाक्तमानियाः देवेखर्द्रः ।
 यहवारः मध्यातः अग्रायानाकम यानाः पृष्ठे-द्यमग्राः नृजकिनिकाः न्यः ।

'হে সিন্ধুপদ্ধী নদীনাণ, আমরা দেখতে পাছি যে সিন্ধু তোমাদের সুখ দিছে না তাই তোমানা শুকিয়ে গেছ এবং তোমাদের মধ্যে আর পথের শোভা নেই তারা কৃশাঙ্গ হয়েছে, এবং সূর্য-বিরণ সত্তেও তারা আননহারা। তেমনই মধুপতির প্রণয়-রহিত হওয়ায় দীনা মহিবীদের হান্য গুল হয়েছে, এবং জনু বিশীর্ণ হয়েছে তোমরাও বি তেমন কৃষ্যের প্রথম বিরিও হওয়ার ফলে গুল এবং শোভাহীন হয়ে গেছং"

ইংস স্বাণতমাস্যতাং পিব পরেয় ক্রন্তাঙ্গ শৌরেঃ কথাং
পূতং ত্বাং নু বিদাম কজিসজ্ঞিতা স্বস্ত্যান্ত উত্তং পুরা !
বিং বা নশ্চলসৌহদায় সমতি তং ক্রম্যান্তকামো
বরং কৌন্তালাপয় কামদং প্রিয়মূতে সৈবৈকনিষ্ঠা দ্বিয়াম্ ॥

"হে হংস, তুমি কত আনন্দ ভরে এখানে এসেই! আমরা ভোমানে খাগত জানাই।
আমরা ভোমানে সর্বনাই কৃষ্ণের দূত বলে জানি। এখন দৃগ্ধ পান করতে করতে তুমি
ভার বার্তা খল। কৃষ্ণ কি ভোমানে আমানের সম্বন্ধে কিছু বলেছে? কৃষ্ণ সূথে আছে
তোং আমরা তা জানতে চাই। সে কি আমানের কথা মনে করে? আমরা ভানি যে
লাখ্যীনেনী একা ভার সেবা করছে। আমরা কেবল কিম্বরী। যে মিটি কথা বলে কিম্ব
আমানের মনোবাসনা পূর্ণ করে না, কিভাবে আমরা তার পূলা করবং"

শ্লোক ১০৯ মহাপ্রভূ-নিজ্যানন্দ, দোঁহার দাসের দাস । যারে কৃপা করেন, তার হয় ইথে বিশ্বাস ॥ ১০৯ ॥

হ্মোকার্থ

কেউ যদি আঁটেডন্য মহাপ্রস্থ ও ত্রীমটিত্যানন্দ প্রভূর দাসের দাস হন এবং তাঁদের কৃপা লাভ করেন, তারই কেবল এতে বিশ্বাস হয়।

> শ্লোক ১১০ শ্রদ্ধা করি' শুন ইহা, শুনিতে মহাসুখ। খণ্ডিবে অ্যাধ্যাত্মিকাদি কুতর্কাদি-দুংখ ॥ ১১০ ॥

*হ্মো*কার্থ

শ্রদ্ধা সংকারে এই সমস্ত বিষয় শোন, কেমনা, তা শুনতে মহাসুখ তা শোনার দলে আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এবং কুতর্ক আদি সমস্ত দুঃখ দূর হবে।

গ্রোক ১১১

চৈতন্যচরিতামৃত—নিত্য-নৃতন । গুনিতে গুনিতে জুড়াম হাদম-শ্রবণ ॥ ১১১ ॥

প্লোকার্থ

গ্রীটেডন্য-চরিতাম্ক নিজ্য নতুন, সব সময় তা ওনলে হুদয় এবং প্রবণ জুড়িয়ে খায়।

শ্লোক ১১২

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ। তৈতন্যতরিতামৃত করে কৃঞ্দাস ॥ ১১২॥

য়োকার্থ

শ্রীল রপ গোসামী এবং শ্রীল রব্দাথ দাস শোস্থামীর শ্রীপালপদ্যে আমার প্রণতি নিবেদদ করে, এবং তাদের কৃপা প্রার্থমা করে, তাদের পদায় অনুসরণ পূর্বক আমি কৃষদাস শ্রীতৈতন্য-চরিতামৃত বর্ণনা করছি।

ইতি—'শ্রীচৈতন্য মহাপ্রভূব মাড়ভন্তি কৃষ্ণ-বিরহ-জনিত প্রলাপ, দেওয়ালো মুখ ধর্বণ এবং জগরাথ বল্লভ উদ্যানে নৃত্য' কর্ণনাকারী শ্রীচৈতন্য-চরিতামুগ্রের জড়ালীলার উনবিংশ পরিছেদের ভক্তিবেদাক্ত তাংপর্য। [অন্তঃ ২০

[\$#4 Yo]

শিক্ষাস্তকের অর্থ বর্ণন ৮১৫

গ্লোক ৩

এইসত মহাপ্রভূ বৈসে নীলাচলে। রজনী দিবসে কৃষ্ণবিরহে বিহুলে ॥ ৩ ॥

য়োকার্থ

এইভাবে দিন রাত কৃষ্ণ বিরহে বিহুল হয়ে খ্রীটেজন্য মহাপ্রভু নীলাচলে অবস্থান করছিলেন।

শ্লোক ৪

স্বরূপ, রামানন্দ,—এই দুইজন-সলে। রাত্রি-দিনে রস-গীত-প্রোক আস্থাদনে ॥ ৪ ॥

**রোকার্য** 

দিন-রাত তিনি বরুপ দামোদর গোষোমী এবং রামানন রায়, এই দৃইজন অতি অন্তরদ পার্যদের সঙ্গে চিন্ময় রঙ্গ-নীডের শ্লোক আম্বাদন করছিলেন।

(制布 @

নানা-ভাব উঠে প্রভুর হর্ব, শোক, রোধ । দৈন্যোদ্বেগ-আর্ডি, উৎকণ্ডা, সম্ভোষ ॥ ৫ ॥

শ্লোকার্থ

